এইরূপ অপরিমিত অসংযত কল্পনার দেশে বঙ্গিমের ঘায় আদর্শ আমাদের পক্ষে অত্যন্ত মূল্যবান। কৃষ্ণচরিত্রে উদ্বাম ভাবের আবেগে তাহার কল্পনা কোথাও উচ্ছৃঙ্খল তইয়া ছুটিয়া যায় নাই। প্রথম হইতে শেষ পর্যন্ত সর্বত্রই তিনি পদে পদে আস্তসংবরণ পূর্বক যুক্তির সুনির্দিষ্ট গথ অবস্থন করিয়া চলিয়াছেন। যাহা লিখিয়াছেন তাহাতে তাহার প্রতিভা প্রকাশ পাইয়াছে, যাহা লিখেন নাই তাহা-তেও তাহার অল্প ক্ষমতা প্রকাশ পায় নাই।

বিশেষত বিষয়টি এমন যে, ইহা কোন সাধারণ বাঙালী লেখকের হস্তে পড়িলে তিনি এই স্থবোগে বিস্তর হরিহরি, মরিহরি, হায় হায়, অঞ্চলাত ও প্রবল অসভ্যী করিতেন এবং কল্পনার উচ্ছৃঙ্খল, ভাবের আবেগ এবং দুর্যোগিতায় প্রকাশ করিবার এমন অনুকূল অবসর কখনই ছাড়িতেন না ; স্ববিচারিত তর্ক দ্বারা, স্বকঠিন সত্য-মির্দ্দের স্মৃহা দ্বারা পদে পদে আপন লেখনীকে বাধা দিতেন না ; সর্বজনসম্য সহল পথ ছাড়িয়া দিয়া স্মৃহুক দ্বারা স্বকপোলকরিত একটা নৃত্ব আবিকারকেই সর্বআধুন্ত দিয়া তাহাকে বাক্প্রাচুর্যে

এবং কল্পনাকুহকে সমাজহন্ত কৰিয়া তুলিতেন, এবং নিজেৰ বিশ্বাস ও ভাষাকে যথাসাধ্য টানিয়া বুনিয়া আশে পাশে দীৰ্ঘ কৰিয়া অধিক-পরিমাণ লোককে আপন বড়েৰ জালে আকর্ষণ কৱিতে চেষ্টা কৰিতেন।

বস্তুত আমাদেৱ শাস্ত্ৰ হইতে ইতিহাস-উক্তাবেৱ দ্বৰুহ ভাৱ কেবল বঙ্গিম লইতে পাৱিতেন ! একদিকে হিন্দুশাস্ত্ৰেৰ প্ৰকৃত মৰ্মগ্ৰহণে যুৱোপীয়গণেৰ অক্ষমতা, অন্তদিকে শাস্ত্ৰগত প্ৰমাণেৰ নিৱপেক্ষ বিচাৰ সম্বন্ধে হিন্দুদিগেৰ সংকোচ ; একদিকে বীতিমত পৱিত্ৰেৰ অভাব, অন্তদিকে অতিপৰিচয়জনিত অভ্যাস এবং সংস্কাৱেৰ অন্ধতা ; যথাথ ইতিহাসটিকে এই উভয়মন্ত্ৰেৰ মাঝখান হইতে উক্তাব কৱিতে হইবে। (দেশাহুৱাগেৰ সাহায্যে শাস্ত্ৰেৰ অন্তৱে প্ৰবেশ কৱিতে হইবে এবং সত্যাহুৱাগেৰ সাহায্যে তাহাৰ অমূলক অংশ পৱিত্যাগ কৱিতে হইবে।) যে বল্লাৱ ইঙ্গিতে লেখনীকে বেগ দিতে হইবে, সেই বল্লাৱ আকৰ্ষণে তাহাকে সৰ্বদা সংযত কৱিতে হইবে। এই সকল ক্ষমতামালজন্তু বঙ্গিমেৰ ছিল।—সেই জন্তু মৃত্যুৰ অন্তিপূৰ্বে তিনি যখন প্ৰাচীন বেদ পুৱাণ সংগ্ৰহ কৰিয়া প্ৰস্তুত হইয়া বসিয়াছিলেন তখন বঙ্গসাহিত্যেৰ বড় আশাৰ কাৰণ ছিল, কিন্তু মৃত্যু সে আশা সফল হইতে দিল না, এবং আমাদেৱ ভাগ্যে যাহা অসম্ভব-ৱহিয়া গোল তাহা যে কবে সমাধা হইবে কেহই বলিতে পাৱে না।

বঙ্গিম এই যে সৰ্বপ্ৰকাৱ আভিশয় এবং অসঙ্গতি হইতে আপনাকে রক্ষণ কৱিয়া পিছাহেন ইহা তাহায় প্ৰতিভাৱ প্ৰকৃতিগত। যে কেহ তাহায় রক্ষণ পড়িয়াছেন সকলেই জানেন বৱিষ্য হাতুৱসে

সুরসিক ছিলেন। ষ্টে. পরিষ্কার যুক্তির আলোকের দ্বারা সমস্ত আতিথ্য ও অসঙ্গতি প্রকাশ হইয়া পড়ে হাস্তরস সেই কিরণেরই একটা রশ্মি। কতুর পর্যন্ত গেলে একটি ব্যাপার হাস্তজনক হইয়া উঠে তাহা সকলে অভ্যন্তর করিতে পারে না, কিন্তু যাঁহারা হাস্তরসরসিক তাঁহাদের অসংকরণে একটা বোধশক্তি আছে যদ্বারা তাঁহারা সকল সময়ে নিজের না হইলেও অপরের কথাবার্তা আচার-ব্যবহার এবং চরিত্রের মধ্যে স্মসঙ্গতির সংস্ক সীমাটুকু সহজে নির্ণয় করিতে পারেন।

নির্মল শুভ সংবত হাশ বঙ্গিমই সর্বপ্রথমে বঙ্গসাহিত্যে আনয়ন করেন। তৎপূর্বে বঙ্গসাহিত্যে হাস্তরসকে অন্যরসের সহিত এক পংক্তিতে বসিতে দেওয়া হইত না। সে নিয়াসনে বসিয়া আব্য অশ্রায় ভাষায় ভাঁড়ামি করিয়া সভাজনের মনোরঞ্জন করিত। আদিরসেরই সহিত যেন তাহার কোন একটি সর্বউপন্নবস্তু বিশেষ ঝুঁটিতার সম্পর্ক ছিল এবং ঐ রসটাকেই সর্বপ্রকারে পীড়ন ও আন্দোলন করিয়া তাহার অধিকাংশ পরিহাস বিজ্ঞপ প্রকাশ পাইত। এই প্রগল্ভ বিদ্যুক্তি যতই প্রিয়পাত্র থাক কখনও সম্ভানের অধিকারী ছিল না। ষেখানে গন্তীরভাবে কোন বিষয়ের আলোচনা হইত সেখানে হাস্তের চপলতা সর্বপ্রয়োগে পরিহার করা হইত।

বঙ্গিম সর্বপ্রথমে হাস্তরসকে সাহিত্যের উচ্চ শ্রেণীতে উন্নীত করেন। তিনি প্রথম দেখাইয়া দেন যে, কেবলই প্রসন্নের সীমার মধ্যে হাস্তরস বড় নহে, উজ্জল শুভ হাস্ত সকল বিষয়কেই আলোকিত করিয়া তুলিতে পারে। তিনিই প্রথম দৃষ্টিক্ষেত্রে দ্বারা প্রশংস

করাইয়া দেন যে, এই হাস্যজ্যোতির সংস্কর্তা কোন বিষয়ের গভী-
রতার গোরব হ্রাস হয় না, কেবল তাহার সৌন্দর্য এবং রমণীগতার
বৃক্ষ হয়, তাহার সর্বাংশের প্রাণ এবং গতি যেন সুস্পষ্টক্রমে দীপা-
মান হইয়া উঠে। যে বঙ্কিম বঙ্গ-সাহিত্যের গভীরতা হইতে অক্ষর
উৎস উন্মুক্ত করিয়াছেন সেই বঙ্কিম আনন্দের উদয়শিথৰ হইতে
নবজ্ঞানের বঙ্গসাহিত্যের উপর হাস্যের আলোক বিকীর্ণ করিয়া
দিয়াছেন।

কেবল সুসংগতি নহে, সুস্ফুচি এবং শিষ্টতার সীমা নির্ণয় করিতেও
একটি স্বাভাবিক সূক্ষ্ম বোধশক্তির আবশ্যক। মাঝে মাঝে অনেক
বলিষ্ঠ প্রতিভার মধ্যে সেই বোধশক্তির অভাব দেখা যায়। কিন্তু
বঙ্কিমের প্রতিভার বল এবং সৌকুমার্য্যের একটি সুন্দর সম্প্রস্তুতি
ছিল। নারীজাতির প্রতি যথার্থ বীরপুরুষের মনে যেক্ষণ একটি
সমস্ত্রম সম্মানের ভাব থাকে তেমনই সুস্ফুচি এবং শীলতার প্রতি
বঙ্কিমের বলিষ্ঠ বুদ্ধির একটী ভদ্রোচিত বীরোচিত শ্রীতিপূর্ণ অঙ্কা
ছিল। বঙ্কিমের রচনা তাহার সাক্ষ্য। বর্তমান লেখক যেদিন
গ্রথম বঙ্কিমকে দেখিয়াছিল, সেদিন একটী ঘটনা ঘটে যাহাতে
বঙ্কিমের এই স্বাভাবিক সুস্ফুচিপ্রিয়তার প্রমাণ পাওয়া যায়।

সেদিন লেখকের আস্থীয় পূজ্যপাদ শ্রীমুক্ত শোরীজ্বৰোহন ঠাকুর
মহোদয়ের নিমজ্জনে তাহাদের মরকতকুঞ্জে কলেজ-রিয়ুনিয়ন নামক
মিলন-সভা দিয়াছিল। ঠিক কতদিনের কথা ভাল স্মরণ নাই
কিন্তু আমি তখন বালক ছিলাম। সেদিন সেখানে আমার অপরিচিত
বহুতর যশস্বী লোকের সমাগম হইয়াছিল। সেই বৃথৎশুণীর

মধ্যে একটী খঙ্গু দীর্ঘকালে উজ্জলকৌতুক প্রকল্পমূখ্য গুরুত্বধারী প্রোচ্ছে পুরুষ চাপকানপরিহিত বক্ষের উপর দুই হস্ত আবদ্ধ করিয়া দাঢ়াইয়া ছিলেন। দেখিবামাত্রই যেন তাঁহাকে সকলের হইতে স্বতন্ত্র এবং আত্মসমাহিত বলিয়া বোধ হইল। আর সকলে জনতার অংশ, কেবল তিনি যেন একাকী একজন। সেদিন আর কাহারও পরিচয় জানিবার জন্য আমার কোনোরূপ প্রয়াস জন্মে নাই, কিন্তু তাঁহাকে দেখিয়া তৎক্ষণাত্মে আমি এবং আমার একটী আত্মীয় সঙ্গী একসঙ্গেই কোতুহলী হইয়া উঠিলাম। সন্দান লইয়া জানিলাম তিনিই আমাদের বছদিনের অভিলম্বিতদর্শন লোকবিশ্রিত বক্ষিমবাবু। মনে আছে প্রথম দর্শনেই তাঁহার মুখশ্রীতে প্রতিভার প্রথরতা এবং বলিষ্ঠতা এবং সর্বলোক হইতে তাঁহার একটী স্বন্দূর স্বাতন্ত্র্যভাব আমার মনে অঙ্গীকৃত হইয়া গিয়াছিল। তাঁহার পর অনেকবার তাঁহার সাক্ষাৎ-লাভ করিয়াছি, তাঁহার নিকট অনেক উৎসাহ এবং উপদেশ প্রাপ্ত হইয়াছি, এবং তাঁহার মুখশ্রী স্বেচ্ছের কোমলহাস্যে অত্যন্ত কমনীয় হইতে দেখিয়াছি, কিন্তু প্রথম দর্শনে সেই যে তাঁহার মুখে উপস্থিত থক্কের ন্যায় একটী উজ্জল স্ফূর্তীকৃত প্রবলতা দেখিতে পাইয়াছিলাম তাহা আজ পর্যাপ্ত বিস্মিত হই নাই।

সেই উৎসব উপলক্ষে একটী ঘরে একজন সংস্কৃতজ্ঞ পণ্ডিত দেশানন্দাগুলক স্বরচিত সংস্কৃত শ্লোক পাঠ এবং তাঁহার বাঁধ্যা করিতেছিলেন। বক্ষিম এক প্রাণ্তে দাঢ়াইয়া শুনিতেছিলেন। পণ্ডিত মহাশয় সহসা একটী শ্লোকে পতিত ভারতসন্তানকে লক্ষ্য করিয়া একটী অত্যন্ত সেকেলে পণ্ডিতী রসিকতা প্রদোগ করিলেন,

সে রস কিঞ্চিং বীভৎস হইয়া উঠিল। বঙ্গিম তৎক্ষণাতঃ একান্ত সঙ্গুচিত হইয়া দক্ষিণ করতলে মুখের নিম্নাঞ্চ ঢাকিয়া পার্শ্ববন্তী দ্বার দিয়া শৃঙ্খলে অগ্র ঘরে পলায়ন করিলেন।

বঙ্গিমের সেই সমস্কোচ পলায়ন দৃশ্টি অগ্রাবধি আমার মনে মুদ্রাকৃত হইয়া আছে।

বিবেচনা করিয়া দেখিতে হইবে, ঈশ্বর গুপ্ত যথন সাহিত্যগুরু ছিলেন, বঙ্গিম তখন তাঁহার শিষ্যশ্রেণীর মধ্যে গণ্য ছিলেন। সে সময়কার সাহিত্য অন্ত যে কোন প্রকার শিক্ষা দিতে সমর্থ হউক ঠিক সুরক্ষিত-শিক্ষার উপযোগী ছিল না। সে সময়কার অসংযত বাক্যুক্ত এবং আন্দোলনের মধ্যে দীক্ষিত ও বন্ধিত হইয়া ইতরতার প্রতি বিদ্বেষ, সুরক্ষির প্রতি অক্ষা এবং প্রাণীতা সম্বন্ধে অকুশ্ম বেদনাবোধ রক্ষা করা যে কি আশ্চর্য ব্যাপার তাহা সকলেই বুঝিতে পারিবেন। দীনবন্ধুও বঙ্গিমের সমসাময়িক এবং তাঁহার বাক্যব ছিলেন, কিন্তু তাঁহার লেখায় অন্ত ক্ষমতা প্রকাশ হইলেও তাহাতে বঙ্গিমের প্রতিভার এই ভ্রান্তগোচিত শুচিতা দেখা যাই নাই। তাঁহার রচনা হইতে ঈশ্বর গুপ্তের সময়ের ছাপ কালক্রমে ধোত হইতে পারে নাই।

আমাদের মধ্যে থাহারা সাহিত্যব্যবসায়ী তাঁহারা বঙ্গিমের কাছে যে কি চিরখণে আবক্ষ তাহা যেন কোন কালে বিস্তৃত না হন। একদিন আমাদের বঙ্গভাষা কেবল একভাষা যন্ত্রের মত এক তারে দীর্ঘ ছিল, কেবল সহজ স্বরে ধর্ষ সকীর্তন করিবার উপযোগী ছিল; বঙ্গিম স্বত্ত্বে তাহাতে এক একটা করিয়া তার চঙ্গাইয়া আজ

তাহাকে বীণাযন্ত্রে পরিণত করিয়া তুলিয়াছেন। পূর্বে যাহাতে কেবল স্থানীয় প্রাম্যস্মৰ বাজিত আজ তাহা বিখ্সভায় শুনাইবার উপযুক্ত গ্রন্থপদ অঙ্গের কলাবতী রাগিণী আলাপ করিবার যোগ্য হইয়া উঠিয়াছে। সেই তাহার স্বহস্তসম্পূর্ণ মেহপালিত ক্রোড়-সঙ্গনী বঙ্গভাষা আজ বঙ্গিমের জন্য অন্তরের সহিত রোদন করিয়া উঠিয়াছে। কিন্তু তিনি এই শোকোচ্ছুদ্দের অতীত শান্তিধারে দুক্ষর জীবনযজ্ঞের অবসানে নির্বিকার নিরাময় বিশ্রাম লাভ করিয়াছেন। মৃত্যুর পরে তাহার মুখে একটা কোমল প্রসন্নতা, একটা সর্বজুৎপাদ্বীন গভীর প্রশান্তি উদ্ভাসিত হইয়া উঠিয়াছিল—যেন জীবনের মধ্যাহ্নরৌদ্রদণ্ড কঠিন সংসারতন্ত্র হইতে মৃত্যু তাহাকে মেহ-সুশাতল জননীক্রোড়ে তুলিয়া লইয়াছে। আজ আমাদের বিলাপ পরিতাপ তাহাকে স্পর্শ করিতেছে না, আমাদের ভক্তি-উপহার গ্রহণ করিবার জন্য সেই প্রতিভাজ্যোত্তর্মূল সৌম্য প্রমন্যুষ্টি এখানে উপস্থিত নাই। আমাদের এই শোক এই ভক্তি কেবল আমাদেরই কল্যাণের জন্য। বঙ্গিম সাহিত্যক্ষেত্রে যে আদর্শ স্থাপন করিয়া গিয়াছেন এই শোকে এই ভক্তিতে সেই আদর্শপ্রতিষ্ঠা আমাদের অন্তরে উজ্জ্বল এবং স্থায়িকরণে প্রতিষ্ঠিত হউক। প্রস্তরের মৃত্যুহাপনের অর্থ এবং সামর্থ্য আমাদের যদি না থাকে, তবে একবার তাহার মহুষ সর্বতোভাবে মনের মধ্যে উপলক্ষ্য করিয়া তাহাকে আমাদের বঙ্গহাস্তের প্ররূপস্ত্রে স্থায়ী করিয়া রাখি। ইংরেজ এবং ইংরেজের আইন চিরহাস্তী নহে; রাজনৈতিক, ধর্মনৈতিক, সমাজ-নৈতিক মতামত সহস্রবার পরিবর্তিত হইতে পারে; যে সকল

ঘটনা যে সকল অঙ্গুষ্ঠান আজ সর্বপ্রধান বলিয়া বোধ হইতেছে এবং যাহার উন্মাদনার কোলাহলে সমাজের খ্যাতিহীন শৰীর কর্তব্যগুলিকে নগণ্য বলিয়া ধারণা হইতেছে কাল তাহার স্থিতিমাত্র চিহ্নমাত্র অবশিষ্ট থাকিতে না পারে ; কিন্তু যিনি আমাদের মাতৃ-ভাষাকে সর্ব-প্রকার ভাবপ্রকাশের অন্তর্কূল করিয়া গিয়াছেন তিনি এই হত্ত্বাগ্য দরিদ্র দেশকে একটা অমূল্য চিরসম্পদ দান করিয়াছেন । তিনি স্থায়ী জাতীয় উন্নতির একমাত্র মূল উপায় স্থাপন করিয়া গিয়াছেন । তিনিই আমাদিগের নিকট যথার্থ শোকের মধ্যে সান্ত্বনা, অবনতির মধ্যে আশা, শ্রান্তির মধ্যে উৎসাহ এবং দারিদ্র্যের শৃঙ্খতার মধ্যে চির-সৌন্দর্যের অক্ষয় আকর উদ্ঘাটিত করিয়া দিয়াছেন । আমাদিগের মধ্যে যাহা কিছু অমর এবং আমাদিগকে যাহা কিছু অমর করিবে সেই সকল মহাশক্তিকে ধারণ করিবার পোষণ করিবার প্রকাশ করিবার এবং সর্বত্র প্রচার করিবার একমাত্র উপায় যে মাতৃভাষা, তাহাকেই তিনি বলবত্তী এবং মহীয়সী করিয়াছেন ।

রচনাবিশেষের সমালোচনা ভাস্ত হইতে পারে—আমাদিগের নিকট যাহা প্রশংসিত কালক্রমে শিক্ষা কৃচি এবং অবস্থার পরিবর্তনে আমাদের উত্তরপুরুষের নিকট তাহা নিন্দিত এবং উপেক্ষিত হইতে পারে, কিন্তু বঙ্গভাষার ক্ষমতা এবং বঙ্গসাহিত্যের সম্বৃদ্ধি বৃত্তি করিয়া দিয়াছেন ; তিনি ভগীরথের হ্রাস সাধনা করিয়া বঙ্গসাহিত্যে ভাবমন্দাকিনীর অবতারণ করিয়াছেন এবং সেই পুণ্যস্তোত্রস্মর্পে জড়ত্বশাপ ঘোচন করিয়া আমাদের প্রাচীন ভগ্নবাণিকে সংজীবিত

ତାହାକେ ବୀଗାସନ୍ଧେ ପରିଣତ କରିଯା ତୁଳିଯାଛେ । ପୂର୍ବେ ଯାହାତେ କେବଳ ହାନୀୟ ଗ୍ରାମ୍ୟମୁର ବାଜିତ ଆଜ ତାହା ବିଖ୍ସତାମ୍ବ ଶୁନାଇବାର ଉପ୍ୟୁକ୍ତ ଖ୍ରେପଦ ଅନ୍ଦେର କଳାବତୀ ରାଗିଣୀ ଆଲାପ କରିବାର ଯୋଗ୍ୟ ହଇୟା ଉଠିଯାଛେ । ମେହି ତାହାର ସ୍ଵହତ୍ସମ୍ପୂର୍ଣ୍ଣ ମେହପାଲିତ କ୍ରୋଡ଼-ସମ୍ପିଳୀ ବନ୍ଦଭାଷ୍ୟ ଆଜ ବକ୍ଷିମେର ଜନ୍ମ ଅନ୍ତରେର ସହିତ ରୋଦନ କରିଯା ଉଠିଯାଛେ । କିନ୍ତୁ ତିନି ଏହି ଶୋକୋଛ୍ଛୁ ଦେଇ ଅତୀତ ଶାନ୍ତିଧାମେ ହୁକ୍ର ଜୀବନ୍ୟଙ୍ଗେର ଅବସାନେ ନିର୍ବିକାର ନିରାମୟ ବିଶ୍ରାମ ଲାଭ କରିଯାଛେ । ମୃତ୍ୟୁର ପରେ ତାହାର ମୁଖେ ଏକଟୀ କୋମଳ ପ୍ରସନ୍ନତା, ଏକଟୀ ସର୍ବଦୃଢ଼ତାପହିନୀ ଗଭୀର ପ୍ରଶାନ୍ତି ଉନ୍ନାସିତ ହଇୟା ଉଠିଯାଇଛିଲ— ଯେନ ଜୀବନେର ମଧ୍ୟାହ୍ନରୋଦ୍ବନ୍ଦ କଟିନ ସଂସାରତଳ ହିତେ ମୃତ୍ୟୁ ତାହାକେ ମେହ-ଶୁଶ୍ରାତଳ ଜନନୀକ୍ରୋଡ଼ ତୁଳିଯା ଲହିଯାଛେ । ଆଜ ଆମାଦେର ବିଲାପ ପରିତାପ ତାହାକେ ପ୍ରଶ୍ରୀ କରିତେଛେ ନା, ଆମାଦେର ଭକ୍ତି-ଉପହାର ଗ୍ରହଣ କରିବାର ଜନ୍ମ ମେହି ପ୍ରାତିଭାଜ୍ୟାତିର୍ଶୟ ସୌମ୍ୟ ପ୍ରସନ୍ନମୂର୍ତ୍ତି ଏଥାମେ ଉପାହିତ ନାହିଁ । ଆମାଦେର ଏହି ଶୋକ ଏହି ଭକ୍ତି କେବଳ ଆମାଦେରଇ କଲ୍ୟାଣେର ଜନ୍ମ । ବକ୍ଷିମ ସାହିତ୍ୟକ୍ଷେତ୍ରେ ସେ ଆଦର୍ଶ ହାଗମ କରିଯା ଗିଯାଛେ ଏହି ଶୋକେ ଏହି ଭକ୍ତିତେ ମେହି ଆଦର୍ଶପ୍ରତିଜ୍ଞା ଆମାଦେର ଅନ୍ତରେ ଉଚ୍ଚଳ ଏବଂ ହାରିକିପେ ପ୍ରତିଷ୍ଠିତ ହିତକ । ଅନ୍ତରେର ମୂର୍ତ୍ତିହାଗମର ଅର୍ଥ ଏବଂ ସାମର୍ଥ୍ୟ ଆମାଦେର ସଦି ନା ଥାକେ, ତବେ ଏକ-ବାର ତାହାର ମହତ୍ୱ ସର୍ବତୋଭାବେ ମନେର ମଧ୍ୟେ ଉପଲବ୍ଧ କରିଯା ତାହାକେ ଆମାଦେର ବନ୍ଦହନ୍ଦହେର ଅରଣ୍ୟକ୍ଷେତ୍ରେ ହାଥୀ କରିଯା ରାଥି । ଇଂରେଜ ଏବଂ ଇଂରେଜେର ଆଇନ ଚିରହାଁ ନହେ; ରାଜନୈତିକ, ଧର୍ମନୈତିକ, ସମାଜ-ନୈତିକ ମତ୍ୟମତ ସହାୟବାର ପରିବର୍ତ୍ତି ହିତେ ପାରେ; ସେ ମରଳ

ঘটনা যে সকল অঙ্গস্থান আজ সর্বপ্রধান বলিয়া বোধ হইতেছে এবং যাহার উন্নাদনার কোলাহলে সমাজের খাতিহীন শব্দহীন কর্তব্যগুলিকে নগণ্য বলিয়া ধারণা হইতেছে কাল তাহার স্থিতিভাব চিহ্নমাত্র অবশিষ্ট থাকিতে না পারে ; কিন্তু যিনি আমাদের মাতৃভাষাকে সর্ব-প্রকার ভাবপ্রকাশের অন্তর্কূল করিয়া গিয়াছেন তিনি এই হত্ত্বাগ্য দরিদ্র দেশকে একটা অমূল্য চিরসম্পদ দান করিয়াছেন । তিনি স্থায়ী জাতীয় উন্নতির একমাত্র মূল উপায় স্থাপন করিয়া গিয়াছেন । তিনিই আমাদিগের নিকট যথার্থ শোকের মধ্যে সাম্প্রস্না, অবনতির মধ্যে আশা, শ্রান্তির মধ্যে উৎসাহ এবং দারিদ্র্যের শূণ্যতার মধ্যে চির-সৌন্দর্যের অক্ষয় আকর উদ্ঘাটিত করিয়া দিয়াছেন । আমাদিগের মধ্যে যাহা কিছু অমর এবং আমাদিগকে যাহা কিছু অমর করিবে সেই সকল মহাশক্তিকে ধারণ করিবার পোষণ করিবার প্রকাশ করিবার এবং সর্বত্র প্রচার করিবার একমাত্র উপায় যে মাতৃভাষা, তাহাকেই তিনি বলবত্তী এবং মহীয়সী করিয়াছেন ।

রচনাবিশেষের সমালোচনা ভাস্ত হইতে পারে—আমাদিগের নিকট যাহা প্রশংসিত কালক্রমে শিক্ষা কৃচি এবং অবস্থার পরিবর্তনে আমাদের উত্তরপুরুষের নিকট তাহা নিন্দিত এবং উপেক্ষিত হইতে পারে, কিন্তু বঙ্গভাষার ক্ষমতা এবং বঙ্গসাহিত্যের সম্বৃদ্ধি বৃক্ষি করিয়া দিয়াছেন ; তিনি ভগীরথের ত্যাগ সাধনা করিয়া বঙ্গসাহিত্যে ভাবমন্দাকিনীর অবতারণ করিয়াছেন এবং সেই পৃণ্যশ্রোতৃস্তরে জড়স্থাপ মোচন করিয়া আমাদের প্রাচীন ভগীরাশিকে সঁজীবিত

করিয়া তুলিয়াছেন, ইহা কেবল সাময়িক মত নহে, এ কথা কোন বিশেষ তর্ক বা কুচির উপর নির্ভর করিতেছে না, ইহা একটা ঐতিহাসিক সত্য।

এই কথা স্বরূপে মুদ্রিত করিয়া সেই বাংলা লেখকদিগের শুরু, বাংলা পাঠকদিগের মুহূর্ত, এবং মুজলা মুকলা মলমুজলীতলা বঙ্গ-ভূমির মাতৃবংসল প্রতিভাশালী সন্তানের নিকট হইতে বিদ্যার গ্রহণ করি, যিনি জীবনের সামাজিক আসিবার পূর্বেই, নৃতন অবকাশে নৃতন উচ্চমে নৃতন কার্যে হস্তক্ষেপ করিবার প্রারম্ভেই, আপনার অপরিজ্ঞান প্রতিভারশি সংহরণ করিয়া বঙ্গ-সাহিত্যাকাশ ক্ষীণতর জ্যোতিষ্মণ্ডলীর হস্তে সমর্পণপূর্বক গত শতাব্দীর বর্ষশেষে পশ্চিম দিগন্তসীমায় অকালে অস্তমিত হইলেন।

বঙ্গিমচন্দ্র ও কথকঠাকুর ।



‘লোক বড় পেটুক’ !

[মাটি বৎসর পূর্বের কথা ।]

১

শরৎকাল, আশ্বিন মাস, কৃষ্ণপক্ষ, সম্মুখে মহালয়া অম্বাবস্তা ।
পরে দেবীপক্ষ পড়িবে, দেবীর আবির্ভাব হইবে, বঙ্গবাসী আনন্দে
উৎসুক । এখনও ভাদ্রমাসের ডরা নদী, কুলে কুলে জল, শ্রোতৃস্তুতী
ভাগীরথী অবিশ্রান্তবেগে ছুটিতে ছুটিতে অনন্তশ্রোতে গিয়া মিশি-
তেছে । এই সময় এক দিবস অপরাহ্নে কাঠালপাড়ার রাধাবল্লভ-
জীউর ঘাটের উত্তর দিকে একটা বিছৃত ভূমিখণ্ডে বৃহৎ চক্রাতপের
নীচে অনেকগুলি লোক বসিয়া কথকতা শুনিতেছে । গ্রামের এক
বর্ষায়সী স্বর্গারোহণ করিবেন, সেই উপলক্ষে তাঁহাকে রামায়ণ
শুনান হইতেছে । গ্রামের প্রাচীনগণ আনন্দ ছাড়িয়া ঐ স্থানে
হরিনাম শুনিতেছেন ; নিষ্কর্ষ যুক্তগণ তাসখেলা গানবাজনা ভ্যাগ-

করিয়া ও বালকগণ ছুটাছুট ছাড়িয়া ঐ স্থানে কথকঠাকুরের মুখ-
পানে হাঁ করিয়া চাহিয়া আছে ।

একখানি চোর্কির উপর পুরু গালিচাতে কথকঠাকুর বসিয়া
আছেন । শীর্ণ ও শুক্ষ শরীর, দেহের মধ্যে কোনও স্থানে সরু
মোটা নাই ; নাসিকাটি বড় লম্বা ও তাহার উপরের ফেঁটাটিও
তক্ষণ লম্বা ; নাসিকার উভয় পার্শ্বে চক্র দৃঢ় এত ক্ষুদ্র যে, দেখিলে
ডেংঝো পিংপড়ে মনে হয় । মন্তক কেশহীন, কর্ণে তুলসীর মালা,
গলায় একচূড়া মালা, গাত্রে নামাবলী, সম্মুখে একখানি পুঁথি,
উহাতে যথেষ্ট চন্দনের চিহ্ন,—বোধ হয় কথকঠাকুর প্রত্যহ উহার
পুজা করিতেন ; অথবা সরস্বতী-পূজার সময় উহার উপর প্রচুর-
পরিমাণে চন্দন ঢালিয়াছিলেন । তাহার পশ্চাতে একটি তাকিয়া ;
কথকঠাকুর বক্তৃতা করিতে করিতে, ঘাড় নাড়িতে নাড়িতে, এক
একবার ঐ তাকিয়াতে ঠেস দিতেছেন । তাঁর হাত মুখ নাড়া বড়
রহস্যজনক, বিশেষতঃ শ্বেত স্বৰূহৎ^১ দন্তগুলির জন্য আরও রহস্য-
জনক । ইনি স্থানীয় কথক, সময়াভাবে স্থানান্তর হইতে কথক আনা
হয় নাই ।

বেদীর বামপার্শে কতকগুলি বালক বসিয়া কথকঠাকুরের মুখ
প্রতি চাহিয়া আছে । তামাধ্যে একটি বালককে দেখিলে অসামান্য
বলিয়া বোধ হইবে । ক্লপবান् বলিয়া নহে, তাহার মুখে কি এক
অনিবিচ্ছিন্ন ভাব ছিল, সেই জন্য তাহাকে সকলেই লক্ষ্য করিত ।
তাহার বয়ঃক্রম দশ, এগার, কি বার বৎসর হইবে । উপনয়ন
হইয়াছে ; এখন কি, বিবাহ হইয়াছে । বালিকাপন্তী সকলের কোলে

কোলে বেড়াইত । বালকটি গৌরবর্ণ ক্ষীণদেহ, কিন্তু সর্বাঙ্গ সুগঠিত, মাথায় একরাশি কোকড়া কোকড়া কাল চুল । নাসিকা দীর্ঘ ও উন্নত । চক্ষু ছইটি অসাধারণ উজ্জ্বল, বড় চঞ্চল, এবং তাহার দৃষ্টি তীব্র । ঠেঁট দুখানি পাতলা ও চাপা ; তাহাতে সর্বদা হাসি থাকিত—(এমন কি, তাঁর মৃত্যুর সময়েও ঐ হাসি দেখিয়াছি) । বালকের গায়ে একটা সাদা জামা ছিল ; shirt নহে, যাহাকে মেকালে পি঱াণ বলিত । ইনিই বঙ্কিমচন্দ্র, ইঁহারই পিতামহীর স্বর্গারোহণ উপলক্ষে কথকতা হইতেছিল । তিনি সপ্তাহকাল গঙ্গাতীরে বাস করিয়া পূজার ঘণ্টার দিন তাহার পিতামহী স্বর্গারোহণ করেন । বালক বঙ্কিমচন্দ্রের আশে পাশে চার পাঁচটি বালক বসিয়া ছিল ;—কেহ বা বয়োজ্যেষ্ঠ, কেহ বা বয়ঃকনিষ্ঠ । এই লেখকও ঐ দলে বসিয়াছিলেন । বঙ্কিমচন্দ্র কথকের মুখপ্রতি চাহিতেছেন, আর বয়স্তদিগুকে কি বলিতেছেন, তাহারা টিপি টিপি হাসিতেছে । কথকতা এবং সঙ্গীত তাহার ভাল লাগিতেছিল না, ঐ সমস্কে তিনি মন্তব্য প্রকাশ করিতেছিলেন, আর বালকেরা হাসিতেছিল । এই সময়ের দুই একটা কথা আমার অঢ়াপি স্মরণ আছে । ঐ কথাগুলি বঙ্কিমচন্দ্রের বাল্যকালের রহস্যপ্রিয়তার পরিচারক বলিয়া নিম্নে অকটিত করিলাম ।—

বঙ্কিমচন্দ্র । কথকঠাকুরের নাকটা বড় পেটুক ।

একটি বালক । মাঝুষ পেটুক শুনিয়াছি, মাঝুষের নাক পেটুক, এমন ত কথনও শুনি নাই ।

বঙ্কিম । আমি তোমাকে বুকাইয়া দিতেছি, শুন ; কথক-

ঠাকুরের নাকটা ঠোট ছাড়াইয়া গালের ভিতর উঁকি মারিতেছে !
দেখিতেছ ত ?

বালক । হঁ !

বঙ্গিম । কেন বল দেখি ?

বালক । তা' জানিব কেমন করে' ?

বঙ্গিম । কথকঠাকুর যখন আহার করেন, তখন নাকটা গালের
ভিতর হইতে আহারের দ্রব্যাদি চুরী করিয়া থায়, কথকঠাকুর উহা
জানিতে পারেন না ।

এই কথায় বালকেরা উচ্ছহাসি হাসিল, শ্রোতৃবর্গের মধ্যে কর্তৃ-
পক্ষেরা বালকদিগকে ধমক-ধামক করিতে লাগিলেন । নিকটে দুই
একটি প্রাচীন ধারা ঐ কথা শুনিয়াছিলেন, হাসিতে হাসিতে
বলিলেন, “ধমকাইবেন না, বড় সরস কথাটা হইয়াছে, কথা ভাসিলে
বলিব ।” বাস্তবিক নাকটা এত লম্বা যে, প্রায় মুখের ভিতর আসিয়া
পড়িয়াছে । প্রতিভাশালী বঙ্গিমচন্দ্র তাহা লইয়া রহণ করিতে-
ছিলেন । নিকটস্থ এক জন প্রাচীন জিজাসা করিলেন, “আচ্ছা,
এখন ত কথকঠাকুর কিছু আহার করিতেছেন না, তবে নাকটা কি
থাবার লোভে মুখের ভিতর উঁকি মারিতেছে ?” প্রত্যুৎপন্নমতি
বঙ্গিমচন্দ্র হাসিয়া উত্তর করিলেন, “এখন নাক কথকঠাকুরকে থাও-
য়াইতেছে, নাকের সরস নগ্ন কথকঠাকুরের গালের ভিতর ফোটা
ফোটা ঢালিতেছে, কথকঠাকুর মাথা নাড়িতে নাড়িতে থাইতে
অস্বীকার করিতেছেন, এবং মৃহুমুহুঃ গামছা দিয়া ঠোট মুছিতেছেন ।”
এই কথায় বালকেরা ও নিকটস্থ দুই জন প্রাচীন বড় হাসি

লেন, সভাস্থ সকলে আশ্চর্যাপ্তি হইল, কিছু বুঝিতে পারিল না।

একদিন কথকঠাকুর একটা গীত (মদন মদ ঝীশ ইত্যাদি) গাহিতে গাহিতে অনেক প্রকার মুখভঙ্গী ও অঙ্গভঙ্গী করিতে লাগিলেন। প্রতিভাশালী বঙ্গিমচন্দ্র আমার দুই হাত ধরিয়া বলিলেন, “দুই আঙুল দ্বারা দুই কাণ বন্ধ কর দেখি।” আমি তাহাই করিলাম। বঙ্গিমচন্দ্র জিজ্ঞাসা করিলেন, “গান শুন্তে পাচ্ছিস্? আমি উত্তর করিলাম, “একটু একটু পাচ্ছি।”

বঙ্গিম। “আরও জোরে কাণ বন্ধ কর।” এই বলিয়া আমার হাত ধরিয়া দেখাইয়া দিলেন। আমি তাহাই করিয়া বলিলাম, “এখন কিছুই শুনিতে পাই না।”

বঙ্গিমচন্দ্র বলিলেন, “তবে একবার কথকঠাকুরের মুখপানে চাদেখি।” আমি কিছুক্ষণ চাহিয়া চাহিয়া চীৎকার করিয়া হাসিয়া উঠিলাম, সঙ্গে সঙ্গে বালক বঙ্গিমচন্দ্র হাসিয়া উঠিলেন; কিন্তু সম্মুখে আমাদের জোষ্টাগ্রাজের চোখরাঙ্গা ভুক্তভাঙ্গা দেখিয়া আমরা মাথা হেঁট করিলাম। বোধ হয়, এ স্থলে আর বুঝাইতে হইবে না যে, যদি এক জন বধির কোনও মুদ্রাদোষবিশিষ্ট গায়কের গান শুনিতে বসেন, তিনি গান শুনিতে পাইবেন না, কেবল গায়কের হাত মুখ নাড়া, নানাপ্রকার অঙ্গভঙ্গী ও দন্তের নানাক্রপ বিকাশ দেখিয়া হাসিয়া উঠিবেন। আমার তাহাই ঘটিয়াছিল। বঙ্গিমচন্দ্র ঘোবনে ঝুঁকপ হচ্ছামী করিতেন, যদি কোনও গায়কের গান ভাল না লাগিত, আপনি আপনার কান টিপিয়া গায়কের মুখ-প্রতি চাহিয়া

থাকিতেন, এবং অপরকেও ঐরূপ করাইতেন। হাকিম হইয়া যখন উকীল মোকারের বক্তৃতা শুনিতেন, তখন কান টিপিয়া তাহাদের মুখ প্রতি চাহিয়া থাকিতেন কি না, দে বিষয়ে কোনও সংবাদ আমরা পাই নাই। বঙ্গিমচন্দ্র-প্রদর্শিত প্রকরণ কিছুদিন তাহার সঙ্গীদের মধ্যে প্রচলিত ছিল ; এই ক্ষুদ্র লেখকও আবশ্যিক হইলে ঐ প্রকরণ অন্যাপি অবলম্বন করিয়া থাকেন !

তাহার একটি জমীদার আস্তীরের নাক বড় লম্বা ছিল, তিনি তাহার সহিত তামাসা করিতেন। বঙ্গিমচন্দ্র তাহাকে একদিন জিজাঁসা করিলেন, “আপনি পেট ভরে’ খেতে পান ত ?”

“কেন ? পেট ভরে’ খেতে পাব না কেন ?”

“বলি, আপনার নাকটার জন্য কিছু ব্যাধাত হয় না ত ? নাকটা কিছু ভাগ লয় না ত ?”

ইহা শুনিয়া জমীদার বাবু খুব হাসিয়াছিলেন ! ঐরূপ কথার দৃষ্টামী তাহার যাবজ্জীবন ছিল ; বালাকালে কিংবা কোনও কালে বাকে ভিন্ন কার্য্যে তাহার দৃষ্টামী ছিল না।

প্রতিদিন কথকতা শেয় হইলে বালক বঙ্গিমচন্দ্র কথকঠাকুরের পশ্চাদভূসরণ করিতেন, এবং নানা প্রশ্ন করিতেন। কথকঠাকুর তেমন পশ্চিত ছিলেন না, সকল প্রশ্নের উত্তর দিতে পারিতেন না, শুতরাং বিরক্ত হইতেন। এইরূপ প্রতিদিন করাতে কথকঠাকুর একদিন বঙ্গিমচন্দ্রের অগ্রজকে (সঞ্চীবচন্দ্র) বলিলেন, “আপনার এ ভাইটি আমায় বড় বিরক্ত করিয়া থাকে।” বঙ্গিমচন্দ্রের অগ্রজের তখনও কৈশোর উত্তীর্ণ হয় নাই,—তিনিও একজন প্রতিভাশালী

যুবক ছিলেন,—হাসিয়া উত্তর করিলেন, “বালক শিখিবার জন্য আপনাকে বিরজ্ঞ করে।” সেই অবধি বঙ্গিমচন্দ্র আর কথক-ঠাকুরকে কোনও প্রশ্ন করিতেন না।

প্রতিদিন কথকতা শেষ হইলে বঙ্গিমচন্দ্র একখানি চেরার অথবা টুল লইয়া নদীতীরে বসিয়া থাকিতেন ; পিতামহীর গঙ্গাবাস উপলক্ষে চেম্বার ও টুলের অভাব ছিল না। তিনি বসিয়া নদীর দিকে চাহিয়া থাকিতেন। এখন আর তিনি রহস্যপ্রিয় বালক নহেন, সম্পূর্ণভাবে পরিবর্তিত হইয়া গান্তীর্যশালী প্রবীণের স্বভাব পাইয়াছেন। বঙ্গিমচন্দ্রের পিতামহীর গঙ্গাতীরে বাসকালে প্রথম দুই সপ্তাহ কুষ্মপক্ষ ও শেষ সপ্তাহ দেবীপক্ষ ছিল। বঙ্গিমচন্দ্র এই তিনি সপ্তাহ কাল প্রতিদিন সন্ধ্যাকালে ভাগীরথীর তীরে বসিতেন, কথনও আকাশে সন্ধ্যা-তারা উঠিতেছে—তাহাই দেখিতেন, কথনও বা আকাশে কান্তের গ্রাম টাঁদ উঠিতেছে—(দেবীপক্ষ) তাহাই দেখিতেন, সঙ্গিগণ তাঁহার পশ্চাতে দীঢ়াইয়া অঙ্গুলি দ্বারা তারা গুণিত, “ঐ একটা, ঐ দুটো, রাধাল বল দেখি, তোর আমার ক’ চোক্ ?” সে উত্তর করিত, “চার চোক্।” “ঐ দেখ, শক্র শালার এক চোক্।” এইরূপে (অন্তান্ত বালকগণ দীঢ়াদৌড়ি করিয়া খেলিত, কিন্তু প্রতিভাশালী বঙ্গিমচন্দ্র একমনে ভাগীরথীতীরে সন্ধ্যার মৌন্য দেখিতেন। অন্ধকার ধীরে ধীরে নদীবক্ষে বিচরণ করিতেছে, দেখিতে দেখিতে নদীবক্ষ গাঢ় অন্ধকারময় হইল, কিছুই দেখা যাব না, কেবল এপারের ও পারের নোকাশ্রেণীর কুন্দ্র কুন্দ্র আলোঞ্চিলি শমুষ্য-জীবনের আশার গ্রাম একবার নিবিড়তেছে, একবার

জলিতেছে, আর দ্রুই একথানি পান্সী অঙ্ককারে কলিকাতার দিকে বাহিয়া যাইতেছে, তাহাদের দাঢ়ের ছপ্প ছপ্প শব্দ শুনা যাইতেছে। এই বাল্যস্মৃতি বঙ্গিমচন্দ্র তাহার পুস্তকের স্থানে স্থানে অঙ্কিত করিয়াছেন, যথা :—

“সন্ধ্যাগগনে বঙ্গিম মেঘমালা কাঞ্চনবর্ণ তাগ করিয়া ক্রমে ক্রমে কুঁফবর্ণ ধারণ করিল। রজনীদন্ত তিমিরাবরণে গঙ্গার বিশাল হৃদয় অপ্পষ্টিকৃত হইল। সভামণ্ডলে পরিচারক-হস্ত-জালিত দীপ-মালার ন্যায়, অথবা প্রভাতে উত্থান-কুসুমসমূহের ন্যায় আকাশে নক্ষত্র ফুটিতে লাগিল।” প্রায়াঙ্কার নদীহৃদয়ে নৈশসমীরণ কিঞ্চিৎ খরতরবেগে বহিতে লাগিল। * * * নাবিকেরা নোকাসকল তৌরলগ্ন করিয়া রাত্রির জন্য বিশ্রামের ব্যবস্থা করিতে লাগিল।”—মৃণালিনী।

আর এক স্থানে লির্থয়াছেন,—“নবীন শরদুদয়ে ভাগীরথী বিশালোরসী, বহুরবিসর্পিণী, চন্দকরপ্রতিধাতে উজ্জ্বলতরঙ্গিণী, দূরপ্রাণ্তে ধূমময়ী, নববারি-সমাগমে প্রহ্লাদিনী।”—মৃণালিনী।)

এই গ্রামের দক্ষিণ দিকে একটি অপ্রশস্ত থাল ছিল। বর্ষাকালে ভাগীরথীর জলে উহা পূর্ণায়তন হইয়া পূর্বদিকে একটি বিলে মিশিত; থালাটি এমন অপ্রশস্ত যে, উভয় পার্শ্বের গাছের ডালের পাতায় পাতায় মিশিয়া ক্রি থালের উপর পাতার ছাদ হইয়াছিল, মে জন্য থালাটি সর্বদা অঙ্ককারময় থাকিত। বঙ্গিমচন্দ্রের স্কুলে (Hugly College) যাইবার জন্য একটি ছোট ডিঙ্গী নোকা

ছিল। তিনি বর্ষাকালে আৱ সৰ্বদাই স্কুলেৰ ছুটী হইলে, বাটীতে প্ৰত্যাগমন না কৱিয়া, বৰাবৰ ঐ নোকাতে ঐ থালে প্ৰবেশ কৱিতেন; এই লেখকও ঐ নোকাতে থাকিতেন; কেন না, তিনিও বঙ্গিমচন্দ্ৰেৰ সহিত ঐ স্কুলে থাইতেন। তাহার নোকা থালে প্ৰবেশ কৱিলে, উহার উপৱেৰ পাতার ছাদ হইতে অসংখ্য পাথী উড়িত, চীৎকাৰ কৱিত, আবাৰ বসিত। থালেৰ উভয় পাৰ্শ্বে নিবিড় বন ছিল, তাহাতে নানাপ্ৰকাৰ বনফুল ফুটিত। বৰ্ষাৰ জলে গাছগুলি অন্ধনিমজ্জিত, নোকা প্ৰবেশ কৱিবামাত্ৰ উহার জুলতাড়নে তাহারা নানা-বৰ্গেৰ ফুলেৰ সহিত হেলিত, দুলিত, নাচিত। বালক কবি তাহাই দেখিতেন, হাসিতেন, ক্ষণকালেৰ জন্ত তাহারা তাহার সঙ্গী হইত।

তখন তাহার বয়স তেৱে কি চৌদ্দ হইবে। একদিন গভীৰ রাত্ৰে শয্যা ত্যাগ কৱিয়া বঙ্গিমচন্দ্র সদৰবাটীতে আসিয়া তাহার নোকার মাৰিকে ও দ্বাৰবান্ধকে উঠাইলেন, (পুৰৰ্বে ইহা বন্দোবস্ত ছিল) পৱে তাহাদিগকে সঙ্গে লইয়া রাত্ৰি দ্বিপ্ৰহৰে নিঃশব্দে বাটী হইতে নিষ্কাস্ত হইলেন। বৰ্ষাকাল, পূর্ণিমাৱাত্ৰি, চন্দ্ৰমা মধ্যগগনে বিৰাজ কৱিতেছেন, নীলাকাশে অসংখ্য তাৱা জলিতেছে, পৃথিবী আলোক-ময়ী, নিষ্কৃত; একটা কুকুৰ তাহাদিগকে দেখিয়া ঘেউ ঘেউ কৱিয়া ডাকিতে লাগিল। বালক কবিৰ সেই অনুকৰমৰ থালে বিচৱণ কৱিবাৰ উপযোগী সময় বটে। বঙ্গিমচন্দ্র নিঃসংকোচে নোকার উঠিলেন, কিছু দূৰ ভাগীৱথী বাহিয়া গিয়া থালে প্ৰবেশ কৱিলেন। এই সময়ে জলোচ্ছুসে থাল পৱিপূৰ্ণ ছিল। আৱ দুই তিন ষণ্টা পৱে বঙ্গিমচন্দ্র বাজী কৱিলেন। তাহার এই থালে বিচৱণেৰ কথা

পৌরজনের মধ্যে কেহ জানিতে পারে নাই, কেবল তাহার অমুজ (এই লেখক) যিনি বঙ্গিমচন্দ্রের ঘরে শম্বন করিতেন, তিনিই জানিতেন, কিন্তু ভয়ে গ্রি কথা গোপন রাখিয়াছিলেন। অমুজ কিছু দূর তাহার পশ্চাদমুদরণ করিয়াছিলেন বটে, কিন্তু ধৰ্মক থাইয়া ফিরিয়া আসিয়াছিলেন।

তখন বঙ্গিমচন্দ্র ঈশ্বর গুপ্তের সাক্রেত ; ‘সাধুরঞ্জন’ ও ‘প্রভাকরে’ লিখিতে আরম্ভ করিয়াছেন। দীনবঙ্গ ও দ্বারকানাথ অধিকারীর সহিত কবিতা লেখার যুদ্ধ করিতেন। নিশ্চিতে খাল-বিচরণ অতি অল্প-দিনের মধ্যেই কলম-জাঁ হইল, যথা :—

“মহারণ্যে অন্ধকার গভীর নিশায় ।

নির্মল আকাশ নৌলে, শশী ভেসে যায় ॥

কাননের পাতা ছাদ নাচে শশিকরে ।

পৰন দোলায় তায় সুমধুর স্বরে ॥

নৌচে তার অন্ধকার, আছে কুজ নদী ।

অন্ধকার, মহাস্তৰ, বহে নিরবধি ।

ভীম তরুশাখা যথা পড়িয়াছে জলে ।

কল কল করি বারি সুরবে উচ্ছলে ॥

আধারে অস্পষ্ট দোখ যেন বা স্বপন ।

কলিকাশুবকম্বল কুজ তরুগণ ॥

শাখার বিছেন্দে কুজ, শশধর-কর ।

স্থানে স্থানে পড়িয়াছে নৌল জলোপন ॥”

—সপ্তিতা ও সানস ।

৩

যে গ্রামে বঙ্গচন্দ্রের পৈতৃক বাটী, তাহার আশে পাশে বড় বড় গ্রাম, আর সম্মুখে অর্থাৎ ভাগীরথীর পশ্চিম পারে তিন চারটী বড় বড় নগর ছিল, তাহাতে অনেক ধনাট্য বাঙ্গি বাস করিতেন। সে কারণ হুর্গোৎসবের বিজয়ার দিন ভাগীরথীক্ষে বড় সমারোহ হইত ; এক্ষণে কালমাহায়োই হউক, অথবা দরিদ্রতা জন্মাই হউক, সেৱকপ সমারোহ আর নাই। ঐ সময় বিজয়ার দিনে বিকালে ফরাসডাঙ্গার নীচে অনেক নৌকা শ্রেণীবন্ধ হইয়া দশভুজার প্রতিমা লইয়া জাহুবী-বক্ষে বিচরণ করিত ; কোনও নৌকাতে যাত্রা হইত, কোনও নৌকাতে নাচ হইত, আর এই সকল নৌকার কিঞ্চিদ্বৰে অর্থাৎ বাহির-নদীতে অনেকগুলি ছত্রহীন বাচের নৌকা বাচ খেলাইয়া বেড়াইত,—ইহাকেই Boat Race বলে। কাহারও বাব দাঢ়, কাহারও ঘোল দাঢ়। এই সকল নৌকা সন্মন্বেগে যাইতেছে, ঘুরিতেছে, ফিরিতেছে, এবং অন্যান্য নৌকার দাঢ়ীদিগের গাত্রে দাঢ়ের জল দিতেছে ! দর্শকগণ দশভুজার প্রতিমা ভুলিয়া গিয়া এই বাচের নৌকাগুলির গতি দেখিতেছে, এবং বাহবা দিতেছে।

যখন চৌদ্দ পনর বৎসর বয়ঃক্রম, তখন একখানি নৌকাতে বঙ্গচন্দ্র ভাতাদিগের সহিত ফরাসডাঙ্গায় ভাসান দেখিতে গিয়াছিলেন। আসিবার সময়ে সন্ধ্যা হইল। ভাগীরথীর পূর্বতীরে শশানভূমিতে একটি শবদাহ হইতেছিল। নিকটে অনেকগুলি ভদ্রলোক দাঢ়াইয়া ; একটি স্ত্রীলোক উন্মত্তার গ্রাম প্রজলিত চিতাতে ঝাঁপ দিবার চেষ্টা করিতেছিল, কিন্তু তাহার সঙ্গীগণ

তাহাকে ধরিল। অবশ্যে এই সংগোবিধিবা স্বী মুচ্ছিতা হইয়া পড়িল। বঙ্গিমচন্দ্রের চক্ষে জল আসিল, সকলেরই একপ হইল। নৌকাতে অবস্থিতিকালে বঙ্গিমচন্দ্র সংস্থ একটী গীত রচনা করিলেন। ঐ নৌকাতে এই লেখক ছিলেন, তাহাকে চুপি চুপি ঐ গানটি শুনাইলেন; কেন না, তাহার অগ্রজেরা ঐ নৌকাতে ছিলেন। কিছুদিন ঐ গানটি মল্লার রাগিণীতে প্রচলিত ছিল, পরে লুপ্ত হইয়া যাও। গানটির প্রথমাংশ আমার মনে আছে, আর নাই; যথা :—

“হারালে পর পাও কি ফিরে মণি—কি ফণিনী, কি রঞ্জনী ?”

ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରେର ବାଲ୍ୟଶିକ୍ଷା ।



ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରେର ସମୟେ ବଙ୍ଗମାହିତୋର ପୁନରୁଦ୍ଧାରଣା ହେଲା । ଏହି ସମୟେ ବିଶ୍ୱାସାଗର ମହାଶୟ ଜୀବିତ—ଭୂଦେବ, ମଧୁୟଦନ, ଦୀନବନ୍ଧୁ, ହେମଚନ୍ଦ୍ର, ନବୀନଚନ୍ଦ୍ର, ରମେଶଚନ୍ଦ୍ର, ରାଜକୃଷ୍ଣ, ଚନ୍ଦ୍ରନାଥ ଓ ଅକ୍ଷୟଚନ୍ଦ୍ର କଲମ ଧରିଯାଇଛିଲେ । ରବୀନ୍ଦ୍ରନାଥେର ପ୍ରତିଭା ତଥନ ଶୁଟନୋନ୍ତୁଥ । ବଙ୍ଗକୁଳ-କାର୍ଯ୍ୟନାମାର୍ଗରେ ଲିଖିତେ ଆରାନ୍ତ କରିଯାଇଛିଲେ, ତମଧ୍ୟେ ପ୍ରଧାନା ଶ୍ରୀମତୀ ସ୍ଵର୍ଗକୁମାରୀ । ଏହି ସକଳ ଲେଖକଦିଗେର ମଧ୍ୟେ ତୁ ଚାରି ଜନ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରେର ବୈଠକଥାନାର ସମ୍ବେଦନ ହିଁଲେ ତାହାଦେର ମଧ୍ୟେ କିଙ୍କରିପ କଥୋପକଥନ ହିଁତ, କେହି ଯଦି ତାହା ବିରୁତ କରିତେ ପାରିତ, ତାହା ହିଁଲେ, ଉହା ସେ ବଙ୍ଗ-ମାହିତୀ-ସମାଜେ ମାଦରେ ପାଠିତ ହିଁତ, ସେ ବିଷୟେ କୋନ୍ତେ ସମ୍ବେଦନ ନାହିଁ । ଏହି କଥୋପକଥନେ ଦେଶୀ ଓ ବିଦେଶୀ କାବ୍ୟ ଓ ନାନା-ଶାସ୍ତ୍ରରେ ଆଲୋଚନା ଏବଂ ନୂତନ ପୁନ୍ତକାଦିର ସମାଲୋଚନାଓ ହିଁତ । ଭାଟପାଡ଼ାର ମହାମହୋପାଧ୍ୟାୟଗଣ ଉପାସିତ ଥାକିଲେ ଚୁଟକି ବିଚାରନ୍ତି ଚଲିତ । ଆବାର ଏହି କଥୋପକଥନେର ମଧ୍ୟେ ଶାନ୍ତିପୁରେର ଏକଟା ଭୂତ କିଙ୍କରିପ ସମାରୋହେ ତାହାର ବାପେର ଶ୍ରାବ୍ୟ କରିଯାଇଲି, ସେ ଗର୍ବରେ ଥାକିତ; ଦୀନବନ୍ଧୁର ଗର୍ବ ଏବଂ ନାନାପ୍ରକାର ବହସ୍ତର କଥାଓ ଥାକିତ । ଆମି କଥନେ ଏହି କଥୋପକଥନ-ବିଷୟରେ କିନ୍ତୁ ଲିଖିବାର ଚେଷ୍ଟା କରି

নাই। যদি বঙ্গচন্দ্রের জীবনচরিত লিখিতে বসিতাম, তাহা হইলে চেষ্টা করিতাম, কিন্তু সে সময় আমার অভীত হইয়া গিয়াছে। এখন বঙ্গ-প্রসঙ্গ দুই চারিটা প্রবন্ধে বাহা লিখিয়াছি, তাহা কেবল তাহার জীবনের ঘটনা অবলম্বনে।

কথিত আছে যে, প্রতিভাবান् ব্যক্তিদিগের জীবনচরিত লিখিত হয়, প্রধানতঃ লোকশিক্ষার জন্য। হইলেও হইতে পারে। কিন্তু আমি বঙ্গচন্দ্রের জীবনের দুই একটা ঘটনা যাহা লিখিয়াছি, তাহা কোনও উদ্দেশ্য লইয়া লিখি নাই। এ বয়সে সে সব কথার আলোচনাও নিজে তৃপ্তি পাই, তাই লিখি, এবং বঙ্গচন্দ্রের আত্মীয়, বন্ধু ও পাঠকগণের সে সকল প্রসঙ্গ ভাল লাগিতে পারে, এই জন্য লিখি।

বঙ্গচন্দ্র ভাগ্যক্রমে বাল্যকাল হইতে বিশ্বেৎসাহী ও সুশিক্ষিত ব্যক্তিগণের সহবাসেই গাকিতেন। পিতৃদেব তাহার অসামান্য প্রতিভা বুঝিতে পারিয়া তাহার শিক্ষাসম্বন্ধে বিশেষ যত্নবান् ও সতর্ক ছিলেন। শৈশবে বঙ্গচন্দ্র মেদিনীপুরে শিক্ষা পান। পিতৃদেব তখন ঐ স্থানে ডেপুটী কালেক্টরের ছিলেন। শুনিয়াছি, বঙ্গচন্দ্র একদিনে বাঙালা বর্গমালা আয়ত্ত করিয়াছিলেন। মেদিনীপুরে একটী হাই স্কুল ছিল। টিড় নামে এক জন বিলাতী সাহেব উহার হেডমাস্টার ছিলেন। অগ্রজ সঞ্জীবচন্দ্রের সহিত বঙ্গচন্দ্র মধ্যে মধ্যে ঐ স্কুলে যাইতেন। একদিন ঐ সাহেব ক্লাস-পরিদর্শনে আসিয়া তাহার পরিচয় লইলেন। সঞ্জীবচন্দ্র অনুজ্ঞের কথা বলিবার সময়, তাহার যে এক বেলার মধ্যে বর্ণপরিচয় হইয়াছিল, সে কথার উল্লেখ করেন। টিড় সাহেব শুনিয়া শ্রীত হইলেন, এবং পরে তাহার

অনুরোধেই অতি শৈশবে ইংরাজি শিক্ষার জন্য পিতৃদেব বঙ্গিমচন্দ্রকে ঐ স্কুলে ভর্তি করিয়া দেন। বৎসরাস্তে পরীক্ষার ফলে সাহেব তাহাকে ডবল প্রোমোশন দিতে চাহিলেন, কিন্তু পিতৃদেবের আপত্তিতে তাহা ঘটিল না। বঙ্গিমচন্দ্রকে বৈকালে টিড় সাহেবের বিবি লোক পাঠাইয়া লইয়া যাইতেন। আমাদের বাসার সম্মুখে একটা ক্ষুদ্র মাঠে স্কুল ছিল। ঐ স্কুল-বাটাতেই তাহাদের বাসা ছিল। এখন সেখানে স্কুল নাই, সে মাঠে সরকারী বাটী প্রস্তুত হইয়াছে। বঙ্গিমচন্দ্র প্রতিদিন বৈকালে ঐ স্থানে যাইতেন। এই সময়ে মলেট সাহেবের নামে এক জন হালুবরি সিভিলিয়ান মেডিনী-পুরের ম্যাজিষ্ট্রেট ছিলেন। টিড় সাহেবের বিবি তাহার ছেলেদিগকে ও বঙ্গিমচন্দ্রকে লইয়া প্রতিদিন বৈকালে ম্যাজিষ্ট্রেটের কুঠীতে যাইতেন। মলেট সাহেবের বাটী আমাদের বাসার উত্তরে, মধ্যে কেবল একটা মাত্র উচ্চ প্রাচীরের ব্যবধান। শুনিয়াছি, বঙ্গিমচন্দ্র বসিয়া বিবিদের সহিত গল্প করিতেন, ও তাহাদের ছেলেরা মাঠে দোড়া-দোড়ি করিত। বঙ্গিমচন্দ্র দোড়াদোড়ি করিতে পারিতেন না, সে জন্য কখনও বলিষ্ঠও ছিলেন না।

এইরূপ প্রায় তিন বৎসর কাল বৈকালে বঙ্গিমচন্দ্র তাহাদের বাটাতে যাতায়াত করিতেন। হঠাৎ একটা ঘটনায় যাতায়াত বন্ধ হইল। একদিন সন্ধ্যার সময় মলেট সাহেবের কুঠীর মাঠে টেবিল-চেয়ার পড়িল, বিবিরা চা প্রস্তুত করিতে উঠিয়া গেলেন। ইতিমধ্যে কুঠীর তিতর হইতে এক জন অপরিচিত সাহেব আসিয়া ছেলেদের

তাকিয়া লইয়া চা খাইতে গেলেন, কিন্তু বঙ্গিমচন্দ্রকে ডাকেন নাই। বালক বঙ্গিমচন্দ্র তৎক্ষণাত চলিয়া আসিলেন; পরে আর ঐ কুঠীতে থান নাই—টিড সাহেবের কুঠীতে গিয়াছিলেন বটে। ইহার দিন কয়েক পরেই পিতৃদেব কলিকাতার আলিপুরে বদলি হইলেন। এই সময় মল্লেট সাহেবের সহিত পিতৃদেবের দেখা হইলে, বঙ্গিমচন্দ্র তাহার কুঠীতে যাতায়াত বন্ধ করিয়াছেন বলিয়া সাহেব আক্ষেপ করিয়াছিলেন।

এইরূপে তিনি বৎসর বঙ্গিমচন্দ্র প্রতিদিন সন্ধ্যার সময় বিলাতী পরিবারের সংস্কৰণে আসায় তাহার কোনও ফল ফলিয়াছিল কি না, তাহা কেহ বুঝিতে পারে নাই।

মেদিনীপুর ত্যাগ করিবার প্রায় এক বৎসর পূর্বের কথা আমার মনে পড়ে। মেদিনীপুর হইতে আসিয়া আমরা কাঠালপাড়ায় বাস করিতে লাগিলাম। বঙ্গিমচন্দ্র হৃগলী কলেজের নৃতন Session খুলিলে, তথায় ভর্তি হইবেন, স্থির হইল। তাহার জন্য গৃহে এক জন আইভেট টিউটর নিযুক্ত হইল।

কাঠালপাড়ায় আসিয়া বঙ্গিমচন্দ্র অনেকগুলি সংস্কৃত শ্ল�ক ও বাঙালা কবিতা শিখিলেন। আমাদের জ্যোঢ়াগ্রাজের বৈঠকখানায় সন্ধ্যার পর বিস্তর ভদ্রশ্লোক আসিতেন। তরাধ্যে এক জন সংস্কৃতে পদ্ধিত ছিলেন। তিনি মধ্যে মধ্যে সংস্কৃত শ্লোক আবৃত্তি করিতেন। যেটা ভাল লাগিত, বঙ্গিমচন্দ্র তাহা কর্তৃস্থ করিতেন, এবং ঐ ব্যক্তির নিকট হইতে শ্লোকের ব্যাখ্যা করাইয়া লইতেন। আর, বাঙালা কবিতাগুলি—যাহা সর্বদা আবৃত্তি করিতেন, তাহা কবি ঈশ্বর শুণের

রচিত। তখন তাহার সহিত বঙ্গিমচন্দ্রের গুরু-শিষ্য সমস্ক হয় নাই বটে, কিন্তু আমাদের বাটীতে “প্রভাকর” ও “সাধুরঞ্জন” পত্রিকা আসিত; উহার মধ্যে যে কবিতাগুলি ভাল লাগিত, বঙ্গিমচন্দ্র সে সমস্তই কর্তৃপক্ষ করিতেন।

একালে যেমন recitaion-এর একটা ছজুগ উঠিবাছে, পুরস্কারের জন্য ছাত্রেরা ঘরে ঘরে বাঙালা ও সংস্কৃত কবিতা আবৃত্তি করিতেছে, বঙ্গিমচন্দ্র বাল্যকালে অনেকগুলি শ্লোক ও কবিতা তেমনিই আবৃত্তি করিতেন। তাহার আবৃত্তির সময়সময় ছিল না।

বঙ্গিমচন্দ্র স্মলেখক বলিয়া সাধারণে পরিচিত, কিন্তু তিনি যে এক জন উৎকৃষ্ট পাঠক ছিলেন, তাহা অনেকে জানেন না। অমিত্রাক্ষর ছন্দের নৃতন স্ফুট হইলে উহার নামে আমার গায়ে জ্বর আসিত, কিন্তু যেদিন বঙ্গিমচন্দ্রকে “মেঘনাদ-বধ” কাব্য পাঠ করিতে শুনিলাম, সেইদিন হইতে আমি এই কাব্যের গোড়া হইলাম! কতবার উহা পড়িয়াছি, তাহার ঠিক নাই! বঙ্গিমচন্দ্রের অনুকরণে পড়িতাম। তিনি যখন পুস্তক পাঠ করিতেন, সকলে নিঃশব্দে শুনিতেন। বাল্যকালে তিনি যখন কবিতা বা শ্লোক আবৃত্তি করিতেন, তখন আশে-পাশে শ্লোক দীঢ়াইয়া উনিত। একদিন তিনি তাহার পড়িবার ঘরে বসিয়া “পদাক্ষমতে” ও “গোপীভূত্ব বিরহবিধুরা কার্চাদন্তুবরাক্ষী” ইত্যাদি শ্লোকটীর আবৃত্তি করিতেছিলেন, এমন সময়ে ঐ ঘরে অনেকগুলি পঙ্গিত অবেশ করিলেন। তখন্ধো দেশবিদ্যাত পরমপূজ্য পঙ্গিত বচ্ছবর তর্কচারণি বহাশয় ছিলেন। ইহারা পিছদেবের সহিত সাক্ষাৎ

করিতে আসিয়াছিলেন। বঙ্গিমচন্দ্রের স্মৃতি শুনিয়া তাঁহারা তাঁহার ঘরে প্রবেশ করিলেন। আমি এই পড়িবার ঘরে থাকিতাম, পড়ি না পড়ি, একথানি পুস্তক হাতে লইয়া বসিয়া থাকিতাম, আর সময়-সময় চুলিতাম, বিশেষতঃ সন্ধ্যার সময় চুলিতে চুলিতে ঐ স্থানেই ঘূমাইয়া পড়িতাম। তর্কচূড়ামণি মহাশয় এক জন প্রতিভাবান् ও অসাধারণ পণ্ডিত ছিলেন। বোধ হয়, স্বর্গীয় জগন্নাথ তর্কপঞ্চানন ভিন্ন তাঁহার তুল্য পণ্ডিত বাঙালা দেশে আর জন্মগ্রহণ করেন নাই। বঙ্গিমচন্দ্র সমস্তে তাঁহাদিগকে বসাইলেন ও তর্কচূড়ামণি-মহাশয়ের অনুরোধে ঝোকটীর ব্যাখ্যা করিলেন। ইহার পর হইতে চূড়ামণি মহাশয় মধ্যে মধ্যে বঙ্গিমচন্দ্রের ঘরে আসিতেন ও মহাভারতের অনেক কথা শুনাইতেন। তাঁহারই নিকট “নলোপাখ্যান” ও “শ্রীবৎস রাজার উপাখ্যান” আমি প্রথম শুনি। আমার ধারণা, বঙ্গিমচন্দ্রের প্রতিভা চূড়ামণি-মহাশয়ের প্রতিভাকে আকৃষ্ট করিয়া-ছিল, নতুবা এই অসাধারণ পণ্ডিত বালক বঙ্গিমচন্দ্রকে শিক্ষা দিবার অন্ত এত চেষ্টিত হইবেন কেন? বঙ্গিমচন্দ্রকে সংস্কৃত শিক্ষা দিবার অন্ত তর্কচূড়ামণি মহাশয় পিতৃদেবের নিকট প্রস্তাব উত্থাপন করিয়াছিলেন, কিন্তু বালক দুইটা ভাষা এক সঙ্গে শিখিতে পারিবে না, এই উত্তরে নিরস্ত হইয়াছিলেন।

তারতচন্দ্রের একটা কবিতা বঙ্গিমচন্দ্রের মুখে সর্বদা শুনিতাম,— “বিনাইয়া বিনোদিনী বেণীর শোভায়, সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়।” যৌবনে বঙ্গিমচন্দ্র ভারতচন্দ্রের ছন্দোবক্ষের বড় প্রশংসন করিতেন, কিন্তু তাঁহার কবিতার প্রশংসন করিতেন না। ছর্গে-

বন্দিমীর আশমানীর ক্রপবর্ণনা পাঠ করিলে মুকলে তাহা বুঝিতে পারিবেন। তারতচন্দ্র সম্বন্ধে তাহার এই মত চিরস্থায়ী ছিল কি না, জানি না, কেন না, তাহার মতামত চিরদিনই পরিবর্তনশীল ছিল, সেই জন্য তাহার গ্রন্থগুলি প্রতি সংস্করণে প্রচুরপরিমাণে পরিবর্তিত হইত। এমন কি, তাহার মৃত্যুর কিছুকাল পূর্বে “ইন্দিরা” উপন্থাসটি আবার rewrite করিবেন, এমন ইচ্ছাও তিনি প্রকাশ করিয়াছিলেন, কিন্তু তাহা ঘটিয়া উঠে নাই।

জ্বরদেবের “ধীরসমীরে যমুনাতীরে বসতি বনে বনমাণী” কবিতাটি তাহার বড় প্রিয় ছিল। কি বালো, কি কৈশোরে, কি যৌবনে, এই কবিতাটি তাহার মুখে শুনিতাম; যখন নিকশ্মা হইয়া বসিতেন, বাহিরের লোক কেহ ঘরে থাকিত না, তখন উহা আওড়াইতেন। ঐ কবিতাটি যে তাহার প্রিয় ছিল, তাহার স্মৃতি “আনন্দ-মঠে” রাখিয়া গিয়াছেন, যথা :—

“ধীরসমীরে তচিনীতীরে বসতি বনে বনমাণী।
মা কুঁ ধনুর্দ্ধর গমনবিলম্বমতিবিধুরা স্বকুমাণী।”

আর একটা গীত তাহার বড় প্রিয় ছিল। বাল্যকালে আপনি এই গীতটাতে মাতিয়া ছিলেন, পরে আনন্দমঠের সন্তানবিগকেও এই গীতে মাতাইয়াছিলেন। একদিন মাঘমাসের রাত্রিশেষে এই শীত তিনি প্রথম শুনিলেন। মাঘমাসের প্রথমেই এক রাত্রিশেষে এক বৈশ্বক ধূঁমনী বাজাইয়া সদর রাস্তার এই গানটা গাহিতেছিল, আরি তখন জাগ্রে—ঘুম কর্তে এই রাতে কে গীত গাহিতেছে

। শুনিয়া অগ্রজকে উঠাইলাম ; গান শুনা যাইতেছিল না, অগ্রজ একটা জানালা খুলিয়া দিলে গীতটা শুনিতে পাইলাম—“হৰে মুৰারে মধুকৈটভাৰে, গোপাল গোবিন্দ মুকুন্দসৌৱে ।” বৈষ্ণব এই গীতটা গাহিতে গাহিতে ঠাকুৱ-বাড়ীৰ দিকে চলিয়া গেল। বঙ্গমচন্দ্ৰ “হৰে মুৰারে মধুকৈটভাৰে” আওড়াইতে আওড়াইতে জানালা বন্ধ কৰিলেন। পৰ রাত্ৰে ঠিক ঐ সময়ে আসিয়া বৈষ্ণব সেই গীতটীই গাহিল ! এইকপ কয়েক বাত্ৰি ধৰিয়াই তিনি গানটা শুনিলেন। ইহার পৰ অষ্টপ্ৰহৱ এই গীতটা তাহার মুখে শুনিতাম ।

দোলেৰ পূৰ্বৰাত্ৰে আমাদেৱ ঠাকুৱ-বাড়ীতে বড় ধূম হইত, নেড়াপোড়া হইত, অনেক বাজি পুড়িত, রাত্ৰে যাত্রা অথবা কীৰ্তন হইত। এই উপলক্ষে অনেক ভদ্ৰলোক এবং ভদ্ৰমহিলা উপস্থিত হইতেন, ইতৰলোকৈৰ ত কথাই ছিল না। মেদনীপুৱ হইতে আসিবাৰ পৰ প্ৰথম দোলবাত্রার এইদিন আমাৰ বিশেষ আৱণ আছে। কাঞ্জনেৰ পূৰ্ণিমা রাত্ৰি—মধুবামিনী—বঙ্গমচন্দ্ৰ চিৰদিনই স্বভাৱেৰ সৌন্দৰ্য দেখিতে ভালবাসিতেন, আজ রাত্ৰে তাহার ভাৱি শূৰ্প্তি,—কথনও অজ্ঞনা পুকুৰগীৰ ধাৰে, কথনও গঙ্গাতীৰে, কথনও বা এখানে-ওখানে বেড়াইতেছেন—অবশ্যে ঠাকুৱ-বাড়ীতে আসিয়া উপস্থিত হইলেন। ঠাকুৱ-বাড়ীতে লোকারণ্য, ভিড় ঠেলিয়া মন্দিৰ-মধ্যে তিনি প্ৰবেশ কৰিলেন। কীৰ্তন হইবে, চারিদিকে আলো জলিতেছে। একস্থানে অনেকগুলি ভাটপাড়াৰ পণ্ডিত পৃথগাসনে বসিয়া আছেন। তত্ত্বাধ্যে হলধৱ তর্কচূড়ামণি মহাশূণ্য

ছিলেন। বঙ্গিমচন্দ্রকে দেখিবামাত্র তিনি ডাকিয়া কাছে বসাইলেন, এবং শ্রীকৃষ্ণের সম্মুখে বসিয়া বালক বঙ্গিমচন্দ্রকে শ্রীকৃষ্ণের অনেক কথা শুনাইতে লাগিলেন। এই উপলক্ষে বঙ্গিমচন্দ্র তাঁহাকে একটা প্রশ্ন করিলেন। প্রশ্নটা এই যে, যে শ্রীকৃষ্ণকে দেখিবার জন্য আপনি কষ্ট করিয়া আসিয়াছেন, যে শ্রীকৃষ্ণের নাম ইতর-ভদ্র মেঘে-পুরুষ সকলেই জপ করিতেছে, সেই শ্রীকৃষ্ণ কি ঘোল-শ' গোপিনীর ভর্তা ছিলেন? তিনি গোপিনীদিগের বন্ধুবরণ করিয়া-ছিলেন?—বঙ্গিমচন্দ্র ইহার পূর্বে বাঙালা শ্রীমতাগবত পাঠ করিয়াছিলেন। তাঁহার প্রশ্ন শুনিবামাত্র সমবেত পণ্ডিত ও ভদ্র-লোকগণ সন্তুষ্ট হইলেন। চূড়ামণিমহাশয় বঙ্গিমচন্দ্রকে আদর করিতে করিতে বলিলেন, এ প্রশ্নের উত্তর আমি তোমাকে পরে দিব, এক্ষণে বুঝাইবার চেষ্টা করিলেও তুমি তাহা বুঝিতে পারিবে না, তবে এইমাত্র জানিয়া রাখ যে, শ্রীকৃষ্ণ আদর্শ পুরুষ ও আদর্শ চরিত্র।

এই প্রশ্নে কি প্রাচীন, কি যুবা, সকলেই সে রাত্রে বঙ্গিমচন্দ্রের প্রতি বিরক্ত হইয়াছিলেন, কেন না, সকলেই শ্রীকৃষ্ণ-ভক্ত! তাঁহারা জানিতেন, ভগবান् শ্রীকৃষ্ণরূপে পৃথিবীতে অবতীর্ণ হইয়া লীলাধেলা করিয়াছিলেন! ক্ষুদ্র পল্লীগ্রামে সামাজ্য ঘটনা, সামাজ্য কথা বহুদিন ধরিয়া আন্দোলিত হইয়া থাকে। বঙ্গিমচন্দ্রের এই কথা লইয়া কিছুদিন বিস্তর আন্দোলন চলিয়াছিল। সেই জন্তই কথাটা আমার স্মরণ আছে। আক্ষেপের বিষয়, বঙ্গিমচন্দ্রের পরম বক্তৃ চূড়ামণিমহাশয় ইহার অন্তর্কাল পরেই স্বর্গারোহণ করিলেন।

বঙ্কিমচন্দ্রের বাল্যকথা



সেকালের পল্লীগ্রামগাত্রেই পাঠশালা থাকিত। আমাদের প্রামেও পাঠশালা ছিল, আমাদের বাটির সন্নিকটে একটি ছিল। বঙ্কিমচন্দ্র কখনও পাঠশালায় পড়েন নাই, আমার জ্ঞানে ত নহে। ছগলি কালেজে ভর্তি হইবার পূর্বে তাঁহাকে এক জন private tutor সকালে ও সন্ধ্যার পর পড়াইয়া যাইত। বঙ্কিমচন্দ্র তখন বালক, উপনয়ন হয় নাই। এই অবস্থায় তিনি মধ্যে মধ্যে ঐ পাঠশালায় উপস্থিত হইতেন। গুরুমহাশয় কায়স্ত-সন্তান, বড় রাসবারি লোক, ছাত্রের তাঁহাকে যমের ত্যাগ-ভয় করিত। যখন তিনি ভূমিতে বেত আছড়াইয়া, “লেখ, লেখ, শুনারঁা” বলিয়া চীৎকার করিতেন, তখন ছাত্রের থরহরি কাঁপিতে থাকিত। বালক বঙ্কিম, এক এক দিন বৈকালে এই পাঠশালায় উপস্থিত হইলে অভ্যর্থনাস্থরূপ গুরুমহাশয় হাসিয়া তাঁহার হস্তে বেতগাছটি তুলিয়া দিতেন। বালক বঙ্কিম বেত লইয়া কোন কোন ছাত্রের নিকট গিয়া তাহার পরীক্ষা করিতেন। ছাত্রের কেহ বা তাঁহার বয়োজ্যেষ্ঠ, কেহ সমবয়স্ত, কেহ বা বয়ঃকনিষ্ঠ। অধিকাংশ ছাত্র তাঁহার বয়োজ্যেষ্ঠ ছিল। এইরূপ ঘুরিতে ঘুরিতে ছই তিন জন

বালকের নিকট দীড়াইয়া তাহাদের মাধ্যার উপর বেত ছুলাইয়া বলিতেন, “মারি মারি ? আজ তোমরা কেন আমাদের বাড়ী তাস খল্তে যাও নাই ?” বঙ্গিমচন্দ্র বালকালে খেলার মধ্যে কেবল তাস খেলিতেন, তই প্রহরের সময়ে ঐ কয় জন বালকের সহিত কোন কোন দিন তাস খেলিতেন। বালকদিগের দোড়ানোড়ি এবং অন্তর্ভুক্ত খেলা—যাহাতে শরীরের পুষ্টিসাধন করে—তাহা খেলিতেন না। খেলিতে ভাল লাগিত না, সেই জন্য দুর্বল ও ক্ষীণদেহ ছিলেন। এইরূপে মধ্যে মধ্যে বালকদিগের পরীক্ষা করাতে তাহাদের উৎসাহ হইত। বঙ্গিমচন্দ্রের প্রতিভা বালকালে দিন দিন প্রস্ফুটিত হইতেছিল, উহার প্রভাবে অন্তর্ভুক্ত বালকেরা তাঁহাকে ভক্তি করিত, সকলে তাঁহার নিকট ধৈসিতে পারিত না। তিনি কাহাকেও ভাল বলিলে, তাঁহার আনন্দ ও উৎসাহ বর্ণিত হইত। স্কুলে, কালেজে, তাঁহার সমাধ্যায়ীদিগের উপরও ঐরূপ প্রভাব ছিল, ইহা তাঁহার অসামাজিক প্রতিভারই মহিমা। শেখাপড়ায় উৎসাহ প্রদান করা তাঁহার জীবনের একটি প্রধান উদ্দেশ্য ছিল। যখন ঘোবনে এক জন বিধ্যাত বাঙালা লেখক হইলেন, তখন অনেকগুলি সুশিক্ষিত যুবককে উৎসাহ দিয়া লেখক করিয়াছিলেন, তাঁহারা এক একজন বিধ্যাত লেখক হইয়াছিলেন। বঙ্গিমচন্দ্র না জন্মাইলে, গ্রন্থেশচন্দ্র দত্ত, চন্দ্রনাথ বসু প্রভৃতি কথনও বাঙালা ভাষার লেখক হইতেন না, চিরকাল ইংরাজি লেখক থাকিতেন। বঙ্গিমচন্দ্রের প্রৱোচনার ও অমূল্যাননে তাঁহারা বাঙালা ভাষায় লিখিতে আরম্ভ করিলেন।

পৌষ কি মার্ধ মাসে একদিন স্মর্যোদয়ে পাঠশালায় যাইয়া গুরুমহাশয়-দণ্ড বেত লইয়া, বালক বঙ্গি কোন একটি বালকের নিকট বসিয়া তাহার লেখাপড়া দেখিতেছিলেন, এমত সময় একটা গোল উঠিল যে, গঙ্গার ঘাটে গোরার বহর লাগিয়াছে। এই সংবাদে চারিদিকের লোকজন, কি পুরুষ, কি স্ত্রীলোক, কি বালক ছুটচুটি করিয়া পলাইতে লাগিল। পাঠশালার ছাত্রগণ পাতাড়ি ফেলিয়া পলাইল। গুরুমহাশয় চট্টাজুতা পায়ে ফট ফট শব্দে পলাইলেন। এক ব্যক্তি এক বাজরা বেগুন লইয়া নৈহাটীর বাজারে বিক্রয় করিতে যাইতেছিল, সে উহা আমাদের ঠাকুরবাড়ীর দরজার নিকটে ফেলিয়া পলাইল। মুহূর্তের মধ্যে রাস্তা ঘাট নির্জন হইল। সকল বাটীর দরজা বন্ধ হইল, কেবল বালক বঙ্গিরের জন্য আমাদের বাড়ীর দরজা খোলা রহিল, তিনি গুরুমহাশয়-প্রদণ্ড বেত হাতে করিয়া আমাদের বাটীর দরজার নিকট রাস্তার ধারে দাঢ়াইলেন, স্বতরাং আমাদের যত লোকজন ছিল, তাঁহার নিকট আসিয়া দাঢ়াইল। পিতৃদেব তখন তাঁহার কর্মসূলে, অগ্রজব্যন্ত তাঁহার নিকটে। গ্রামে গোরার বহর লাগিয়াছে শুনিয়া গ্রামবাসীরা বিপদ ভাবিয়া পলায় কেন! সেকালে পশ্চিমাঞ্চল হইতে গোরারা কুচ করিয়া কলিকাতায় আসিত, কিন্তু পীড়িত গোরারা নোকামোগে আসিত। যে স্থানে স্মর্যোদয় হইত, সেই স্থানে ঐ সকল গোরা প্রাতঃক্রিয়ার জন্য ডাঙ্গায় উঠিত, এবং গ্রামে প্রবেশ করিয়া নানা প্রকারে উৎপাত করিত। দুই তিন বৎসর পূর্বে একবাৰ গ্রামে নামিয়া গ্রেকপ অত্যাচার করিয়াছিল। সেই অবধি গোরার

বহুর শুনিলে আমাদের গ্রামের লোকের হ্রৎকল্প হইত। বঙ্গিমচজ্জ্বর গুরুমহাশয়-দন্ত বেত্রহস্তে দাঁড়াইয়া আছেন, এইন সময়ে একদল গোরা আসিতেছে, দেখা গেল। তাহারা আসিয়া বঙ্গিমচজ্জ্বর সম্মুখে দাঁড়াইয়া কি কথা কহিতে লাগিল, এক জন বেত্টি লইয়া দেখিতে লাগিল। এইরূপে দলে দলে গোরা আসিতে লাগিল। বালক বঙ্গিম স্থিরভাবে সেখানে দাঁড়াইয়া রহিলেন। অর্দ্ধঘণ্টার মধ্যে তাহারা ফিরিয়া গেল, বহুর ছাড়িয়া দিল, গ্রাম আবার সজীব হইল।

কথাটা অতি সামান্য বটে, কিন্তু যে গ্রামের লোকেরা গোরার ভয়ে পলাইল, সকল দরজা বন্ধ হইল, বালক বঙ্গিম সেই গ্রামেই প্রতিপালিত, আকাশ হইতে পড়েন নাই। তিনি নির্ভয়ে বেত্রহস্তে গোরার সম্মুখে দাঁড়ান কেন, এই তেজটুকু বালকের পক্ষে অসামান্য বোধ হওয়াতেই এই স্থলে এই ঘটনাটির উল্লেখ করিলাম। তিনি নিজেই চন্দ্রশেখরের এক স্থানে লিখিয়া গিয়াছেন যে, “বাঙালীর ছেলে মাত্রেই জুজুর নামে ভয় পায়, কিন্তু এক একটি এমন নষ্ট বালক আছে যে, জুজু দেখতে চায়।”

বঙ্গিমচজ্জ্বর চিরকালই ষাঁড়গুর ইত্যাদি দেখিলে দূরে সরিয়া যাই-তেন, মই দিয়া ছাদে উঠিতে পারিতেন না, সাঁতার জানিতেন না, এক জন ভাল Executive Officer ছিলেন, তথাপি কথমও ষোড়ায় চড়িতে পারিতেন না। ১৯১৮ বৎসর বরংক্রম কালে আমি পিতৃ-দন্ত একটি ষোড়ায় চড়িয়া বেড়াইতাম। তিনি পূজার ছুটিতে কর্মসূল হইতে বাড়ী আসিয়া, উহা জানিতে পারিয়া

ঘোড়াটি বিক্রয় করাইলেন। কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, ইনিই বাল্যকালে একদিন ডাকাতদের ভয় করেন নাই; কৈশোরে নদীবক্ষে ঘড় তুফানের ভয় করিতেন না, আর ঘোবনে গুলি-ভরা পিস্তল গ্রাহ না করিয়া এক জন সাহেবকে গ্রেপ্তার করিয়াছিলেন।

যখন বঙ্গচন্দ্রের বয়স দশ কি এগার বৎসর, তখন একদিন সংবাদ আসিল যে, এক দল ডাকাত আমাদের বাটীতে ডাকাতি করিবে। পিতৃদেব তখন বাটীতে ছিলেন না, জেঁসেমহাশয়, পুড়া-মহাশয়, পিসেমহাশয় প্রভৃতি মুকুরবৌগণ বন্দোবস্ত করিলেন যে, স্ত্রীলোকেরা ও আমরা চার ভাতা কয়েক রাত্রের অন্ত প্রতিবাসীর গৃহে বাস করিব। ইহা শুনিবামাত্র বালক বঙ্গ বাঁকিয়া বসিলেন, কুঞ্জিত কেশরাশি দুলাইয়া ঘাড় নাড়িয়া বলিলেন, “তাহা কথনই হইতে পারে না, বাড়ী ছেড়ে কোথাও যাইব না।” পিসেমহাশয় বলিলেন, “তবে ডাকাত আসিয়া সকলকে কাটিয়া যাক।” বঙ্গ বলিলেন, “কেন কেটে যাবে? আমাদের বাড়ীতে ত অনেক লোক আছে, আর গ্রামের তেওর বাগড়ি, যাহারা এক একজন লাঠিয়াল ও বোঞ্চেটেগিরি করে, তাহাদের নিযুক্ত করুন, সাধ্য কি বৈ, ডাকাতরা আমাদের কেটে যায়।” তাহার অগ্রজন্মেরও ঐ মতে মত হওয়াতে, বালক বঙ্গমেরই পরামর্শদাতে কার্য্য হইল। কুন্তি ধরিয়া অনেক লোক আমাদের বাড়ী পাহারা দিত। ডাকাত আসিয়া ফিরিয়া গেল। ঐ দিন হইতে গুরুজনেরা বঙ্গচন্দ্রকে “বাঁকা” বলিয়া ডাকিতেন।

আমাদের গ্রামের আড় পারে হগলি কালেজ, প্রায় সাত আট বৎসর ধরিয়া বঙ্গিমচন্দ্র নোকা চড়িয়া ঐ কালেজে যাইতেন। বৈশাখ মাসের প্রারম্ভেই এক এক দিন ছুটার সময় আকাশ মেঘাচ্ছন্দ হইত। বঙ্গিমচন্দ্র মাঝিকে জিজ্ঞাসা করিতেন, “কেমন বে, নোকা ছাড়বি ?” মাঝি নৈহাটীর পাটনী, কখন ‘না’ বলিত না, নোকা খুলিয়া দিত। কোন কোন দিন বড় উঠিবার পূর্বে নোকা ঘাটে গিয়া পৌছিত, আর কোন কোন দিন মাঝি গঙ্গায় পৌছিতে না পৌছিতে কাল মেঘ দিগন্ত অন্ধকার করিত। নদীর জল কাল হইত। অলংকৃতমধ্যেই প্রবলবেগে ঝড় উঠিত। ভৌগুণ তরঙ্গ সকলের মাথাগুলি ভাঙিয়া ফেনার রাশিতে যেন নদীর বক্ষে তুলার মাড় ভাসিত। ধান্ধারা নদীবক্ষে ঝড়ে পড়িয়াছেন, তাহারাই বুঝিতে পারিবেন, কি ভয়ানক দৃশ্য ! বঙ্গিমচন্দ্র একদৃষ্টে ইহাই দেখিতেন। যিনি ষাঁড়গুরু দেখিয়া ভয় পাইতেন, তিনি প্রকৃতির এই সর্ব-সংহারিণী মৃত্তি অজ্ঞান হইয়া দেখিতেন। বঙ্গিমচন্দ্রের কালেজ পরিযাগ করিবার তিন চারি বৎসর পূর্বে, আমি ঐ কালেজে ভর্তি হই, স্নতরাং আমাকেও মধ্যে মধ্যে তাহার সহিত এই বিপদে পড়িতে হইত।

বাইশ তেইশ বৎসর বয়সে বঙ্গিমচন্দ্র খুলনা মহকুমার ম্যাজিষ্ট্রেট ছিলেন। এই সময়ে এক জন নীলকর সাহেব, হাতীর তঁড়ে মশাল বাধিয়া একখানি গ্রাম জালাইয়া দিয়াছিল। তখন বেঙ্গল পুলিসের স্থিত হয় নাই, ম্যাজিষ্ট্রেটের অধীনে পুলিস কাজ করিত। দারোগাগণ ঐ সাহেবটিকে কোন মতে ধরিতে পারিল না,

কেন না, তাহার নিকট সর্বদা শুলিভরা পিস্তল থাকিত। কিন্তু বঙ্গচন্দ্র তাহার পিস্তল গ্রাহ না করিয়া সাহেবটিকে গ্রেপ্তার করিলেন ; সাহেবটি British-born subject, স্বতরাং হাইকোর্টে সোপরদ হইয়াছিলেন। বঙ্গচন্দ্রকে ঐ আদালতে সাক্ষাৎ দিতে হইয়াছিল ; কেন না, তিনি উহাকে গ্রেপ্তার করিয়াছিলেন।

বঙ্গচন্দ্র এইরূপ বিচিত্র অসামঞ্জস্য মধ্যে মধ্যে লক্ষ্যিত হইত।

এই সঙ্গে একটা রহস্যের কথা মনে পড়িল, উহা না লিখিয়া থাকিতে পারিলাম না। এক দিবস একরূপ কুমাসা চারিদিক ব্যাপিয়া-ছিল যে, কোলের মাঝুষ দেখা যায় নাই। আমার জীবনে কখনও একরূপ কুমাসা দেখি নাই ; উহা প্রায় ১০।১১টা অবধি ছিল। আমরা কালেজে যাইবার সময় নোকার উঠিলাম। মাঝি নোকা ছাড়িতে বিশেষ আপত্তি করিল, বলিল, দিক ঠিক করিতে পারিব না। বঙ্গচন্দ্র তাহা শুনিলেন না, নোকা ছাড়িতে হৃতুম দিলেন। তখন ভাঁটা, নোকা ক্রমাগত চলিতে লাগিল। আমাদের নোকা দশ পনর মিনিটে কালেজ-ঘাটে পৌছিত, কিন্তু প্রায় এক ব্যটা হইল, নোকা চলিতেছে, কিন্তু কোথায় কালেজের ঘাট ! নোকা কেবল চলিতেছে, চলিতেছে। বঙ্গচন্দ্র মাঝিকে জিজ্ঞাসা করিলেন, “কোথায় যাচ্ছিস রে ?” মাঝি বলিল, “আজ্জে, তা জানি না।” “সে কি রে ?” “আজ্জে, বোধ হয় ভাঁটার শ্রোতে দক্ষিণ দিকে যাচ্ছি।” মাঝি হাল ছাড়িয়া বসিয়া আছে, নোকা ক্রমাগত শ্রোতে জাসিতেছে, বঙ্গচন্দ্র কেবল হাসিতেছেন। কিছুক্ষণ পরে নোকা

আপনা-আপনি এক স্থানে তীরলগ্ন হইল। বঙ্গিমচন্দ্র জিজ্ঞাসা করিলেন, “এ কোন জায়গা ?” মাঝি বলিল, “বুঝি মূলায়োড়।”

কপালকুণ্ডল গল্লাটি যে কুজ্বটিকায় আরম্ভ হইয়াছিল, তাহা নিশ্চয় এই দিনের ঘটনাবলম্বনে।

বঙ্গিমচন্দ্র বাল্যে এবং কৈশোরে গল্ল শুনিতে ভালবাসিতেন। কিন্তু যে সে লোকের নিকট নহে, কিংবা যা’ তা’ গল্ল নহে—সে-কালের লোকের নিকট, সেকালের গল্ল। বঙ্গিমচন্দ্রের দুই একখানি উপন্থান কোন কোন ঘটনা অথবা কোন কোন গল্ল অবলম্বনে রচিত হইয়াছিল। গত চৈত্র শাসের “ভারতী”তে “বঙ্গিমচন্দ্র-দীনবন্ধু” প্রবন্ধে কি ঘটনা অবলম্বনে কপালকুণ্ডল রচিত হইয়াছিল, তাহা লিখিয়াছি। এই প্রবন্ধে আরও দুইখানির কথা লিখিব। আমাদের খুল্পিতামহ এক শত আট বৎসর বয়ঃক্রম পর্যন্ত জীবিত ছিলেন। তিনি আমার পিতামহের মধ্যম ভাতা, তাঁহাকে আমরা মের্জাকুরদা বলিয়া ডাকিতাম। তাঁহার নিকট বঙ্গিমচন্দ্র ও আমরা সকলে গল্ল শুনিতাম। যাহা শুনিতাম, তাহা বাঙালার ইতিহাসের অন্তর্গত ; উহ প্রায়ই বঙ্গের মুসলমান-রাজহের অবসানকালের কথা। ইনি গল্ল করিতে ভালবাসিতেন ও গল্ল করিতে জানিতেন। আধুনিক কোনও কোনও বিদেশী গল্ল-লেখকেরা যেমন নামককে মিষ্টার এবং নামিকাকে মিস্ লিখিয়া থাকেন, এই বৰ্ষীয়ান् তেমনই তাঁহার নামককে মির্জা ও নামিকাকে বিবি বলিতেন। তাঁহার নিকট বঙ্গিমচন্দ্র প্রথম গড়মান্দারণের ঘটনা শুনিয়াছিলেন ; যদিও গ্রেট ঘটনা আকবর শাহ বাদশাহের সময়

বটীর্বাছিল, তথাচ তিনি উহা জানিতেন। সেকালের প্রাচীনেরা মুসলিমান বাদশাহদিগের সময়ের অনেক ঘটনা জানিতেন। আমাদের মেজ্টাকুরদাদার মধ্যে মধ্যে বিশুপুর অঞ্চলে ঘাতাঘাত ছিল। মান্দারণ গ্রাম, জাহানাবাদ ও বিশুপুরের মধ্যস্থিত। ঐ অঞ্চলে মান্দারণের ঘটনাটি উপন্যাসের স্থায় লোকমুখে কিষ্বদন্তীকরণে চলিয়া আসিতেছিল। মেজ্টাকুরদা উহা ঐ স্থানে শুনিয়াছিলেন, এবং মান্দারণের জমীদারের গড় ও বৃহৎ পুরী ভগ্নাবস্থায় দেখিয়া-ছিলেন। তাহারই মুখে প্রথম শুনি যে, উড়িষ্যা হইতে পাঠানেরা মান্দারণ গ্রামের জমীদারের পুরী লুটপাট করিয়া তাহাকে ও তাহার স্ত্রী ও কন্যাকে বন্দী করিয়া লইয়া যায়, রাজপুতকুলতিলক কুমার জগৎসিংহ তাহাদের সাহায্যার্থ প্রেরিত হইয়া বন্দী হইয়া-ছিলেন। এই গল্পটি বঙ্গমচন্দ্র আঠার উনিশ বর্ষ বয়ঃক্রমে শুনিয়া-ছিলেন। তাহার কয়েক বৎসর পরে দুর্গেশনন্দিনী রচিত হইল। সরকারী কার্য্যালয়ক্ষে সঞ্জীবচন্দ্র কিছুকাল জাহানাবাদে ছিলেন। তিনিও ঐ ঘটনাটি সেখানে শুনিয়া আমাদের নিকট গল্প করিয়া-ছিলেন। তখন বোধ হয় দুর্গেশনন্দিনী প্রকাশিত হইয়াছিল।

কপালকুণ্ডলা উপন্যাসের ‘মতিবিবি’ বোধ হয় একটা গল্প অবলম্বনে অঙ্কিত হয়। কোন দরিদ্র গৃহস্থের বধ শৈবনারাজে কুলত্যাগিনী হইয়া কোন ধনাট যুবার রক্ষিতা হয়। প্রায় পাঁচ হাজ বৎসর পরে হঠাতে একদিন তাহার স্বামীকে দেখিয়া তাহার হৃদয় কাঁদিয়া উঠিল, সে কান্না আর ধামিল না। কিছুদিন পরে অন্তুর অভূল ঐর্ষ্য তাহার ঘাহা কিছু সঞ্চিত থল ছিল, তাহা শইয়া,

স্বামীদর্শন-আকাঙ্ক্ষায় তাহাদের গ্রামে আসিয়া বাস করিল। এমত স্থানে বাসা লইল, যাহাতে প্রতিদিন স্বামীকে দেখিতে পাও। প্রতিদিন তাহাকে দেখিত, আর কান্দিত। এইরূপ দিবানিশি কান্দিত। কুলঙ্গাগিনী হইলেও তাহার প্রতিবেশিনীগণ তাহার দুঃখ শুনিয়া তাহাকে সান্ত্বনা করিতে আসিত। এইরূপে কিছু দিন পাপের প্রার্থনাক্ষেত্রে করিয়া এই চির-অভাগিনীর যোবনেই জীবনান্ত হইল।

ইহার চরিত্রের সঙ্গে মতিবিবির কোন সাদৃশ্য নাই বটে, কিন্তু ঘটনার সাদৃশ্য আছে।

বর্ষামান, খুল্পিতামহের নিকট আমরা কয় ভাতা ছিয়াত্তরের মহস্তরের কথা প্রথম শুনি। ইঁহার গল্প করিবার অসাধারণ ক্ষমতা ছিল। যেরূপে ঐ সময়ের অবস্থা বিবৃত করিয়াছিলেন, তাহা আমার বোধ হয় এক জন লেখকেও পারিত কি না সন্দেহ। মেকালের লোক ‘ফসল’, ‘অজন্মা’, এই সকল কথার সর্বদা আনন্দেন করিতে ভালবাসিত। মেজঠাকুরদা প্রথমে ফসলের কথা তুলিলেন। পরে কি প্রকারে তিল তিল করিয়া মহস্তর ভীষণ মূর্তি ধারণ করিয়া বঙ্গদেশ ছারখার করিল, তাহা বিবৃত করিলেন। তিন চারি বৎসর পূর্ব হইতে অজন্মা হইল, আর ঐ বৎসর (১২৭৬ সালে) ফসল হইল না; এই কয় বৎসর অজন্মার ফলে নিষ্পত্তিশীর লোকদের আহার বন্ধ হইল, পরে মধ্যশ্রেণীর গৃহস্থের, পরে ধনবানদেরও আহার বন্ধ হইল। এই শেষোক্ত শ্রেণীর লোকদিগের কাহারও কাহারও শক্ত লক্ষ টাকা পোতা ধারিত, (মেকালে এইরূপে টাকা সঞ্চিত ধারিত),

তবুও তাহারা - অনাহারে মরিতে লাগিল, কেন না, টাকা খাইতে পারে না, টাকাতে ধানচাল কিনিবে, তাহা দেশে নাই। এই-রূপ অবস্থাতে বঙ্গে নানাপ্রার পীড়ার আবির্ভাব হইয়া, অবশেষে চুরি ডাকাতি আরম্ভ হইল। যাহাদের ঘরে টাঁকা পোতা ছিল, তাহারাও অল্পভাবে চোর ডাকাত হইল। এই গল্পটি আমি ভুলিয়া গিয়াছিলাম, কিন্তু আমার অগ্রজের উহা মনে ছিল ; কেন না, ১৮৬৬ সালে উড়িষ্যায় দুর্ভিক্ষের সময়ে ঐ গল্পটি আবার তাঁহার মুখে শুনিলাম। আমার বোধ হয় ছিয়ান্তরের মৰ্মস্তর অবলম্বনে কোন উপভাস লিখিবার তাঁহার অনেক দিন ইচ্ছা ছিল, কিন্তু যৌবনে লেখেন নাই, কিঞ্চিৎ পরিণত বয়সে “অনন্দমঠ” লিখিলেন।

“বন্দে মাতরম্” গীতটি উহার বহুদিন পূর্বে রচিত হইয়াছিল। এই গীতটি সমস্কে বঙ্গিমচন্দ্রের একটি ভবিষ্যৎ-বাক্য আছে। কয়েক বৎসর হইল শ্রীমান্মলিতচন্দ্র মিত্র “সাহিত্যে” উহার সমস্কে সবিস্তারে লিখিয়াছিলেন বটে, তথাপি আমার যতটুকু স্মরণ আছে, আমিও লিখিলাম। বঙ্গদর্শনে মধ্যে মধ্যে দুই এক পাত matter কম পড়িলে পঙ্গিতমহাশয় আসিয়া সম্পাদককে জানাইতেন। তিনি তাহা ঐ দিনেই লিখিয়া দিতেন। ঐ সকল কুদ্র কুদ্র অবস্থার মধ্যে দুই একটি “লোক-রহস্যে” প্রকাশিত হইয়াছে, কিন্তু অধিকাংশ প্রকাশিত হয় নাই। “বন্দে মাতরম্” গীতটি রচিত হইবার কিছু দিনস পরে পঙ্গিতমহাশয় আসিয়া জানাইলেন, প্রায় একপাত matter কম পড়িয়াছে। সম্পাদক বঙ্গিমচন্দ্র বলিলেন, “আজ্ঞা, আজ্ঞাই পাবে।” একখানা কাগজ টেবিলে পড়িয়াছিল, পঙ্গিতমহাশয়ের

উহার প্রতি নজর পড়িয়াছিল, বোধ হয় উহা পাঠ ও করিয়াছিলেন, কাগজখানিতে “বন্দে মাতরম্” গীতটি লেখা ছিল। পণ্ডিতমহাশয় বলিলেন, “বিলম্বে কাঞ্জ বন্ধ থাকিবে, এই যে গীতটি লেখা আছে, —উহা মন্দ নয় ত—ঞ্চিটা দিন না কেন।” সম্পাদক বঙ্গমচন্দ্র বিরক্ত হইয়া কাগজখানি টেবিলের দেরাজের ভিতর রাখিয়া বলিলেন, “উহা ভাল কি মন্দ, এখন তুমি বুঝিতে পারবে না, কিছুকাল পরে উহা বুঝিবে—আমি তখন জীবিত না থাকিবারই সম্ভব, তুমি থাকিতে পার।” এই গীতটির একটা স্মৃত বসাইয়া উহার গাওনা হইত। এক জন গায়ক প্রথমে উহা গাহিয়াছিলেন। বহুকাল পরে বন্দেমাতরম্ সম্প্রদায় কোরাসে গাহিবার জন্য মিশ্র স্মৃত বসাইয়া-ছিলেন; পরে শ্রীমতী প্রতিভা দেবী আর একটা স্মৃত বসাইয়া-ছিলেন। বেহাগ স্মৃতে ভাল লাগিলে লাগিতে পারে।

କମଳାକାନ୍ତେର “ଏସ ଏସ ବିଧୁ ଏସ !”



ରଜନୀ ଗଭୀର । ଗ୍ରାମ ନିଷ୍ଠକ । ଏମନ ସମୟେ କୋନ ଏକ ଗୃହସ୍ଥେର ବାଟୀର ମଦର ଦରଜା ହିତେ ଏକଟି ଲୋକ ଦ୍ରତ୍ପଦେ ନିଷାନ୍ତ ହିଯା କିଛୁ ଦୂରେ ଆସିଯା ବନ୍ଦୁକେର ଏକଟି ଆସ୍ତାଜ କରିଲ ; ମଙ୍ଗେ ମଙ୍ଗେ ପଣ୍ଡିତାମ୍ବେର ଗଭୀର ନିଷ୍ଠକତା ଭଙ୍ଗ କରିଯା ସୁଷୁପ୍ତ ଗ୍ରାମବାସୀଦିଗକେ ଜାଗରିତ କରିଯା ଚାରିଦିକ ହିତେ ଢାକ ଢୋଲ ବାଜିଯା ଉଠିଲ । ଏ ଗୃହସ୍ଥେର ବାଟିତେ ଓ ଐନ୍ଦ୍ରପ ଢାକ ଢୋଲ ବାଜିଲ । ମହାରାଜୀ ରାତ୍ରିତେ ସନ୍ଧିପୂଜା ଆରକ୍ଷ ହିଲ । ମେକାଲେ ମକଳେର ବାଡ଼ିତେ ଘଡ଼ି ଥାକିତ ନା । ମେହି ଜଗ୍ନଥ ଏହି ବାଟୀର ଗୃହସ୍ଥ ବନ୍ଦୁକେର ଶବ୍ଦେ ଅଭାବ ପୂଜାବାଟୀର କର୍ତ୍ତ୍ତପକ୍ଷ-ଗଣକେ ସନ୍ଧିପୂଜାର ସମୟ ଜାପନ କରାଇତେଲେ । ରାତ୍ରି ତଥନ କତ, ତାହା ଆମାର ମନେ ନାହିଁ ; କେନ ନା, ବହକାଲେର କଥା । ଅମୁମାନ ଦ୍ଵିତୀୟ ପ୍ରହର ହିବେ ;—ଅଷ୍ଟମୀର ଚାଦ ତଥନଓ ଅନ୍ତ ଯାଏ ନାହିଁ । ଏହି ଗୃହସ୍ଥେର ବାଟୀର ଭିତର ସର୍ବତ୍ର ଆଲୋକମୟ । ସେ ଦିକେ ଚାହିବେ, ମେହି ଦିକେଇ ଆଲୋକେର ମାଳା,—ଛୋଟ ଛୋଟ ପ୍ରଦୀପେର ଆଲୋ, ସନ୍ଧିପୂଜାର ଆଲୋ । ଶୁଣିକତକ ବାଲକ ଐ ଆଲୋର ନିକଟ ସୁରିଯା ବେଡ଼ାଇତେଛିଲ ସେଠି ନିଭିତେଛିଲ, ତେବେଳେ ମେହିଟି ଜାଗିଯା ଦିତେଛିଲ । ପୂଜାର ଦାଳାନେ ଓ ଐନ୍ଦ୍ରପ ଆଲୋ, ମଶ୍ବରଜାର ମନ୍ଦୁଥ ହିତେ ଉଠାନେ ନାହିଁବାର ସିଂଡ଼ି ପର୍ଯ୍ୟନ୍ତ

ঐক্ষণ্য দীপের শ্রেণী । অন্ধক্ষণ পরেই ঢাক ঢোল বাজনা বন্ধ হইল, কেবলমাত্র দশভূজার সম্মুখে পুরোহিত ও তন্ত্রধারীর মন্ত্রোচ্চারণ-শব্দ ধ্বনিত হইতে লাগিল । ভিতর-দালানের মধ্যস্থলে সিংহ-পৃষ্ঠে অসুর-মন্দিনী বাটী আলো করিয়া দাঢ়াইয়া আছেন, সম্মুখে স্তুপাকার বিষ্পত্তি ও নানাপ্রকার ফুল, তন্মধ্যে পদ্মফুলের ভাগই বেশী, তাহার নিকটে পুরোহিত ও তন্ত্রধার বসিয়া পূজা করিতে-ছিলেন । তাহাদিগের সম্মিকটে একটী থামে ঠেস দিয়া পৃথক আসনে এক ব্যক্তি বসিয়া,—ইনি, দেখিতে সাধারণ মনুষ্যের মত নহেন, তাহাকে দেখিলেই বোধ হয়, তিনি যেন সকলের হইতে স্বতন্ত্র । ইনিই বঙ্গিমচন্দ্রের পিতা, কোনও মহাপুরুষের মন্ত্রশিষ্য, নিষ্কাম-ধর্মাবলী । বঙ্গিমচন্দ্র তাহার দেবী চৌধুরাণী ইহাকে উৎসর্গ করিতে গিয়া লিখিয়াছেন, “যাহার কাছে প্রথম নিষ্কাম ধর্ম শুনিয়াছিলাম, যিনি স্বয়ং নিষ্কাম ধর্মের ব্রত করিয়াছিলেন, ইত্যাদি ।” এই মহাপুরুষের বয়ঃক্রম তখন প্রায় অশীতিবৎসর অতীত হইয়া থাকিবে । দীর্ঘাকার, গৌরবর্ণ, মেহ না ক্ষীণ না স্ফূল, অথচ বয়সোপযোগী বলিষ্ঠ, ধৰ্জনের আয় নাসিকা, চক্ষু দুইটির দৃষ্টি অতি তীব্র, মন্তক ও মুখ্যমণ্ডল কেশহীন । কেবলমাত্র একখানি চাদরে গা ঢাকিয়া স্থিরভাবে সহস্ত্রমুখে বসিয়াছিলেন । বাড়ীর দালানে কতকগুলি প্রাচীন ভদ্রলোক মাথায় চাদর জড়াইয়া একখানি গালিচাক বসিয়া জপ করিতেছিলেন । প্রতিমার পশ্চিম দিকে, অস্তঃপুরের প্রবেশদ্বারের সম্মিকটে কতিপয় সধবা, বিধবা, আটীয়া গলার অঙ্কল দিয়া বসিয়া জপ করিতেছিলেন ।

আমি একটী থাবে ঠেস দিয়া দাঢ়াইয়াছিলাম। কি দেখিতে-
ছিলাম ঠিক মনে নাই। ছেলেগুলি আলোর নিকট ঘুরিয়া
বেড়াইতেছিল। পাছে তাহারা আলোতে কাপড় ধরাইয়া ফেলে,
বোধ হয়, তাহাই দেখিতেছিলাম। এমন সময়ে আমার পশ্চাতে
কে যেন আসিয়া দাঢ়াইল। ফিরিয়া দেখিলাম—বঙ্গচন্দ্ৰ।
তাঁহাকে দেখিয়া আমি ঈষৎ সরিয়া দাঢ়াইলাম। তিনি আমার
কাঁধে হাত দিয়া টানিলেন, অর্থাৎ সরিয়া বাইতে নিষেধ কৰিলেন।
তাঁহার বয়ঃক্রম তখন পঁয়ত্রিশ হইতে চালিশের মধ্যে, গোকুরের চুল
পাকিতে আৱণ্ড কৰিয়াছে, মন্তকের অনেকগুলি কেশ পাকিয়াছে।
তখন বঙ্গদর্শনের পূর্ণযৌবন বঙ্গসাহিত্য ; সমাজে তাঁহার একাধিপত্য।
তিনি অনেকক্ষণ স্থিরভাবে প্রতিমার প্রতি চাহিয়া রহিলেন, মুখে
কোনও কথা নাই।

আমি তাঁহার কিছু পূৰ্বে আসিয়া অস্তুরের মাথায় কুঝবণ্ণের
একটি ক্ষুদ্র পদাৰ্থ দেখিয়াছিলাম, কিন্তু উহা যে কি, দূৰ হইতে
তাহা বুঝিতে পারি নাই ; পরে জানিয়াছিলাম, উহা বিষপত্র।
বঙ্গচন্দ্ৰকে জিজ্ঞাসা কৰিলাম, “অস্তুরের মাথায় ওটা কি ?” কিছুক্ষণ
পরে তিনি উত্তৰ কৰিলেন, “উহা গণেশের ইছুৱ।” আমি বলিলাম,
“গণেশের ইছুৱ অস্তুরের মাথায় কেন ?” তিনি উত্তৰ কৰিলেন,
“ক্ষুদ্র জানোয়াৱদেৱ অস্তুরেৰ ঘাড়ে উঠিবাৰ ঠিক এই সময় হইয়াছে,
—দেখ, ঐ কাৰ্ত্তিকেৰ ময়ৰ অস্তুৱকে ঠোকৱাইবাৰ জন্তু ঘাড়
ঢাকাইতেছে,—আৱ ঐ দেখ, প্রতিমাৰ চারিধাৰে সোলার পাথীগুলা
আছে, উহারা ডানা ঝাড়িতেছে, উহারা উড়িয়া আসিয়া অস্তুৱেৰ

ঘাড়ে বসিবা ঠোকরাইবে” আমি জিজাসা করিলাম, “অস্মরের অপরাধ ?” তিনি বলিলেন, “অপরাধ কিছুই নহে,—ঘাহারা প্রবল-প্রতাপাদ্বিত, অপরাজয়, ঘাহাদের সকলে ভয় করে, তাহাদের মুমুর্বু’ অবস্থাতে ক্ষুদ্র গোণিগণ তাহাদের উপর যথাসাধ্য অত্যাচার করে।” আমি বলিলাম, “অস্মরের ত এখন মুমুর্বু’ অবস্থা নহে, ঐ দেখুন, ভীষণ মৃত্তি ধরিয়া দেবীকে তরওয়াল উঠাইয়া মারিতে উচ্ছত !” তাহাতে তিনি উত্তর করিলেন, “বটে বটে ! বীর পুরুষেরা, তেজস্বী পুরুষেরা শক্ত-হস্তে ঐরাপেই মরে, ম’রেও মরে না, কিন্তু অস্মরের আর কি আছে, অস্মর ত মরেছে, সিংহ ভীষণ দস্ত দ্বারা উহাকে কামড়াইতেছে, আর দেবী একটা ভয়ানক সাপ উহার গাঁৱে ছাড়িয়াছেন, সে মহুর্হঃ উহাকে ছোবলাইতেছে, আর তিনি স্বয়ং দক্ষিণের এক হস্তে বর্ণা দ্বারা সজোরে উহার বক্ষঃবিদীর্ঘ করিতেছেন, আর বাকী অষ্ট হস্ত প্রসারণ করিবা উহাকে নানা অস্ত দ্বারা ক্ষতবিক্ষত করিতেছেন,—অস্মর মরেছে, ক্ষুদ্র গোণীদের ঘাড়ে চড়িবার এই ত সময়।” কথাগুলি আমার যতদূর স্মরণ আছে, তাহা আমি আমার নিজের ভাষায় সাজাইয়া বলিলাম।

এই কথোপকথনের পর বক্ষিষ্ঠচন্দ্র চলিয়া গেলেন। আমি ও তাহার বৈঠকখানা ঘরে গিয়া বসিলাম। সেখানে কেহ তামাক খাইতেছিলেন, কেহ বা খোস গল্প করিতেছিলেন, প্রায় সকলেই বক্ষিষ্ঠের প্রতিবাসী। কেহ কেহ প্রথম রাত্রের ফলাহারের পর আর বাটী ধান নাই, ঐ ঘরেই ছিলেন। আর কেহ কেহ বাস্তোগুম কুনিয়া আসিয়াছিলেন। শ্রেণোক্ত ব্যক্তিদিগের মধ্যে এক জন বিদেশীয়,—

ঐ গ্রামের কোনও এক বাস্তি ইষ্ট-ইণ্ডিয়া রেলওয়ে আফিসে চাকুরী করিতেন, কিন্তু তাহার প্রধান চাকুরী কলিকাতার বড়মানুষদিগের মোসাহেবী। যখন পরিবার পিত্রালয়ে থাকিতেন, তখন ইনি প্রতি শনিবারে ও অন্যান্য ছুটাতে কাঁঠালপাড়ায় আসিতেন, এবং বঙ্গিমচন্দ্র ও তাহার ভাতাদিগের নিকট সর্বদা থাকিতেন। এই বাবুটির কথা এই স্থানে উল্লেখের কারণ পরে প্রকাশ পাইবে। আর একটা বিদেশী লোক অতি কৃষ্টিতভাবে বসিয়াছিল। ইহার নাম বলহরি দাস, রাণীহাটী পরগণায় ইহার বাটী, যে স্থানের কীর্তন “রেনিটা”র কীর্তন বলিয়া বিখ্যাত। এই লোকটা ভাল কীর্তন গাহিতে শিখিয়াছিল। বঙ্গিমচন্দ্রের জোষ্টাগ্রাজের নিকটেই থাকিত। অন্য তাহারই আদেশামূল্যারে উপস্থিত ছিল। কিছুক্ষণ পরে সকল ভাতা উপস্থিত হইলেন। বঙ্গিমচন্দ্রও আসিলেন। বিখ্যাত ডেপুটি ম্যারিজিষ্ট্রেট ৮ঙ্গিশ্বরচন্দ্র মিত্র একদিন আমাকে বলিয়াছিলেন, বঙ্গিমচন্দ্র কোনও মজলিসে প্রবেশ করিলে সভাস্থ সকলের গায়ে যেন electricity ছড়াইয়া দেয়, সকলেই উন্নিত হয়। আমি দেখিয়াছি, এই শুণটা যে কেবল বঙ্গিমচন্দ্রের ছিল, তাহা নহে। দীনবন্ধু ও হেমচন্দ্রেরও ছিল; মধুসূদনের কিয়ৎপরিমাণে ছিল বটে, কিন্তু মে অন্তরূপ। যাহা হউক, বঙ্গিমচন্দ্র ঘরে প্রবেশ করিবামাত্র মজলিস সরগরম হইল, যাহারা চাদর মুড়ি দিয়া শুইয়াছিলেন, তাহারা উঠিয়া বসিলেন, হাসির হৰ্রা উঠিল, আমাকের ধোঁয়াতে ঘরের আলো মিটিমিট করিতে লাগিল। অনেকে শুনিয়া চমকিত হইবেন, কেহ কেহ বা বিরক্ত হইবেন, আমরা চার ভাতা একজ বসিয়া তামাক ধাইতাম

—অতিরিক্ত তামাক খাইতাম, এমন কি, মুখ হষ্টতে নল নামিত না। শুনিলে আরও হাসিবেন, আমি এ প্রাচীন বয়সে ধূমপান করিয়া জীবিত আছি।

বঙ্কিমচন্দ্র ঘরে প্রবেশ করিবার কিছুক্ষণ পরে ঐ মোসাহেব বাবুটি তাঁহাকে আস্তীয়তার ভাবে অনেক কথা শুনাইতে লাগিলেন।

কলিকাতার লোকে বঙ্কিমচন্দ্র সম্বন্ধে কে কি বলিয়াছিল, তাহাই শুনাইতেছিলেন। বঙ্কিমচন্দ্রের অপরাধ এই যে, তিনি তাঁহার বঙ্গদর্শনে “উত্তর-চরিতে”র সমালোচনা করিতে গিয়া পুরাতন লেখকদলের টাইকে বিজ্ঞপ করিয়াছিলেন।*

পুরাতন দলের লেখকগণ ও তাঁহাদের ভক্তেরা বঙ্কিমচন্দ্রকে যেরূপ গালিগালাজ করিয়াছিল, মোসাহেববাবু তাহা শুনিয়া আসিয়া সে কথাগুলি বঙ্কিমচন্দ্রকে শুনাইতেছিলেন। বঙ্কিমবাবু গালি শুনিয়া কোনও উত্তর দিলেন না। কেবলমাত্র তাঁহার জ্যুগল কুঞ্চিত হইল —হই ক্র এক হইল। আর সঙ্গোরে বন ঘন তামাক টানিতে লাগিলেন। খুব বেশী পরিমাণে ধূম উদ্দিগৱণ হইতে লাগিল।

এই “উত্তর-চরিতে”র—সমালোচনা সম্বন্ধে আরও একটা কথা এখানে মনে পড়িয়া গেল। বঙ্গদর্শনের এক জন প্রসিদ্ধ লেখক একদিন ঐ প্রবন্ধ পাঠ করিয়া বঙ্কিমচন্দ্রকে জিজ্ঞাসা করিলেন, “পুরাতন দলের টাইকে বিজ্ঞপ করা হইয়াছে কেন ?”

* বঙ্কিমচন্দ্র এই প্রবন্ধের পুনর্মুক্তিবর্কালে বিজ্ঞপ-কথাগুলি তুলিয়া দিয়াছিলেন।

উভয়ে বঙ্গিমচন্দ্র বলেন, “পুরাতন মন্দিরগুলিকে নাড়াচাড়া করা উচিত নয় কি ?” লেখক জিজ্ঞাসা করিলেন, “কেন ?” বঙ্গিমচন্দ্র উভয় করিলেন, “নাড়াচাড়া করিতে করিতে ঐ মন্দিরগুলি ভাঙিয়া পড়িবে, উহার স্থানে নৃতন মন্দির উঠিবে।”

তাহাতে লেখক কি বলিলেন, তাহা ঠিক মনে নাই। তবে উহার মর্ম এই যে, “উহা বড় কঠিন।”

বঙ্গিমচন্দ্র উভয় দিলেন, “দেখা যাউক।” বঙ্গিমচন্দ্র এক “উভয়-চারিতে”র সমালোচনায় পুরাতন দলের প্রধানকে বিজ্ঞপ করিয়া-ছিলেন, তাহাতে আবার পুরাতন ভাঙিয়া নৃতন গড়িবেন বলিয়া গর্ব করিয়াছিলেন, এই ছই কারণে পুরাতন দলে হলসুল পড়িয়া গিয়াছিল। পূর্বে হইতেই উহারা বঙ্গিমচন্দ্রের লেখার বিরোধী ছিলেন। যখন “ছর্গেশনন্দিনী” প্রথম প্রকাশিত হয়, তখন হইতেই তাহারা বিরোধী। “সোমপ্রকাশ” কাগজে ছর্গেশনন্দিনীর সমালোচনা করিতে গিয়া তাহারা বঙ্গিমের ব্যাকরণ-দোষ, ভাষা, উপন্যাসধানি ইংরাজী গল্পের অমুকরণ, এই কয় দোষ ধরিয়া বিজ্ঞপ করিয়াছিলেন। বঙ্গিমচন্দ্রের ব্যাকরণশিক্ষা ভালুকপাই হইয়াছিল। ভাটপাড়ার বিধ্যাত বৈয়োকরণ ষশীরাম শ্বারবাগীশের নিকট তিনি ব্যাকরণ শিক্ষা করিয়াছিলেন।

তবে কেন যে লিখিতে বসিলে সকল সমস্তে ব্যাকরণ গ্রাহ করিতেন না, তাহা বোধ হয় আধুনিক লেখকদিগকে বুঝাইয়া বলিতে হইবে না। যাহা হউক, বঙ্গিমচন্দ্রের প্রধান সুহৃদ দীনবজ্র সোম-প্রকাশের সমালোচনার উভয় দিয়া কিছু দিনের জন্ম

প্রাতন লেখকদিগকে নিরস্ত করিয়াছিলেন। কিন্তু বঙ্গিমচন্দ্রের এক একখানি পুস্তক প্রকাশিত হইত, আর তাঁহারা ঝাঁকিয়া উঠিতেন। তাঁহাদের ইচ্ছা ও চেষ্টা ছিল যে, বঙ্গিমচন্দ্রের পুস্তক লেখা বন্ধ হয়। কেন না, উহা অসাধু ভাষায় লিখিত, এবং বিদেশীয় ভাবে পরিপূর্ণ, উহা পাঠ করিলে লোকের অনিষ্ট ভিত্তি ইচ্ছের সন্তানবনা নাই। কিন্তু তাঁহাদের চেষ্টা সফল হইল না, তাঁহারা সরিয়া দাঢ়াইলেন। বঙ্গিমচন্দ্রের ভাষা দুর্দৰ্শনীয় বেগে বঙ্গদেশ প্রাবিত করিল। ঐ ভাষার নামকরণ হইল বঙ্গিমী ভাষা, এবং তাঁহার পুস্তকের “দূর্ঘিত বিদেশীয় ভাব” জাতীয় উন্নতির ভিত্তি সংস্থাপন করিল।

✓ যাহা হউক, এবাবে মহাঅষ্টমীর মেই রাত্রের কথা বলি। রাত্রি তখন অধিক হইয়াছিল। আলস্ত বোধ হওয়াতে আমি একটা তাকিয়া মাথায় দিয়া শয়ন করিলাম, ঘুমাইয়া পড়িলাম। কতক্ষণ ঘুমাইয়াছিলাম জানি না, হঠাৎ নিদ্রিতাবস্থায় অতিদূরনিঃস্ত মধুর সঙ্গীত কর্ণকুহরে প্রবেশ করিল। আমার যে কি সুখামুভব হইল, তাহা ধাঁহারা নিশিতে অর্ধনিদ্রিত অবস্থায় মধুর সঙ্গীত শুনিয়াছেন, তাঁহারাই কেবল অমুভব করিতে পারিবেন। ক্রমে বুঝিতে পারিলাম, আমার নিদ্রাভঙ্গ হইয়াছে, আর পূর্বোল্লিখিত কীর্তন-গায়কটি ঐ ঘরে একটা গীত গায়িতেছিল। যেমন মধুর গীত, তেমনই মধুর সুর। * আমি স্থিরভাবে রহিলাম, পাছে নড়িলে এ মোহ ঘুচিয়া থাব। অনেকক্ষণ ধরিয়া গায়ক গীতটি গাইল। গীতটি এই—

ନୟନ ଭରିବା ତୋଷାୟ ଦେଖି ।

অনেক দিবসে,

ମନେର ମାନସେ,

ତୋମାଧନେ ମିଳାଇଲ ବିଧି ।

ମନି ନେ ମାନିକ ନେ ସେ, ହାୟ କ'ରେ ଗଲେ ପରି,

ଫୁଲ ନେତ୍ର ଧେ କେସେର କରି ବେଶ ।

ନାରୀ ନା କରିତ ବିଧି

ତୋମା ହେବ ଗୁଣନିଧି

ଲହୁରୀ ଫିରିତାମ ଦେଶ ଦେଶ ॥

বঁধু তোমার ঘথন পড়ে মনে,

আমি চাই বুদ্ধাবন পানে

আলুই'লে কেশ নাহি বাঁধি

ରହନଶାଳାତେ ଯାଇ,

ତୁମା ସିଧୁ ଶୁଣ ଗାଇ,

ধুঁমার ছলনা করি কাঁদি ॥”

অনেকক্ষণ পরে গীত বন্ধ হইল । গায়ক বাহিরে উঠিল গেল ।

ଆমি তখন উঠিয়া বসিলাম, এদিক ওদিক চাহিয়া দেখিলাম, বঙ্গমচন্দ্ৰ বাম হণ্টে মন্তক রাখিয়া নৌৱে বসিয়া আছেন, মুখ হইতে নল অনেকগ খসিয়া পড়িয়াছে, কিন্ত দৃষ্টি কোথায়?—একধানি ছবিৱ প্ৰতি। ছবিখানি বিলাতী ছবি, একটি অমুপমা সুন্দৰী, এক-ছড়া মতিৰ মালা শীলায় ; আৱ একছড়া মতিৰ মালা একটি কুঠি কোটা হইতে অতি সুস্থুচিতভাৱে তুলিতেছেন, আৱ হাসি-হাসি-মুখে বাষদিকে অপাসে কাহার প্ৰতি দৃষ্টি কৱিতেছেন, যেন কাহার অবতে উহা তুলিতেছেন ।

অলঙ্কারপ্রিয়া সুন্দরীর একছড়া মতির মালার মন উঠে নাই, আবার একছড়া তুলিতেছেন, বে বাক্তির প্রতি দৃষ্টি করিতেছেন, সেই বাক্তি ঐ পটে অঙ্কিত নাই। ছবিধানি বড় সুন্দর, সকলেই উহার প্রশংসা করিতেন। কিন্তু বঙ্কিমচন্দ্র কি ঐ ছবির সৌন্দর্য দেখিতেছিলেন? তাহা নহে। কে বলিবে তাহার মনে তখন কি হইতেছিল? মানবের স্বভাব এই, একাগ্রভাবে চিন্তা করিবার সময় সাধারণতঃ সে অনন্তমনে একটা পদার্থের প্রতি চাহিয়া থাকে; তাহার দৃষ্টি এক স্থানে আবক্ষ থাকে। আমি বুঝিতে পারিলাম বে, তাহার স্বদয় উচ্ছুসোন্থ সমুদ্রের আৰু স্ফীত হইয়া উঠিতেছে। সম্মুখে ঐ ছবিটি ছিল, সেই জন্য দৃষ্টি উহার প্রতি স্থাপিত হইয়াছিল। তিনি নিজেই “বঙ্গদর্শনে” লিখিয়া গিয়াছেন—

“যখন এই গান প্রথম কর্ণ ভরিয়া শুনিয়াছিলাম, মনে হইয়াছিল, নীলাকাশতলে ক্ষুদ্র পক্ষী হইয়া এই গীত—মনে হইয়াছিল, সেই বিচির সৃষ্টিকুশলী কবির সৃষ্টি দৈব বংশী লাইয়া মেঘের উপর বে বাযুস্তর শব্দশূন্য, দৃশ্যশূন্য, পৃথিবী যেখান হইতে দেখা যায় না; সেই-থানে বসিয়া, সেই মূরশীতে, একা এই গীত গাই—এই গীত কখন তুলিতে পারিলাম না; কখন পারিব না।”

বঙ্কিমচন্দ্র যেমন গান শেষ হইলে ছবির প্রতি এক দৃষ্টি চাহিয়া ছিলেন, তেমন তাহার অগ্রজ সঞ্জীবচন্দ্র গীত শেষ হইলে শৰীর করিয়া কড়িবরগাঁও দিকে একদৃষ্টি চাহিয়াছিলেন। তিনিও প্রতিভাশালী, তাহারও মনে কত কি উদয় হইতেছিল, কে জানে? গান্ধক পুনরাবৃ ঘরে প্রবেশ করিল। আবার গান আরম্ভ হইল।

ଏବାର ଅନ୍ତ୍ୟ ଗାସ ହିଲ, “ଏସ ତୋମାୟ ନୟନେ ଲୁକାଇରା ଥୋବେ” ଇତ୍ୟାଦି । ଭାବିଲାମ, ଇହା ଅନ୍ତ୍ୟ କବିର ରଚିତ । ଏମନ ସମୟେ ସଞ୍ଜୀବଚନ୍ଦ୍ର ବଲିଲେନ “ଏ ଅନ୍ତ୍ୟ କାରିଗରେର ହାତେର ।” ତାର ପରେ ଅନେକ ବୈଷ୍ଣବ କବିର, ଚଣ୍ଡୀଦାସ, ଗୋବିନ୍ଦ ଦାସ, ବିଷ୍ଣୁପତିର ରଚିତ ଗୀତ ଚଲିଲ । ଅବଶ୍ୟେ “ଏସ ଏସ ବିଧୁ ଏସ” ଗାଇବାର ଫରମାଦ୍ ହିଲ । ଆବାର ସେଇ ସୁରେର ତରଙ୍ଗ ଉଠିଲ, ଶରୀର ରୋମାଞ୍ଚିତ ହିଲ, ସକଳେ ନିଃମ୍ପଦ ହିଯା ଶୁଣିତେ ଲାଗିଲ—ଗାନ ଶେଷ ହିଲ । ଇତିମଧ୍ୟେ କେ ଏକ ଜନ ଆମାର ନିକଟେର ଜାନାଲା ଥୁଲିଯା ଦିଲ, ଜାନାଲାର ମଧ୍ୟ ଦିଯା ଉଁକି ମାରିଯା ଦେଖିଲାମ, ତୋର ହିଯାଛେ, କିନ୍ତୁ ତଥନ୍ତିର ଏକଟୁ ଅନ୍ଧକାର ଆଛେ, ନୀଳାକାଶେ ନକ୍ଷତ୍ରଗଣ ହୀନଜ୍ୟୋତି ହିଯାଛେ, କେବଳ ପୂର୍ବଦିକେ ଏକଟା ତାରା ବଡ଼ ଦପ୍ଦପ, କରିଯା ଜଲିତେଛେ । ଉହା ବୁଝି ଶୁକତାରା । ବନ୍ଧୁଚନ୍ଦ୍ରର ବାଟୀର ସମ୍ମୁଦ୍ରେ ଏକଟି କୁଦ୍ର ମାଠ ଛିଲ ; ତାହାର ପୂର୍ବେ ଓ ଦକ୍ଷିଣେ ଆମ୍ବକାନନ ଛିଲ, ଉହାର ଗାଛଗୁଲିର ଉପରେ ଅସଂଖ୍ୟ ପାଥୀ କଲରବ କରିତେଛେ । କ୍ରମେ ଫରମା ହିଲ, ପାଥୀ-ଗୁଲି ଆହାରାହେବଣେ ଦିଗ୍-ଦିଗନ୍ତେ ଉଡ଼ିଯା ଗେଲ, ଆର ବୈଠକଥାନାର ବାବୁରା ଆପନ ଆପନ କାର୍ଯ୍ୟେ ଚଲିଯା ଗେଲେନ । ଏହିକଥେ ମହାଷ୍ଟରୀର ରାତ୍ରିଶ୍ୟେ ବନ୍ଧୁଚନ୍ଦ୍ର “ଏସ ଏସ ବିଧୁ ଏସ” ଗାନଟି ପ୍ରଥମ ଶୁଣିଲେନ । ଇହାର ବହୁଦିନ ପରେ କମଳାକାନ୍ତ ଚକ୍ରବର୍ତ୍ତୀ ପ୍ରସନ୍ନ ଗୋମାଲିନୀକେ “ବନ୍ଧୁ-ଦର୍ଶନେ” ଏହି ଗାନ ଶୁଣାଇଯାଛିଲ ।

বঙ্কিমচন্দ্র ও দীনবন্ধু



বঙ্কিমচন্দ্র ও দীনবন্ধুর বন্ধুত্ব বঙ্গে আদর্শস্বরূপ ছিল। ইহাদের বন্ধুত্বের কথা বঙ্গদেশে সুশিক্ষিত-সমাজে বিখ্যাত। ইহারা যখন উভয়েই বালক, তখন দীর্ঘের গুপ্তের শিষ্য হইয়া “প্রভাকরে” লিখিতে আরম্ভ করিয়াছেন। বঙ্কিমচন্দ্রের বয়ঃক্রম তখন তের কি চৌদ্দ বৎসর হইবে। উভয়েই কবিতা লিখিতেন। কথনও দেখাশুনা নাই, চোখেচোখি নাই, পত্রের দ্বারা এই সময় ইহাদের বন্ধুত্ব জন্মিল। ইউরোপের Royal loversদের ত্থায় ভালবাসা জন্মিল। সর্বদাই উভয়ে উভয়কে পত্র লিখিতেন, কথনও কথনও পত্রের ভিতর কবিতা থাকিত,—আদরের কবিতা, কথনও গালগালির কবিতা থাকিত। “প্রভাকরে” দ্বারকানাথ, দীনবন্ধু ও বঙ্কিমচন্দ্র কবিতাতে পরম্পরাকে গালি দিতেন। সংবাদপত্রে উহাকে কালেজীয় কবিতা-যুক্ত বলিয়া উল্লেখ করিত। বঙ্কিমচন্দ্র বলিতেন, রহস্যপ্রিয় দীনবন্ধুর জন্য উহা ঘটিয়াছিল।

আমার শ্বরণ আছে, বহুকালের কথা সে,—একদিম একখালি পত্র পড়িয়া বঙ্কিমচন্দ্র বড় হাসিয়া উঠিলেন। আবি জিজ্ঞাসা করিলাম, “কে—গতে কি লিখিয়াছে? তিনি কোনও উন্নত না দিয়া

আবার পত্রখানি পড়িতে লাগিলেন, আবার হাসিলেন। এইরূপ বারংবার পড়িয়া পত্রখানি বাস্তুর ভিতর রাখিলেন। আমি তখন ‘দেখি দেখি’ বলিয়া উহা তাহার হাত হইতে লইবার চেষ্টা করিলাম—আমি তখন বালক, আমাকে ধূমক দিয়া দাদা বাস্তু বন্ধ করিলেন। বঙ্গিমচন্দ্রের স্বভাবহই এইরূপ ছিল যে, যদি কখনও কাহারও উপর বিরক্ত হইয়া ধূমক দিতেন, তাহার পরক্ষণেই আবার সেই ব্যক্তিকে ভাল কথা বলিতেন। এই স্থলেও তাহার ব্যক্তিগত ঘটিল না, পরক্ষণেই নরমসুরে আমাকে বলিলেন, “তুমি কি বুঝিবে ? ইহা কবিতা। দীনবন্ধু কবিতার আমাকে গালি দিয়াছে।” আমি বলিলাম, “আপনি গালি দিয়া লিখুন।” উত্তরে তিনি বলিলেন, “লিখিব বই কি।”

আমি তখন দীনবন্ধুর নাম শুনিয়াছিলাম। “প্রভাকর” ও “সাধু-রঞ্জন” সংবাদপত্রে কবিতার নীচে দীনবন্ধুর নামও দেখিতাম।

দীনবন্ধুর বাল্যকালের পত্রগুলি বঙ্গিমচন্দ্রের বাস্তুর ভিতর থাকিত। সেগুলি কি হইল, তাহা আমি জানিতে পারি নাই। ঐ পত্রগুলি যে এক্ষণে সাহিত্য-সমাজের বিশেষ আদরের হইত, তাহারে কোনও সন্দেহ নাই। ঐরূপ পত্রের মাঝে বিজ্ঞপ্তি করার অভ্যাস তাহাদের চিরদিনই ছিল। দীনবন্ধু কোনও এক বিশেষ সরকারী কার্য্যালয়ক্ষে কাছাড়ে প্রেরিত হইয়াছিলেন। সে স্থলের এক ঘোড়া ছুতা, যাহা এখনে তখন পাওয়া যাইত না, বাটী ফিরিয়া আসিয়া, বঙ্গিমচন্দ্রকে পাঠাইয়াছিলেন, এবং তাহার সহিত একখানি তিন-কথার পত্র লিখিয়াছিলেন, যথা—“বঙ্গিম, কেমন জুতো !” পত্-

খানি আমি পড়িয়াছি ; অনেকেই পড়িয়াছে ; কিন্তু বঙ্গিমচন্দ্র উভয়ে
কি লিখিয়াছিলেন, তাহা তখন আমরা জানিতে পারি নাই । পরে
সঞ্জীব বাবুর নিকট শুনিয়াছি, বঙ্গিমচন্দ্র লিখিয়াছিলেন,—“তোমার
মুখের মতন ।”

হাস্তরসে ও বাক্পটুতায় দীনবঙ্কু অপরাজেয় ছিলেন । বঙ্গিমচন্দ্র,
হেমচন্দ্র, এইরূপ অনেকেই তাহার নিকট পরাত্ত হইতেন । কেবল
এক ব্যক্তি মধ্যে মধ্যে তাহাকে পরাত্ত করিতেন । তিনি অতি
সামান্য ব্যক্তি, অশিক্ষিত, কিন্তু অসাধারণ বুদ্ধিবান्, ব্রাহ্মণ, কুলীনের
সন্তান, স্বাধীন, অর্থাৎ জমোজমা চাষবাস ইত্যাদিতে স্বচ্ছন্দে তাহার
জীবিকানির্বাহ হইত । ইনি ভাঁড়ামীতে অবিভীয় ছিলেন ।
সেকালের বিখ্যাত ভাঁড় শাস্তিপুরের গুরুচরণ বাঁড়ুয়ে ওরফে
গুরোহুষ্মা মধ্যে মধ্যে বঙ্গিমচন্দ্রের বাটীতে আসিতেন, কিন্তু এই
ব্যক্তিকে পরাত্ত করিতে পারিতেন না । ইহার নাম—মধুসূদন
বন্দ্যোপাধ্যায় । ইনি নাচ দেখিয়া নাচিতে, গান শুনিয়া গায়িতে
শিখিয়াছিলেন, কিন্তু কখনও কোনও ওস্তাদের নিকট শিক্ষা পান
নাই । ইনি সর্বদা বঙ্গিমচন্দ্র ও তাহার ভ্রাতাদিগের বৈঠকখানার
থাক্কিতেন । একদিন কাঠালপাড়ার বাটীতে দীনবঙ্কু, বঙ্গিমচন্দ্র ও
অনেকগুলি ভদ্রলোক বসিয়া আছেন, এমন সময়ে ভাটপাড়ার এক
ভট্টাচার্য মহাশয় (পণ্ডিত মহাশয় নহেন) উপস্থিত হইলেন । শিষ্য-
গৃহে গমন উপলক্ষে ইহার সর্বদা কুঞ্জনগরে যাতায়াত ছিল ।
ভট্টাচার্য মহাশয় কথায় কথায় দীনবঙ্কুর পঙ্কীর স্মর্থ্যাত্মির কথা
কহিতে লাগিলেন । সকলেই আনন্দসহকারে উহা শুনিতেছিলেন,

କିନ୍ତୁ ଉପିଲିଖିତ ବନ୍ଦୋପାଧ୍ୟାର ମହାଶୟ ଏକଘୋଡ଼ା ଘୁଜୁର ପାଇଁ ଦିଲ୍ଲା ଏକଟା ଗୀତ ଧରିବା ନାଚିତେ ଆରଣ୍ୟ କରିଲେନ । (ଘୁଜୁର ଘୋଡ଼ାଟି ଏବଂ ସଂଗ୍ରହ କରା ଥାକିତ) ।—ଗୀତଟି ଏହି—

“କାଳା ତାଇ ବଟେ, କାଳା ତାଇ ବଟେ,

ବାବଲାର ଗାଛେ ଗୋଲାପକୁଳ ଫୋଟେ ।”

এই গীত শুনিয়া সকলেই হাসিয়া উঠিল, দীনবঙ্গেও খুব হাসিলেন। দীনবঙ্গের পঞ্চীর স্থানাতির পর এই গীতের অর্থ এই বুকাইল যে, দীনবঙ্গ বাবলাগাছ ও তাহার পঞ্চী গোলাপ ফুল—বাবলা গাছে গোলাপ ফুল ফুটিয়াছে। ঐ দিবস হইতে দীনবঙ্গ বন্দ্যোপাধ্যায় মহাশয়কে পঞ্চীসহোদরবাচক সম্মোধন করিয়া ডাকিতেন। বন্দ্যোপাধ্যায় মহাশয় তাহাতে নারাজ ছিলেন না। এই বৎসর শ্বামাপূজার সময় বঙ্গিমচন্দ্র ও তাহার দুই অগ্রজ ভাতা যথন কুঞ্জনগরে দীনবঙ্গের সহিত দেখা করিতে যান, তখন বন্দ্যোপাধ্যায়-মহাশয়কে তাহাদের সমভিব্যাহারে লইয়া গিয়াছিলেন। সেখানে দীনবঙ্গ তাহার পঞ্চীর নাম করিয়া ইংহাকে ভাই-ফেঁটার দ্রব্যাদি দিয়াছিলেন। বন্দ্যোপাধ্যায় উহা সাদরে গ্রহণ করিলেন, কিন্তু আহারের সময় বড় গোল বাধিল। ছাই পাশ, গুরুর চোনা ইত্যাদি বন্দ্যোপাধ্যায়কে থাওয়াইবার জন্য দীনবঙ্গ অনেক চেষ্টা করিলেন, কিন্তু সফল হইতে পারেন নাই। সাধৰী পতিপরায়ণা, বিনি ভাইফেঁটা দিয়াছিলেন, তিনি অস্তাপি জীবিত।

যশোহরে দীনবন্ধু ও বঙ্গমের প্রথম চাকুর আলাপ হয়।
বঙ্গচন্দ্র ঐ স্থানে ডেপুটি ম্যাজিস্ট্রেটের পদে বাহাল হইয়া যান,

দীনবন্ধু তখন ঐ ডিভিসনের পোষ্ট-অফিস-স্লারিন্টেঙ্গেট ছিলেন। এই দুই অসাধারণ প্রতিভাশালী ব্যক্তির মিলনে বঙ্গসাহিত্যের কি শুভ ফল ফলিল, তাহা বিস্তারিত করিয়া নেথে আমার গ্রাম শুভ ব্যক্তির ক্ষমতাতীত। এই মিলনের পর হইতে দুই জনে প্রবীণ লেখকের গ্রাম কলম ধরিলেন। এক জন বঙ্গের প্রধান নাটককার হইলেন, দ্বিতীয় প্রধান উপন্থাসিক হইলেন। প্রথম ব্যক্তি “নীলদর্পণ” রচনা করিলেন, দ্বিতীয় ব্যক্তি “চুর্ণেশনন্দিনী” প্রণয়ন করিলেন। দীনবন্ধুর “নীলদর্পণ” যে সাহিত্য-সমাজে কিরূপ সমাদৃত হইয়াছিল, তাহা সকলেই জানেন। লং সাহেব, কারাকুক হইলেন, এক জন বড় সিভিলিয়ান অপদষ্ট হইলেন, এবং অনুবাদক মাইকেল মধুসূদন দত্ত শুপ্রীমকোর্ট হইতে লাভিত হইলেন। বঙ্গিমচন্দ্র বলিয়া গিয়াছেন, দীনবন্ধুর প্রথম নাটকখানি সর্বাংশে শক্তিশালী, এবং কাব্যাংশে উৎকৃষ্ট। এই নাটকখানি ইউরোপে অনেক ভাষায় অনুবিত এবং সুন্দর বোংাই সহবে পর্যন্ত অভিনীত হইয়াছিল।

বঙ্গিমচন্দ্রের প্রথম উপন্থাস সাহিত্য-জগতে ভাষার ও ভাবের বে নববৃংশ প্রবর্তন করিয়াছে, তাহা বলাও নিষ্পত্তিযোজন। “চুর্ণেশনন্দিনী”র আবির্ভাবে প্রথমতঃ কলিকাতার সংস্কৃতওয়ালারা খড়গহস্ত হইয়া-ছিলেন। ইংরেজিওয়ালারা অবশ্য দুইটা তুলিয়া বাহবা দিয়াছিলেন। উদাহরণস্বরূপ একটি সামাজিক ঘটনা এ স্থলে প্রকটিত করিলাম। বঙ্গিমচন্দ্র তাহার কোনও পুত্রক প্রকাশিত হইবার পূর্বে কাহাকেও পড়িয়া শুনাইতেন না, অথবা সহোদর ভিত্তি কাহাকেও সে পাশুলিপি স্পর্শ করিতে দিতেন না। কিন্তু “চুর্ণেশনন্দিনী” প্রকাশিত হইবার

পূর্বে উহা কাঁঠালপাড়ার বাটীতে অনেককে পড়িয়া শুনাইয়া-
ছিলেন। বোধ হয়, তাঁহার নিজের লেখনী-শক্তির প্রতি তখন
তাদৃশ বিশ্বাস জন্মে নাই, সে জন্ত অন্যের মতামত জানিবার আকাঙ্ক্ষা
হইয়াছিল। আমাদের পিতার্থাকুরের সহিত ও ভাতৃপ্রবর বঙ্গিম-
চন্দ্রের সহিত অনেক ভদ্রলোক দেখা করিতে আসিতেন, ভাটপাড়ার
খ্যাতাপন্ন পণ্ডিতগণও আসিতেন। এক্ষণে তাঁহারা সকলেই স্বর্গা-
রোহণ করিয়াছেন ; কেবলমাত্র এক জন জীবিত, তিনি কাশীবাস
করিতেছেন। এক সময়ে, বড়দিনের কি মহরমের ছুটীতে আমার
ঠিক মনে নাই, অনেক ভদ্রলোক আসিয়াছিলেন। তন্মধ্যে শিক্ষিত
অশিক্ষিত, উভয় সম্প্রদায়ের লোকই ছিল। ভাটপাড়ার পণ্ডিতগণও
ছিলেন। বঙ্গিমচন্দ্র তাঁহার হস্তলিখিত “হুর্গেশননিনী” তাঁহাদের নিকট
পাঠ করিতে আরম্ভ করিলেন। সকলে নিঃশব্দে বসিয়া শুনিতে লাগি-
লেন ; কেহ ঐ ঘরে প্রবেশ করিলেও শ্রোতৃগণ বিরক্ত হইয়া উঠিতে-
ছিলেন। একটি হই বছরের শিশু ঐ ঘরে প্রবেশ করিয়া আমার
নিকট দাঢ়াইয়া খড় খড়ির পাথি টানিতে লাগিল। সংজীবচন্দ্র নিঃশব্দে
উঠিয়া ঐ ছেলেটিকে কোলে লইয়া বাহিরে চাকরদিগের নিকট
রাখিয়া আসিলেন। শ্রোতাদিগের মধ্যে কেহ কেহ অহিফেনভোগী
ছিলেন ; মুহূর্তে তাঁহাদের তামাক আবশ্যক হইত ; তাঁহারা তামাক
তাকিতে ভুলিয়া গেলেন। পণ্ডিতমহাশয়েরা নন্দের ডিবা খুলিতে
ভুলিয়া গিয়াছিলেন কি না, সেটি আমি লক্ষ্য করি নাই, কেন না,
আমিও অন্যমনে পাঠ শুনিতেছিলাম। এক জন প্রাচীন ভদ্রলোক
মধ্যে মধ্যে চীৎকার করিয়া বলিতেছেন, “আ ঘরি, আ ঘরি ! কি

বক্তৃতাই করিতেছেন !” এইস্কলে দুই দিনে গন্ধপাঠ শেষ হইল। বঙ্গিমচন্দ্রের প্রথম হইতে ধারণা ছিল যে, “চুর্ণেশনন্দিনী”^১র ভাষা ব্যাকরণ-দোষে দৃঢ়িত। সে জন্য তিনি গন্ধপাঠ শেষ হইলে উপস্থিত সংস্কৃতজ্ঞ পণ্ডিতদিগকে জিজ্ঞাসা করিলেন, “ভাষায় ব্যাকরণ-দোষ আছে—উহা কি লক্ষ্য করিয়াছেন ?” ৩মধুসূন্দর স্মৃতিরত্ন, (সংস্কৃত কলেজের ৩ছয়ীকেশ শাস্ত্রীর পিতা) বলিলেন, “গন্ধ ও ভাষার মোহিনী শক্তিতে আমরা এতই আকৃষ্ট হইয়াছিলাম যে, আমাদের সাধ্য কি যে অন্ত দিকে এন নিবিষ্ট করি !” বিধ্যাত পণ্ডিত ৩চন্দ্রনাথ বিশ্বারত্ন বলিলেন যে, “আমি স্থানে স্থানে ব্যাকরণ-দোষ লক্ষ্য করিয়াছি বটে, কিন্তু সেই সেই স্থানে ভাষা আরও মধুর হইয়াছে।” ভাটপাড়ার পণ্ডিতমহাশয়দিগের মতামত এ স্থলে উল্লেখ করিবার উদ্দেশ্য এই যে, তাহারা কলিকাতার পণ্ডিতদিগের অপেক্ষা কোনও শাস্ত্রে খাট ছিলেন না। কিন্তু কলিকাতার যে সকল পণ্ডিত বাঙালা ভাষায় সংবাদপত্র চালাইতেন, তাহারাই কেবল নবীন লেখকের নবীন ভাষার অবতারণা করিবার অসমসাহসে ধর্জন করিতে পারিবেন।

“চুর্ণেশনন্দিনী” শুচারিত হইবার পূর্বে পণ্ডিতশ্রেষ্ঠ ৩তারাপ্রসাদ চট্টোপাধ্যায় (ভূদেববাবুর জ্ঞানাত্মা) এবং সে কালের বিধ্যাত সমালোচক ৩ক্ষেত্রনাথ ভট্টাচার্য উহা পাঠ করিয়াছিলেন। ক্ষেত্রনাথ বলিয়া-ছিলেন, “তোমার বয়সের সঙ্গে সঙ্গে তুমি “চুর্ণেশনন্দিনী” অপেক্ষা উৎকৃষ্ট উপন্থুসি লিখিবে, কিন্তু এই উপন্থুসি যেমন সকল সম্প্রদায়ের মনোরঞ্জন করিবে, তেমন তোমার অজ্ঞ উপন্থুসি করিতে পারিবে।

কি না সন্দেহ।” ক্ষেত্রনাথের ভবিষ্যদ্বাক্য সফল হইয়াছিল ; যতদিন বা “দৈবীচৌধুরাণী” প্রকাশিত হইয়াছিল, ততদিন “চুর্গেশনন্দিনী”রই বিক্রয় বেশী ছিল ।

নবপ্রকাশিত “সংকল্প” মাসিকপত্রে কোনও প্রসিদ্ধ লেখক “বঙ্গিমচন্দ্রের রাধারাণী” নামক প্রবন্ধে লিখিয়াছেন যে, “বঙ্গিমচন্দ্র প্রথম উপন্যাস ‘চুর্গেশনন্দিনী’ রচনা করিয়া অগ্রজ ভাতৃব্রহ্ম শ্বামাচরণ ও সঞ্জীবচন্দ্রকে দেখাইয়াছিলেন, কিন্তু তাহারা গ্রহস্থানি প্রকাশের অযোগ্য বলিয়া বিবেচনা করেন।” কথাটা সম্পূর্ণ অমূলক । আমি উপরেই বলিয়াছি যে, বঙ্গিমচন্দ্র যখন “চুর্গেশনন্দিনী”র পাণুলিপি পাঠ করেন, তখন সঞ্জীবচন্দ্র সেখানে উপস্থিত ছিলেন ; তিনি অহুজের উপন্যাসখানি শুনিয়া যাবপরনাই আনন্দিত হইয়াছিলেন । শ্বামাচরণও পরে উহা পাঠ করিয়া প্রচুর আনন্দলাভ করিয়াছিলেন ।

ভাটপাড়ার বিখ্যাত পণ্ডিতগণ—মহামহোপাধ্যায় রাধালদাস শ্বামুরাজ, তাহার অমুজ উত্তরাচরণ বিশ্বারত্ন (শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণের পিতা), যিনি পাণ্ডিত্যে দেশ বিদেশে জয়ী হইয়া দিখি-জয়ী উপাধি পাইয়াছিলেন, চন্দ্রনাথ বিশ্বারত্ন ও মধুসূদন স্মৃতিরত্ন প্রভৃতি দশ বারো জন ধূরন্ধর পণ্ডিত বঙ্গিমচন্দ্রের নিকট সর্বদাই আসিতেন ; তিনি তাহার ইংরাজি-শিক্ষিত বন্ধুদিগের যেকুপ আদর সম্মান করিতেন, ইহাদেরও সেইরূপ করিতেন । মধ্যে মধ্যে তাহাদের সহিত বিচারে প্রবন্ধ হইতেন । শ্বামু কি দর্শনশাস্ত্রে ইংহাদের সমকক্ষ ছিলেন না বটে, কিন্তু সংস্কৃত অলঙ্কার শাস্ত্রে ও ইংরাজি সাহিত্যে বৃত্পন্ন থাকাতে পণ্ডিত মহাশংকরী বঙ্গিমচন্দ্রের

সহিত শাস্ত্রবিচারে হটিয়া যাইতেন। ভাটপাত্রার এক্ষণকার প্রসিদ্ধ পণ্ডিত মহামহোপাধ্যায় শিবরাম সার্বভৌম অষ্টাদশবৎসর বয়ঃক্রমে একটি সংস্কৃত শ্লোক রচনা করিয়া বঙ্গিমচন্দ্রকে শুনাইয়া-ছিলেন। বঙ্গিমচন্দ্র তাহার যথেষ্ট প্রশংসন করিয়াছিলেন। পণ্ডিতবর ৩হামীকেশ শাস্ত্রী যুবাবসে শ্লোক রচনা করিয়া মধ্যে মধ্যে বঙ্গিম-চন্দ্রকে শুনাইতেন।

ডেপুটী ম্যাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইবার এক বৎসরের মধ্যে বঙ্গিম-চন্দ্র বিপত্তীক হইয়া পিতামাতার অনুরোধে দ্বিতীয়বার দার-পরিগ্রহণে প্রবৃত্ত হইলেন। তখন তাহার বয়ঃক্রম একবিংশতি বৎসর। বঙ্গিমচন্দ্র পঠনশা হইতে লক্ষপ্রতিষ্ঠ। একে, বি, এ, ডেপুটী ম্যাজিষ্ট্রেট, তার পর দেখিতে স্বপুরুষ, একুশ বছরের যুবা, আবার তাহার পিতৃদেবের এ অঞ্চলে নামযশঃও ছিল, স্বতরাং অনেক পাত্রী জুটিল। বঙ্গিমচন্দ্র এ সময়ে ছুটী লইয়া বাটী আনিলেন; সুসন্দেহধান দীনবন্ধুকে সঙ্গে লইয়া স্থানে স্থানে পাত্রী দেখিয়া বেড়াইতে লাগিলেন; পরে একটী পাত্রী মনোনীত করিয়া তাহাকেই বিবাহ করিলেন। ইনি গত ১০ই ভাদ্র বুধবার সারংকালে স্বর্গারোহণ করিয়াছেন।

যখন বঙ্গিমচন্দ্র নেণ্টুৱা মহকুমাতে (এক্ষণে উহাকে কাঁধি মহকুমা বলে) ছিলেন, তখন সেইথানে এক জন সর্বাসী কাপালিক তাহার পশ্চাং লইয়াছিল; মধ্যে মধ্যে নিশ্চীথে তাহার সহিত সাক্ষাৎ করিত। বঙ্গিমচন্দ্র তাহাকে নানাপ্রকার ভয় প্রদর্শন করিতেন, তবুও মধ্যে মধ্যে আসিত। যখন তিনি সমুদ্রতীরে ঢাকপুর বাঙালাক্ষ বাস করিতেন, তখন এই সর্বাসী প্রতিদিন গভীর রাত্রিকালে দেখা

দিত। চাঁদপুরের কিছু দূরে সমুদ্রতীরে নিবিড় বনজঙ্গল ছিল। বঙ্গিমচন্দ্রের ধারণা হইয়াছিল যে, ঐ সন্নাসী সমুদ্রতীরে সেই বনে বাস করিত। কিছুদিন পরে বঙ্গিমচন্দ্র ঐ স্থান হইতে খুলনা মহকুমায় (খুলনা তখন জেলা ছিল না) বদলী হন। ঐ সমরে তিন চারি দিন বাটিতে অবস্থিতিকালে দীনবন্ধু আসিয়াছিলেন। বঙ্গিমচন্দ্র তাঁহাকে একটা প্রশ্ন করিলেন ; যথা,—

“যদি শিশুকাল হইতে ঘোল বৎসর পর্যন্ত কোনও স্ত্রীলোক সমুদ্রতীরে বনমধ্যে কাপালিক কর্তৃক প্রতিপালিতা হয়, কখনও কাপালিক ভিন্ন অন্য কাহারও মুখ না দেখিতে পায়, এবং সমাজের কিছুই জানিতে না পায়, কেবল বনে বনে সমুদ্রতীরে বেড়ার, পরে সেই স্ত্রীলোকটাকে যদি কেহ বিবাহ করিয়া সমাজে লইয়া আইসে, তবে সমাজসংসর্গে তাহার কতদুর পরিবর্তন হইতে পারে, এবং তাহার উপরে কাপালিকের প্রভাব কি একেবারে অস্তিত্ব হইবে ?” যখন বঙ্গিমচন্দ্র দীনবন্ধুকে এই প্রশ্ন করেন, তখন সেই স্থানে কেবল সংজীবচন্দ্র ও আমি উপস্থিত ছিলাম।

সংজীবচন্দ্র বড় বাঙ্গপ্রিয় ছিলেন। তিনি বলিলেন, “যদি দরিদ্র ঘরে তাহার বিবাহ হয়, তাহা হইলে মেয়েটা চোর হইবে, বনজঙ্গলে ভাল দ্রব্যাদি থাইতে পাইত না, সমাজে আসিয়া ভাল থান্দুবাদি দেখিয়া বড় লোভী হইবে, দরিদ্রঘরে ভাল আহার জুটিবে না, পরের ঘরের চুরী করিয়া থাইবে, অলঙ্কারাদি চুরী করিয়া পরিবে।” পরে ব্যঙ্গ ত্যাগ করিয়া বলিলেন, “কিছুকাল সন্নাসীর প্রভাব থাকিবে। পরে সন্তানাদি হইলে স্বামীপুত্রের প্রতি স্বেহ জয়াইলে সমাজের

লোক হইয়া পড়িবে ; সন্ন্যাসীর প্রভাব তাহার মন, হইতে একেবাবে
তিরোহিত হইবে।” ভাবগতিকে বুঝিলাম, বঙ্গিমচন্দ্রের এ কথা
মনোগত হইল না। দীনবন্ধু কোনও মতামত প্রকাশ করিলেন না।
ইহার পর দুই বৎসরের মধ্যে “কপালকুণ্ডলা” প্রকাশিত হইল।
বঙ্গিমচন্দ্র এই কাপালিক-প্রতিপালিতা কগ্নাকে সমুদ্রতটবিহারিণী,
বনচারিণী, সৃষ্টিছাড়া এক অপূর্ব মধুর প্রকৃতির মোহিনী মুণ্ডি-
কৃপে অঙ্কিত করিয়া গিয়াছেন।

“বঙ্গদর্শনে” “বিদায়” প্রবন্ধে বঙ্গিমচন্দ্র লিখিয়াছেন—“দীনবন্ধু
আমার সাহিত্যের সহায়, সংসারের স্মৃথদৃঃখের ভাগী।” লিখিবার
অবসর পাইলে দীনবন্ধুও নিশ্চয়ই ক্রি কথাই বলিতেন। আমি
পূর্বে বলিয়াছি যে, যশোহরে ইঁহাদের প্রথম চাকুৰ আলাপের পর
ইঁহারা প্রবীণ লেখকের ভায় কলম ধরিলেন ; উভয়ে যেন পরামর্শ
করিয়া লিখিতে বসিলেন। ফলতঃ, বঙ্গিমচন্দ্রের প্রথম তিনখানি
পুস্তক, “চুর্গেশনন্দিনী”, “কপালকুণ্ডলা” ও “মৃণালিনী” দীনবন্ধুর
মতামত লইয়া প্রচারিত হইয়াছিল। “বিষবৃক্ষ”-প্রচারের কিঞ্চিৎ
পূর্বে কি সেই সময়ে দীনবন্ধুর মৃত্যু হয়।

দীনবন্ধুর সমস্ত পুস্তক বঙ্গিমচন্দ্রের মতামত লইয়া প্রচারিত
হইয়াছিল। “বিয়ে পাগলা বুড়ো” পুস্তকখানির প্রচার করিতে
বঙ্গিমচন্দ্র নিষেধ করিয়াছিলেন, সে জন্ত উহা অনেক দিবস অপ্র-
কাশিত ছিল। বঙ্গিমচন্দ্র-লিখিত দীনবন্ধু-জীবনীতেও উহার উল্লেখ
আছে। দীনবন্ধুর “জীলাবতী”তে বঙ্গিমচন্দ্র স্থানে স্থানে লিখিয়া-
ছিলেন, বন্ধুস্থিসাবে, আমোদ করিয়া লিখিয়াছিলেন ; কিন্তু হাস্তরসে

দীনবন্ধুর লেখার সহিত স্বর মিলিয়াছিল কি না, জানি না। বঙ্গিমচন্দ্রের পুস্তকে কিন্তু দীনবন্ধু কথনও কিছু লেখেন নাই। তাহার কোনও কোনও পুস্তকে শিক্ষানবীশীর্জনে তাহার অনুজ এই ক্ষুদ্র লেখক ছাই এক পরিচ্ছেদ লিখিয়াছে বটে, কিন্তু সে লেখা যে, কিরূপ তাহা নিয়ন্ত্রিত গল্পটা হইতে বুঝিতে পারিবেন।

কোনও গৃহস্থের বাটীতে কুঞ্জনগর যুরির এক বিখ্যাত কারিকর, নাম কালাঁচান পাল, দুর্গোৎসবে দশভূজার প্রতিমা গড়িত। বষ্টীর দিন রাত্রিকালে বিদেশ হইতে বাটীর কর্তা আসিয়া প্রতিমা-দর্শনে অতিশয় সন্তুষ্ট হইয়া কালাঁচানের প্রশংসা করিতে লাগিলেন। সেই দালানে একটা লোক দাঢ়াইয়াছিল ; সে করোয়োড়ে বলিল, “আজ্জে, এ প্রতিমা আমি গড়িয়াছি !” কর্তা জিজ্ঞাসা করিলেন, “তুমি কে ?” সে লোকটা বলিল, “আমি কালাঁচানের ভাইপো।” কর্তা কহিলেন, “না, তা কখনই হইতে পারে না, এ প্রতিমা কালাঁচান গড়িয়াছে।” সে ব্যক্তি পুনরায় বলিল, “আমি উহাতে খড় জড়াইয়া এক-মেটেমো করিয়াছি, আমার খড়োমশাই দোমেটোমো করিয়া-ছেন, মুখ গড়িয়া বসাইয়াছেন।” তখন কর্তা হো হো করিয়া হাসিয়া তাহাকে একটি টাকা বথশিশ দিলেন। আমি সেইরূপ ছাই একটি পরিচ্ছেদে এক-মেটামো করিয়াছি, বঙ্গিমচন্দ্র দোমে-টোমে করিয়াছিলেন। কোন পরিচ্ছেদে কি ঘটনা লিখিতে হইবে, তাহা তিনি বলিয়া দিতেন, আমি সেইরূপ লিখিতাম ; পরে তিনি উহা তাহার লেখার স্বরের সহিত মিলাইয়া লইতেন। আমি

উপবাচক হইয়াই লিখিতাম, কথনও কথনও তিনি ইচ্ছা করিয়াও আমাকে লিখিতে বলিতেন।

অনেকে জিজাসা করিতে পারেন, বঙ্গিম ও দীনবঙ্গু প্রসঙ্গ লিখিতে নিজের কথা কেন! একটা বিষয়ের কৈফিয়ৎ দিবার জন্মই নিজের কথা বলিতে বাধ্য হইতেছি।

“ভারতী”র “বঙ্গিম-যুগ” প্রবন্ধের লেখকের সহিত কথা-প্রসঙ্গে আমি বলিয়াছিলাম যে, কৃষ্ণকান্তের উইলের কোনও কোনও পরিচ্ছেদে, আর উহার উইল-চুরী পরিচ্ছেদে আমার একটু আধটু লেখা আছে। এখন বুঝিতেছি, তাহার ধারণা হইয়াছিল যে, পরিচ্ছেদটা সমুদয় আমার লেখা। তজ্জন্ম ১৩১৮ সালের কার্তিক-সংখ্যার “ভারতী”তে “বঙ্গিম-যুগ” প্রবন্ধে তিনি ভ্রমবশতঃ লিখিয়াছিলেন যে, রোহিণী ও কৃষ্ণকান্তের হাস্তরসের কথোপকথনটি আমারই লেখা। আমি তাহাকে কথনও এমন কথা বলি নাই যে, ঐ অংশটুকু আমার লেখা। আমি যদি পূর্ব হইতে তাহার নিকট পরিচিত থাকিতাম, তাহা হইলে তাহার এমন সাংঘাতিক ভ্রম হইত না। তাহার সহিত ঐ আমার প্রথম আলাপ। “উইল-চুরী” পরিচ্ছেদে আমার কতটুকু লেখা আছে, তাহা নিম্নে বুঝাইতেছি।

একদিন বঙ্গিমচন্দ্র কৃষ্ণকান্তের উইল-চুরী পরিচ্ছেদে লিখিতে ছিলেন, এমত সময়ে পাঁচটাৰ ট্রেণে কলিকাতা হইতে তাহার দুইটি বঙ্গু আসিলেন। তিনি কাগজ কলম কেলিয়া উঠিলেন। আমি তাহাকে অনুরোধ করিলাম, “কি লিখিতেছিলেন—বঙ্গু দিন, আমি উহা লিখিব।” তিনি আমার আবদার রক্ষা করিয়া হাসিতে হাসিতে

লিখিতে অনুমতি দিয়া, এই পরিচ্ছেদে যাহা লিখিতে হইবে, বলিয়া দিলেন। আমি তখন ঐ হাসির অর্থ বুঝিতে পারি নাই, পরে লিখিতে বসিয়া বুঝিলাম—দেখিলাম, “ব্রহ্মার বেটা বিশ্ব আসিয়া বৃষভারঢ় মহাদেবের কাছে এক কোটা আফিং কর্জ লইয়া এই দলীল লিখিয়া দিয়াই বিশ্বব্রহ্মাগু বন্ধক রাখিয়াছেন, মহাদেব গীজার ঝোঁকে ফোরক্রোজ করিতে ভুলিয়া গিয়াছেন।” এই পর্যন্ত লিখিয়াছেন।—এই স্বরে লেখা আমার অসাধ্য বুঝিয়া আমি এই স্থানে রোহিণীকে আনিয়া কৃষ্ণকান্তের সহিত সাক্ষাৎ করাইলাম, এবং তাহাদের উভয়ের কথোপকথন আমার সাধ্যমতে লিখিলাম। পরদিন বস্তুগণ চলিয়া গেলে বঙ্গিমচন্দ্র “কৃষ্ণকান্তের উইল” লিখিতে বসিয়া এই পরিচ্ছেদে আমার লেখার প্রথমাংশ অর্থাৎ রোহিণীর সহিত কৃষ্ণকান্তের আফিমের ঝোঁকে কথোপকথন নৃতন করিয়া লিখিলেন, আমার লেখার অবশিষ্ট অংশতে “দোমেটোমো” করিতে হয় নাই, তবে এক আধ স্থানে “মাটী” লাগাইয়াছেন।

বঙ্গিমচন্দ্রের জন্ম কিছুকাল আমাদের পরিবারে প্রায় সকলেরই মধ্যে সাহিত্যানুশীলন অর্থাৎ literary activity জনিয়াছিল, কিন্তু “বঙ্গদর্শনে”র বিদায়ের সঙ্গে উহার অবসান হইল।

বঙ্গিমচন্দ্র ও দীনবংশু উভয়ে আফিমের কি সাহেবস্বত্ত্বার কথা কহিতে ভালবাসিতেন না, ঐরূপ কথোপকথন তাহাদের ভাল লাগিত না। কিন্তু ডেপুটী ম্যাজিস্ট্রেট মাঝেই সাহেবের কথা ও আফিমের কাজ কর্মের কথা না কহিয়া থাকিতে পারিতেন না। একরাত্রিতে কোনও ডেপুটীর বাড়ীতে একটা বড় ভোজ ছিল;

ଡେପୁଟୀତେ ଡେପୁଟୀତେ ସର ପୁରୀଆ ଗିଯାଛିଲୁ ; ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର ଓ ତାହାର ଭାତାରା ଓ ଉପଶିତ ଛିଲେନ । ଏକ ଜନ ପ୍ରସିଦ୍ଧ ଡେପୁଟୀ ଇହାର କିଛୁ ପୂର୍ବେ ଲେପ୍ଟେନେଟ୍ ଗବର୍ଣ୍�ରେ ମହିତ ସାକ୍ଷାଂ କରିଯାଛିଲେନ ; ତାହାର ମହିତ କି କଥାବାର୍ତ୍ତା ହଇଯାଛିଲୁ, ତାହା ଏହି ମହିତ ଆମ୍ବୁପୂର୍ବିକ ବିବୃତ କରିତେଛିଲେନ । ତାହାର କଥା ଶେଷ ହିଲେ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର ବଲିଲେନ :—

“ଧନୀ ଏକ ଜନା ହସେଛେ,

ପେଥେର କଲମ କାନେ ଦିଯେ ସାହେବେର ମଙ୍ଗେ କଥା କରେଛେ ।”

ଏହି ଡେପୁଟୀ ବାବୁ ବକ୍ଷିମେର ବନ୍ଧୁ ଛିଲେନ, ମେହି ଜନ୍ମ ତିନି ତାହାକେ ଏକପ ଭତ୍ତମା କାରିଲେନ । ଏକ ଜନ ଡେପୁଟୀ କୋନ୍ତ ବିଶେଷ ସରକାରୀ କାର୍ଯ୍ୟ ପ୍ରେରିତ ହଇଯାଛିଲେନ । କର୍ତ୍ତୃପକ୍ଷେରା ଶ୍ରି କରିଯାଛିଲେନ ସେ, ଏକ କାର୍ଯ୍ୟ ତିନି ବଂସରେ ଶେଷ ହିଲେ, କେନନା, ଏକ କାର୍ଯ୍ୟ-ମଞ୍ଚାଦମନେର ଜନ୍ମ ଜ୍ଞେଲାଯ ଜ୍ଞେଲାଯ ସୁରୀଆ ଅନେକ ବିଷସେର ତଦନ୍ତ କରିବାର ଛିଲ । କିନ୍ତୁ ଡେପୁଟୀ ବାବୁଟା ଏକ କାର୍ଯ୍ୟ ଦେଡି ବଂସରେ ଶେଷ କରିଯା ବାହବା ପାଇଯାଛିଲେନ । ଡେପୁଟୀ ବାବୁ ତାହାର କାର୍ଯ୍ୟଦକ୍ଷତା ଓ କି ପ୍ରକାରେ ଏତ ଅଳ୍ପ ସମସ୍ତେର ମଧ୍ୟେ ଦେଶେ ଦେଶେ ଭ୍ରମଣ କରିଯା କାର୍ଯ୍ୟ ସମାଧା କରିଯାଛିଲେନ, ତାହାର ପରିଚୟ ଦିତେଛିଲେନ । ପରିଚୟ ଶେଷ ହିଲେ ଦୀନବନ୍ଧୁ ବଲିଲେନ “ଓହେ—, ତବେ ତୁ ମିହି ବୁଝି ତ୍ରେତାଯୁଗେ ସମୁଦ୍ର ପାର ହଇଯାଇବା ଦକ୍ଷ କରିଯାଛିଲେ !”

ଡେପୁଟୀ ବାବୁରା ଦୀନବନ୍ଧୁକେ ସମେର ଭାବୁ ଭୟ କରିତେନ ; ତାହାର ନିକଟେ ବଡ଼ ସେବିତେନ ନା । କିନ୍ତୁ ନାନା କାରଣେ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରର ମହିତ ତାହାରା ଆମୁଗତ୍ୟ କରିତେନ ।

ଦୀନବନ୍ଧୁ କଲିକାତାଯ ସଦର ଆଫିସେ ଆସିଲେ ପୋଷ୍ଟାଳ

ডিপার্টমেন্টে তাহার একাধিপত্য জন্মিল। কত দরিদ্র সন্তানকে তিনি চাকুরী দিয়া অন্নদান করিয়াছেন, তাহার গণনা হয় না। কাহাকেও কেরাণীগিরি, কাহাকেও সব পোষ্টমাস্টারী, যে যাহার যোগ্য, তাহাকে তাহাই দিতেন। সে জন্ত উমেদারগণের মধ্যে তিনি প্রাতঃস্মরণীয় ছিলেন।

একদিন আমাদের বাটীতে “গোলাম-চোর” খেলা হইতেছিল, এমন সময়ে এক জন ব্রাহ্মণ উপস্থিত হইয়া বলিলেন, “দীনবন্ধু বাবুর নিকট আমার এক দরখাস্ত আছে।” তিনি আমাদের পরিচিত, কিন্তু স্বগুম্বাসী নহেন, পার্শ্বস্থ একটি গ্রামে তাহার বাস। দীনবন্ধু তখন খেলিতে বসিয়াছিলেন, বলিলেন, “একটু বস্তুন, পরে শুনিব।”

গোলাম-চোর খেলা, পল্লীগ্রামে কি নগরে, গৃহস্থের বাটীতে কি ধনাটোর বাটীতে, সকল স্থানেই হইয়া থাকে। কিন্তু বঁকের দ্বই প্রতিভাশালী ব্যক্তি কি প্রকারে দেই সামাজ্য খেলাতে আনন্দের সহিত যোগদান করিতেন, তাহা যদি এ স্থলে উল্লেখ করি, তাহা হইলে, আশা করি, পাঠকমহাশয়েরা বিরক্ত হইবেন না। আমাদের গ্রামস্থ সাত আট জন ভদ্রলোক উপস্থিত ছিলেন। দীনবন্ধু, সঙ্গীবচন্দ্র ও আরও কয়েক জন লোক খেলা আরম্ভ করিলেন; তন্মধ্যে পূর্বোক্ত বন্দ্যোপাধ্যায়ও (যাহাকে দীনবন্ধু ভাই-কোটা দিয়াছিলেন) খেলিতে বসিলেন। দীনবন্ধু ও সঙ্গীবচন্দ্রের উদ্দেশ্য ছিল যে, এই বন্দ্যোপাধ্যায়কে চোর করিয়া সাজা দেন; কারণ, ইনি সকলকেই গালি দিতেন, কাহাকেও ছাড়িতেন না। বাহ্যিকজ্ঞ ও তাহার শ্রেষ্ঠত্বাত শামাচরণ ও আমরা অনেকে দীনবন্ধু ও সঙ্গীবচন্দ্রের

দলভুক্ত হইয়া খেলা দেখিতে লাগিলাম। বন্দেয়োপাধ্যায় যে নিঃসহায় ছিলেন, এমন নহে; তাঁহারও দলে অনেক লোক ছিল। তন্মধ্যে একটী লোকের পরিচয় দিতে ইচ্ছা করি, কেন না, বঙ্গিমচন্দ্র বাড়ীতে আসিলে কি প্রকৃতির ব্যক্তিদিগকে নইয়া সর্বদা আনন্দে থাকিতেন, তাহা এই পরিচয়ে কতকটা বুঝিতে পারিবেন। এই লোকটি ব্যবসাবাণিজ্য করিতেন, কিন্তু বড় মূর্খ ছিলেন; আবার সেই সঙ্গে এইরূপ অভিমান ছিল যে, চেষ্টা করিলে তিনি বঙ্গিমচন্দ্র ও দীনবন্ধুর স্থান লেখক হইতে পারেন—সর্বদা লিখিবার জন্য 'subject' খুঁজিতেন। একদিন সঞ্জীবচন্দ্র বলিলেন, “আপনি চূত কল সমস্কে লিখুন, বেশ ভাল 'subject'।” মুখোপাধ্যায় মহাশয় জিজ্ঞাসা করিলেন, “চূত কল কাহাকে বলে?” সঞ্জীবচন্দ্র বলিলেন, “আম।”

কিছুদিন পরে মুখোপাধ্যায় মহাশয় একটী প্রবন্ধ লিখিয়া আনিয়া আমাদের শুনাইলেন। প্রবন্ধটীর প্রথমাংশ আমার মনে আছে, উহা নিম্নে প্রকটিত করিতে ইচ্ছা করি, যদি পাঠকমহাশয়েরা রাগ না করেন।—

“আব অতি মিষ্টি, আব আবার অতি টক, বাগাত্তেুলের মত টক, আব আঁশাল, কোন কোন আব আঁশাল হয় না, কারণ ভাল গাছের আম আঁশাল হয় না, ইত্যাদি।” এই প্রবন্ধটির পাঠ শেষ হইলে আমাদের জ্যোষ্ঠভাতা শ্রামাচরণ বাবু গন্তীরভাবে উহার ভূয়সী প্রশংসা করিলেন; সকলেই প্রশংসা করিলেন, কিন্তু এক ব্যক্তি হাসি চাপিয়া রাখিতে পারিলেন না—তিনি বঙ্গিমচন্দ্র। মুখোপাধ্যায় মহাশয় এই হাসিতে অতিশয় দৃঃখ্যিত হইয়া নীরবে বসিয়া রহিলেন;

পরে বঙ্গিমচঙ্গের সামনাবাক্যে আশ্রিত হইয়া মুখোপাধ্যায় তাহাকে অভ্যরোধ করিলেন, “তবে আমার প্রবন্ধটী ছাপাইয়া দিন।” বঙ্গিমচঙ্গ উহা হাত পাতিয়া লইলেন বটে, কিন্তু যেখানে রাখিয়া-ছিলেন, সেইখানেই সেটা পড়িয়া রহিল। আমি উহা যত্ন করিয়া তুলিয়া রাখিয়াছিলাম, এবং রহস্যের জন্য মধ্যে মধ্যে অনেককে পাঠ করিয়া শুনাইতাম, সেই জন্য উহার প্রথমাংশ আমার স্মরণ আছে। * * * খেলা আরম্ভ হইলে দীনবঙ্গ, সঞ্জীবচঙ্গ এবং তাহাদের দলভূক্ত অনেকেই, এমন কি, বঙ্গিমচঙ্গও অনেক কৌশল করিতে লাগিলেন, যাহাতে বন্দ্যোপাধ্যার চোর হয় ; কিন্তু “ধৰ্মস্থ সৃক্ষা গতিঃ !” দীনবঙ্গ সঞ্জীবচঙ্গের মধ্যেই এক জন চোর হইলেন। তখন বন্দ্যোপাধ্যায় মহানন্দে ঘুঘু র ঘোড়াটী পায়ে দিয়া রূপচান্দ পঞ্জীর একটী গীত ধরিয়া তাহাদের সম্মুখে নাচিতে আরম্ভ করিলেন। মৃত্যুগীত শেষ হইল। দীনবঙ্গ তখন পূর্বোক্ত উমেদার ব্রাঙ্কণকে নিকটে বসাইয়া তাহার কথা শুনিতে লাগিলেন। ব্রাঙ্কণ বড় গরীব, অনেকগুলি বিধবা, নাবালক, নাবালিকা প্রতিপালন করিতে হয়, দিন চলে না, তাহার একমাত্র পুত্র যদি একটা চাকুরী পায়, তাহা হইলে অনেকগুলি ব্যক্তির জীবনরক্ষা হয়। দীনবঙ্গ ব্রাঙ্কণটিকে পুত্রের সহিত তাহার আফিসে ধাইতে বলিলেন। কিছুদিন পরে শুনিলাম, ব্রাঙ্কণ-পুত্রের পোষ্টাফিসে চাকুরীর জঙ্গ নাম রেজিষ্টারী-হইয়াছে, খালি হইলেই পাইবে, কিন্তু খালি কবে হইবে, তার ঠিক নাই। এক মাস হইতে পারে, ছয় মাসও হইতে পারে। ইতিমধ্যে হগলীয় একটা ডেপুটী বঙ্গিমচঙ্গের সহিত দেখা-

করিতে আসিলেন। তাহার অধীনে রোডসেস্ডিপার্টমেন্টে একটা চাকুরী থালি ছিল। ব্রাহ্মণ-পুত্রকে বঙ্গিমচন্দ্র ঐ চাকুরী দেওয়াইলেন। আবার মাস ছাই বাদে দীনবঙ্গু উহাকে সবপোষ্টমাষ্টারী পদে বাহাল করিয়া পরওয়ানা পাঠাইলেন। ঘটনাটি অতি সামান্য, এইরপ উপকার অনেকেই করিয়া থাকেন, কিন্তু এই ব্রাহ্মণের দারিদ্র্যের পরিচয় শুনিয়া দীনবঙ্গু ও বঙ্গিমচন্দ্র তাহার কষ্ট সত্ত্বে বিমোচন করিতে কিন্তু প্রয়োজন হইয়াছিলেন, তাহার পরিচয়স্বরূপ উহা এ স্থলে উল্লেখ করিলাম।

আমি উপরে বলিয়া গিয়াছি যে, নানা প্রকৃতির লোক বঙ্গিমচন্দ্রের নিকটে সর্বদা যাতায়াত করিতেন। এখানে আর একটা লোকের কথা বলিলে সেকালের পল্লীগ্রামের কবির পরিচয় পাইবেন। ইহার নিবাস আগামীর বাটীর অন্দরে পূর্বে মাঝাল-গ্রামে, নাম কুষ্মোহন মুখ্যে। ইনি সম্পত্তিশালী ব্যক্তি ছিলেন। বাটীতে দোল হর্গোৎসব হইত। ইনি এক জন উপস্থিত কবি ছিলেন। এই কবি সর্বদা বঙ্গিমচন্দ্র ও তাহার ভাতৃগণের নিকট আসিতেন, সকলেই তাহাকে নানা প্রকার প্রশ্ন করিতেন, কিন্তু কেহই তাহাকে প্রশ্ন করিতে পারিতেন না। বঙ্গিমচন্দ্র কখনও তাহাকে কোনও প্রশ্ন করেন নাই। একদিন কবি বঙ্গিমচন্দ্রকে বলিলেন, “আপনি কখনও আমার প্রশ্ন করেন নাই, আমার ইচ্ছা, আপনার প্রশ্নের উত্তর দিই।” বঙ্গিমচন্দ্র হাসিয়া বলিলেন, “আচ্ছা !” অল্পক্ষণ পরেই একটি প্রশ্ন করিলেন—

“গগনেতে ডাকে শিবা হয়া হয়া করে।”

এই প্রশ্নে সুকলেই বিরক্ত হইয়া বলিলেন, “এ কি উত্তর প্রশ্ন ?
যাহা কথনও পৃথিবীতে ঘটে নাই, তাহার কবিতা কিরূপে হইবে ?
আকাশে কথনও কি শেরাল উঠেছে বে, গগনেতে হয়া হয়া করে
ডাকবে ?”

এইরূপে সকলে পরম্পরে বলাবলি করিতেছিলেন, বঙ্গিচন্দ্ৰ
এই ভৎসনাতে মৃত্যু হাসিতেছিলেন, কবিবৰ অস্তক নত করিয়া
ভাবিতেছিলেন। কিছুক্ষণ পরে তিনি বঙ্গিচন্দ্ৰের প্রতি চাহিয়া
একটা কবিতা শুনাইতে লাগিলেন। ঐ কবিতার প্রথম দুই চারি
পংক্তি শুনিবামাত্র বঙ্গিচন্দ্ৰ চমকিয়া উঠিয়া বলিলেন, “ঘাট হইয়াছে,
আপনি অপরাজেয়।” পরে কবিবৰ সমুদয় কবিতাটি শুনাইলেন।
উহার মৰ্ম্ম এই, লক্ষণ শক্তিশেলে আহত হইলে ধৰ্মস্তৰপুত্র স্বৰ্বেণের
বাবস্থানুসারে হস্তুমান গন্ধমাদন পৰ্বতে বিশ্লায়করণীয় পাতা আনিতে
গিয়া উহা খুঁজিয়া না পাইয়া গন্ধমাদন পৰ্বত উপাড়িয়া লইয়া
যাইতেছিলেন; পঞ্চাশ্যে সৃষ্ট্যদেবকে বগলে পুরিয়া লইয়া পাহাড়
মাথার করিয়া আসিতেছিলেন; ঐ পাহাড়ে বাঘ, ভলুক প্রভৃতি পঙ্ক-
গণ বাস কৰিত; তরাধ্যে শিবাগণ ভোরের সময় তাহাদের সংস্কারসিদ্ধ
হয়া হয়া ডাক ডাকিয়া উঠিল। দাকুণ গ্রীষ্মদ্রোগায় এক দম্পতি গৃহ-
ছাদে শয়ন করিয়াছিল; আকাশে ঐ হয়া হয়া ডাক শুনিয়া স্বামীৰ
নিদ্রাভঙ্গ করিয়া স্তৰী বলিল,—

“কভু শুনি নাই নাথ, ভুবন ভাবারে,
গগনেতে ডাকে শিবা হয়া হয়া করে।”
প্ৰোপকাৰ দীনবন্ধুৰ জীবনেৰ ব্ৰত ছিল। তাহার প্ৰথম পৰিচয়

নীলদর্পণ-প্রচারে পাওয়া যায়। এ ত গেল একটা গুরুতর উদাহরণ। কিন্তু অনেক ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনাতে সর্বদা উহার পরিচয় পাওয়া যাইত। যে ঘটনা অগ্রের পক্ষে রহস্যজনক, দীনবন্ধুর উহা কষ্টকর বোধ হইত। এক জন মাতাল ট'লে ট'লে খানায় পড়িতেছে, লোকে দাঢ়াইয়া তামাসা দেখিতেছে, হাসিতেছে; কিন্তু দীনবন্ধু তৎক্ষণাত মৌড়াইয়া গিয়া তাহার সাহায্য করিলেন। এই শুণটি বঙ্গিমচন্দ্রেরও ছিল। দীনবন্ধুর সম্বন্ধে একটি ঘটনা, যাহা আমি স্বচক্ষে দেখিয়াছি, তাহা এখানে বলিব। বহুকাল হইল, সপ্তমী কি অষ্টমী পূজার রাত্রিতে, দীনবন্ধু, কার্তিকেয়চন্দ্র রায় (বিজেন্দ্র-লালের পিতা) ও আমি নৈহাটী ষ্টেশন হইতে প্রশস্ত বারাকপুর ফাড়ার রোড দিয়া বাটী আসিতেছিলাম। ষ্টেশন হইতে প্রায় এক বিদ্যা পথ অন্তরে বাস্তার পশ্চিম দিকের ড্রেণে একটা ধৰল পদার্থ দেখিলাম। মেটে মেটে জ্যোৎস্না, ভাল বুঝিতে পারিলাম না, এই ধৰল পদার্থটি কি? উহা মাঝে মাঝে নড়ায়, প্রথমে বোধ হইল, একটা গরু ড্রেণে পড়িয়া উঠিতে পারিতেছে না। কিন্তু নিকটস্থ হইয়া দেখিলাম, উহা গরু নয়, একটা বাবু মাতাল ড্রেণে পড়িয়া রহিয়াছে। আমরা তিন জনে তাহাকে ধরিয়া তুলিয়া দেখিলাম; একটা নবীন যুবা, পরিপাটী বেশবিন্ধুস, কিন্তু খানায় পড়িয়া উহা বিশ্বজ্ঞাল হইয়া পড়িয়াছে। তিনি আমাদের তিন জনেরই অপরিচিত। দীনবন্ধুর জিজ্ঞাসার মাত্যাল বাবু বলিলেন, তিনি কলিকাতা হইতে শঙ্গরবাড়ী আসিতেছিলেন। ষ্টেশনের বাবুদের সহিত শুঁড়ীর দোকানে মদ খাইয়া শঙ্গরবাড়ী যাইতে যাইতে খানায় পড়িয়া

গিয়াছেন। খণ্ডের নামধারেরও পরিচয় দিলেন। তাহার ষষ্ঠির সেখানকার এক জন সন্তান লোক, আমরা সকলেই তাহাকে জানিতাম। দীনবঙ্গ ঐ বাবুর খণ্ডের নাম শুনিয়া বলিলেন, “আপনি অমুকের জামাই!” এই কথাতে মাতালবাবু বলিলেন—“You know my father-in-law sir, then you are my father-in-law, sir, yes sir, son-in-law sir, I sir, son-in-law sir!”—এই বুলি ধরিলেন। যতক্ষণ আমাদের সঙ্গে ছিলেন, তাহার মুখে কেবল ঐ বুলি। দীনবঙ্গ কোনও প্রশ্ন জিজ্ঞাসা করিলে ভাঙ্গা ভাঙ্গা ইংরাজিতে তাহার উত্তর দিতে লাগিলেন, কিন্তু শেষ কথাতে “Yes sir, son-in-law sir” এই ধূয়া বরাবরই ছিল। পৃথিবীর উপরিষ্ঠ পদার্থের প্রতি মাধ্যাকর্ষণশক্তি যেমন স্থার আইজ্যাক নিউটন আবিষ্কার করিয়াছিলেন, ঐদিন আমরা তেমনই মাতালের প্রতি খানাড়োবার আকর্ষণশক্তি আবিষ্কার করিলাম। কেন না, মাতালবাবু যে দিকে খানা, কেবল সেই দিকেই টলিয়া টলিয়া আসিতেছেন, পূর্বদিকে সমতল ভূমি, সে দিকে কোনও মতে টলিবেন না; ইহা দেখিয়া দীনবঙ্গ কোথারে চাদর জড়াইয়া তাহার বাম হাতখানি ধরিলেন। আমি দক্ষিণ দিকে অর্ধাং ড্রেণের দিকে দাঢ়াইলাম, এবং তাহাকে টেলিয়া রাখিতে লাগিলাম। এই প্রকারে কিছু দূর যাইয়া দীনবঙ্গুর কষ্ট দেখিয়া আমি বলিলাম, “আপনি ছাড়িয়া দিন, আমি ড্রেণের দিকে আছি, কোনমতে বাবুকে খানার পড়িতে দিব না।” তিনি বলিলেন, “না হে না।” তিনি আমাকে বিবাস করিলেন না। আমার তখন ২২।২৩ বৎসর বয়স। পশ্চিম দিকে বৈছিক-

পাড়ার একটি গলি হইতে দুই জন বৈদিক ঠাকুর বড় রাস্তায় আসিয়া পড়িলেন। দীনবন্ধুকে তাহারা চিনিতেন, আনন্দসহকারে তাহার সহিত কথা কহিতে কহিতে অগ্রসর হইলেন, কিন্তু দীনবন্ধু এক জনের হাত ধরিয়া টানাটানি করিতেছেন দেখিয়া অতিশয় আশ্চর্যাপ্ত হইয়া বলিলেন, “এ কি, ইনি কে !” তখন মাতালরাজ দক্ষিণ হস্ত দ্বারা বুক চাপড়াইয়া “Son-in-law sir, yes sir, son-in-law sir !” বলিয়া তাহাদের দিকে ধাবমান হইবার চেষ্টা করিলেন, কিন্তু দীনবন্ধু তাহার হাত ছাড়িলেন না। সহসা এইরূপ সম্মুখনে বৈদিকঠাকুরবয় নিঃশব্দে টাকি উড়াইয়া দৌড়িতে লাগিলেন, তাহাদের চটীজুতার ফটুফট শব্দ অনেকক্ষণ ধরিয়া শুনিতে লাগিলাম—বৈদিক ঠাকুরেরা ‘দাতাল মাতাল’কে বড় ভয় করিতেন। এইরূপে প্রায় দশ পনের মিনিটে আমরা বাটি পৌছিলাম। পরে অনেকক্ষণ ধরিয়া দীনবন্ধুকে বাতাস দিতে হইল। যতক্ষণ রাস্তায় মাতালকে ধরিয়াছিলেন, ততক্ষণ তিনি গন্তীরভাবে ছিলেন; এক্ষণে বঙ্গিমচন্দ্র ও তাহার ভাতাদিগকে দেখিয়া নিজসূর্তি ধরিলেন। ঘামিতেছেন, হাপাইতেছেন, আবার হাসাইতেছেন, এবং হাসিতেছেন। এখানে বলা বাহ্য্য, মাতালবাবুকে খাওয়াইয়া পাকী করিয়া শুরুবাটা পাঠান হইল। শুরুবাটা গ্রামস্থরে।

অজ্ঞাত অপরিচিত ব্যক্তি, যাহার পেশা মাতাল হইয়া খানার পড়া, তাহাকে কে এক্ষণ যত্ন করিয়া আশ্রয় দিয়া থাকে ? সে কেবল দীনবন্ধু। অস্ত কোনও তত্ত্বাবলোক হইলে উহাকে খান। হইতে তুলিয়া নিকটস্থ কোনও দোকানে (ঐ স্থানে অনেক দোকান ছিল)

রাখিয়া বাটী ছলিয়া যাইতেন ; আরার কেহ কেহ বা দাঢ়াইয়া তামাসা দেখিতেন ; কিন্তু দীনবন্ধু অন্ত প্রকৃতির লোক ছিলেন । বিপদগ্রস্ত লোককে প্রাণপণে সাহায্য করিতেন । করিতেন বটে, কিন্তু তাহার একটী বিশেষ রোগ ছিল ; বিপদ হইতে উদ্ধার করিয়া যদি উহাকে নাটকোপযোগী মনে করিতেন, তাহা হইলে কোনও নাটকে সে চরিত্রটী অঙ্গিত করিতেন । এই মাতাল বাবুই “সধবার একাদশী”র “ভোগা” মাতাল ।

বঙ্গিমচন্দ্রের অনেক বন্ধু ছিল, দীনবন্ধুর অসংখ্য বন্ধু ছিল, কিন্তু ইহারা ছাই জনে পরম্পরের প্রার্ণতুলা বন্ধু ছিলেন । যখন “বঙ্গদর্শন” প্রকাশিত হয়, তখন বঙ্গিমচন্দ্র তাহার “সাহিত্যের সহায়” দীনবন্ধুর নিকট বিশেষ সাহায্য পাইবেন, এমন ভরসা করিয়াছিলেন । কিন্তু “বঙ্গদর্শন”-প্রকাশের অন্তর্কালমধ্যেই তাহার মৃত্যু হইল । এই সময়ে তাহার জন্য বঙ্গসমাজের চারি দিক হইতে ক্রন্দনের রোল উঠিল । কেহ বা সংবাদপত্রে, কেহ বা মাসিক পত্রিকাতে, কেহ বা কবিতাতে কাদিতে লাগিলেন । কিন্তু “বঙ্গদর্শন” মৌনাবলম্বন করিয়া রহিল । ইহা অনেকে লক্ষ্য করিয়া অনেক কথা বলিয়াছিলেন, কিন্তু দীনবন্ধুর শোকে “বঙ্গদর্শনে”র বে কষ্টরোধ হইয়াছিল, তাহা কেহ বুঝিতে পারেন নাই । প্রায় তিন বৎসর পরে যখন “বঙ্গদর্শন” বিদায়গ্রহণ করিল, তখন বঙ্গিমচন্দ্র ঐ বিদায়-প্রবন্ধে বঙ্গদর্শন-লেখকগণের নিকট কৃতজ্ঞতাস্মীকার করিতে গিয়া দীনবন্ধুর কথা উখাপন করেন । কিন্তু কাতরতার সহিত উখাপন করিয়াছিলেন, তাহা নিম্নের কথোক ছত্রে প্রকাশ পাইবে :—

“আর এক জন আমার সহায় ছিলেন—সাহিত্যে আমার সহায়, সংসারে আমার সুখদুঃখের ভাগী—তাঁহার নাম উল্লেখ করিব মনে করিয়াও উল্লেখ করিতে পারিতেছি না। এই বঙ্গদর্শনের বয়ঃক্রম অধিক হইতে না হইতেই দীনবন্ধু আমাকে পরিত্যাগ করিয়া গিয়াছিলেন। তাঁহার জন্ম বঙ্গসমাজ রোদন করিতেছিল, কিন্তু এই বঙ্গদর্শনে তাঁহার নামোল্লেখও করি নাই। কেন, তাহা কেহ বুঝে না। আমার যে দুঃখ, কে তাহার ভাগী হইবে? কাহার কাছে দীনবন্ধুর জন্ম কাঁদিলে প্রাণ জুড়াইবে? অন্তের কাছে দীনবন্ধু মুলেখক, আমার কাছে প্রাণতুল্য বন্ধু—আমার সঙ্গী। সে শোকে পাঠকের মহাদৃষ্টা হইতে পারে না বলিয়া, তখনও কিছু বলি নাই, এখনও আর কিছু বলিলাম না।”

বস্তুতঃ আমরা সকলেই লক্ষ্য করিতাম, দীনবন্ধুর মৃত্যুর পর হইতে বঙ্গিমচন্দ্র তাঁহার কথা উখাপন করিতেন না। যদি কেহ দীনবন্ধুর কথা বা তাঁহার রহগ্রপটুতার কথা কহিত, তখনই বঙ্গিমচন্দ্রের একটা পরিবর্তন লক্ষিত হইত, তিনি মৌনাবলম্বন করিয়া থাকিতেন। ইহাতে আমরা বুঝিতাম যে, তিনি দীনবন্ধুর শোক ভুলিতে পারেন নাই, দীনবন্ধুর স্মৃতি তাঁহার কষ্টকর হইয়াছিল। প্রায় আট নঘ বৎসর পরে “আনন্দ-মঠে”র উৎসর্গ-পত্রে “কুমারসন্তব” হইতে একটী শ্লোক উকৃত করিয়া আক্ষেপ করিয়াছিলেন, “হে ক্ষণভিন্নসোহন! আমাকে ফেলিয়া কোথায় গেলে! বঙ্গিমচন্দ্র তাই বলিয়াছিলেন, দীনবন্ধু “আমার কাছে প্রাণতুল্য বন্ধু”—বঙ্গিমচন্দ্রের হৃদয় বড় স্নেহপ্রবণ ছিল।

বঙ্গিমচন্দ্রের ধর্মশিক্ষা



শ্রাবণ মাসের “নারায়ণ” পত্রিকায় পশ্চিতরাজ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত যাদবেশ্বর তর্করত্ন মহাশয় “বঙ্গিমচন্দ্রের পিতৃপ্রসঙ্গ” শীর্ষক একটি প্রবন্ধ লিখিয়াছেন। উহাতে তিনি লিখিয়াছেন,—যখন আমরা উভয়ে প্রতিদিন সন্ধ্যার পর, ৮ডাক্কার ক্রমধন ঘোষের বাটাতে মিলিত হইলাম (আমি তখন রঞ্জপুরে এক জন ডিপুটি ছিলাম), ত্রি সময় বঙ্গিমপ্রসঙ্গ উঠিত ও আমার পিতৃদেবের কথা আমার মুখে শুনিতেন (ইহার প্রায় আট মাস পূর্বে আমার পিতৃদেব স্বর্গারোহণ করিয়াছিলেন) এবং তাহা অবলম্বনে আমাদের পিতৃপ্রসঙ্গ প্রবন্ধটি লিখিয়াছেন। ডাক্কার ক্রমধন ঘোষ এক জন অসাধারণ ব্যক্তি ছিলেন। তাহার গ্রাম আট মাস পূর্বে আমার পুরুষ আমি কদাচিত দেখিয়াছি। বঙ্গিমবাবুর সহিত তখন তাহার আলাপ পরিচয় ছিল না, তথাচ তাহার গ্রহণ পড়িয়া ডাক্কার ঘোষ গৌড়া হইয়া পড়িয়াছিলেন। তিনিই মধ্যে মধ্যে বঙ্গিমবাবুর কথা উপাপন করিতেন। আমি তখন বুঝিতে পারি নাই বে, পশ্চিতরাজ যাদবেশ্বর একদিন বাঙ্গালার পশ্চিত-সমাজের অগ্রণী হইবেন; তবে আমার ক্ষুদ্র বুঝিতে এটা আসিয়াছিল বে, তিনি এক জন আসাধারণ বুদ্ধিমান, এবং সংস্কৃত শাস্ত্রে বড় পশ্চিত।

বঙ্গিমবাবু সম্বন্ধে অনেকে অনেক কথা বলিয়া থাকেন, তাহার অধিকাংশই অমূলক । কিন্তু আঙ্গৈপের বিষয় এই যে, পশ্চিমতাঙ্গ যাদবেশ্বর তর্করত্ন মহাশয় ঐক্যপ একটা কথা লইয়া ‘নারায়ণ’-ক্ষেত্রে দেখা দিয়াছেন । সে কথাটা এই—“পাঞ্চাত্য শিক্ষার প্রভাবে ও সংসর্গদোষে বঙ্গিমচন্দ্রের পূর্বজীবন কিঞ্চিৎ বিক্ষিপ্ত হইলেও, পরে তাহা সংশোধিত হইয়াছিল । সৌভাগ্যবশতঃ পশ্চিম শশধর তর্কচূড়ামণি মহাশয় এই সময়ে আলবার্ট হলে হিন্দুধর্মের ব্যাখ্যা আরম্ভ করিয়া দেন । তাহার শ্রোতা ছিলেন, বঙ্গিমচন্দ্র, বন্ধুবর ইন্দ্রনাথ, * * শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার প্রভৃতি মনীষিগণ । ইহাতেও বঙ্গিমচন্দ্রের উপকার হয়, পিতৃপিতামহের ধর্মের নিকে আকর্ষণ বাঢ়িয়া উঠে ।”

এই কথা কত দূর অসম্ভব, তাহা বঙ্গিমচন্দ্রের ঐ বক্তৃতা সম্বন্ধে নিয়ে উক্ত মন্তব্য পাঠ করিলেই বুঝিতে পারা যাইবে । এই বক্তৃতা-সভায় দিন দুই যাইয়া বঙ্গিমবাবু আর যাইলেন না, তাহাতে অনেকে বিস্মিত হইয়াছিল, তবেও স্বপ্নসিঙ্ক লেখক শ্রীযুক্ত চন্দ্রচূর্ণ বন্দ্যোপাধ্যায় এক জন । তিনি গত বৈশাখ মাসের ‘নারায়ণ’ পত্রিকায় ‘বঙ্গিম-সূতি’ প্রবন্ধে লিখিয়াছেন,—“হই তিনটি বক্তৃতাৰ উপস্থিত হইবার পর আর তাহাকে (বঙ্গিমবাবুকে) দেখা গেল না । তখন আমাৰ তাহার সহিত সাক্ষাৎ কৰিবাৰ কোতুহল জন্মিল । আমি একদিন স্ববিধামত তাঁৰ সঙ্গে দেখা কৰিলাম । প্রসঙ্গকৰে তর্কচূড়ামণি মহাশয়ের বক্তৃতাৰ কথা তুলিলাম । তিনি হাসিতে হাসিতে বলিলেন, “কয়লিন তাঁৰ বক্তৃতা শুনিতে গিয়াছি-

লাম। ওরপ বৈজ্ঞানিক ব্যাখ্যাতে কতকগুলি অসার লোকে নাচিয়া ধরাকে সরা জ্ঞান করিতে পারে, কিন্তু ওতে কোন স্থায়ী ফল হইতে পারে না। মালা, তিলক ফোঁটা ও শিখা রাখায় যে ধর্ম টাকে, আর ঐগুলির অভাবে যে ধর্ম লোপ পার, সে ধর্মের জন্য দেশ এখন আর ব্যস্ত নহে। তর্কচূড়ামণি মহাশয়ের ব্রাহ্মণ-পণ্ডিত, তিনি এখনও বুঝতে পারেন নাই যে, নানাস্থলে প্রাপ্ত নৃত্য শিক্ষার ফলে, দেশ এখন উহা অপেক্ষা উচ্চ ধর্ম চায়। কি হইলে এদেশের সমাজ-ধর্ম এখন সর্বাঙ্গসুন্দর হয়, সে জ্ঞানই এইদের নাই, তাই যা খুসি তাই বলিয়া লোকের মনোরঞ্জনে ব্যস্ত।”

এই মন্তব্য পাঠ করিয়া কি বুঝা যায় যে, চূড়ামণি মহাশয়ের বক্তৃতা শুনিয়া বঙ্গিমবাবুর উপকার হইয়াছিল, এবং পিতৃপিতা-মহের ধর্মের প্রতি আকর্ষণ বাঢ়িয়াছিল ?

আসল কথা এই যে, পণ্ডিত শশধর তর্কচূড়ামণি হিন্দুধর্ম সম্বন্ধে ধারাবাহিকভাবে কতকগুলি বক্তৃতা দিবার উদ্দেশ্যে কলিকাতার আসিয়া বঙ্গিমবাবুর সাহায্য চান। তাহার নিকট সাহায্য চাহিবার কারণ এই যে, তখন তিনি “নবজীবনে” ও “প্রচারে” হিন্দু-ধর্মের ব্যাখ্যা করিতে আরম্ভ করিয়াছিলেন। বঙ্গিমবাবু স্বীকৃত হইলে তাহার বাটীতে ঐ উদ্দেশ্যে একটি অস্তরঙ্গ-সভা বসে ; তাহাতে অনেক সাহিত্যিক ও স্বধর্মনির্ণয় ভদ্রলোক উপস্থিত হন। Albert Hall বক্তৃতার স্থান স্থির হইল ; বক্তৃতার একটা দিনও স্থির হইল। প্রথম দিবসে বঙ্গিমচন্দ্র কেবল যে শ্রোতা ছিলেন, এমত নহে, তিনি সভা-

পতিতে বৃত্ত হইয়া চূড়ামণি মহাশরকে শ্রোতাদিসের নিকট পরিচিত করিয়া দিলেন। তার পর ছাই একদিনমাত্র উপুষ্টিত হইয়াছিলেন, আর যান নাই। তাঁহার বিবেচনার চূড়ামণি মহাশয়ের ব্যাখ্যাত ধর্ম এক্ষণে এই দেশের উপযোগী নহে।

ইহার বহুপূর্ব হইতে বঙ্গিমচন্দ্র ধর্মানুশীলনে প্রবৃত্ত হইয়াছিলেন। পিতৃদেবের উপদেশে এবং সংস্কৃত গ্রন্থাদি পড়িয়াই তাঁহার দুদরে প্রথম ধর্মের উদ্বোপন হয়। আমাদের মাতামহ সেকালে সংস্কৃত শাস্ত্রে এক জন অস্বিতীয় পাণ্ডিত ছিলেন। তিনি বহুব্যায়ে ও বহুযত্নে অনেক সংস্কৃত গ্রন্থাদি সংগ্রহ করিয়াছিলেন। এই গ্রন্থগুলি সেকালে দুষ্প্রাপ্য ছিল, এখন ত বটেই। বঙ্গিমবাবুর সংস্কৃতের দিকে বড় রোক দেখিয়া আমাদের মাতুল ঐ সমুদ্র গ্রন্থ তাঁহাকে দিয়াছিলেন। উহা পাইয়া তিনি প্রত্যেক গ্রন্থানি নৃতন খেরয়া কাপড়ে বাঁধিয়া একটি আলমারী সাজাইলেন, আলমারী ভরিয়া গেল। ইহার মধ্যে কোনু শাস্ত্র না ছিল! এমন কি, জ্যোতিষ ও তত্ত্বের পুঁথিও ছিল। সেজন্ত তিনি ফলিত-জ্যোতিষ শিখিয়াছিলেন। এই গ্রন্থগুলি পড়িয়াই বঙ্গিমবাবুর সংস্কৃত শাস্ত্রে পাণ্ডিত্য জন্মে। নতুবা শ্রীরাম শ্রাবণবাণীশ্বরের টোলে মাঘ, ভারবি, নৈবধ প্রভৃতি করেকথানি কাব্য পড়িয়া তাঁহার সংস্কৃত-বিজ্ঞার খতম হইত। এই সময় হইতেই বঙ্গিমচন্দ্র ইংরাজী গ্রন্থের পঠন ত্যাগ করিয়া কেবল সংস্কৃত গ্রন্থের অধ্যয়নে প্রবৃত্ত হইলেন। তার পর বখন হগলীতে বদলী হইয়া আসিলেন, তখন কয়ে বৎসর পিতৃদেবের নিকটে থাকিয়া, ধর্মসমষ্টজ্ঞ শিক্ষা পাইতে লাগিলেন। কিছুদিন চুঁচুড়ার থাকিতে হইয়াছিল;

ତଥାପି ରୁବିବାରେ ରୁବିବାରେ କାଟାଲପାଡ଼ାୟ ଆସିତେନ । ଏଇକାପେ ବକ୍ଷିମ-
ଚନ୍ଦ୍ରେର ହିନ୍ଦୁ-ଧର୍ମଶିକ୍ଷା ହଇଲ । ଏଇ ଶିକ୍ଷାର ପ୍ରଭାବେଇ ତିନି ତର୍କଚୂଡ଼ା-
ମଣିର ହିନ୍ଦୁ-ଧର୍ମ-ବ୍ୟାଖ୍ୟାୟ ଆହ୍ଵା ପ୍ରଦର୍ଶନ କରେନ ନାହିଁ, ଏଇ ଶିକ୍ଷାର ଫଳେଇ
ତ୍ବାହାର ମନ କଥନଓ ଧର୍ମ-ପ୍ରଚାରକଦେର ବକ୍ତୃତାୟ ଗଲିଯା ଗିଯା ହିନ୍ଦୁ-ଧର୍ମେର
ଦିକେ ପ୍ରବାହିତ ହୁଏ ନାହିଁ; ଏଇ ଶିକ୍ଷାର ଫଳେଇ ତିନି ଧର୍ମ-ତସ୍ତ, କୁଷ୍ଠ-
ଚରିତ, ଆନନ୍ଦମଠ, ଦେବୀଚୌଧୁରାଣୀ ପ୍ରଭୃତି ଉପତ୍ରାସ ଲିଖିଯାଛିଲେନ, ଏଇ
ଶିକ୍ଷାର ଫଳେଇ ତିନି ଗୀତାବ୍ୟାଖ୍ୟାୟ ପ୍ରବୃତ୍ତ ହଇଯାଛିଲେନ, ଏଇ ଶିକ୍ଷାର
ପ୍ରଭାବେଇ ତିନି University Institute-ର ବୈଦିକ ସାହିତ୍ୟ
ସମ୍ବନ୍ଧେ ଏକ ଧାରାବାହିକ ବକ୍ତୃତା ଆରଣ୍ୟ କରିଯାଛିଲେନ, କିନ୍ତୁ ଉହା ଶେଷ
କରିତେ ନା ପାରିଯା ସ୍ଵର୍ଗାରୋହଣ କରିଲେନ । କୋନେ ଧର୍ମପ୍ରଚାରକେର
ନିକଟ ତିନି ହିନ୍ଦୁ-ଧର୍ମ ଶିକ୍ଷା ପାନ ନାହିଁ । ତ୍ବାହାର ଏକମାତ୍ର ଧର୍ମୋ-
ପଦେଷ୍ଟା ଛିଲେନ ଆମାଦେର ପିତୃଦେବ । ଦେବୀଚୌଧୁରାଣୀ ଗ୍ରହଥାନି
ତ୍ବାହାକେ ଉଦ୍ସର୍ଗ କାରତେ ଗିଯା ଲିଖିଯାଛେ—“ଯାହାର କାଛେ ନିକାମ-
ଧର୍ମ ଶୁନିଯାଛି, ଯିନି ସ୍ଵର୍ଗ ନିକାମ ଧର୍ମ ଭବ କରିଯାଛିଲେନ—”
ଇତ୍ୟାଦି ।

ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରେର ଚୁଚୁଡ଼ାୟ ଥାକା କାଲେଇ ପିତୃଦେବେର ମୃତ୍ୟୁ ହୁଏ । ଏହି
ଘଟନାର ପରେଇ ତ୍ବାହାର ଭିତରେ ଏକଟା ଶୁଭତର ପରିବର୍ତ୍ତନ ହୁଏ । ଇହାର
ପରିଯାହା ଲିଖିତେନ, ତାହାଇ ହିନ୍ଦୁ-ଧର୍ମ ବୁଝାଇବାର ଉଦ୍ଦେଶ୍ୟ ଲିଖିତେନ;
ଇହାର ପୀର ସେ ଉପତ୍ରାସ ଲିଖିଯାଛିଲେନ, ତାହାତେଇ ଏଇ ଉଦ୍ଦେଶ୍ୟ ଥାକିତ ।
ପଣ୍ଡିତ ଶଶଧର ତର୍କଚୂଡ଼ାମଣି ଆପନାର କଷ୍ଟଦ୍ୱାରା ସେ ହିନ୍ଦୁ-ଧର୍ମେର ବ୍ୟାଖ୍ୟା
କରିତେଛେ, ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର କଲମେର ଦ୍ୱାରା ହିନ୍ଦୁ-ଧର୍ମେର ଠିକ ମେଇ ବ୍ୟାଖ୍ୟାଇ
କରିଯାଛେ, ଏମନେ ବଳା ଦ୍ୱାରା ନା ।

১৮৮১ সালে পিতৃদেবের মৃত্যু হয়। উহার মাস করেক পরে সঞ্জীবচন্দ্রের “বঙ্গদর্শনে” “আনন্দমঠ” প্রকাশিত হইতে থাকে। ১৮৮২ সালে “Statesman” সংবাদপত্রে হিন্দু-ধর্ম লইয়া Rey. Dr. Haste সাহেবের সহিত বঙ্গিমচন্দ্রের মসীযুক্ত হয়। ১৮৮৩ সালে বঙ্গদর্শনে “দেবীচৌধুরাণী” বাহির হয়। ১৮৮৪ সালে “নবজ্ঞাবনে”র প্রথম সংখ্যায় “ধর্মতত্ত্ব” প্রবন্ধাবলীর প্রকাশ আরম্ভ হয়। ত্রি সনের শ্রাবণের “প্রচারে” প্রথম সংখ্যায় “সীতারাম” বাহির হয়। ইহার পর ১৮৮৫ সালে পাণ্ডুলিপি শশধর তর্কচূড়ামণির বক্তৃতা আরম্ভ হয়। এখন পাঠক মহাশয়েরা বলুন দেখি, তর্কচূড়ামণি মহাশয়ের বক্তৃতায় বঙ্গিমচন্দ্রের মন হিন্দু-ধর্মের দিকে আকৃষ্ণ হইয়াছিল কি ?

বঙ্গিম সমষ্টকে পঙ্গিতরাজ আৱ একটি কথা লিখিয়াছেন, তাহাও অমূলক। যথা :—“সত্ত্ব মিথ্যা জানি না, স্বগীয় কৃধর চট্টোপাধ্যায়ের মুখে শুনিয়াছি, শেষ জীবনে নাকি বঙ্গিমচন্দ্র জপের মালা গ্রহণ করিয়াছিলেন।” আমি যত দূর জানি, বঙ্গিমচন্দ্র জাপক ছিলেন বটে, কিন্তু জপের মালা ঘূরাইয়া জপ করিতেন না। আমাদের পিতৃ-দেবও জাপক ছিলেন, তিনিও কখনও জপের মালা গ্রহণ করেন নাই। বঙ্গিমচন্দ্রের মৃত্যুর পূর্বে আৱ চারি বৎসর আমি আলি-পুরে বদ্দলা হইয়া তাহার নিকটেই ছিলাম, কই, কখনও ত জপের মালা ঘূরাইতে তাহাকে দেখি নাই।

পঙ্গিতরাজ ধাদবেষ্টৰ আমাদের পিতৃদেবের সমষ্টকে একটি ঘটনা লিখিয়াছেন, তাহা একপ শ্রাবণ সহিত লিখিয়াছেন যে, উহা আমি

চিরকাল স্বরণ রাখিব। তিনি লিখিয়াছেন,—ঐ ঘটনাটি আমার মুখে শুনিয়াছেন। সে আজ অনেকদিনের কথা, প্রায় ৩৪।৩৫ বৎসর হইবে। ১৮৮১ সালে আমার সহিত তাঁহার দেখাশুনা হয়। এই দীর্ঘকালে যে আমার পিতৃদেবের কথাটি তাঁহার স্বরণ আছে, ইহা আশ্চর্যের বিষয়। কিন্তু এই সময়ের মধ্যে নিজের ভিন্ন পরের কথা ভালঝুপ স্বরণ থাকা সন্তুষ্ট নহে, এজন্ত এ ঘটনার সম্বন্ধে তাঁহার দুই একটি ভুল হইয়াছে। আমাদের পিতৃদেব প্রতিভাশালী ব্যক্তি ছিলেন। আমরা তাঁহার সম্বন্ধে সেকালের প্রাচীন ও প্রাচীনাদের মুখে অনেক কথা শুনিয়াছি। ঐ গল্পগুলি এখানে বিবৃত করিতে আমার সাহস হয় না; কেন না, ঐগুলি আলোকিক ঘটনায় জড়িত। তবে এইঝুপ ঘটনাতে বুঝা যায় যে, সাধারণের ধারণা ছিল যে, পিতৃদেব বাল্যকাল হইতে দেবভক্ত ছিলেন, এবং দেবতা তাঁহার প্রতি প্রসন্ন ছিলেন। বোধ হয়, এই ভক্তির জন্মাই তগবান् তাঁহাকে অষ্টাদশ বৎসর বয়সেই এক মহাপুরুষের দ্বারা দীক্ষিত করিয়াছিলেন। পশ্চিতরাজ যাদবেশ্বর তাঁহার প্রবক্ষে দীক্ষা সম্বন্ধে বিশেষ কিছু লেখেন নাই। ঐ মহাপুরুষের দ্বারা পিতৃদেবের দীক্ষা হওয়াতে, এই গল্পটি আমাদের আত্মীয়স্বজনের মধ্যে প্রচলিত ছিল ও আছে, এবং আমিও পশ্চিতরাজকে ও ডাক্তার কে, ডি, ঘোষকে বলিয়া থাকিব। প্রায় চারি বৎসর হইল, দীনবস্তুবাবুর ষষ্ঠ পুত্র শ্রীমান् ললিতচন্দ্র এই ঘটনাটি “মানসী” পত্রিকায় লিখিয়াছিলেন, কিন্তু তাহা তাঁহার শুনা কথা। আমি যাহা নিয়ে লিখিব, তাহা ও আমার শুনা কথা।

আমাদের জ্যোত্তাত শকাশীনাথ চট্টোপাধ্যায় মহাশয় যাজপুরের নিমকপোক্তানের দারোগা ছিলেন। মেকালে ওটি একটি লোভনীয় পদ ছিল ; কেন না ঐ পদের নর্যাদাও থুব ছিল, এবং বেতনও ভাল ছিল। জ্যাঠামহাশয় ঐ স্থানে বহকাল ছিলেন, এবং সে দেশের লোকের নিকট তাঁহার যথেষ্ট প্রতিপত্তি হইয়াছিল। তিনি স্থানে একটি মন্দির প্রতিষ্ঠিত করিয়াছিলেন ; অগ্নাপি উহা কাশীনাথ-মন্দির বলিয়া খ্যাত। আমাদের দেশের অনেক লোক তাঁহার নিকট থার্কিয়া প্রতিপালিত হইত, তিনি সকলকেই এক একটি চাকুরীও দিয়াছিলেন ; তন্মধ্যে তাঁহার পিস্তুতো ভাই উভজকুষ মুখোপাধ্যায় এক জন ছিলেন। বালাকালে তাঁহারই নিকট নিম্নলিখিত ঘটনাটি শুনিয়াছিলাম ।—

পনর ঘোল বৎসর বয়সে পিতৃদেব তাঁহার পিতা কর্তৃক তিরস্কৃত হইয়া, আমাদের ঠাকুরের প্রধান পূজারীর নিকট কিছু টাকা কর্জ লইয়া একদিন রাত্রিযোগে গৃহত্যাগ করিয়া যাইলেন। যাজপুরে তাঁহার অগ্রজের নিকট যাইবার অভিপ্রায়ে যাত্রা করিলেন। পিতামহ পরদিন গ্রত্যুষে উহা জানিতে পারিয়া ছাইটা বিশ্বাসী লোক তাঁহার পশ্চাত পাঠাইলেন ; কিন্তু পথে তাঁহার সহিত তাহাদের দেখা হইল না। পিতৃদেব পদব্রজে করদিনে যাজপুরে পৌছিলেন, সেইথানে তাহাদের সহিত দেখা হইল। রাত্তাম তাঁহার কাপড় চাদর ও টাকাকড়ি চুরী গিয়াছিল কি না, শুনি নাই। যাজপুরে কিছুদিন থাকিয়া পারুসী ভাষা শিখিতে লাগিলেন। আমার জ্যাঠামহাশয় ঐ ভাষায় একজন প্রসিদ্ধ পণ্ডিত ছিলেন। পিতৃদেবকে

ঐ ভাষা শিখাইবার জন্য একজন মুক্তী নিযুক্ত হইয়াছিল। কিছুকাল পরে জ্যাঠামহাশয় অহুজকে একটিন্দি দিয়া পিস্তুতো ভাই ও দেশের লোকের তত্ত্বাবধানে তাঁহাকে রাখিয়া মাস কয়েকের জন্য ছুটী লইয়া বাড়ী আসিলেন। এক জন প্রধান কর্মচারী কাজ চালাইত ; পিতাঠাকুর কেবল দস্তখত করিতেন। কিছুদিনের পর তাঁহার জ্বর হইল। তখন তাঁহার অষ্টাদশ বৎসর বয়ঃক্রম। অতি অল্পদিনের মধ্যে তিনি সেহানের লোকের প্রিয় হইয়া উঠিয়াছিলেন। তাঁহার পীড়ার সংবাদ শুনিয়া প্রতিদিন প্রাতে ও সন্ধ্যায় অনেক লোক যাতায়াত করিতে লাগিল। জ্বর ক্রমে বৃদ্ধি পাইয়া বিকারে পরিণত হইল ; অবশেষে নাড়ীত্যাগ হইল এবং তাঁহাকে বৈতরণী-তীরস্থ করিতে হইল। প্রাণত্যাগ হইয়াছে বুঝিয়া, তাঁহাকে একখানি চাদরে ঢাকিয়া আস্থায়েরা সৎকারের উচ্ছেগ করিতে লাগিল। ইতিমধ্যে ভিড় চেলিয়া ভ্রমর-কুঞ্চিকুঞ্চিবিশিষ্ট জটাজৃতধারী, পরিধানে গেরুয়া বসন, পদ্ম-যুগলে থড়ম—এক অতি দীর্ঘকাস্ত পুরুষ সেই স্থানে উপস্থিত হইলেন। ইঁহার মৃত্তি দেখিয়া সকলে ভুমিষ্ঠ হইয়া ইঁহাকে প্রণাম করিল। ভজকুঞ্চ জ্যাঠামহাশয় তাঁহার পদ্মযুগল ধারণ করিয়া কাঁদিতে কাঁদিতে বালিলেন, “রক্ষা করুন!” ইঁহাকে দেখিয়া কাহারও শয়াসী বলিয়া ধারণ হইল না। সকলেই বুঝিল, ইনি দেবপ্রেরিত। এই মহাপুরুষ পিতৃদেবের নিকটে বসিয়া তাঁহার মুখ হইতে চাদর তুলিয়া দেখিয়া বলিলেন’ “কি সুন্দর ! ছেলোট কি সুন্দর !”—পরে বলিলেন, “মরে নাই, জীবিত আছে” এবং গরম হৃৎ

আনিতে অনুমতি কুরিলেন। এই স্থলে পাণ্ডিতরাজ লিখিয়াছেন যে সন্ন্যাসী মন্ত্রপূত জল ছিটাইতে ছিটাইতে পিতৃদেব সংজ্ঞাপ্রাপ্ত হইলেন। কিন্তু আমি শুনিয়াছি, মন্তক হইতে নাভি পর্যন্ত পুনঃ পুনঃ দুই হস্ত চালনা করাতেই পিতাঠাকুর পাশমোড়া দিলেন। ক্রমে ঐরূপ করিতে করিতে জ্ঞান প্রাপ্ত হইলেন। পরে কিছু দুঃখপান করাইয়া হরিধ্বনি করিতে করিতে তাঁহাকে বাসায় আনা হইল। মহাপুরুষ স্বেচ্ছায় পিতার সুঙ্গে বাসায় আসিলেন, পরে তাঁহাকে স্বৃষ্ট দেখিয়া যাইবার উদ্ঘোগ করিলেন। ইহা বুঝিতে পারিয়া পিতাঠাকুর শয়নাবস্থাতেই তাঁহার পদযুগল জড়াইয়া ধরিলেন। মহাপুরুষ বলিলেন, “ভয় নাই, তুমি স্বৃষ্ট হইয়াছ।” পিতাঠাকুর বলিলেন, “তাহা আমি জানি; তবে আমার একটি ভিক্ষা আছে।”

“কি ভিক্ষা? বল।”

“যদি আমার জীবনদান করিলেন, তবে আমায় দীক্ষিত করুন।”

মহাপুরুষ বিস্ময়বিক্ষারিতলোচনে অনেকক্ষণ পিতাঠাকুরের প্রতি চাহিয়া রহিলেন; পরে স্বীকৃত হইয়া একটি দিনস্থির করিয়া বলিয়া গেলেন যে, ঐ দিনের প্রত্যুষে স্নাত হইয়া থাকিবে, তিনি আসিয়া দীক্ষিত করিবেন। ঐ দিনের ঠিক সময়ে তিনি উপস্থিত হইলেন। পিতৃদেবকে আপাদমন্তক নিরীক্ষণ করিয়া বলিলেন, “না, তালুকুপ তোমার স্নান করা হয় নাই, এস, আমি বৈত্রীর নী হইতে তোমাকে স্নান করাইয়া আনি।” এই বলিয়া পিতাঠাকুরের হস্তধারণ করিয়া বৈত্রীর জলে তাঁহাকে অনেকবার ডুব দেওয়াইয়া লইয়া আসিলেন। আমাদের ভজকৃষ্ণ জ্যাঠামহাশয় তাঁহাদের পশ্চাদসুসরণ

করিয়া ইহা দেখিয়াছিলেন। পরে দ্বার স্বত্ত্ব করিয়া একটি ঘরে তাহার দীক্ষা আরম্ভ হইল। ইহা সমাপ্ত হইতে অনেক বিলম্ব হইল। বাসার লোকে অনাহারে ছিল। দীক্ষাকার্য শেষ হইলে, পিতার গুরুদেব দ্বার খুলিয়া নিষ্ঠাপ্ত হইলেন। সকলেই লক্ষ্য করিল, তাহার পায়ে খড়ম নাই, থালিপায়ে চলিয়া গেলেন। ভজকুষণ জ্যাঠামহাশয় তখন দীক্ষাঘরে পিতাঠাকুরকে দেখিতে প্রবেশ করিলেন। দেখিলেন, অষ্টাদশবর্ষীয় স্বন্দর কিশোর বালক পীতাম্বর-পরিধানে একটি আসনে বসিয়া হাসিতেছেন, কিন্তু তাহার ক্রোড়ে গামছা বাঁধা একটি পুঁটলী রহিয়াছে। তিনি পিতাঠাকুরকে জিজামা করিলেন, “তোমার ক্রোড়ে কিসের পুঁটলী দেখি।” যেমন কোন শিশুর হাতের পুঁতুল কেহ দেখিতে চাহিলে সে উহা বুকে করিয়া ‘না না’ বলে, আমার পিতৃদেব সেইরূপ চমকাইয়া “না, না, উহা দেখাইব না” বলিয়া পুঁটলীটি বুকে চাপিয়া ধরিলেন। পুঁটলীতে কি ছিল পাঠকের বোধ হয় জানিতে ইচ্ছা হইতেছে। উহাতে ছিল—তাহার গুরুদেবের পায়ের খড়ম ও উপবীত। অষ্টাদশ বৎসর বয়ঃক্রম হইতে অষ্টাশী বৎসর বয়ঃক্রম পর্যন্ত কখনও কোন দিন তিনি উহা নিজের কাছ-ছাড়া করেন নাই। ষদি সরকারী কার্য্যালয়কে কোন দিন কোন স্থানে রাত্রি কাটাইবার আবশ্যক হইত, উহা সঙ্গে লইয়া ধাইতেন। এইরূপে সত্ত্বর বৎসর উহা বুকে করিয়া রাখিয়া ছিলেন। প্রতিদিন প্রত্যুমে উহার পুঁজা করিতেন, এবং সেই সঙ্গে সন্ধ্যা-আহ্বিক জপ ইত্যাদি করিতেন। পরে শৃতুশ্যামুর উহা জ্যাগ করিয়া আমাদের বলিলেন, “উহাতে আমার গুরুদেবের

খড়ম ও উপবীত আছে। দীক্ষার পর তিনি গল্প হইতে উপবীত ও আমার প্রার্থনামুসারে তাঁহার পায়ের খড়ম দিয়াছিলেন।” পিতৃদেব কথনও তাঁহার শুরুদেবের কথা কহিতেন না। আজ পুঁটলী আমাদের দিয়া আদেশ করিলেন, “উহাতে পাথর বাঁধিয়া অতল-স্পর্শে নিক্ষেপ করিবে।” অতলস্পর্শ অনেক দূর, সেই সাগরসঙ্গমে। ততদূর যাইবার সুবিধা হইল না। ছগলীর নৌচে ঘোলঘাট খুব গভীর ছিল, ঐ স্থানে পাথর বাঁধিয়া উহা নিক্ষেপ করা হইল। পিতা ঠাকুরের মৃত্যুর পর আমরা উহা খুলিয়া দেখিলাম,—একযোড়া খড়ম, উহার ‘বৌল’ হাতীর দাতের, উহা এত বড় যে কলিযুগে মহুয়োর ব্যবহারোপযোগী নহে; আর দেখিলাম—উপবীত, স্থতার প্রস্তুত নহে, আমার অগ্রজদের বিবেচনায় উহা কোনও গাছের ছাল। বঙ্কিমচন্দ্র বলিলেন, তিক্বত দেশের গাছের ছাল; উহা তিন-দণ্ডি; মধ্যস্থলে একটি গ্রন্থি দ্বারা আবক্ষ। ঐ উপবীতের প্রত্যেক দণ্ডির উভয় পিঠে কি লেখা ছিল; কি ভাষা বুঝা গেল না; বঙ্কিমচন্দ্রের বোধ হইল উহা তিক্বতী ভাষা। এই খড়ম ও উপবীত দেখিয়া বুঝা যায় যে, আমাদের পিতৃগুরু এক জন সামাজি মানুষ অথবা বিভূতিমাধ্য সন্ন্যাসী ছিলেন না—তিক্বতী পাহাড়ের এক জন তাপম ছিলেন।

বঙ্কিমচন্দ্রের মৃত্যুর প্রায় ছই মাস পূর্বে একদিন ইরিবারে গড়ের মাঠে বেড়াইতে যাইবার অভিপ্রায়ে তিনি ও আমি বাড়ী হইতে বহিষ্ঠিত হইয়াছি, এমন সময়ে এক বাঙ্গির সহিত বাটীর সামনের গলিতে দেখা হইল। তাহার পরিধানে মালকোচামারা গেরুয়া

বুতি, গাত্রে গেৰুয়া জামা, মাথাৱ গেৰুয়া পাগড়ী। তিনি বঙ্গিম-চন্দ্ৰকে দেখিয়া হিন্দী ভাষায় বলিলেন, “আপনি কি বঙ্গিমবাবু? আপনার সঙ্গে কথা আছে?” বঙ্গিমচন্দ্ৰ জিজ্ঞাসা কৰিলেন, “আপনি কে? কোথা হইতে আসিয়াছেন?” তিনি উত্তৰ কৰিলেন, “আমি তিৰুত হইতে আসিয়াছি, সেই স্থানের কোনও ব্যক্তি আমাকে আপনার নিকট পাঠাইয়াছেন।” বঙ্গিমচন্দ্ৰ বলিলেন, “সেদেশের কোনও ব্যক্তিৰ সহিত আমাৰ আলাপ নাই।” তিনি বলিলেন, “আপনার নাই বটে, কিন্তু আপনার বাবাৰ ছিল।” তখন বঙ্গিমচন্দ্ৰ সম্মানেৰ সহিত তাহাকে গৃহে লইয়া গেলেন; সদৰ মহলেৰ তেতোলাাৰ একটা নিৰ্জন ঘৰে (ষে ঘৰে বসিয়া তিনি লেখা পড়া কৰিলেন) প্ৰবেশ কৰিয়া দ্বাৰ কুক্ষ কৰিলেন। আমি দোতালায় বৈঠকখানায় বসিয়া রহিলাম। গ্ৰাম রাত্ৰি আটটাৰ সময় দ্বাৰ খুলিলেন। আমি তাহাকে জিজ্ঞাসা কৰিলাম, ঐ ব্যক্তিৰ সহিত কি কথোপকথন হইয়াছিল, এবং উনি কে? কোনও উত্তৰ পাইলাম না। ইহার দুইমাস পৰে বঙ্গিমচন্দ্ৰ স্বৰ্গীয়োহণ কৰেন।

আমাৰ অগ্ৰজেৰ ধাৰণা ছিল যে, তাহার শুকন্দেবেৰ সহিত পিতৃদেবেৰ মধ্যে সাক্ষাৎ হইত, নতুৰা যে ধৰ্মে তিনি ব্ৰতী ছিলেন, উহা কোথাৱ পাইলেন? যাহা হউক, পিতৃদেবেৰ মৃত্যুৰ পূৰ্বে তাহার শুকন্দেব যে আসিয়াছিলেন, তাহা তাহার মৃত্যুশয্যায় প্ৰলাপে ব্যক্ত হইয়াছিল।

অর্জুনা পুক্ষরিণী

— ৩০ —

অনেকে এই পুক্ষরিণীকে বঙ্গিমচন্দ্রের “কুঁফকাণ্ডের উইলে” র “বারুণী” পুক্ষরিণী বলিয়া স্থির করিয়াছেন। তাহা ঠিক নহে। “বারুণী” পুক্ষরিণী বঙ্গিমচন্দ্রের কল্পনার স্মষ্টি মাত্র। এই পুক্ষরিণী বঙ্গিমচন্দ্রদিগের পৈতৃক। গ্রামোপাণ্ডে অতি নির্জন স্থানে উহার থনন হইয়াছিল; কিন্তু কোনু সময়ে উহা থাত হইয়াছিল, তাহা কেহ বলিতে পারে না। অর্জুনা পূর্বে স্বৰূহৎ জলাশয় ছিল; জল দেখা যাইত না; পদ্মপত্রে ঢাকা থাকিত; আর উহার উপর অসংখ্য পদ্মফুল বায়ুতাড়িত হইয়া ছিল। চারি দিকের পাড় আন্তর্কাননে সুশোভিত। এই আন্তর্বনের গাছে গাছে অসংখ্য পাথী বাস করিত। প্রাতে, বৈকালে ও সন্ধ্যায় সকল সময়েই তাহাদের কলরবে এই নির্জন সরোবরের চিরনিষ্ঠকৃতা কৃত হইত।

এই পুক্ষরিণী একস্বে মঞ্জিয়া গিয়া সঙ্গীর্ণ-আশ্রতন হইয়াছে, এবং পাড়ে পাড়ে প্রজ্ঞা বসিয়াছে। ইহার সে রম্যতা আর নাই।

“অর্জুনা”র উত্তরে বঙ্গিমচন্দ্রদিগের কুলবাগান ছিল। উহাতে

ଏକଟି କୁଦ୍ର ବାଗାନବାଟିଓ ଛିଲ, ଏକ ବ୍ୟକ୍ତି ଉହାତେ କିଛୁଦିନ ବାସ କରିତେ ପାରିତ, କୋନ୍ତେ କଟି ହଇତ ନା । ବନ୍ଧିମଚନ୍ଦ୍ରର ଜୋଷ୍ଟାଗ୍ରଜ ଏବଂ ବାଗାନେର ଶ୍ରୀବ୍ରଦ୍ଧି ସାଧନ କରେନ । ପରେ ବନ୍ଧିମଚନ୍ଦ୍ର ଉହା ଏକଟି ଉତ୍କଳ ଫୁଲବାଗାନ କରିଯାଇଲେନ । ତେର ଚୌଦ୍ର ବର୍ଷ ବୟାଙ୍କମେ ଜଳପାନ ପାଇଯା ଏବଂ ଟାକା ହଇଟେ, ଏବଂ ପିତୃଦେବେର ମାହ୍ୟ, ହଇତେ ହୃଦୟ କଲେଜେର ମାଲୀର ଦାରା ନାନାପ୍ରକାର ଫୁଲେର ଚାରା ଆନାଇଯା ରୋପଣ କରିଯାଇଲେନ, ଏବଂ ଶାନେ ଶାନେ ବିଶ୍ରାମେର ଜନ୍ମ ଇଷ୍ଟକ-ନିର୍ମିତ ବସିବାର ଶାନ ପ୍ରସ୍ତୁତ କରାଇଯାଇଲେନ । ଏବଂ ବାଗାନେର ପୂର୍ବ ପଶ୍ଚିମ ଓ ଉତ୍ତର ଦିକେ ବଡ଼ ବଡ଼ ମନ୍ଦା-କାଟାର ବେଡ଼ା ଛିଲ, ଆର ଦକ୍ଷିଣ ଦିକେ ଇଷ୍ଟକ-ନିର୍ମିତ ଭିତର ଉପର ରେଲିଂ ଛିଲ ଏବଂ ଏକଟି ଫଟକ ଛିଲ । ଏଇ ରେଲିଂଏର ପରଇ, ଅର୍ଥାତ୍ ବାଗାନେର ଦକ୍ଷିଣେଇ ‘ଅର୍ଜୁନା’ । ମାଠାଳ ଗ୍ରାମେ ଯାଇବାର ଜନ୍ମ କେବଳ ମଧ୍ୟେ ଏକଟି ସଙ୍କିର୍ଣ୍ଣ ରାନ୍ତା ଛିଲ । ବନ୍ଧିମଚନ୍ଦ୍ର ଏହି ଫୁଲବାଗାନେ ଓ ପୁଷ୍କରିଣୀର ପାଡ଼େ ବେଡ଼ାଇତେ ଭାଲବାସିତେନ ଏବଂ ଯତଦିନ ନା ତୀହାଦେର ବସତବାଟିର ସମ୍ମୁଖେ ଏକଟି ବୈଠକଥାନାବାଟି ନିର୍ମାଣ କରାଇଯାଇଲେନ, ତତଦିନ ଏହି ଫୁଲବାଗାନେ ସର୍ବଦା ଥାକିତେନ । ଏହି ଫୁଲବାଗାନେର ଏକ୍ଷଣେ ଆର କୋନ୍ତେ ଚିକ୍କ ନାଇ, ଏବଂ ଜରୀତେ ଏଥନ ପ୍ରଜା ବସିଯାଇଛେ ।

ଶ୍ରୀପୂର୍ଣ୍ଣଚନ୍ଦ୍ର ଚଟ୍ଟୋପାଧ୍ୟାୟ ।

বঙ্গবৎসল বঙ্কিমচন্দ্র



যখন স্কুল ও কলেজে পড়িতাম, তখন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় সংস্কৃতের ব্যবস্থা ছিল না। ঐ সকল পরীক্ষায় বাঙালাই তখন আমাদের “দ্বিতীয় ভাষা” ছিল। তথাপি বাঙালা ভাষা ও সাহিত্যের বড়ই অনাদর ছিল। কেবল যে বড় বড় ইংরাজীওয়ালারা উহার অবজ্ঞা করিতেন তাহা নহে; যাহাদিগকে উহাতে পরীক্ষা দিতে হইত, তাহারা ও অবজ্ঞা করিত।

বাঙালাভাষা ও সাহিত্যের যখন এইরূপ অনাদর, তখন বঙ্কিমবাবুর নাম প্রথম শুনি। শুনি যে, তিনি বাঙালাভাষায় ইংরাজী ধরণের একখানা উপন্যাস লিখিয়াছেন। বাঙালাভাষা আমি কখনই ল্লুণা করি নাই, তথাপি ঐ কথা শুনিয়া একবার মনে হইয়াছিল, এ আবার কি! এত ইংরাজী পড়িয়া বাঙালাস্ব বহি লেখা কেন! কিন্তু উহা ভিন্ন আর কিছুই ভাবি নাই। মনে বঙ্কিমবাবুর সম্বন্ধে অবজ্ঞার ভাব উদয় হয় নাই। ক্রমে শুনিলাম, তিনি ঐ রকম আর একখানা উপন্যাস লিখিয়াছেন। এবার কিন্তু প্রথমবারের মত মনে বিস্ময়ের ভাব একেবারেই অন্মে নাই। বরং বাঙালা ভাষার উপর আহা বাজিয়াছিল।

হিন কতক পরে শুনিলাম বঙ্গমবাবু আরও একথানা উপন্থাস লিখিয়াছেন। অনেকের মুখে তাহার পুস্তকগুলির প্রশংসা শুনিতে লাগিলাম। কাহারও কাহারও মুখে নিম্নাও শুনিলাম। আরও শুনিলাম, কেহ কেহ দুই চারিটি অঙ্কর ভুল প্রতিপন্থ করিবার জন্য প্রাণস্ত করিতেছেন এবং বঙ্গমবাবুর বিষম নিম্না রাটনা করিতেছেন। নিম্না শুনিয়া মনে হইল, বুঝিবা বঙ্গমবাবুর জন্য কাহারও কাহারও গাত্রদাহ আরক হইয়াছে। তখন ‘চুর্গেশ-নন্দিনী’, ‘মৃণালিনী’ ও ‘কপালকুণ্ডলা’ কিনিয়া পড়িলাম। ‘চুর্গেশনন্দিনী’ পড়িয়া মনে হইল, উহা ক্ষটের ‘আইভান হো’ পড়িয়া লিখিত। অনেকদিন পরে বঙ্গমবাবুকে ঐ কথা বলিয়া-ছিলাম। তিনি বলিয়াছিলেন,—‘চুর্গেশনন্দিনী’ লিখিবার আগে ‘আইভান হো’ পড়ি নাই। আর জিজ্ঞাসা করিয়াছিলেন,—“তুমই হিন্দু পেটুঁয়টে ‘চুর্গেশনন্দিনী’র নিম্না করিয়াছিলে ?” আমি বলিয়াছিলাম, “না, হিন্দু পেটুঁয়টে যে সমালোচনা হইয়াছিল তাহা তোমারই কাছে প্রথম শুনিলাম।” তিনি বলিয়াছিলেন,—“সমালোচনা অস্থায় হয় নাই এবং পড়িয়া মনে রাখিয়াছিলাম, উহা তোমারই লেখা—প্রতিকূল হইলেও অমন সমালোচনা পড়িয়া স্বীকৃত হয়—সমালোচক জানিতেন না যে, তখন আমি ‘আইভান হো’ পড়ি নাই, তাই নিম্না করিয়াছিলেন।”

তিনখানি উপন্থাস পড়িয়া বুঝিয়াছিলাম যে, বঙ্গমবাবু বাঙালি সাহিত্যে বিপ্লবের স্থষ্টি করিতে জন্ম গ্রহণ করিয়াছেন। আমি তাহার কিঞ্চিৎ পক্ষপাতী হইয়া পড়িলাম। তাহার

‘বঙ্গদর্শনে’র গ্রাহক হইলাম। ‘বঙ্গদর্শনে’ “বিষবৃক্ষ” প্রকাশিত হয়। কয়েকটি অধ্যায় প্রকাশিত হইলে পর, আমাদের দেশের এক শীর্ষস্থানীয় বাস্তি ‘বঙ্গদর্শনে’র প্রসঙ্গে অতিশয় ক্রোধ, বিরক্তি ও অবজ্ঞাব্যঞ্জক স্বরে আমার কাছে বলিয়াছিলেন—“ঞ্জ আবার ‘কুন্দনলিনী’ একটা কি বাহির হইতেছে?” তেমন লোকের মুখে ওরূপ কথা শুনিয়া আমার মনঃকষ্ট হইয়াছিল—সে মনঃকষ্ট এখনও যাম নাই, বোধ হয় কখনও যাইবে না। ‘বঙ্গদর্শন’ পড়িয়া যাহা বুঝিয়াছিলাম, উহা পড়িবার পূর্বে তাহা বুঝি নাই। বুঝিয়াছিলাম যে, বাঙালা ভাষায় সকল প্রকার কথাই সুন্দরজুপে বলিতে পারা যায়; আর বুঝিয়াছিলাম যে ভাষা বা সাহিত্যের দারিদ্র্যের অর্থ মানুষের অভাব। ‘বঙ্গদর্শন’ বলিয়া দিয়াছিল বঙ্গে মানুষ আসিয়াছে—বাঙালা সাহিত্যে প্রতিভা প্রবেশ করিয়াছে।

তখনও কিন্তু আমি বঙ্গিমবাবুকে দেখি নাই। না দেখিলে সকলে যাহা করিয়া থাকে, আমিও তাহা করিতাম। মনে মনে তাহার মৃত্তি কলনা করিতাম। তাহাকে দেখিয়াছিলেন এমন কেহ কেহ আমায় বলিতেন, ‘বঙ্গদের চেহারায় বুদ্ধি বেন ফাটিয়া বাহির হইতেছে।’ আমিও গোপণে মৃত্তি কলনা করিতাম। কিন্তু তাহাকে যখন দেখিলাম, তখন আমার কলিত মৃত্তি লজ্জার কোথায় লুকাইয়া পড়িল তাহার ঠিকানা রহিল না। ২২ কি ২৩ বৎসর হইল ‘কলেজ রিউনিয়ন’ নামে ইংরাজীগুরাবাদের একটা বাংসরিক উৎসব হইত। সকল কলেজের পুরাতন ও নব্য ছাত্রেরা বৎসরে একদিন কলিকাতার নিকটস্থ একটা বাগান-

বাটীতে সমৰেত হইয়া পড়াশুনা, কথোপকথন, আলাপ পরিচয়, জলযোগ প্রভৃতি করিতেন। শুনিতাম, এক্লপ করিলে দশজনের মধ্যে সন্তাব জন্মিয়া একতা স্থাপনের সুবিধা হয়। এখনও শুনিয়ে, এইক্লপ সম্মিলনাদি হইতে এইক্লপ সুফল লাভ করা যায়। আমি তখনও একথা বিশ্বাস করিতাম না, এখনও করি না। মানুষের মত মানুষ হইলে তাহাদের সম্মিলনে সুফল ফলিতে পারে, নহিলে পারে না। আমরা ত মানুষই নহি। তথাপি ত্রি 'কলেজ রিইউনিয়নে' যাইতাম। যাইতাম ওক্লপ কিছু মনে করিয়া নয়; যাইতাম—কৃষ্ণন্দেয়া, রাজেন্দ্রলাল, প্যারীচরণ, প্যারীচান্দ, রামশঙ্কর, বঙ্কিমচন্দ, উৎসরচন্দ প্রভৃতির স্থায় আমিও একজন কলেজোভীর্ণ—আমিও তাহাদের সমান, এই শ্লাঘার ভরে। এবং আমার বিশ্বাস যে, অনেকেই আমার স্থায় শ্লাঘার ভরে যাইতেন—সন্তাব স্থিতি বা বন্ধুত্ব বিষ্টারের আকাঙ্ক্ষী হইয়া কেহ যাইতেন না।

কিন্তু ও সকল কথা এখন থাকু। আমি দ্বিতীয় 'কলেজ রিইউনিয়নে'র সহকারী সম্পাদক হইয়াছিলাম। সম্পাদক হইয়া ছিলেন রাজা সৌরীজ্ঞমোহন ঠাকুর। সম্পাদক মহাশয়ের জোষ্ঠ ভাতার 'মরকতকুঞ্জ' নামক প্রসিক উদ্ঘানে সেবারকার উৎসব হয়। অভ্যাগতদিগের অভ্যর্থনা করিতেছি এমন সময়ে একটা বিহুৎ সভাগহে প্রবেশ করিল। অপরকেও যে ভাবে সভার্থনা করিতেছিলাম বিহুৎকেও সেইভাবে অভ্যর্থনা করিলাম নটে, কিন্তু তখনই একটু অস্থির হইয়া পড়িলাম। এক

বন্ধুকে জিজ্ঞাসা কৰিলাম—কে ? শুনিলাম বঙ্গিমচন্দ্ৰ চট্টোপাধ্যায়। আমি দৌড়িয়া গিয়া বলিলাম—‘আমি জানিতাম না, আপনি বঙ্গিমচন্দ্ৰ চট্টোপাধ্যায়—আৱ একবাৱ কৰমদৰ্দন কৱিতে পাইব কি ? সুন্দৱ হাসি হাসিতে হাসিতে বঙ্গিমবাৰু হাত বাড়াইয়া দিলেন। দেখিলাম হাত উষ্ণ। সে উষ্ণতা এখনও আমাৱ হাতে লাগিয়া আছে। সে হাত পুড়িয়া বায় নাই—আমাৱ হাতেৱ ভিতৱেই আছে। যে ভালবাসাইয়া বায়, আগুনে তাহাকে পুড়াইতে পাৱে না।

সে দিন বঙ্গিমবাৰুৰ সহিত আমাৱ অধিক কথাবাৰ্তা হয় নাই। কিন্তু সন্ধ্যাৱ পৰি রাজা সৌৱৰ্ণলমোহনেৱ মৃত্তিমান বাগানি (tableaux vivantes) দেখিবাৱ সময় তাহাকে জিজ্ঞাসা কৱিয়া-ছিলাম—‘আপনি আপনাৱ কোন উপন্যাসখানিকে সর্বোচ্চৰুষ মনে কৱেন ?’ ক্ষণমাত্ৰ চিন্তা না কৱিয়া, কিছুমাত্ৰ ইতস্ততঃ না কৱিয়া তিনি বলিয়াছিলেন—‘বিষবৃক্ষ’। তখন বোধ হয় ‘চন্দ্ৰশেখৱ’ পৰ্যন্ত লিখিত হইয়াছিল।

ইহাৱ কিছুদিন পৱেই এক বিচিত্ৰ ব্যাপারে আমাৱে বঙ্গিমবাৰুৰ সহিত সাক্ষাৎ কৱিতে হইয়াছিল। কলিকাতা সদৱ দেওয়ানী আদালতেৱ প্ৰসিদ্ধ উকিল ৩শ্ৰীকৃষ্ণকিশোৱ ঘোষ মহাশয়ৰে উইলস্ট্ৰে হাইকোৰ্টে এক ঘোৰন্দৰা উপস্থিত হয়। উইল বাঙ্গালায় লিখিত এবং উহাৱ একটি বিধানেৱ অৰ্থ লইয়া বিবাদ। এক পক্ষেৱ ইচ্ছা, বঙ্গিমবাৰুৰ স্বারা উহাৱ অৰ্থ কৱান। বঙ্গিমবাৰুকে সম্মত কৱাইতে আমাৱে অনুমোধ কৱা হৈব।

বঙ্গবাবুর পিতৃবন্ধু, ডায়মণ্ড হারবারের নিকটবর্তী সরিয়া-গ্রামনিবাসী ৩'রামকুমার বসু মহাশয়ের জ্যোষ্ঠ পুত্র আমির সহোদর সন্দৃশ দুর্গারামকে সঙ্গে লইয়া তাঁহার নিকটে গমন করিলাম। তিনি তখন হগলীর অন্যতম ডিপুটি ম্যাজিষ্ট্রেট; কাছাকাছি করিতেছিলেন। শামলা মাথায় দিয়া গিয়াছিলাম, কারণ আমি তখন প্রতিদিন বড় আদালতে হাওয়া থাইতে থাইতাম। আমাদিগকে দেখিয়া তিনি চিনিতে পারিলেন না—উকিল মনে করিয়া জিজ্ঞাসা করিলেন—‘আপনারা কোন মোকদ্দমায় আসিয়াছেন?’ আমি বলিলাম, ‘আমরা কোন মোকদ্দমায় আসি নাই, আমার নাম—।’ ‘চন্দ্রবাবু!’—এই বলিয়া উঠিয়াই দাঢ়াইয়া মহা সমাদরপূর্বক আমাদিগকে আপন পার্শ্বে বসাইলেন এবং আমাদের অনুরোধ রক্ষা করিবেন বলিলেন। কিন্তু নিজে এমন কষ্টকর অনুরোধ রক্ষা করিতে স্বীকার করিয়া আমাদিগকে একটি অতি স্বীকার অনুরোধ পালন করিতে স্বাকার করাইলেন—রবিবার তাঁহার বাড়ীতে আসিয়া আহার করিতে হইবে। বঙ্গচন্দ্রের গৃহে বঙ্গচন্দ্রের পার্শ্বে বসিয়া দেই আমার প্রথম আহার। আহার করিলাম—আদর।

সকলেই এখন জানেন, বঙ্গচন্দ্রের পৈতৃক বাড়ী জেলা ২৪ পরগনার অন্তর্গত কাটালপাড়া গ্রামে। পূর্ববঙ্গ রেলপথে গমনাগমন কালে অনেকে সে বাড়ী লক্ষ্য করিয়া থাকিবেন। কতক আচীন ধরণের, কতক নব্য ধরণের অট্টালিকা। সদর বাড়ীর বৃহৎ পূজার দালান ও প্রাঙ্গণ। দুর্গারাম ও আমি বেলা ষষ্ঠীর সময় পৌছিয়া দেখিলাম, সেই বৃহৎ প্রাঙ্গণে

গোবিন্দ অধিকারীর যাত্রা হইতেছে এবং পূজার দালানের প্রশংসন রোঘাকে সমস্ত সমবেত শোভবর্ণের মাথায় উপরে আপন মন্তক প্রায় অর্কাহস্ত উত্তোলিত করিয়া এক দীর্ঘকাল বিশালবপু বলিষ্ঠ বৃক্ষ বসিয়া আছেন। দুর্গারাম বলিলেন, ‘উনিই বঙ্কিমবাবুর পিতা, রায় যাদবচন্দ্র চট্টোপাধ্যায় বাহাদুর।’ আবার মন সন্তুষ্মে পরিপূর্ণ হইয়া উঠিল। বঙ্কিমবাবু এবং তাহার সহোদরদিগকে বড় পিতৃতত্ত্ব দেখিয়াছি—সকলেই যেন এইভাবে বিভোর—“আমাদের পিতা অসাধারণ শক্তি ও মহুর স্বরূপ আবিভূত হইয়াছেন।”

প্রাপ্তি বা পূজার দালানে বঙ্কিমবাবুকে দেখিতে না পাইয়া এক জন ভৃত্যকে জিজ্ঞাসা করিলাম, তিনি কোথায়? ভৃত্য বাহিরের একটি কুন্দ গৃহ দেখাইয়া দিল। গৃহটি একতলা, চট্টোপাধ্যায় মহাশয়দিগের শিবের মন্দিরের দক্ষিণ পার্শ্বে। উহা বঙ্কিমবাবুর নিজের বৈঠকখানা, স্বন্দর, পরিকার পরিচ্ছন্ন, যেমন আপনি ছিলেন তেমনই। অধ্যায়নের স্থবিধার জন্য এবং অপূর্ব লেখা লিখিবার ও বঙ্গদিগের সহিত অকৃত্রিম অপরিমেক্ষ আলাপ করিবার উপযোগী নিভৃততার জন্য ঐ গৃহটি বঙ্কিমবাবুর বড়ই প্রিয় ছিল। উহা এখন সাহিত্যসেবীদিগের পীঠস্থান হইয়াছে। পীঠস্থানের বর্তমান অবস্থা কিন্তু জানি না। অনেক দিন তথার যাই নাই: বড় আশা আছে, উহা বঙ্কিমচন্দ্রের প্রিয়তম দোহিত্রি দিয়েন্দুসুন্দরের পরম স্থান হইবে।

ঐ কুন্দ গৃহে গিয়া দেখিলাম, বঙ্কিমচন্দ্র পুস্তক পাঠ

କରିତେଛେନ୍। ଆମାଦିଗକେ ପାଇୟା ତାହାର ଆନନ୍ଦେର ସୌମ୍ୟ ରହିଲନା । ହାସିତେ ହାସିତେ ବଲିଲେନ,—“ଆପନାରା, ଯେ ମତ୍ତୁ ମତ୍ତାଇ ଆସିଯାଛେନ୍ । ଆମି ମନେ କରିଯାଇଲାମ, ଆସିବେନ ନା । ରବିବାର ଉକିଲଦେର ବାଡ଼ୀତେ ମକ୍କେଲେର ଭିଡ଼ ଲାଗେ । ମକ୍କେଲ ପାଇଲେ ଆପନାଦେର ତ ଆର କିଛୁଇ ମନେ ଥାକେ ନା ।” କାଟାଳ-ପାଡ଼ାର ବାଟିତେ ଅନେକବାର ଗିଯାଇଲାମ, ଏକବାରେର କଥା ବଲି । ନବମୀ ପୂଜାର ଦିନ ପ୍ରାତେ ଗେଲାମ । ସଞ୍ଜୀବବାବୁ, ବକ୍ଷିମବାବୁ ପ୍ରଭୃତି ପୂଜାର ଦାଳାନେ ବସିଯା ଆଛେନ୍ । ଦେବୀକେ ପ୍ରଣାମ କରିଯା ବସିତେ ଯାଇତେଛି, ବକ୍ଷିମବାବୁ ବଲିଲେନ,—ତା, ହବେ ନା, ରାଧାନାଥକେ ପ୍ରଣାମ କରିଯା ଆସିଯା ବ'ସ ।” ଦେବୀର ପ୍ରତିମାର ଦକ୍ଷିଣ ପାଞ୍ଚେ ଶୂନ୍ୟ ବିଗ୍ରହ ଦେଖିଲାମ । ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର ଏହି ବିଗ୍ରହର କଥା କୁହିତେ ବଡ଼ ଭାଲବାସିତେନ, ବଲିତେନ,—“ତାନି ଆମାଦେର ବଂଶେର ସର୍ବପ୍ରକାର ମଙ୍ଗଳ ବିଧାନ କରେନ, ସମସ୍ତ ଦୁର୍ଗତି ନାଶ କରେନ । ଆମାଦେର ସକଳ କଥା ଶୁଣେନ, ସବ ଆବଦ୍ମାର ରକ୍ଷା କରେନ, ରୋଗେ ଶୋକେ, ବିପଦେ ଆମରା ଉହାରଇ ମୁଖ ଚାହିୟା ଥାକି, ଉହାକେଇ ଧରି, ତାନି ଆମାଦିଗକେ ବଡ଼ ଭାଲବାସେନ ।” ଏମନ ସରଳଭାବେ ଏମନ ଭକ୍ତିଭରେ ରାଧାନାଥେର କଥା କୁହିତେନ ଯେ ଶୁଣିତେ ଶୁଣିତେ ଆମାର ଚକ୍ର ଜଳ ଆସିତ । ଏକବାର ବକ୍ଷିମବାବୁର ଜ୍ଞାନ ଏକଥାନି ଅଳକାର ଚାହିୟା ପାଠାଇ । ବକ୍ଷିମବାବୁ ଲିଖିଯାଇଲେନ—“ଅଳକାରଥାନି ଏଥନ ପାଇବେ ନା । ଆମାର ଆରୋଗ୍ୟ କାହନା କରିଯା ଆମାର ଜ୍ଞୀ ଉହା ରାଧାନାଥେର ନିକଟ ବନ୍ଦକ ରାଧିଯାଇଲେନ, ଏଥନେ ଉକାର ହସ୍ତ ନାହିଁ ।”

বঙ্গিমবাবু যে সময় কাঁটালপাড়াৰ থাকিয়া হৃগলীতে কৰ্ম কৰিতেন, সেই সময়েৰ মধ্যে আমি ডিপুটী ম্যাজিস্ট্ৰেট হইয়া ঢাকায় যাই। তিনি কিন্তু আমায় বলিয়াছিলেন—‘যাইতেছ যাও, কিন্তু ও কাজে থাকিতে পাৰিবে না।’ আমি ছয় মাসমাত্ৰ ডিপুটীগিৰি কৰিয়া উহাতে ইন্সফা দিয়া আসি। তাহার দিনকতক পৰে বঙ্গিমবাবু হৃগলীতে বাসা কৰেন। দুইটি বাড়ী ভাড়া কৰিয়াছিলেন। যোড়াঘাটেৰ ঠিক দক্ষিণ পাৰ্শ্বেৰ বাড়ীতে তাহার বৈঠকখানা, এবং বৈঠকখানাৰ দক্ষিণে দুইখানা বাড়ীৰ পৰ একটি বাড়ী তাহার অন্দৰ ছিল। অন্দৰ-বাটীৰ পূৰ্বাংশেৰ চাতালটি স্তোপিৰি নিৰ্মিত। উহার নীচে দিয়া গঙ্গাৰ শ্ৰোত প্ৰবাহিত হইত। ঐ চাতালে, দাঢ়াইয়া বঙ্গিমবাবু একদিন বলিয়াছিলেন—‘সন্ধ্যাৰ পৰ আমৰা এইখানে বসিয়া থাকি।’ বুঝিয়াছিলাম, নিশ্চিতে আপনাৰগুলিকে লইয়া ভাগীৰধী ভোগ কৰেন। তিনি শ্ৰোতস্থিনীৰ শোভা দেখিতে বড় ভালবাসিতেন। বৈঠকখানা-বাড়ীতে তিনটি ঘৰ ছিল; তন্মধ্যে মাৰোৱেৰ ঘৰটি সৰ্বাপেক্ষা বড়। সেই ঘৰে গঙ্গাৰ দিকে একটি বাতাগুনেৰ পাৰ্শ্বে একখানি ইঞ্জিচোৱাৰে বসিতেন। কথা কহিতেন, আৱ গঙ্গা দেখিয়া তাহার ক্লাস্তি বা বিৱৰণি হইত না। আমি প্ৰায় প্ৰতি শনিবাৰে সেখানে যাইতাম। কোন শনিবাৰ না গেলে তাহার বড় কষ্ট হইত। আমি প্ৰায়ই নৈহাটী দিয়া যাইতাম। নৌকাৰ আমাৰ দেখিতে পাইবামাত্ৰ ঘাটেৰ নিকটে জানালাৰ কাছে আসিয়া দাঢ়াইতেন। একবাৰ ঘাটে নৌকা পৌছিবামাত্ৰ আমি নামিলাম না দেখিয়া বলিলৈন,—‘এস।’ আমি

বলিলাম—‘যাৰ কি না তাই ভাবছি।’ যাইবামাত্ৰ হাসি, আৱ আলিঙ্গন। সে কথা আৱ কি বলিব।

বঙ্গমবাবুৰ থাওয়াইবাৰ বল্লোবস্ত বড় চমৎকাৰ ছিল। আদৰেৱ থাওয়া ভিন্ন তাঁহাৰ কাছে কথনই থাই নাই। যথনই গিয়াছি, দুই এক দণ্ড পৱেই নানা সামগ্ৰী প্ৰস্তুত দেখিয়াছি। যথনই আসিতে চাহিয়াছি, তথনই নানা সামগ্ৰী থাইয়া আসিয়াছি। ভাবিতাম, এ সব কি মন্ত্ৰে প্ৰস্তুত হয়! শীঘ্ৰই বুঝিতে পাৱিয়াছিলাম, মন্ত্ৰেই প্ৰস্তুত হয়—আৱ তাঁহাৰ পঞ্চাই সেই মন্ত্ৰ। আমি ত অনেকবাৰ গিয়া অনেক দেখিয়াছিলাম। আমাৰ আবিতুল্য বক্তু রামায়ণেৰ বিখ্যাত অঙ্গুবাদক হেমচন্দ্ৰ বিশ্বারত্ন একবাৰমাত্ৰ আমাৰ সঙ্গে গিয়া বলিয়াছিলেনঃ—‘বঙ্গমবাবু কি বক্তুবৎসল!’ একবাৰ সন্ধ্যায় কিছু পৱেই পৌছিয়া শুনিলাম, তাঁহাৰ জৱ হইয়াছে—তিনি অন্দৰে শুইয়া আছেন। কিন্তু সংবাদ পাইবামাত্ৰ উঠিয়া আসিলেন, আসিয়া নানা কথা কহিলেন। আমি যতক্ষণ আহাৰ কৱিলাম, ততক্ষণ আমাৰ কাছে উপবিষ্ট রহিলেন—যেন কোন অমুখই হয় নাই, যেন দেহে ও মনে শৃঙ্খিলা ভিন্ন আৱ কিছুই নাই।

বঙ্গমবাবু সাহিত্যামুৱাগীদিগেৰ সহিত আলাপ কৱিতে ভালবাসিতেন—আলাপ কৱিলে ‘ভাল থাকিতেন। সাহিত্য ও সাহিত্যামুৱাগীৰ সংসৰ্গ তাঁহাৰ যেন প্ৰাণবায়ু ছিল। সে সংসৰ্গ বা পাইলে তাঁহাৰ প্ৰাণ যেন কুলিয়া উঠিত। যেবাৰ হেমচন্দ্ৰকে লইয়া যাই, সেবাৰ গিয়া দেখি, মহামহোপাধ্যায় তাৱাৰপ্রসাদ চট্টোপাধ্যায় আসিয়াছেন। শীতকাল—সন্ধ্যা আগত-

প্রায়। শৈত্রই টেবিলের উপর দীপ জলিতে লাগিল। সকলে টেবিল বেঁচন করিয়া উপবেশন করিলেন। অতুল রূপ, সুন্দর অঙ্গসৌষ্ঠব, অপূর্ব কমনীয়তামিশ্রিত অসীম প্রতিভা ও পুরুষকার-বাঞ্জক মুখগোরূব লইয়া বঙ্গিমচন্দ্র যেন সংগ্রামের শায় শোভা পাইতে লাগিলেন। তখন তাহার অন্তরে কি আনন্দ! হেমচন্দ্র উপস্থিত—অগ্রে রামায়ণ ও মহাভারতের কথা আরম্ভ হইল; সেই কথা হইতে আরও কত কথা আসিল। বঙ্গিমচন্দ্রের কি সুর্ণি! সুর্ণিতে এই কথা কৃটিতে লাগিল—ইহাই ত স্থথ, ইহাই ত জীবন,—এই রকমই ত চাই।

সাহিত্যের সংস্কৰণাত্মেই বঙ্গিমচন্দ্র স্থথী হইতেন। এক শনিবার আফিস হইতে বেলা তিনটা কি চারিটার সময় তাহার কলিকাতার বাসায় গিয়া দেখি, অসুস্থতার জন্য তিনি মেজের উপর শ্যায় শুইয়া আছেন, আর দুইখানা কেদারায় দুইটি যুবক বসিয়া আছেন। একটি যুবককে আমি চিনিতাম। তিনি একখানা ক্ষুদ্র কবিতা-পুস্তক লিখিয়া বঙ্গিমবাবুকে উপহার দিতে গিয়াছিলেন। আমি যাইবার দুই চারি মিনিট পরেই যুবক দুইটি চলিয়া গেলেন। তখন তাহাদের সম্বন্ধে কিছুমাত্র বিবরণ প্রকাশ করিলেন না দেখিয়া আমি জিজ্ঞাসা করিলাম—‘ই’হারা কতক্ষণ ছিলেন?’ তিনি বলিলেন—‘দুই তিন ষষ্ঠী হইবে।’ সাহিত্যের সংস্কৰণ ছিল বলিয়াই বঙ্গিমবাবু অত ছোট যুবক দুইটিকে লইয়া অন্তক্ষণ হিঁর ধীর প্রস্তুত ভাবে ধাকিতে পারিয়াছিলেন। বুঝিয়াছিলাম, যুবকসম্বন্ধ তাহার নিকট উৎসাহ আপ্ত হইয়া গিয়াছেন।

মাতৃভাষার লিখিতে, বাঙ্গালা সাহিত্যের পৃষ্ঠাসাধন করিতে তিনি অনেককেই উৎসাহিত করিতেন। আমি কখনও বাঙ্গালা ভাষা ও সাহিত্য সূপা করি নাই। তখন চারিদিকে মাতৃভাষার নিকাশনিতাম, স্কুলেও উহা ভাল করিয়া শেখান হইত না। কিন্তু আমি লুকাইয়া বাঙ্গালার প্রবন্ধ লিখিতাম। লিখিয়া লুকাইয়া রাখিতাম—কাহাকেও দেখাইতাম না। বঙ্গিমবাবু যখন যোড়াঘাটের বাড়ীতে ছিলেন, তখন বাঙ্গালা লিখিবার জন্য আমার বড়ই পীড়াপীড়ি করিয়াছিলেন। আমি বলিয়াছিলাম—‘তম করে, বানান ভুল করিয়া হাস্তান্তর হইব?’ তিনি হাসিয়া বলিয়াছিলেন—‘বঙ্গদর্শন প্রেসে এক জন পণ্ডিত আছেন, তিনি বানান ঠিক করিয়া দেন।’ বঙ্গিমবাবুর যোড়াঘাটের বাড়ীতে আমি হরপ্রসাদকে প্রথম বঙ্গস্বরূপ পাই। হরপ্রসাদের বাড়ী নৈহাটীতে। তিনি সর্বদাই গঙ্গা পার হইয়া বঙ্গিমচন্দ্রের বাসায় যাইতেন। তাঁহাকে বঙ্গিমচন্দ্রের পরম-ভক্ত দেখিতাম, বঙ্গিমচন্দ্র ও তাঁহাকে অতিশয় ভালবাসিতেন, তাঁহার বুদ্ধি ও বিদ্যার প্রশংসা করিতেন, এবং তাঁহাকে বাঙ্গালা সাহিত্যের সেবায় উৎসাহিত ও নিয়োজিত করিতেন।

আলিপুরে বদলী হইলে বঙ্গিমবাবু কলিকাতায় বাসা করিয়াছিলেন। তখন প্রত্যেক ছুটার দিন ট্রেকালে ৮রাজকুষ মুখ্য-পাধায়, এবং আমি তাঁহার বাড়ীতে যাইতাম। নানাশান্তিজ্ঞ, গন্ধীরপ্রস্তুতি, বালকবৎসরসতা-শোভিত রাজকুষকে বঙ্গিমবাবু যেমন ভালবাসিতেন, তেমনই ভক্তি করিতেন। রাজকুষের মৃত্যুর দিন বঙ্গিমচন্দ্র বিস্ময় হইয়া পড়িয়াছিলেন। বঙ্গিমচন্দ্রের কলিকাতার

বাসায় তাঁহার আরও কয়েকটি বঙ্গু বড় অনুরাগভূতে আসিতেন—
অক্ষয়চন্দ্র সরকার, কলিকাতায় থাকিলে তিনি ; তারাকুমার কবিরঞ্জ,
বঙ্গিমের সহাধ্যায়ী বলাইচান দত্ত, কবি হেমচন্দ্র, কোমৎস্যতাবলম্বী
যোগেন্দ্রচন্দ্র । আর সর্বদাই সেখানে থাকিতেন—বঙ্গিমচন্দ্রের মধ্যম
দাদা সঞ্জীবচন্দ্র । বঙ্গিমবাবুর প্রতিভা ও হৃদয়ের মোহিনী শক্তিতে
আকৃষ্ট হইয়া আমরা তাঁহার কাছে যাইতাম ।

চন্দ্রনাথ বঙ্গু ।

বঙ্গিমচন্দ্রের প্রথম গদ্য রচনা



আমরা একপ কল্পনাপ্রিয় জাতি, রচনায় সত্য-মিথ্যার প্রভেদ
করা এত তুচ্ছ পদার্থ মনে করি যে, আমাদের দ্বারা কাহারও
জীবনচরিত লেখা, বোধ করি, হইতেই পারে না।* বঙ্গিমবাবু ত
অসাধারণ ব্যক্তি ছিলেন, সত্য মিথ্যা তাহাতে সকলই সাজে;
তাহার পর, আজি ১১/১৮ বৎসর তাহার মৃত্যু হইয়াছে, তাহার
সমস্ক্রমে অঙ্গীক-বাদ যে উঠিবে, আশ্চর্য নহে। আমি সামান্য
ব্যক্তি, এখনও ‘জলজীবন্ত’ জীবন্ত রহিয়াছি, আমার সমস্ক্রমেও
বিস্তর মিথ্যা কথা শুনিতে পাই। তাহাতে আবার আমার
পিতৃদেবকে লইয়া টানাটানি করা হয়।

আমার বক্ষ, জ্যোষ্ঠসহোদরোপম শ্রীযুক্ত দীননাথ ধর মহাশয়
“বঙ্গবাসী” প্রকাশিত গোপাল উড়ের উপার পরিশিষ্টে লিখিতে-
ছেন,—“এক সহরে উমেশ ভুলোর মধ্যে মনোবাদ ঘটিয়াছিল ;
ফলে, গোপাল উড়ের যাত্রার দুইটি দল হইল। শুনা যায়, শুপ্রসিদ্ধ
সাহিত্যিক চুঁড়া-নিবাসী শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয়ের
পিতা ধ্যাতনামা শগঙ্গাচরণ সরকার মহাশয় নিজ বাড়ীতে এই উভয়
দলের বাসনা করিয়া এ বিবাদ মিটাইয়া দিয়াছিলেন।” সর্বৈব
মিথ্যা। এ মিথ্যায় আবার একটু ক্ষতি আছে। আমাদের

বাড়ীতে তৎকাল-প্রসিদ্ধ সমস্ত ঘাতার দলের গাহনা হইয়াছিল, অথচ পিতৃদেব কথনও গোপাল উড়ের গান বাড়ীতে^{*} দেন নাই। কেন দেন নাই, অনেকে বুঝিতে পারিবেন। তবে আবার তিনি বিবাদ যিটাইবার জন্য সেই দলের বাহনা করিবেন কেন ?

একটা আমার নিজের কথা বলি। “আর্য্যাবর্ত্তে” “পুরাতন প্রসঙ্গ” নামে খ্যাতনামা শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য মহাশয়ের সহিত অধ্যাপক শ্রীযুক্ত বিপিনবিহারী গুপ্তের কথাবার্তা প্রকাশিত হইতেছে। বিপিনবাবু বলিতেছেন,—“পণ্ডিত মহাশয়কে জিজ্ঞাসা করিলাম, ‘বঙ্গিমবাবু কি কথনও আপনার Law Lectures শুনিতে আসিতেন ?’ তিনি বলিলেন, ‘আমার Law Lectures ?
* বঙ্গিমবাবু ?’ আমি বলিলাম, ‘আজ্ঞা হাঁ ; আপনার।’ তিনি বলিলেন, ‘না, কেন এ কথা জিজ্ঞাসা করিলে, বল দেখি ?’ আমি বলিলাম, ‘এক জন প্রবীণ সাহিত্যসেবী স্বীয় জীবনের পুরাতন ঘটনাবলির আলোচনা-প্রসঙ্গে ঐক্যপ একটি কথা লিখিয়াছেন ; ডেপুটি ম্যাজিস্ট্রেটের পোষাক পরিয়া বঙ্গিমবাবু আপনার ক্লাসে আসিয়া ছাত্রদিগের সহিত বেঁকে বসিয়া আপনার লেকচার শুনিতেন।’ তিনি বলিলেন, ‘দেখ, এ কথা সম্পূর্ণ অমূলক। ১৮৮৫ শ্রীষ্টাদের পূর্বে আমি Law-lecturer হই নাই। কথনও যে তিনি আমার ক্লাসে আসিয়াছিলেন, এমন আমার মনে হয় না। তবে আন্দাজ ১৮৬৬ শ্রীষ্টাদে বঙ্গিমবাবু ও আমি একত্র Law-class-এ লেকচার শুনিতে ঘাইতাম।’ প্রবীণ সাহিত্যসেবী এই অধম। আমি “পিতা পুত্র” প্রবন্ধে লিখিয়াছিলাম,—

“প্রেসিডেন্সি কলেজের আইনের তৃতীয় শ্রেণীতে বঙ্গিমচন্দ্রকে আমাদিগের সহাধ্যায়ী পাইয়া আপনাদিগকে গোরবান্বিত মনে করিলাম। * * * তৎকালিক সংস্কৃতাধ্যাপক—কুষ্ঠকমল ভট্টাচার্য মহাশয়—তিনিও ঐ তৃতীয় শ্রেণীতে আইন শিক্ষা করেন। অধ্যাপক বলিয়া সাহেব শিক্ষক উঠিয়া গেলে, তাহার অনুরোধে আমাদের রেজেষ্ট্রারী লইতেন। কুষ্ঠকমল বাবু প্রথম নামটি ধরিয়াছেন কি, বঙ্গিমবাবু অমনি উঠিলেন,—তাহার কাণের কাছে গিয়া চুপি চুপি বলিলেন,—‘আমাকে উপস্থিত লিখে লইবেন, মহাশয় !’ কুষ্ঠকমল বলিলেন, ‘আচ্ছা !’ অমনি বঙ্গিমচন্দ্র গোলদীঘির ধার দিয়া ছাতা ধরাইয়া সটানে সমানে চলিয়া গেলেন।”

একপ ভুল বা ভুম হওয়া নিতান্ত ক্ষোভের বিষয় ; বিশেষ, আমার প্রবন্ধ যখন ছাপান রহিয়াছে। তাহার উপর “আর্যাবর্দ্ধ”-সম্পাদক এক জন কৃতবিষ্ট প্রবীণ সম্পাদক ; তিনি আমার প্রবন্ধ পাঠ করিয়াছেন। একপ ভুল তাহার চক্ষু এড়াইয়া যাওয়া আরও ক্ষোভের বিষয়। আসল কথা, আমরা সত্য মিথ্যার ভেদ করা তুচ্ছ জ্ঞান করি।

বঙ্গিমবাবুর সম্বন্ধে কোনও কথা বলিতে যাওয়া এখন একক্রম ঘৰক্ষা রহিয়া উঠিয়াছে। বঙ্গিমবাবু বাণিজ্যিক মহৎ ব্যক্তি ছিলেন, মিথ্যা বলিয়া তাহাকে আরও বাড়াইতে যাওয়া একক্রম বাতুলতা। ১৩০২ সনের বৈশাখে শ্রীমান হারাণচন্দ্র লিখিলেন, “দেই দুই মাস ধাৰ পড়িয়া মেধাবী বঙ্গিম ধথাকালে প্রশংসন সহিত বি, এ, ‘পরীক্ষাৰ উত্তীৰ্ণ হইলেন।” এই শ্রাবণ মাসের “সাহিত্য” শ্রীমান-

শচৈশচন্দ্র লিখিতেছেন,—“পরীক্ষায় হই জনমাত্র উন্নীৰ্গ হইলেন, তাও আবার দ্বিতীয় বিভাগে। প্রথম স্থান অধিকার করিলেন বঙ্গিমবাবু, দ্বিতীয় হইলেন বাবু যদুনাথ বসু।”

এখন প্রকৃত কথা সরকারী বিবরণ হইতে শুনুন :—

“The necessity for reducing the standard, as the Court of Directors had advised, was at once seen from the poor results of the first examination, in which only two students from the Presidency College obtained degrees, and these were conferred by favour”.—*Report by the Bengal Provincial committee. 1884. Page 14. Para 45.*

এমন করিয়া, খুঁটিনাটি করিয়া চারিত লেখা চলে না। তাহাতে এমনও কেহ মনে করিতে পারেন যে, আমি বঙ্গিমবাবুকে খাট করিবার জন্য এইরূপ কথা লিখিতেছি। বাস্তবিক তাহা নহে। বঙ্গিমবাবুর মত মনীষী পাশ করিতে পারেন নাই বলিয়া বি, এ, পরীক্ষার কঠোরতা কমিয়া গেল, এবং আমার মত কত শত অভাজন বি, এ, পাস করিয়া কৃতার্থ হইল। আসল কথা, সত্য জানিতে পারিলে প্রকাশ করাই ভাল। তাহাতে ভাল ব্যতীত মন্দ হয় না।

কিন্তু সকল কথার প্রতিবাদ ত আর সরকারী বিবরণ দেখাইয়া করা যায় না। অধিচ বঙ্গিমবাবুর চারিতে বা চারিত্বে অনেক স্থিত্য ঘোষিত হইতেছে। সেইগুলির প্রতিবাদ করিবার উপায় কি? ধরন একটা কথা উঠিল—বঙ্গিমবাবু কেমন সাহসী ছিলেন। আমি

চরিত-লেখক হইলে, হয় ত এ সকল কথা তুলিতাম না ; কিন্তু তাহার আত্মীয়গণ তুলিলে সেই কথার কোনোক্ষণ উত্তর না দিলে চলে কই ? বঙ্গিমবাবু এক জন বিশেষ সাহসী পুরুষ ছিলেন, এমন কথা বলিলে মিথ্যা কথা বলা হয়। এখন যাহাকে ‘সাধুভাষা’^১ nervous বলে, তিনি মেইন্স্ক্রিপ্ট nervous ছিলেন। ডেপুটী মার্জিনেট ছিলেন বটে, কিন্তু ঘোড়া চড়িতে একেবারে পারিতেন না ; পর্যবেক্ষণে কথনও উঠেন নাই। কিন্তু তিনি nervous বলিয়া যে ভূত-ভয়-গ্রস্ত ছিলেন—এমনটা বলিলেও মিথ্যা বলা হইবে। ১৮৫৬ খৃষ্টাব্দে “ললিতা” প্রকাশিত হয়। এক খণ্ড আমার আছে। তাহাতে ভৌতিক গল্প, এমন কোন কথা নাই। ২২ বৎসর পরে, বঙ্গিমবাবু যখন প্রবীণ, তখন ঐটির পুনর্মুদ্রাঙ্কণ করেন। অনেক স্থলে খোল নলচে—হই বদলাইয়া দেন। তাহাতেই ছাপা আছে,—“ললিতা। ভৌতিকগল্প !” এই ভৌতিক কথা লইয়া, কোনও ভূতের ব্যাপারের সহিত গঁজের সম্পর্ক আছে, বুঝান হইয়াছে।

ঐক্ষণ্য বুঝান ভূল। প্রথম কথা, ১৮৫৬ খৃষ্টাব্দে যখন “ললিতা” ছাপান হয়, তখন “ভৌতিক গল্প” নাম ছিল না ; “পুরাকালিক গল্প” নাম ছিল। তাহার পর বঙ্গিমবাবুর বাজ্যা-বস্তায় কাঁটালপাড়ার চাটুয়েদের বাড়ীর দক্ষিণে থাল পর্যন্ত বিস্তীর্ণ খোলা মাঠ ছিল। তাহাতে আশে পাশে দুই একটা খোপ থাকিলেও, বড় গাছের অঙ্গুল একেবারেই ছিল না। আমি অবশ্য সে সময়ের কথার সাক্ষী নহি। তবে বঙ্গিমবাবুরই মুখে

শুনিয়াছি, তিনি সকালে বিকালে সেই ক্ষুদ্র প্রান্তরের শঙ্খ-শয়ায় উক্তর্মুখে শয়ান থাকিতে, ভালবাসিতেন। আর সেই যে প্রাণ ভরিয়া স্বতাবের শোভা-সন্দর্শন, তাহাতেই তাঁহার কবিত্ব-শক্তির ক্ষুরণ হইয়াছিল। সেই প্রভাতের বালাকুণচ্ছটা, সেই সন্ধ্যা-গগনের রক্তিম আভা, সেই চল-চল দুর্বিদলময় প্রান্তরের সবৃজ-লীলা, সেই চারিদিকের গাছপালার বিচ্চি হরিত সমষ্টি, মাথার উপর মেঘের সেই বর্ষব্যাপিমী লীলা-খেলা—নয়ন ভরিয়া, প্রাণ ভরিয়া দেখিবার সামগ্রী। কিন্তু আমরা তাহা দেখি কি? দেখি না। বঙ্গিমচন্দ্র বয়সকালে কিঞ্চিৎ colour-blind বা রঞ্জ-কাণ্ডা হইলেও অতি বাল্যাবস্থা হইতেই এই সকল দেখিতেন, প্রাণ ভরিয়া ভোগ করিতেন, আর সঙ্গে সঙ্গে আত্মহারা হইতেন। শীতল-সমীরণের নিয়ত সর-সরু শব্দ, প্রতঞ্জনের স্বন-স্বন স্বনন, সমৰে সময়ে পার্শ্বস্থ কুলার কুল-কুল রব, অজ্ঞ বিহঙ্গকুলের বিচ্চি কাকলি, কচিং উজ্জীব্যনান পক্ষীর পক্ষপুটধৰনি, এবং বাযুস্তর ভেদ করিয়া শন-শনু গতি-শব্দ—বালক বঙ্গিম কাণ ভরিয়া, প্রাণ ভরিয়া শুনিতেন, উপভোগ করিতেন; করিয়া স্বতাবের সৌন্দর্যের সঙ্গে তিনি যেকোপ স্থা সংস্থাপন করিয়াছিলেন, আর কয় জন বাঙালী সেকোপ করিয়া-ছেন, আমি জানি না। কাটালগাড়ার সেই প্রান্তরটুকু, বাঙালীর পুণ্যক্ষেত্র—গাছপালায় নষ্ট হইতে বসিয়াছে; তোমরা সকলে এই বেলা একবার দেখিয়া আসিও।

বুরা গেল, বঙ্গিমচন্দ্র বাল্যাবস্থা হইতেই স্বভাব-সৌন্দর্যের সেবক। এই সেবার শুণে তিনি সকলকোপ সৌন্দর্যের উপভোগ

করিতে শিথিয়াছিলেন। তিনি সেই জন্য এক জন প্রকৃত সাহিত্য-সেবক। এখন বাঙ্গালার সাহিত্য বিশ্ব ব্যাপারে প্রসার পাইয়া নিতান্ত অগভীর হইয়া পড়িতেছে। যাহারা এইরূপ প্রসারবৃক্ষিতে প্রশ্রয় দিতেছেন, তাহাদের সমীচীনতায় আমরা সন্দেহ করি। বঙ্গমের বাল্যাবস্থায় আবার ইহার বিপরীত ছিল; বঙ্গ-সাহিত্যের প্রসার তখন প্রায় কবিতা পর্যন্ত ছিল। যাত্রা, গান, কীর্তনের কথা এখন ধরিলাম না। তখন বঙ্গসাহিত্যের সমাট ছিলেন কবি দ্বিশ্বরচন্দ্র গুপ্ত। তখন কবিতার চর্চার নামই ছিল সাহিত্য-চর্চা। পূর্ব হইতেই কাব্য-গ্রন্থ-পাঠ আমাদের সাহিত্য-চর্চার সীমা ছিল। “কেবল পাঠশাল বলিয়া নয়, সকলেই রামায়ণ, মহাভারত পাঠ করিত; বৃক্ষ গঙ্গাতীরে ঘাটে বসিয়া, মুদী মুদীখানায় পাটে বসিয়া, পুরোহিত ঠাকুর উশিবের মন্দিরের ধারীতে বসিয়া, মোসাহেব মুখ্যে মহাশয় বড়মানুষের বৈঠকখানায় বসিয়া অবাধে শ্রোতৃমণ্ডলী-মধ্যে কৃত্তিবাস কাশীদাস পাঠ করিতেন। গোস্বামী ঠাকুর বিঝু-মন্দিরের দাওয়ায়, বাবাজীঠাকুর আখড়ার আঙিনার বৃক্ষতলে, বৈষ্ণব গৃহস্থানী পূজার দালানের দরদালানে, সেইরূপ শ্রোতৃমণ্ডলীমধ্যে ‘চৈতান্তচরিতামৃত’ পাঠ করিতেন। তত্ত্ব কবিকঙ্গের ‘চণ্ডী’, রামেখরের ‘শিবায়ন’, ঘনরামের ‘ধৰ্মমঙ্গল’, দুর্গাপ্রসাদের ‘গঙ্গাভজ্জি-তরঙ্গিণী’ প্রভৃতি গীত ও পঞ্চিত হইত। বছকাল এইরূপ চলিতেছিল, জৈবের গুপ্ত আসিয়া কাব্য সাহিত্যে একরূপ নৃতন ভাব আনিলেন।

তাহার কর্তৃক বঙ্গ-সাহিত্যে ঢল নাবিল; শ্রোত চলিতে লাগিল, একটা জীবন্ত ভাব আসিল। কেবল পোরাণিক প্রসঙ্গের নাড়াচাড়া

করিয়া সাহিত্য এখন আর সম্পৃষ্ট নহে। যখন সমাজে যে বিষয়ের আন্দোলন হয়, গুপ্ত কবি তখন সেই বিষয়েই কবিতা লেখেন; সমাজে সাহিত্যে যে ঘনিষ্ঠ সম্বন্ধ, তাহারই প্রমাণ দেন। তাহার পর, বর্ষার সময় বর্ষা-বর্ণন, গ্রীষ্মে গ্রীষ্ম-বর্ণন, বড় ঝড় হইলে ঝড়-বর্ণন করেন। ১লা বৈশাখের ‘প্রভাকরে’ সমগ্র পূর্ব বৎসরের ঘটনাবলির কাব্য-চিত্র প্রদান করেন। কেহ থৃষ্ণান হইতে গেলে, তখনই তাহার বিদ্রুপাত্মক কবিতা রচিত হইল। বিধবা-বিবাহের গোল উঠিল, ঝীঝৰ গুপ্ত ক্রমাগত সেই বিষয়ে পদ্ধ বর্ণণ করিতে লাগিলেন। কবিতা এখন আর নরবানরের যুদ্ধ লইয়া বা কোরব-পাণ্ডবের বিবাদ লইয়া সম্পৃষ্ট থাকে না—বাঙ্গালার সকল কথাই এখন বাঙ্গালা কবিতাতে আলোচিত হইতে লাগিল। কবিতা একটি জীবন্ত পদাৰ্থ হইল। বাঙ্গালীর স্মৃথ দুঃখের সহিত বাঙ্গালা কবিতার ঘনিষ্ঠ সম্বন্ধ সকলেই বুঝিতে পারিলেন।”

এই ঝীঝৰ গুপ্ত যখন স্মার্ট, তখন বঙ্গমবাবু নিতান্ত বালক। বালক তখন স্বভাবের সৌন্দর্য-উপভোগে অভ্যন্ত হইয়া সাহিত্যের রস-উপভোগে ব্রতী হইয়াছেন। “প্রভাকরে” পদ্ধ লিখিতে লাগিলেন। দীনবন্ধু, ধাৰকানাথ, গোপাল মুখোপাধ্যায়, কৃষ্ণসন্ধা মুখোপাধ্যায়, বঙ্গমের ষত সকলেই ঝীঝৰ গুপ্তের সাকৰেন। বঙ্গমবাবু নিজে বলিতেছেন—

“দেশের অনেকগুলি লক্ষপ্রতিষ্ঠ লেখক প্রভাকরের শিক্ষানবিশ ছিলেন। বাবু রঞ্জলারা বন্দ্যোপাধ্যায় এক জন। বাবু দীনবন্ধু মিত্র আৰ এক জন। শুনিয়াছি, বাবু মনোমোহন বসু আৰ এক জন। ইহার

ଅନ୍ତରେ ବାନ୍ଦାଲାର ସାହିତ୍ୟ ପ୍ରଭାକରେର ନିକଟେ ଥିଲା । ଆମି ନିଜେ ପ୍ରଭାକରେର ନିକଟେ ବିଶେଷ ଥିଲା । ଆମାର ପ୍ରଥମ ରଚନାଗୁଣି ପ୍ରଭାକରେ ପ୍ରକାଶିତ ହସ୍ତ । ମେ ସମସ୍ତେ ଈଶ୍ଵରଚନ୍ଦ୍ର ଗୁଣ୍ଠ ଆମାକେ ବିଶେଷ ଉତ୍ସାହ ଦାନ କରେନ ।”

ଅନ୍ତରେ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର ଆବାର ବଲିତେଛେ,—

“ସଥିନ ଈଶ୍ଵର ଗୁଣ୍ଠର ସଙ୍ଗେ ଆମାର ପରିଚୟ, ତଥନ ଆମି ବାଲକ—
ଶୁଲେର ଛାତ୍ର, କିନ୍ତୁ ତଥାପି ଈଶ୍ଵର ଗୁଣ୍ଠ ଆମାର ଶୃତିପଥେ ବଡ଼
ମୁଜ୍ଜ୍ବଳ । ତିନି ଶ୍ଵପ୍ନରୂପ ଶୁନ୍ଦରକାନ୍ତିବିଶିଷ୍ଟ ଛିଲେନ । କଥାର
ସବ ବଡ଼ ମଧୁର ଛିଲ । ଆମରା ବାଲକ ବଲିଯା ଆମାଦେର ସଙ୍ଗେ ନିଜେ
ଏକଟୁ ଗନ୍ତୀରଭାବେ କଥାବାର୍ତ୍ତା କହିତେନ—ତୀହାର କତକଗୁଲା ନନ୍ଦୀ
ଭୂମୀ ଥାକିତ—ବସାଭାସେର ଭାବ ତାହାଦେର ଉପରେ ପଡ଼ିତ । ଫଳେ
ତିନି ବସ ବ୍ୟତୀତ ଏକଦଣ୍ଡ ଥାକିତେ ପାରିତେନ ନା । ସ୍ଵ-ପ୍ରଣିତ
କବିତାଗୁଣି ପଡ଼ିଯା ଶୁନାଇତେ ଭାଲବାସିତେନ । ଆମରା ବାଲକ
ହଇଲେଓ ଆମାଦିଗକେ ଶୁନାଇତେ ସୁଣ କରିତେନ ନା । କିନ୍ତୁ ହେମଚନ୍ଦ୍ର
ପ୍ରଭୃତିର ଗ୍ରାୟ ତୀହାର ଆବୃତ୍ତି-ଶକ୍ତି ପରିମାର୍ଜିତ ଛିଲ ନା । ଯାହାର
କିଛୁ ରଚନା-ଶକ୍ତି ଆଛେ, ଏମନ ସକଳ ଯୁବକକେ ତିନି ବିଶେଷ ଉତ୍ସାହ
ଦିତେନ, ତାହା ପୂର୍ବେ ବଲିଯାଛି । କବିତା-ରଚନାର ଅନ୍ତ ଦୀନବର୍ଜୁକେ,
ଦ୍ୱାରିକାନାଥ ଅଧିକାରୀଙ୍କେ, ଏବଂ ଆମାକେ ଏକବାର ପ୍ରାଇଜ
ଦେଓଯାଇଯାଛିଲେନ । ଦ୍ୱାରିକାନାଥ ଅଧିକାରୀ କୁଞ୍ଜନଗର କଲେଜେର
ଛାତ୍ର—ତିନି ପ୍ରଥମ ପ୍ରାଇଜ ପାନ । ତୀହାର ରଚନା-ପ୍ରଗାଣୀଟା
କତକଟା ଈଶ୍ଵର ଗୁଣ୍ଠର ମତ ଛିଲ—ସରଳ ସ୍ଵଚ୍ଛ ଦେଖି କଥାର ଦେଖି ତାବ
ତିନି ବ୍ୟକ୍ତ କରିତେନ । ଆମ ସମସେଇ ତୀହାର ମୃତ୍ୟୁ ହସ୍ତ । ଜୀବିତ

থাকিলে বোধ হয় তিনি এক জন উৎকৃষ্ট কুবি হইতেন। দ্বারকানাথ, দীনবন্ধু, জৈগ্রন্থচন্দ্র সকলেই গিয়াছেন—তাহাদের কথাগুলি লিখিবার জন্য আমি আছি।”

অতি অল্প বয়সেই বঙ্গিমচন্দ্র ইংরাজি কবিতার রস উপভোগ করিতে পারিতেন। এই সময় হইতেই তিনি সংস্কৃত সাহিত্যের চর্চা করিতে থাকেন; কিন্তু সংস্কৃত অপেক্ষা ইংরাজী সাহিত্যে তিনি অধিকতর প্রবেশ লাভ করেন। বঙ্গিমের কোন কোন চরিত-লেখক বলিতেছেন, হগলি কলেজের প্রসিদ্ধ অধ্যাপক জিশানচন্দ্র বন্দ্যোপাধ্যায় হইতেই বঙ্গিমচন্দ্র ইংরাজি শিক্ষা করেন। আমি বলি না। কেন বলি না, তাহা বুঝাইতে গেলে কেবল খুঁটিনাটিতেই আমার প্রবন্ধ পূরিবা যাইবে, সে ত তাল হইবে না। চরিত-লেখক লিজেই বলিতেছেন,—বঙ্গিমবাবু, ১৭ সালে বি, এ, পরীক্ষা দেন, আর জিশানবাবু “১৮৬৪ সালে হগলী কলেজের হেডমাস্টার পদে নিযুক্ত হন।” তবে জিশানবাবুর কাছে বঙ্গিমবাবু শিখিলেন কবে? যাউক, ও সকল অসাবধানতার কথা আর তুলিব না।

বঙ্গিমবাবুর প্রথম গ্রন্থ—

“ললিতা

পুরাকালিক গল্প—

তথা

শানস

পাঠক মহাশয় অচ্যুত করিয়া ‘তথা’ কথাটি অস্মান

করিবেন। 'তথ' অর্থ—এবং বা ও। লিলিতা—পুরাকালিক গল্প, মানস তাহা নহে।

এই গ্রন্থ "কলিকাতা শ্রীবৈকুণ্ঠনাথ দাসের অমুর্বাদ যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইল। ১৮৫৬।" সালে। সেই সময়ের লেখা গ্রন্থকারের বিজ্ঞাপন অনুসারে এবং ২২ বৎসর পরের লেখা অনুসারে, এই গ্রন্থব্যাপকাশিত হইবার তিনি বৎসর পূর্বে, অর্ধাৎ ১৮৫৩ খৃষ্টাব্দে, "লেখকের পঞ্চদশ বৎসর বয়সে লিখিত হয়।" বঙ্গিমবাবুই বলিতেছেন—“প্রকাশিত হইয়া বিক্রেতার আলমারিতেই পচে— বিক্রয় হয় নাই।”

গ্রন্থের বিষয় কিছু বলার প্রয়োজন দেখিলে, পরে বলিব; আপাততঃ সেই গ্রন্থে গ্রন্থকার-লিখিত গন্ত বিজ্ঞাপনই আমাদের আলোচ্য। সেই বিজ্ঞাপনটি এই,—

বিজ্ঞাপন.

স্ব কাব্যালোচকমাত্রেরই অন্ত কবিতাদ্বয় পাঠে প্রতীতি জনিবেক যে ইহা বঙ্গীয় কাব্য রচনা রূপীতি পরিবর্তনের এক পরীক্ষা বলিলে বলা যায়। তাহাতে গ্রন্থকার কতদূর সুস্তুণ্ণ হইয়াছেন তাহা পাঠক মহাশয়েরা বিবেচনা করিবেন। তিনি বৎসর পূর্বে এই গ্রন্থ রচনা কালে গ্রন্থকার জ্ঞানিতে পারেন যে তিনি নৃতন পক্ষতির পরীক্ষা পদবীরূপ হইয়াছেন। এবং তৎকালে স্বীয় মানস মাত্র রঞ্জনাভিলাষজনিত এই কাব্যব্যক্তে সাধারণ সমীপবর্তী করিবার কোন কল্পনা ছিল না কিন্তু কতিপয়ঃ স্মৃতসজ্জ বক্তৃর মনোনীত

হইবার তাহাদিগের অস্তরোধামুসারে এক্ষণে জন সমাজে প্রকাশিত হইল। গ্রন্থকার স্বকর্মার্জিত ফলভোগে অস্তীকার নহেন কিন্তু অপেক্ষাকৃত নবীন বয়সের অজ্ঞতা ও অবিবেচনা জনিত তাৰৎ নিপিদোষের এক্ষণে দণ্ড লইত প্রস্তুত নহেন।

গ্রন্থকার।”

বি, এ, পরীক্ষার প্রশ্নপত্রে উপরের ঐ বিজ্ঞাপনটি থাকিলে, সকলেই হয় ত মনে কৱিতেন যে, ওটি পরীক্ষকদিগের মন-গড়া সদোষ লেখা। তাহা নহে; ওটি পরে গন্ত-লেখার সপ্রাচীন বঙ্গিমচন্দ্রের স্বরচিত বিজ্ঞাপন। পঞ্চদশ বর্ষ বয়সে তিনি কৱিতা দু'টি লেখেন; তিনি বৎসর পরে, অর্ধাৎ তাহার যখন আঠার বৎসর বয়স, তখন বিজ্ঞাপন লিখিয়া গ্রন্থ প্রচার কৱেন। তাহার পরই বর্ষকালমধ্যে তিনি বিএ পরীক্ষা দেন। এখন একবার এই সময়ের বাঙালা গদ্যের ইতিহাস আলোচনা কৱা যাউক।

খুচুরা গদ্য বা কড়চার কথা ছাড়িয়া দিলে, প্রথম যুগের গদ্য-লেখক রাজীবলোচন রায়, রামরাম বসু, মৃত্যুঞ্জয় বিদ্যালক্ষ্মাৰ, রামমোহন রায় ও ভবানীচৰণ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি। ১৭২৫ আষ্টাব্দ হইতে প্রায় সপ্তাহ শতবর্ষ এই যুগের পরিমাণকাল। ১৮৪৩ সালে “তত্ত্ববোধিনী”ৰ প্রকাশে বাঙালা গদ্য যুগান্তৰ উপস্থিত হইল। বঙ্গিমবাবুৰ ঐ লেখাটি ১৮৫৬ সালেৰ; মধ্যে একটি ছোট খাট যুগ অর্ধাৎ বার বৎসর গিয়াছে। এই সময়ের মধ্যে মুক্তামোৰ্ম বিদ্যাবাচীশ, মননমোহন, তারাশঙ্কুৰ, বিদ্যাসাগৱ, প্যারীচান,

অক্ষয়কুমার, রাজেন্দ্রলাল প্রভৃতি গদ্য গ্রন্থ লিখিয়া খ্যাতিলাভ করিয়াছেন। কৃষ্ণমোহন বন্দেপাধ্যায়, মার্শম্যান সাহেব, য়েটস্ (Yates) সাহেব প্রভৃতির কথা ধরিব না। মুক্তারামের ‘আরবীরোপাধ্যান’ ও ‘অপূর্বোপাধ্যান’, মদনমোহনের ‘ঝজুপাঠ’ বা তৃতীয় ভাগ শিশুশিক্ষা বাঙ্গালা গদ্যের আদর্শ। তখনও আদর্শ, এখনও আদর্শ। তারাশঙ্করের স্ত্রীশিক্ষাবিষয়ক প্রান্ত-পারিতোষিক প্রবন্ধ যেমন সরল রচনার দৃষ্টান্ত, তাহার ‘কাদম্বরী’ তেমনই শৰ্করাচৰ্টায় এবং ভাবঘটায় মোহকরী। ১৮৪৯ সালে বিদ্যাসাগর মহাশয়ের ‘জীবনচরিত’ প্রকাশিত হয়,—ইংরাজির এইরূপ প্রাঞ্জল অনুবাদ প্রায় দেখা যায়না। তাহার পর ‘বেতাল-পঁচিশ’ ও ‘বোধোদয়’। প্যারীচাঁদ মিত্র তখন ‘মাসিক পত্ৰ’ ও ‘আলালের ঘরের ছলাল’ প্রভৃতি প্রকাশিত করেন। বঙ্গিমবাবু বছপরে বলিয়াছেন যে, ঐ গ্রন্থ বাঙ্গালা গদ্যে যুগান্তৰ আনয়ন করে। অক্ষয়কুমারের তিনখানি ‘চাকুপাঠ’ ও ‘বাহু বস্ত্র সহিত মানব-প্রকৃতির সমন্বিতার’ প্রকাশিত হইয়াছে; আর বোধ করি রাজেন্দ্রলাল মিত্রের ‘প্রাকৃত ভূগোল’ ও ‘বিবিধার্থ-সংগ্রহে’র প্রথম ভাগ প্রকাশিত হইয়া থাকিবে। তা’ ছাড়া এই সময়ে ‘তত্ত্ববেধিনী’ ও ‘সমাচার-চৰ্কুকা’ ত ছিলই, ‘এডুকেশন-গেজেট’ ও প্রকাশিত হইয়াছিল।

যাহা হউক, ঠিকঠাক বলিতে পারি আর নাই পারি, বঙ্গিমবাবুর বিজ্ঞাপন লেখার সময় বাঙ্গালা গদ্য বঙ্গ-রসমঞ্চে অবতীর্ণ হইয়া অপূর্ব রং দেখাইতেছিল। বাঙ্গালায় গদ্য, একটা শিক্ষার উপায়,

এবং উপভোগের সামগ্রী হইয়াছিল। সাহিত্যের পুস্তার এখন আর কবিতার সীমাবদ্ধ থাকে নাই, গদ্যকেও আন্ত্মসাং করিয়াছিল; ঈশ্বর শুপ্তের সহিত ঈশ্বর বিদ্যাসাগরের নাম সমানে ঘোষিত হইতেছিল।

১৮৫৬ সালের বঙ্গিমবাবুর বিজ্ঞাপন-পাঠে মনে হয়, এই গদ্য-সম্পর্ক বঙ্গিমবাবু একান্ত উপেক্ষা করিয়াছিলেন। কেবল যে ‘অত্র কবিতা’র, ‘হইবায়’ এইরূপ শব্দ দেখিয়া বলিতেছি, এমন নহে। ‘হইবেক’, ‘জন্মিবেক’ এইরূপ কান্ত পদ আরও অনেকদিন পর্যাপ্ত ছিল। তাহার জন্মও বলি না। সমস্ত লেখাটা পড়িলেই মনে হয়, সাগরী যুগের রঞ্জ এই লেখায় একটুও প্রতিফলিত হয় নাই। সেই অপূর্ব গদ্যের প্রসাদগুণের প্রভাব এই বিজ্ঞাপনে প্রকাশ পায় নাই। মনে হয়, গ্রন্থকার সেই গদ্যের প্রভাব তখন অমুভব করেন নাই—প্রত্যুত সেই গদ্য একান্ত উপেক্ষাই করিয়াছেন।

‘অত্র কবিতা’, ‘মনোনীত হইবায়’ ইত্যাদি পরিকার আদালতি বাস্তুলা; তাহার পর আমরা যখন উপসংহার পাঠ করি,— “অপেক্ষাকৃত নবীন বয়সের অজ্ঞতা ও অবিবেচনা জনিত তাৎক্ষণ্যের অক্ষণে দণ্ড লইতে (গ্রন্থকার) প্রস্তুত নহেন”, তখন মনে হয়, কোন বালক আসামী রায় যাদবচন্দ্র চট্টোপাধ্যায় ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাহাদুরের সমক্ষে, উকীলের শিক্ষামত কাতরতা জানাইতেছে। লেখাটিতে আদালতি চং জাজলামান।

তাহার উপর আছে—পঞ্জিতি চং। অষ্টাদশ বর্ষ বয়সে টোলের

পড়া বঙ্গিমবাবু অনেক পড়িয়াছিলেন। তাহাতেই আমরা দেখিতেছি—তাহার ভাষায় পশ্চিমি প্রবেশ লাভ করিয়াছিল। ‘সুকাব্যালোচক’ পশ্চিমি বেশ, কিন্তু বাঙালি নহে। “গুণ হয়ে দোষ হৈল” বিদ্যার বিদ্যায়।—‘সু’ দেখিতেছি, তাহার হাতে পড়িয়া প্রায় ‘কু’ হইয়াছে। ‘সুকাব্যালোচক’, ‘সূত্রীণ’ আৰ ‘সুরসংজ্ঞ’, একেপ সু’ ত ভাল নহে। ‘সু’ ছাড়িয়া দেওয়া যাউক। ‘কাব্যালোচক’—যে আলোচনা কৰে, সে অবশ্য শাস্ত্রমত আলোচক; কিন্তু এইকেপ শাস্ত্র লইয়া আমরা ত লেখা-বলা কৰি না; কাব্যালোচক কথা ত তাহার পৰে আৱ খুঁজিয়া পাই না। ‘পদ্ধতিৰ পৱীক্ষা পদবীকৃত’—বেশ পশ্চিমি বটে, কিন্তু যে পাশ্চিমত্ববলে বিদ্যাসাগৰ মহাশয় বেতালপঞ্চবিংশতি গ্রন্থে লেখেন,—“পদবীতে পদার্পণ”, তাহা ত “পদবীকৃত” পদে পাওয়া গেল না। নব্য লেখক-গণকে বঙ্গিমবাবু উপদেশ দেন, “যাহা কিছু লিখিবে, সুন্দর কৰিয়া লিখিবে” ;—“পদবীতে পদার্পণে” যে সৌন্দর্য আছে, তাহা “পদবীকৃত”তে নাই।

এ সমালোচনা এই পর্যন্ত। আমরা কেবল এইমাত্র দেখাইতে চাই,—যিনি এক সময়ে বাঙালি গন্ধের শায়েনশা সন্তুষ্ট হন, তিনি আঠার বৎসৰ বয়স পর্যন্ত সেই ঐর্ষ্যময় গন্ধের আলোচনা কৰেন নাই, প্রত্যুত একান্ত অবহেলাই কৰিয়াছিলেন।

বাঙালি সাহিত্য বলিতে তখন সাধাৱণে বাঙালি কৰিতাই বুৰুজ। সে সাহিত্যে তাহার অবহেলা ত ছিলই না, গুণের শিয়াড়শীকাৱেই সে কথার ঘৰেষ্ট পরিচয় পাওয়া গিয়াছে। সংস্কৃত

সাহিত্যে তিনি তখন কিছু কিছু পাঠ করিয়াছিলেন। আর ইংরাজী কবিতা, সেক্সপিয়ার হইতে বায়ুরন, তিনি বিশেষ করিয়া অনুশীলন করেন। পূর্বেই বলিয়াছি, স্বভাবের সৌন্দর্য দেখিতে অভ্যন্ত হইয়া তিনি কবিতার সৌন্দর্য উপভোগ করিবার শক্তি লাভ করেন। যাত্রা, গান, কৌর্তনের কথা এখন বলিব না।

এ প্রবন্ধ এইখানেই থাক। দুইটা কথা আমি প্রথমে বলিলাম,— (১) বঙ্গমবাবু বি, এ, পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারেন নাই—কর্তৃপক্ষের favour বা অনুগ্রহে তিনি উত্তীর্ণ বলিয়া পরিচিত হন। এই কথাটির সরকারী দলীলী প্রমাণ দিয়াছি। (২) আর একটা কথা আমার অনুমান ; বঙ্গমবাবু তাহার আঁচার বৎসর বয়স পর্যন্ত বাঙ্গালা গন্ধের আলোচনা করেন নাই।

এই দুইটা কথায় বঙ্গমবাবুর প্রতিভার কি কিছু অবমাননা করা হইল? আমি বলি, তা ত নয়ই—প্রত্যুত তাহার প্রতিভার গৌরববৃক্ষি করিবার চেষ্টা করিলাম। প্রতিভা দুই ভাবে বুঝা যায়,— (১) “নবনবোন্মেষশালিনী বৃক্ষঃ প্রতিভা উচ্চাতে।” Inventive genius (২) আর এক কার্যাইলের মতে—“Indefategible exertion in pursuit of an object।” আমি যত দূর জানি, তাহাতে বুঝি—এই দ্বিতীয় প্রকার প্রতিভাতেই বঙ্গমবাবু আমাদের মধ্যে মহিমাপ্রিত হইয়াছেন।

উপসংহারে একটি নিবেদন করিব,—বঙ্গমবাবুর আশ্চৰ্য অনাদ্যীয় নব্য লেখকেরা বঙ্গ-চরিত লিখিবার সম্বৰ, একটু দেখিব। উনিয়া সতর্কতার সহিত যেন লেখনী চালনা করেন ; আমরা

কল্পনাপ্রিয় হোতি, সত্যমিথ্যার প্রভেদ আমরা ভাল করিয়া বুঝিবার চেষ্টা করি না,—এইরূপ একটা জাতীয় বা বিজাতীয় কলঙ্ক যে আমাদিগের উপর আরোপিত হইয়া থাকে, বঙ্গম বাবুর মত প্রতিভাবান् ব্যক্তির চরিত্রাকনে সেই কলঙ্ক যেন স্পষ্টীকৃত করা না হয়। এই ভাদ্রের চতুর্থীর চন্দ্র আমরা প্রতিনিষ্ঠিতই দেখিতেছি, কলঙ্ক আমাদের নিয়তই লাগিয়া আছে,—আপনাদের কৃত কার্যে সেই কলঙ্ক আবার বাঢ়াইব কেন?

বঙ্গমচন্দ্র ও বঙ্গদশ্মন

—*—

আমাৰ বহৱমপুৰে যাওয়াৰ কিছুদিন পৰৈ, বঙ্গমবাবু বহৱমপুৰে
যান। তিনি একুপ সভায় কথনও মিশিতেন না। কেন, তাহাৰ
আভাস, প্ৰেসিডেন্সি কলেজে, তাহাৰ যাওয়া আসাৰ পৰিচয়ে একটু
দিয়াছি। এখন আৱ একটু বলিতে হইতেছে। তাৎকালিক
বঙ্গম-চৱিত্ৰ চিত্ৰিত কৱিতে গিয়া, তাহাৰ অহঙ্কাৰেৰ কথা না বলা,
ঘোৱতৰ বিড়ম্বনা। বঙ্গমবাবু আমাদেৱ সমাজে, সাহিত্যে গোলাপ
ফুল। গোলাপেৰ কেবল পাপড়িৰ রং দেখিবে, মিঠা মিঠা সৌৱভ
দেখিবে, ঢল ঢল কৃপ দেখিবে; গোলাপেৰ বৃন্তে যে কাঁটা আছে,
তাহা কি দেখিতে নাই? গোলাপে কাঁটা আছে বলিয়া কি গোলাপেৰ
মৰ্যাদা কম?

“দেবেৱ দৃল্বতি নিধি,

বিৱলে বসিয়া বিধি

সমানৰে স্থজন কৱেছে।

নৱেৱ নিষ্ঠুৱ কৱে

পাছে লণ্ডণ কৱে

এই ভয়ে কণ্টকে ঘিৱেছে।”

এইকুপ বৰ্ণনা কৱিয়া পিতৃদেৱ খতুবৰ্ণনে গোলাপেৰ মৰ্যাদা বৃক্ষ
কৱিয়াছেন। বঙ্গম সহজেও যদি তাই হৱ? যদি সামাজিকদেৱ

ହାତେ ଲାଗୁଭଣ୍ଡ ହଇବାର ଭରେ, ବକ୍ଷିମକେ କେହ ଅହଙ୍କାରେର ଆଲୋକ ଆବରଣ ଦିଯା, ଘରିଯା ରାଖିଯା ଥାକେନ ? ଅନ୍ତ କଥା ବୁଝି ଆରନା ବୁଝି, ଏଇ ବୁଝି ସେ, ବକ୍ଷିମକେ ଅହଙ୍କାରୀ ବଲିଲେ ତୀହାର ମର୍ଯ୍ୟାଦା ହାନି କରା ହସନା । କୋନ ସତ୍ୟ କଥାତେ, କାହାରେ ହାନି କରା ହସନା ; ବିଶେଷ ବକ୍ଷିମ ଅହଙ୍କାରୀ ଛିଲେନ ବଲିଯା, ତିନି ଦାନ୍ତିକ ଛିଲେନ, ଏମନ କଥା ବଲିତେଛି ନା । ପିତୃଦେବ ଓ ଆମାର ସହିତ ପରିଚୟ-କାହିନୀ ଗୋଡା ହଇତେଇ ବଲା ଭାଲ ।

୬୦୧୩୧ ମାର୍ଚ୍ଚ ପିତା ସଥନ ଜାହାନାବାଦେ ମୂଲ୍ୟେ, ବକ୍ଷିମବାବୁର ମେଜଦାଦା ସଞ୍ଜୀବଚନ୍ଦ୍ର, ତଥନ ଜାହାନାବାଦେ ସବ ରେଜିଷ୍ଟ୍ରାର ହଇଯା ଗେଲେନ । ସେଇ ଅବଧି ତୀହାଦେର ଦୁଇ ଜନେ ବନ୍ଦୁସ୍ତ ହସନ । ବକ୍ଷିମବାବୁ ବହରମପୁରେ ଯାଇତେଛେନ, ବଲିଯା ସଞ୍ଜୀବବାବୁ ପିତାକେ ପତ୍ର ଲେଖେନ, ଆମାଦେର ବାସାୟ ଉଠିବେନ ବଲିଯା ଜାନାଇଯା ରାଖେନ, ଏବଂ କାହାରୀର ନିକଟ ବକ୍ଷିମବାବୁର ଜନ୍ମ ଏକଟା ବାଟୀ ଭାଡା କରିବାର ଜନ୍ମ ଅନୁରୋଧ କରେନ । ଆମି ଅବଶ୍ୟ ପାଁଚଟା ବାଡ଼ୀ ଦେଖିଯା ଶୁଣିଯା, ଏକଟା ବାଡ଼ୀ ଠିକ କରିଯା, ଝାଡ଼ାଇଯା ଝୁଡ଼ାଇଯା ରାଖିଲାମ, ଜଳ ତୁଳାଇଯା ରାଖିଲାମ, ଏକଟା ଠିକୀ ଚାକରକେଓ ରାଖିଯା ଦିଲାମ । ପୂର୍ବେଇ ବଲିଯାଛି, ବକ୍ଷିମବାବୁର କପାଳକୁଣ୍ଠା ପଡ଼ିଯା ଆମି କାବ୍ୟେ ଶୁଣ-ପଣାମ୍ବ ମୁହଁ ହଇଯାଛିଲ, ଶୁତରାଂ କେବଳ ଆତିଥ୍ୟେର ଥାତିରେ ନହେ, ଅନ୍ତରେ ଭକ୍ତିଭରେ, ଆନନ୍ଦମହକାରେ, ଏଇ ମକଳ କାର୍ଯ୍ୟ କରିଯାଛିଲାମ । ସଥାକାଳେ ବକ୍ଷିମବାବୁ ଆସିଲେନ, ଆହାରାଦି କରିଲେନ, ଶୁଣିଲେନ ସେ, ଆମି ଗୃହବାସୀ ଗଞ୍ଜାଚରଣ ବାବୁର ପୁତ୍ର, ବି, ଏଲ ପାଶ କରିଯା ବହରମପୁରେ ଓକାଳତି କରିତେ ଆସିଯାଛି । ଆହାରେର ପର ବିଶ୍ରାମ କରିଲେନ ;

বিশ্রামের পর বৈকালে আমরা পিতাপুত্রে গাড়ী কুরিয়া তাঁহাকে তাঁহার বাড়ী দেখাইতে লইয়া গেলাম। বাড়ী দেখিলেন, পছন্দ করিলেন, ঠিক চাকর তিনখানা কেনারা বাহির করিয়া দিল, আমরা তিন জন ক্ষণেক বসিয়া রহিলাম, বাসায় সকলে ফিরিয়া আসিলাম, বঙ্গমবাবু সে রাত্রি আমাদের বাসাতেই ঘাপন করিলেন। পিতার সহিত কথাবার্তা চলিল। পরদিন প্রাতে তাঁহার জিনিস-পত্র, চাকর ব্রাঞ্ছণ লইয়া, গাড়ী করিয়া তিনি নিজ বাসায় গেলেন, আমি গাড়ী করিয়া দিলাম, গাড়ীতে তুলিয়া দিলাম। হায়ে হায় ! তখনকার কথা মনে পড়িলে, এখনও বুক ফাটে ! এ পর্যন্ত বঙ্গমবাবু আমার সহিত একটী কথাও কহিলেন না, অধীনের প্রতি কপালকুণ্ডলাকারের করণা-কটাক্ষ হইল না। বাবা সব বুঝেন, সব জানেন, সব দেখিতেছিলেন, আমি ফিরিয়া উপরে গেলে, বলিলেন, “বঙ্গম গেল হে ?”

আমি বলিলাম, “হা !” “তোমার সহিত ছদিনে একটীও কথা হব নাই ?” আমি বলিলাম, “কথা কি, আমি যে একটা জীব, এই বাসায় থাকি, সে খবর হব ত, তাঁহাতে এখনও পৌছে নাই !” পিতা বলিলেন, “তাই বটে !” বলিয়া উচ্চ হাত্ত করিতে লাগিলেন। তাঁহার হাসির ফোঁয়ারায় আমার মনের মুঘলা ধূইয়া গেল ; পিছগোরবে আমি গোরবাপ্তি, আমিও হাসিতে লাগিলাম।

কাছারীর ফেরতা পিতা পুজ্জ ছই জনে বঙ্গমবাবুর স্মৃতিধা, অস্মৃতিধা কৃত দূর হইতেছে দেখিবার অস্ত, বঙ্গমবাবুর বাসায়

তাহাকে দেখিতে গেলাম । বঙ্গিমবাবু “আমুন” বলিয়া পিতাকে সংবর্দ্ধনা করিলেন । এবার মনে হইল, পিতাকে আমুনের সঙ্গে-ধনে, ত্র্যাকেটের মধ্যে আমিও যেন আছি । আমার নিযুক্ত সেই চাকর, সেইরূপ তিনখানি কেদারা বাহির করিয়া দিল, বঙ্গিমবাবুর আদেশমত পিতাকে তামাক দিল, আমরা তিন জনে বসিয়া রহিলাম । পিতার সহিত বঙ্গিমবাবুর কথোপকথন হইতে লাগিল । আমি জনান্তিকে দ্রুই এক কথার টোপ ফেলিতে লাগিলাম । বঙ্গিমবাবু কিন্তু টোপ ধরিলেন না । তবে আমি এবার বুক বাঁধিয়া গিয়াছি, বঙ্গিমবাবুর এই ভাব গায়ে কিন্তু মাখিলাম না ; তবে মনে মনে এমন ভাবটা হইয়া থাকিবে যে,—

“কাদা মাখা সার হ'ল মোর, মাছ ধরা হল না !”

এইরূপে দিন যায় । বঙ্গিমবাবু নিজেই বলিয়াছেন, দিন কাহারও জন্তু বসিয়া থাকে না । আমারও দিন আটকাইয়া রহিল না । যতদিন পিতা বহরমপুরে ছিলেন, ততদিন বঙ্গিমবাবু মাঝে মাঝে এক একবার আসিতেন, পিতার সহিত গল্প গুজোব করিয়া চলিয়া যাইতেন । তাহার পর পিতৃদেব চলিয়া গেলেন, আমি একা বাসায় রহিলাম । বঙ্গিমবাবু আর আসেন না । আমিও অবশ্য যাই না ।

কিসের একটা ৪১৫ দিনের ছুটি হইল । বঙ্গিমবাবুও বাড়ী আসিবেন, আমিও বাড়ী আসিব । নলহাটিতে আসিয়া দ্রুই জনের দেখা সাক্ষাৎ । সাত সাত ষষ্ঠী কাল, নলহাটিতে বিশ্রাম বা কষ্ট ভোগ করিতে হইবে, তাহার পর হস্ত ইষ্ট-ইঙ্গিয়ান গাড়ী আসিবে, নয় ত দ্রুই ষষ্ঠী বিশ্রামেও আসিতে পারে । সেকেও

ঝাসের বিশ্রামঘরে বসিয়া বঙ্গিমবাবু ও আমি। দিন যাব ত ক্ষণ যাব না। বহুদিন গিরাছে, কিন্তু এবার বঙ্গিমবাবু ক্ষণ কাটাইতে পারিলেন না। শুভক্ষণে, অতি শুভক্ষণে, বঙ্গিমবাবু কথা কহিতে লাগিলেন। এ কথা সে কথা, ও কথা, কোথা হইতে কিরূপ করিয়া পড়িল—রহস্যকার রেণ্ডের কথা। তখন দুই জনে অসিধার রেণ্ডের মুণ্ডপাত করিয়া, বসিয়া বসিয়া তৃপ্তিপূর্বক, দুই জনে সেই মুড়ি চিবাইতে লাগিলাম। চর্বণের সেই রসগৃহে, দুই জনের ভিতরে সহদয়তা জন্মিল, দিন দিন সেই সহদয়তা ক্রমে ক্রমে অবিচ্ছেদে বিশেষ বন্ধুতার পরিণত হইয়াছিল। তিনি বড়, আমি ছোট, তিনি বয়সে বড়, জাতিতে বড়, বিশ্বায় বড়, কুতিত্বে বড়, কিন্তু ছোট বড় বলিয়া বন্ধুত্বে কোনও বাধাত হয় নাই। বঙ্গিমবাবুর ‘বন্ধুবৎসলতা’র পরিচয় চন্দননাথ দাদা যথেষ্ট দিয়াছেন। আমি আর চন্দনে স্মরণি প্রক্ষেপ করিব কেন? আমাদের এই নব বন্ধুতার অচিরাতি এককূপ পরিণতি হইয়াছিল। দুই দিকে তাহার দুইকূপ ফল পাওয়া গিয়াছিল।* সেই কথার একটু সবিস্তার পরিচয় এক্ষণে দিব। পাঠক, আবার বলি, আমার আত্মস্মরিতা আবার মার্জনা করিবেন।

বহু পরে বঙ্গিমচন্দ্র “লুপ্ত-রঞ্জোক্তারে”র ভূমিকায় বণিতেছেন,— “উহাতেই (আলালের ঘরের ছলাল হইতেই) প্রথম এ বাঙ্গলা দেশে প্রচারিত হইল যে, যে বাঙ্গলা সর্বজনমধ্যে কথিত ও প্রচলিত, তাহাতে গ্রহণচনা করা যায়, সে রচনা স্মৃদরও হয়। বাঙ্গলা ভাষার এক সীমায় তারাশকরের কাদুরীর অভ্যন্তর আর

এক সীমায় প্যারীচান্দ খিত্তের আলালের ঘরের ছলাল। ইহার কেহই আদর্শ-ভাষায় রচিত নয়। কিন্তু আলালের ঘরের ছলালের পর হইতে বাঙ্গালী লেখক জানিতে পারিল যে, এই উভয় জাতীয় ভাষার উপর্যুক্ত সমাবেশ দ্বারা এবং বিষয়ভেদে একের প্রবলতা ও অপরের অল্পতা দ্বারা, আদর্শ বাঙ্গলা গদো উপস্থিত হওয়া যাব।” ছর্গেশনন্দিনী, কপালকুণ্ডল লিথিবার সমষ্টি বঙ্গিমবাবু যে সম্যক প্রকারে এই সত্য উপলব্ধি করিতে পারিয়াছিলেন, এমন আমার বোধ হয় না। তাহার ভাষার “লক্ষ্মত্যাগ”, “নিদ্রাগমন” প্রভৃতি সমস্ত পদ লইয়া কায়স্থকুলভূষণ রাজেন্দ্রলাল মিত্র “বিবিধার্থসংগ্রহে” বিদ্রপাঞ্চিকা সমালোচনা করিয়াছিলেন। আর কায়স্থকুলাধম আমি ভাষার একান্ত সংস্কারুসারিণী ভঙ্গি লইয়া বঙ্গিমবাবুর সহিত বিচার বিতর্ক করিয়াছি। মৃচ্ছকটিক নাটকে দেখিবেন, প্রাচীবিবাকের পাঞ্চাংপবিষ্ট কায়স্থ প্রাকৃতে কথা কহিতেছেন। কালীপ্রসন্ন সিংহ ইউন, দীনবন্ধু হউন, প্যারীচান্দ হউন, আর রাজেন্দ্রলালই হউন, আমাদের প্রাকৃতের দিকে একটু টান আছে। আমরা বুঝি ধর্মকার্যে, প্রস্তুত্বে, ছটাছন্দ-বিভূষিত কবিতার, সেই কবিতার লালিত্যে ও মাধুর্যে সংস্কৃতের প্রয়োজন। সংস্কৃত আমাদের গুরুজন। কিন্তু গুরুজন লইয়া ত সংসার হয় না। প্রধানতঃ পুত্র কল্প, দাসদাসী, বক্রবাক্ষব, এই সকল লইয়াই ত সংসার। এ সকল ত সংস্কৃত নয়, প্রাকৃত। তা বলিবা কেবল বিষয়কার্যের জন্য প্রাকৃত বা বাঙ্গলার প্রয়োজন, এমন নহে। জীবন্ত কাব্যের বাঙ্গালাই আন, অর্থাৎ প্রাণ।

বে কবিতা বুকের ভিতর দিয়া হৃদয়ে বসিয়া যাব, তাহা বাঙালীর পক্ষে বাঙালাতেই হওয়া সন্তুষ্টি। সাধারণ বর্ণনায় সাধারণ কথায় যেমন ভাব পরিষ্কৃট হয়, সংস্কৃতামুসারিণী হইলে তেমন হয় না। এইরূপ কথার বিচার বিতর্ক অনেক দিন চলিল। বঙ্গিমবাবু বিষয়কে “গুরু ঠেঙ্গাইতে” লাগিলেন। বিষয়কে উভয়রূপ ভাষার সমাবেশ হইল। তখন বিষয়ক হাতের লেখায়; ছাপান হয় নাই।

মধ্যবর্তীনী ভাষার স্থচনা হইতেই “বঙ্গদর্শন”-প্রচারের স্থচনা আরম্ভ হইল। কত দিন, কত জন্মনা চলিতে লাগিল। কয়ে জন লেখকের নাম দিয়া ভবানীপুরের খৃষ্টান ব্রজমাধব বাবু প্রকাশক-কল্পে বঙ্গদর্শনের বিজ্ঞাপন প্রচারিত করিলেন। লেখকগণের নাম বাহির হইল—

সম্পাদক—শ্রীযুক্ত বঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায়

লেখক—শ্রীযুক্ত দীনবন্ধু মিত্র

” হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

” জগদীশনাথ রায়

” তারাপ্রসাদ চট্টোপাধ্যায়

” কৃষ্ণকুমার ভট্টাচার্য

” রামদাস মেন

” অক্ষয়চন্দ্র সরকার

আর সকলে নামজাদা, কেবল আমিই নামহীন, অথচ আমার নাম ছাপা হইল। ইংরাজী, সংস্কৃত, বাঙালি নাম পুস্তক থাঁচিয়া

আমি “উদ্বীপনা” প্রবন্ধ প্রণয়ন করিলাম। বঙ্গিমবাবু বড় খুসী।

আমি তাঁহাকে কিছু না বলিয়া চুপি চুপি রামগতি শায়রৱৰ মহাশ্রবকে দেখাইলাম। ‘ভোগা’ ‘ভোজ্জ’ এই দু’টা কথায়, আমি একটা কি গোল করিয়াছিলাম। ব্যাকরণ ভুলই করিয়াছিলাম। তিনি সেটি সংশোধন করিয়া দেন। ব্রজমাধব প্রথম সংখ্যায়, আমার সেই প্রবন্ধের টিকি কাটিয়া বাহির করিলেন। প্রবন্ধের মুখটুকুও দেখা গেল নাই। বঙ্গিমবাবু এপলজি করিলেন বটে, আমি কিন্তু মনে মনে চটিয়া লাল। ওদিকে পিতাকে “বঙ্গদর্শন” পাঠান হয় নাই। তিনি চটিয়া আমাকে লিখিলেন—

“Why does not my friend Bankim Chandra send his Bangadarshan to me? I am able to understand it and can afford to pay for it.”

ঐ ক্ষুদ্র কথা কয়েটিতে পিতার বঙ্গসাহিত্যের প্রতি অনুরাগ এবং বঙ্গুর সামাজিক অবহেলায় “রাগ” বেশ বুঝিতে পারা যায়। অবশ্য বঙ্গদর্শন তাঁহার নিকট প্রেরিত হইল, এবং তিনি পাঠ করিয়া মহা আনন্দ প্রকাশ করিলেন।

১২৭৯ সালের ১লা বৈশাখ “বঙ্গদর্শন” প্রকাশিত হইল। মেই বৎসর দুর্গোৎসবের পর মাতাঠাকুরাণীর বায়ুরোগ বৃক্ষি পাওয়ায় আমি ওকালতি ছাড়িয়া দিলাম। বহুমপুরে আর গেলাম না, বাড়ী-তেই রহিলাম। ৮০ সালের বৈশাখ হইতে “বঙ্গদর্শনের” দ্বিতীয় খণ্ড বঙ্গিমবাবুদিগের বাড়ী কাটালপাড়া হইতে প্রকাশিত হইতে লাগিল।

জীববাবু কাঁটালপাড়াতেই প্রেস স্থাপিত করিলেন। ১২৮০ সালের ১১ই কার্তিক, অর্থাৎ আমি বাড়ী বসিয়া থাকিতে আরম্ভ করার এক বৎসর পরে “সাধারণী” প্রকাশিত হইল। আর সেই মাস হইতে, আমি “বঙ্গদর্শনে”র প্রাপ্ত গ্রহের সংক্ষিপ্ত সমালোচনা করিতে লাগিলাম। “সাধারণী”ও “বঙ্গদর্শন যন্ত্রালয়ে” কাঁটালপাড়ায় ছাপা হইতে লাগিল। ৮১ সালের শ্রাবণ মাসে, আমি চুঁচুড়ার কদমতলার আমাদের বাড়ীর সংলগ্ন আমাদের আর একটী বাড়ীতে, “সাধারণী যন্ত্রালয়” স্থাপনা করিয়া “সাধারণী” প্রকাশ করিতে লাগিলাম। *

অক্ষয়চন্দ্র সরকার।

* “বঙ্গভাষার সেবক” প্রথম ভাগে প্রকাশিত “পিতা পুত্র” অবক্ষ হইতে উক্ত।

বঙ্কিমচন্দ্র কাঁটালপাড়ায়



বঙ্কিমবাবুর বাড়ী আমার বাড়ী হইতে বেশী দূর নয়। নৈহাটী
চেশন হ'তে তাঁর বাটী ঘতটুকু দক্ষিণ, আমার বাড়ী প্রায় তত-
টুকু উত্তর-পশ্চিম। তাঁহাদের বাড়ীতে রাধাবল্লভ বিগ্রহ আছে, খুব
জাঁকাল নিত্য-ভোগ হয়, রোজ দশ সের চাল রান্না হয়, আর নয়
সিকা করিয়া নিত্য বাজারখরচ বন্দোবস্ত আছে। শুনিয়াছি, মুড়া-
গাছ। পরগণার রাধাবল্লভের খুব বড় একটা তালুক আছে। তারই
মুনাফা হ'তে তাঁহার সেবা চলে। দুইঘর চাটুয়ে মহাশয়রা রাধা-
বল্লভের সেবাইত, একঘর ফুলে, আর এক ঘর বল্লভী। বঙ্কিমবাবুরা
ফুলে। চাটুয়ে মহাশয়দের সেবার জন্য কিছু দিতে হয় না। কেবল
উহাদের মধ্যে যাঁহাদের অবস্থা তত ভাল নয়, ভোগের এক অংশ
তাঁহাদের বাড়ীতে যায়। অনেক গরীব দুঃখী লোক মধ্যে মধ্যে
রাধাবল্লভের প্রসাদ পাও। রাধাবল্লভের বারমাসে তের পার্বণ হয়।
কিন্তু রথে খুব জাঁক হয়। রথখানি পিতলের, বেশ বড়। বারমাস রথ-
খানি গোলপাতার ছাউনিতে ঢাকা থাকে। রথের সময় উহা বাহির
করিয়া ঘরে ঘেঁজে চক্রকে করিয়া লওয়া হয়। রথের সময় বঙ্কি-
বাবুদের বাড়ীর দক্ষিণে একটা খোলা জারগার বেশ একটা মেলা

হয় ; প্রচুর পাকা কাঁটাল ও পাকা আনারস বিক্রি হয়, তেলেভাজা পাঁপোর ও ফুলুরির গাঁদি লাগিয়া যায়, আট দশখানা বড় বড় মুরুর দোকান বসে, গজা, জিলিপি, লুচি, কচুরি, মিঠাই, মিহিদানা, মুড়ি-মুড়িকি, মটর-ভাজা, চিঁড়ে, চিঁড়েভাজা যথেষ্ট থাকে। আগে ঘিরের খাজা থাকিত ; এখন আর সেগুলি দেখিতে পাওয়া যায় না। মেলায় মণিহারী দোকান অনেকগুলি থাকে। তাহাতে নানা রকম বাঁশী, কাগজের পুঁতুল, কাঠীর উপর লাফ দেওয়া হমুমান, কটকটে ব্যাঙ, কিনিতে পাওয়া যায়। এ সব ত গেল ছেলেদের। বুড়োদের একটী বড় দরকারী জিনিস এই মেলায় বিক্রি হয়—নানা রকম গাছের কলম। আমাদের দেশে যাহারা বাগান করিতে চায়, তাহাদের চারা কিনিবার এই প্রধান সুযোগ। অনেক নারিকেলের চারা, আমের কলম, নেবুর কলম, সুপারির চারা, লকেট ফলের গাছ, গোলাপ-জামের গাছ, পিচের গাছ, সবেদার গাছ, ফল্সার গাছ, এবং গোলাপ, শুই, জাতি, বেল, নবমালিকা, কার্মিনী, গন্ধরাজ, মুচুকুল, বক, কুরচি, কাঞ্চন, টগুর, সিউলি প্রভৃতি নানা ফলের চারা ও কলম পাওয়া যায়। মেলা আট দিন হয়। প্রথম প্রথম বলিয়া দিলে মালীরা, যে কোনও গাছের চারা চাওয়া যায়, আনিয়া দিতে পারে।

আগে পুঁতুল-নাচের থুব ভাল ব্যবহা ছিল। প্রকাণ্ড এক দোচালার মধ্যে প্রায় চলিশ পঞ্চাশ রকমের পুঁতুল নাচ হইত। সৌতার বিবাহ, লবকুশের যুদ্ধ, কালীমন্দির, এ সব ত ছিলই ; তার উপর একটা মকদ্দমার সঙ্গ ছিল—জসাহেব বসেছেন, পেশকার কাগজ পেশ করিয়া দিল, কাঠগড়ায় আসামী থাকিল, সাক্ষীর

জ্বানবন্দী হইল, উকিলের বক্তৃতা হইল, জজসাহেব রায় দিলেন, আসামীর ফাঁসী শাস্তি হইল, ফাঁসীও হইল। ফাঁসীকাঠে ঝুলিলে আসামীর কাপড়ের ভিতর দিয়া এক রকম পদার্থ বাহির হইত দেখিয়া ছেলেরা হাসিয়া খুন হইত। আর এক রকম সঙ্গ ছিল—আহ্লাদে পুঁতুল। তার এক গাল হাসি লাগিয়াই আছে। সে হাত পা নাড়ে, আর হাসে।

রাধাবল্লভের বাটীর গেটের বাহিরেই গুঞ্জবাড়ী, একখানা খুব বড় পাঁচালা ঘর। গুঞ্জবাড়ী বলিলে অনেকেই মনে করেন, কৃষ্ণ রথের সময় মাসীর বাড়ী যাইতেন; সেখানে অনেক ফুলের গাছ ছিল; কুঞ্জ ছিল; কুঞ্জ হইতে গুঞ্জবাড়ী হইয়াছে। কিন্তু সে কথাটা ঠিক নয়। গুঞ্জ শব্দের মূল—গুণিচা; অর্থ, কুঁড়ে ঘর, তামিল ভাষার শব্দ। উড়িয়ারা জগন্নাথকে গুণিচা বাড়ী লইয়া যায়, তাই দেখিয়া বাঙালীয়াও কৃষ্ণকে গুঞ্জবাড়ী লইয়া যায়। বঙ্গিমবুদ্ধের পাঁচালায় কৃষ্ণ আটদিন থাকেন; দিনের বেলায় পুরুষেরা দর্শন করে; সন্ধ্যার পর নানা গ্রামের বৌ, বী, গিন্নীবানী, আধাবয়সী ও বৃত্তীরা আসিয়া দেখিয়া যায়। রাধাবল্লভের পূজারি প্রায়ই একজন খুব বেশকার। নীলমণি ঠাকুর যে বেশ করিতেন, তাহা সত্য সত্যই বলিহারী যাই। বড় বড় ঘুইয়ের গড়ে দিব্রে কৃষ্ণ রাধা ত প্রায়ই ঢাকা থাকেন, তাহার উপর নানা রকম ফুলের গহনা, ফুলের মুকুট ও ফুলের সাজ করিয়া দেওয়া হয়। সে সাজ দেখিয়া, দেশগুৰু লোক চমৎকৃত হইয়া যায়। কোন দিন কোন সাজ হবে, আগে বলিয়া দেওয়া হয়। যাহার মে-

সাজ দেখিবাৰ ইচ্ছা, সে সেই দিন আসিব। তাহা দেখিয়া ঘৰ। তা ছাড়া ঘৰটিকেও বেশ কৱিয়া ফুলেৱ মালাটালা দিয়া সাজান হয়। এই ঘৰেৱ সাবনে একখানি প্ৰকাণ্ড আটচালা, চাৰি দিক্ খোলা, গুটিকতক চৌকা থামেৱ উপৰ দুড়াইয়া আছে। চালখানি আগে খড় দিয়া ছাওয়া হইত, এখন গোলপাতা দিয়া ছাওয়া হয়। এই আটচালাঘৰ রথেৱ সময় ঘাত্রা, নাচ, গান, কৌৰ্ণন প্ৰভৃতি হইত। এখন দুই একদিন ঘাত্রা হয় মাত্ৰ, আগে আট দিনই খুব জৰ্জমাট থাকিত।

আটচালাৰ পশ্চিমে একটি শিবমন্দিৰ, পাথৱেৱ শিবলিঙ্গ, নিত্য পূজাৰ ব্যবস্থা আছে। মন্দিৱটিৰ দক্ষিণ দিকে বঙ্গিমবাবুৰ বসিবাৰ ঘৰ ও পশ্চিম দিকে একটি ঘৰ, তাহাকে বঙ্গিমবাবু আদৰ কৱিয়া তোৱাখানা বলিতেন। সেখানে তামাক থাওয়াৰ সংঘাম থাকিত; হঁকা, কলিকা, বৈঠক, ফৰ্সি, গড়গড়া, তামাক, টিকা, গুল, আগুন, দেশালাই ইত্যাদি ইত্যাদি। সে ঘৰেৱ অধিষ্ঠাত্ৰী দেবতা বঙ্গিমবাবুৰ চাকৰ, নাৰ মূৰলী। মূৰলীৰ গলাঘৰ তুলসীৰ মালা, কিন্তু সে যে বিশেষ বৈশ্বিক ভজন, তাহা আমৱা দেখি নাই। দক্ষিণ দিকে শিব-মন্দিৱ-সংলগ্ন একটি বড় দালান, উহার পূৰ্বদিকে দুটি দৱজা একে-বাবে খোলা জৰীতে পড়িয়াছে, আৱু পশ্চিম দিকে দুইটি জানালা, ঘৰটি পূৰ্ব-পশ্চিমে লম্বা। এই ঘৰেৱ দক্ষিণে দুটি ঘৰ। দালানটি যতখানি লম্বা, ঘৰ দুটিও ততখানি লম্বা। পশ্চিমেৱ ঘৰটিতে একখানি থাট থাকিত, পূবেৱ ঘৰটিতে একটি ফৰাস থাকিত। পশ্চিমেৱ ঘৰটিতে বঙ্গিমবাবু দিনেৱ বেলাঘৰ গুইতেন, পূবেৱ ঘৰটিতে একা বসিয়া লেখাপড়া কৱিতেন দুই এক জন বিশেষ আশ্বীদেৱও সেখানে

যাইবাবু অধিকার ছিল। কখন কখন সে ঘরটিতে দুই একখানি চেয়ার টেবিলও দেখিয়াছি। দালানটিতে দালানযোড়া একটি ফরাস পাতা থাকিত, অনেকগুলি তাকিয়া থাকিত, হারমোনিয়ম থাকিত, সময়ে সময়ে অগ্রাঞ্চ অনেক রকমের বুজনাও থাকিত। দালানের উভর দিকে একটি দরজা থাকিত, সেই দরজা দিয়া তোষাধানায় যাওয়া যাইত।

এতক্ষণ যাহা বলিলাম, যে-কোনও সন্তান ভদ্রলোকের বাড়ীতে এ সব হইতে পারে। কিন্তু তিনি যে কবি, তাহার কোন নির্দর্শনই এখনও দিই নাই। সে নির্দর্শনটি তাহার শুইবার ও বসিবার ঘরের দক্ষিণ দিকে দেখা যাইত। সে একটি ছোট ফুলের বাগান, দুকাঠাও পূরা হইবে না। ঘর ছুটি একত্রে যতখানি লম্বা, বাগানটিও ততখানি লম্বা, আড়েও প্রায় ঐক্রম্য, তিনিদিকে পাঁচিল দিয়া দেরা, সে পাঁচিলের আগায় একটি আলুসে ও তাহার নীচে একটি বেঁকি। চারিদিকেই ঐক্রম্য। বাগানের ঠিক মাঝখানে একটি চোকা গাঁথা, হাতখানেক উচা, তাহারও আবার মাঝখানে একটি ছোট চোকা হাতখানেক উচা। চারিদিকেই যেন গ্যালারি মত। এই সমস্ত গ্যালারিতে চারিদিকেই টব সাজান থাকিত। টবে নানাক্রম রঙিন ফুল ও পাতার গাছ। বাগানে আর ষেটুকু অমী ছিল, তাহাতে শুরুকীর কাকর দিয়া রাস্তা করা। বাকী জমীতে যুই, জাতি, কুঁদ, মলিকা ও নবমলিকার গাছ। বর্ধাকালে ফুল ফুটিলে সব সাদা হইয়া যাইত, এবং বৈঠকখানাটি গঙ্গে ভরপূর হইয়া যাইত। বঙ্গমৰাবু বাগান-

টীকে বড়ই ভালবাসিতেন, যতদিন তিনি বাড়ী থাকিতেন, বাগানটী
থুব সাবধানে পরিষ্কার রাখিতেন, এবং মাঝে মাঝে অবসর পাইলে
আল্সেটিতে হেলান দিয়া বেঞ্চির উপর বসিয়া ফুলের বাহার
দেখিতেন।

আমরা বালককালে প্রতিবৎসরই রথ দেখিতে যাইতাম। বেল-
ওয়ের গেট হইতে শিবের মন্দির পর্যন্ত দুইধারে অনেকগুলি
কার্মনীফুলের গাছ ছিল। আমরা প্রায়ই ফুল ছিঁড়িতাম। ফুল
ছিঁড়িলেই কেহ না কেহ আসিয়া আমাদিগকে ভয় দেখাইত,
“তোমাদিগকে ধরিয়া সঞ্জীববাবুর কাছে লইয়া যাইব।” সঞ্জীববাবু
আমাদিগকে কি শাস্তি দিতেন, জানিতাম না, কিন্তু সেই অবশ্য
আমরা জানিতাম যে, শ্রীযুক্ত যাদবচন্দ্র চট্টোপাধ্যায় রায় বাহাদুর
মহাশয়ের পুত্রেরা বড় দৃষ্ট লোক, ছেলে-পিলে ধরিয়া মারেন, সেই
ভয়ে আমরা অনেকবার স্মরণ হইলেও রায়বাহাদুরের বাড়ী বড়
একটা যাইতাম না! একবার ধরণী কথকের কথা হইয়াছিল।
তখন আমার বয়স বছর এগার, টোলে পড়িতাম। টোলের ভট্টাচার্য
মহাশয়ের সঙ্গে ছুঁচার দিন ধরণী কথকের কথা শুনিতে গিয়াছিলাম।
রায়বাহাদুরের বাহিনীবাড়ীর পাঁচকুকরে দাওানের সামনে ষে উঠান
আছে, সেই উঠানে কথা হইত। কথকের জন্য যেমন সব জারগাঁৱ,
ইটের বেদী হয়, এ বাড়ীতে তাহা হয় নাই। একখানা বড় চৌকি
ও একটা বড় ভাকিয়া বেদীর কাজ করিত। ঐ বেদীর উপর এক-
ধানি ভাল গালিচা পাতা থাকিত। সামনে একটি বড় চিপান্নের
উপর একধানি পিতলের সিংহাসনে শালগ্রাম থাকিতেন, তিনি

কথার প্রধান শ্রোতা। উঠানময় গালিচা ও সতরঞ্চ পাতা থাকিত ; ব্রাহ্মণেরা গালিচায় বসিতেন, শুদ্রেরা সতরঞ্চে বসিত। ধরণী কথক মহাশয় খুব ভাল কথা কহিতেন। তাহার স্মৃষ্টি অথচ গভীর ও উচ্চ স্বরে প্রথম হইতেই আসর জমজম করিত। কিন্তু তিনি যখন হঁা করিয়া গালের কাছে হাত আনিয়া গান ধরিতেন, তখন সমস্ত লোক মুগ্ধ হইয়া যাইত। আমরা তখন গানের কি বুঝি ? কিন্তু এখনও সে স্বর কানে লাগিয়া আছে। শুনিয়াছি, বাড়ী হইতে কিছুদূর, পূর্বদিকে, সঞ্জীববাবুর ফুলবাগানে ধরণী কথকের বাসা ছিল। সে ফুলবাগান দেখিবার আমাদের খুবই সখ ছিল, কিন্তু পাছে সঞ্জীববাবু আমাদের আরেন, সেই ভয়ে কোন দিন সে দিকে যাই নাই। চারি পাঁচ দিন ধরণী কথকের কথা শুনিয়াছিলাম, কিন্তু তাহার পর একদিন গিয়া শুনিলাম, তাহার শরীর বে-এক্তার হইয়া গিয়াছে, তিনি আসিবেন না। তাহার পর আর কোন দিন তাহার কথা শুনিতে যাই নাই, তাহার ত আর ঠিক ছিল না, কোনদিন আসিবেন, কোনদিন আসিবেন না।

আঠার শ চুরাক্তির সালে আর্মি সংস্কৃত কলেজে থার্ড ইয়ারে পড়ি। মহারাজ হোলকার সংস্কৃত কলেজ দেখিতে আসিলেন। তাহার সঙ্গে আসিলেন মহাঞ্জা কেশবচন্দ্র সেন। মহারাজ হোলকার একটি পুরস্কার দিয়া গেলেন। কেশববাবু বলিয়া দিলেন, সংস্কৃত কলেজের যে ছাত্র “On the highest ideal of woman’s Character as set forth in ancient Sanskrit writers” একটি ‘এক্সে’ লিখিতে পারিবে, তাহাকে ঐ পুরস্কার দেওয়া হইবে। শৈশব

মহেশচন্দ্র গ্রাবরত্ন মহাশয় আমার ডাকিয়া বলিলেন, ‘তুমিও চেষ্টা কর।’ কলেজের অনেক ছাত্রই চেষ্টা করিতে লাগিল। ১৮৭৫ খৃষ্টাব্দের প্রথমেই ‘এসে’ দাখিল করা হইল। পরীক্ষক হইলেন মহেশচন্দ্র ভ্রায়রত্ন মহাশয়, গিরিশচন্দ্র বিশ্বারত্ন মহাশয় ও বাবু উমেশচন্দ্র বটব্যাল। লিখিতে এক বৎসর লাগিয়াছিল, পরীক্ষা করিতেও এক বৎসরের বেশীই লাগিয়াছিল। ছিয়ান্তর খৃষ্টাব্দের প্রথমে আমি.বি, এ পাস করিলাম; উমেশবাবুও প্রেমচান্দ রায়চান্দ স্কলারশিপ পাইলেন। প্রিস্কিপাল প্রসন্নবাবু মনে করিলেন, সংস্কৃত কলেজের বেশ ভাল ফল হইয়াছে, সুতরাং তখনকার বাঙালার সেপ্টেম্বর গবর্নর সার রিচার্ড টেম্প্লকে আনিয়া প্রাইজ দিলেন। সেই দিন শুনিলাম, রচনার পুরস্কার আমিই পাইব। সার রিচার্ড আমাকে একখানি চেক দিলেন, এবং কতকগুলি বেশ মিষ্ট কথা বলিলেন।

আমার মনে এক নৃতন ভাবের উদয় হইল। সংস্কৃত কলেজের অধ্যাপক মহাশয়েরা যে রচনা ভাল বলিয়াছেন, এবং গবর্নর সাহেব যাহার জন্ত আমার এতগুলি মিষ্ট কথা বলিয়া গেলেন, সেইখানি ছাপাইয়া দিয়া আমি কেন না একজন গ্রন্থকার হই? তাহার পর ভাবিলাম, এম এ ক্লাস পর্যন্ত ত একরকম স্কলারশিপেই চলিয়া যাইবে। তাহার পর হঠাৎ কিছু আর চাকরী পাওয়া যাইবে না। তখন প্রাইজের ঐ ক'টি টাকাই আমার ভরসা। অতএব বই ছাপাইয়া ঐ ক'টি টাকা খরচ করা হইবে না। তখন অনেক ভাবিয়া চিন্তিয়া শ্রীমুক্তি বাবু মোগেজ্বলাথ বন্দ্যোপাধ্যায় বিষ্ণুভূষণ

এম, এ, মহাশয়ের নিকট গিয়া উপস্থিত হইলাম। তিনি সংস্কৃত কলেজের এম,এ., আমার উপর তাঁহার স্নেহস্ত থাকা সন্তুষ্ট স্মৃতিরাঙ্কন তিনি তাঁহার মাসিকপত্র “আর্যদর্শনে” আমার লেখাটি স্থান দিলেও দিতে পারেন। তাঁহার কাছে গেলে, খুব গন্তব্যভাবে, বেশ মুকুরিয়ানা চালে বলিলেন, “তুমি সংস্কৃত কালজের ছাত্র, রচনা লিখিয়া তুমি পুরস্কার পাইয়াছ, আমার কাগজে উহা ছাপান উচিত। কিন্তু তুমি বাপু যে সকল ‘ভিউ’ দিয়াছ, আমার সঙ্গে তা মেলে না। আমুল পরিবর্তন না করিলে আমার কাগজে উহা স্থান দিতে পারিনা।” আমি বলিলাম, “আমার ত মহাশয় নিজের কোন ‘ভিউ’ নাই। পুরাণ পুঁথিতে যা পাইয়াছি, তাই সংগ্রহ করিয়া লিখিয়াছি।” যাহা হোক, তিনি উহা ছাপাইতে রাজী হইলেন না। আমি বাড়ী ফিরিয়া আসিলাম, আপাততঃ গ্রহকার হইবার আশা ত্যাগ করিলাম।

তাঁহার পর একদিন চাপাতলার ছোট গোলদীঘীর ধার দিয়া বেড়াইতে যাইতেছি; শ্রীযুক্ত বাবু রাজকুমার মুখোপাধ্যায় মহাশয়ের সহিত রাস্তায় দেখা হইল। তিনি ও তাঁহার দাদা বাবু রাধিকাপ্রসূর মুখোপাধ্যায় মহাশয় আমাদের বেশ জানিতেন, আমাকে বেশ স্বেচ্ছ করিতেন, কিন্তু আমি তিন চারি বৎসর কাল তাঁহাদের বাড়ী যাই নাই, বা তাঁহাজের কাহারও সহিত দেখা করি নাই। তিনি সে অস্ত আমাকে বেশ মৃহ তিরস্কার করিলেন, এবং আমাকে অতি সর্বোত্তম তাঁহাদের বাটী যাইতে বলিলেন। আমি তাঁহাদের বাড়ী গেলেই এই তিন চারি বৎসর কি করিয়াছি, তাঁহার পুরাতনপুর সংবাদ আবাহ

জিজ্ঞাসা করিলেন, ক্রমে রচনাটির কথা উঠিলে তিনি স্টেট দেখিতে চাহিলেন। আমি একদিন গিয়া তাহাকে উহু দেখাইয়া আসিলাম। তাহার পর তিনি আমায় একদিন বলিলেন, “তুমি যদি ইচ্ছা কর, আমি উহু ‘বঙ্গদর্শনে’ ছাপাইয়া দিতে পারি।” আমি বলিলাম, ‘আর্যদর্শনে’ যাহা লয় নাই, ‘বঙ্গদর্শনে’ তাহা লইবে, এ আমার বিশ্বাস হয় না।” তিনি বলিলেন, “সে ভাবনা তোমার নয়। তুমি রবিবারের দিন নৈহাটী ছেশনে অপেক্ষা করিও, আমি সেই সময়ে পৌছিব।” যথাসময়ে তিনি আমাকে সঙ্গে করিয়া রেলের ভিতর দিয়াই বঙ্গিমবাবুর বাড়ীর দিকে যাইতে লাগিলেন। পথে শুনিলেন যে, তাঁরা চারি ভাই শ্রামাচরণবাবুর বাড়ীতে বসিয়া গন্ন করিতেছেন। তারের বেড়া ডিঙ্গাইলেই শ্রামাচরণ বাবুর বাড়ীর দরজা। রাজকুঞ্জ বাবু বাড়ী ছুকিলেন, তাঁহার সঙ্গে আমারও এই প্রথম প্রবেশ। রাজকুঞ্জবাবুকে তাঁহারা খুব আদর অভ্যর্থনা করিয়া বসাইলেন, আমিও বসিলাম। নানাক্রম কথাবার্তা চলিতে লাগিল। চারি ভাইয়েরই নাম শুনা ছিল, আমি তাঁহাদের গল্লের মধ্যেই কোনূটি কে, চিনিয়া লইলাম। ক্রমে বঙ্গিমবাবুর দৃষ্টি আমার উপর পড়িল। তিনি রাজকুঞ্জবাবুকে জিজ্ঞাসা করিলেন, “এটি কে?” তিনি বলিলেন, “এটির বাড়ী নৈহাটী, সংস্কৃত কলেজে পড়ে, এবার বি, এ, পাস করিয়াছে।” তিনি জিজ্ঞাসা করিলেন, “ত্রাক্ষণ?” রাজকুঞ্জবাবু বলিলেন, “ইঁ।” তখন বঙ্গিম আমায় জিজ্ঞাসা করিলেন, “নৈহাটী বাড়ী, ত্রাক্ষণের ছেলে, সংস্কৃত কলেজে পড়, বি, এ, পাস করিয়াছ, আমাদের এখানে আস না কেন?” আমি

মৃহুৰে বলিলাম, “সঞ্জীববাবুর ভয়ে।” তাহারা সকলেই ত হো হো করিয়া হাসিয়া উঠিলেন। সঞ্জীববাবু বলিলেন, “আমার ভয়? কেন?” “শুনিয়াছি, কামিনীগাছের ফুল ছিঁড়িলে আপনি নাকি মারেন।” হাসির মাত্রা আরও বাড়িয়া গেল। বঙ্গিমবাবু জিজাসা করিলেন, “নৈহাটী? তোমার বাবার নাম কি?” আমি বলিলাম, “৩রামকমল গ্রামৰত্ন ভট্টচাৰ্য মহাশয়।” তিনি অত্যন্ত আশ্চর্য হইয়া বলিলেন, “তুমি রামকমল গ্রামৰত্নের পুত্র, নদৱ ভাই, রাজকুমার তোমাকে আমার নিকট আনিয়া আলাপ করাইয়া দিল! তোমার দাদার সঙ্গে আমার ভারি ভাব ছিল। সে আমার একবয়সী ছিল। তার মত তাঙ্গৰুজি লোক আর দেখা যাব না”—বলিয়া তিনি দাদার সম্বন্ধে নানা গল্প বলিতে লাগিলেন। দেখিলাম, দাদার উপর তাহার বেশ শ্রদ্ধা ছিল। এইরপ কথা হইতেছে, এমন সময়ে রাজকুমারবাবু বলিলেন, “হৰপ্রসাদ আপনার নিকট আসিয়াছে, উহার একটু কাজ আছে।” অমনি বঙ্গিমবাবু বেশ গম্ভীর হইয়া গেলেন, বলিলেন, “কি কাজ?” রাজকুমারবাবু বলিলেন, “ও একটা রচনা লিখিয়া সংস্কৃত কলেজ হইতে একটা প্রাইজ পাইয়াছে, আপনাকে উহা ‘বঙ্গদর্শনে’ ছাপাইয়া দিতে ‘হইবে।’” বঙ্গিমবাবু মুগ্ধবিহীন চালে বলিলেন, “বাঙালা লেখা বড় কঠিন বাপার, বিশেষ ধারা সংস্কৃতওয়ালা, তারা ত নিশ্চয়ই ‘নদনদী পর্বত কন্দৱ’ লিখিয়া বসিবে।” আমি বলিলাম, “আমার রচনার প্রথম পাতেই ‘নদনদী পর্বত কন্দৱ’ আছে।” বলিয়া খুলিয়া দেখাইয়া দিলাম, এবং বলিলাম, “প্রথম চারিটি পাত ও সকলের শেষে আমি ঐ ভাবেই

লিখিয়াছি, পরীক্ষক কে জানিয়াই আমার ঐরূপ ভাবে লেখা, কিন্তু ভিতরে দেখিবেন অন্তরূপ।” তখন বঙ্গিমবাবু বলিলেন, “নন্দের ভাই বাঙলা লিখিয়াছে, রাজকুমার সঙ্গে করিয়া আনিয়াছে, যাহাই হোক, আমাকে উহা ছাপাইতে হইবে।” আমি তিনটি পরিচ্ছন্দ মাত্র লইয়া গিয়াছিলাম, এই কথা শুনিয়া, তাহাকে উহা দিয়া দিলাম। তাহার পর অনেক কঁটালার পর আমি বাড়ী গেলাম। রাজকুমার সেখানে রহিয়া গেলেন।

এই সময়ে কাঁটালপাড়া গ্রামে রামচন্দ্র বন্দোপাধ্যায় নামে এক বৃক্ষ ছিলেন। লোকে তাহার কথাবার্তায় ও আচারব্যবহারে প্রীত হইয়া তাহার নাম রাখিয়াছিল “রামকুড়”। নৈহাটী ও কাঁটালপাড়া গ্রামে সকল বাড়ীতেই তাঁর অবারিতত্বার ছিল। তিনি সব বাড়ীতেই যাই-তেন, সকলের সঙ্গেই ফকুড়ি করিতেন ও ফকুড়িই তাঁহার জীবিকা ছিল। বঙ্গিমবাবুর নিকট অনেক আদর যত্ন পাইয়াও আমি মাসাবধি তাঁহার বাড়ী যাই নাই, যাইবার ভরসা করি নাই। এক দিন রামকুড় আমার আসিয়া বলিলেন, “তুমি বঙ্গিমকে কি দিয়। আসিয়াছ ?” আর্ম বলিলাম, “একটা লেখা।” তিনি বলিলেন, “তাই বটে। বঙ্গিম একটা প্রক দেখিতেছিল, আর বলিতেছিল, ‘নন্দের ভাইটি বেশ বাঙলা লিখিতে শিখিয়াছে’। তুমি সেখানে যাও না কেন ? বোধ হয় গেলে সে খুস্তী হবে।” রাম বাঁড়ু যোর কথায় ভরসা পাইয়া আমি আর এক দিন বঙ্গিমবাবুর কাছে গেলাম। তিনি বসিয়া কি লিখিতেছিলেন। আমার দেখিয়াই বলিলেন, “তুমি এসেছ, বেশ হবেছে ! তুমি এমন বাঙলা লিখিতে শিখিলে কি করিয়া ?” আমি বলিলাম, “আমি

শ্রীযুক্ত শ্রামাচরণ গাঙ্গুলী মহাশয়ের চেলা।” তিনি বলিলেন “ওঃ ! তাই বটে ! নহিলে সংস্কৃত কলেজ হইতে এমন বাঙ্গলা বাহির হইবে না।” সেই মুহূর্ত হইতে বুঝিলাম যে, বঙ্গিমবাবু মুক্তিবিম্বানা ভাবটা একবারে তাগ ক্লুরিয়াছেন। সেদিনকার মত গন্তীর ভাব আর নাই। তিনি আমাকে একবারে আপন করিয়া লইতে চাহেন। আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, “আরও কয়েকটা মরিচেদ উহার বাকী আছে, সেগুলি আপনি একবার দেখিবেন কি ?” তিনি বলিলেন, “নিচয়ই।” আমি আর একদিন তাহার কাছে বাকী অধ্যায় কয়টা লইয়া গেলাম। প্রথম তিন অধ্যায়ই স্মৃতি অথবা তাহার টীকা হইতে লওয়া। কিন্তু বাকীগুলি সমস্তই পুরাণ অথবা কাব্য হইতে লওয়া। এবং পুরাণ ও স্মৃতিতে যতগুলি স্তুচরিত্র ছিল, সবগুলিরই সমালোচনা আছে। তিনি বেশ মন দিয়া পাতা উল্টাইয়া উল্টাইয়া সেগুলি পড়িতে লাগিলেন। শেষে আমি জিজ্ঞাসা করিলাম, “এগুলি চলিবে কি ?” তাহাতে তিনি উত্তর করিলেন, “ঘাহা ছাপাইয়াছি, সে কুপা, এ সব কাঁচা সোনা।” বলিতে কি, সেদিন আমি ভারি খুসী হইয়া বাড়ী ফিরিলাম। তাহার পর যখন নৈহাটী হইতে কলিকাতা যাতায়াত করিতাম, তখন প্রায় প্রত্যহই তাহার কাছে যাইতাম। যখন কলিকাতায় বাসা থাকিত, তখন শনি-রবিবার বৈকালে তাহার কাছে যাইতাম।

কাব্যের উপর বঙ্গিমবাবুর খুব বোঁক ছিল। তিনি কলেজ হইতে বাহির হইয়া ভাটপাড়ার শ্রীরামশিংহোমণি মহাশয়ের মিকট রঘুবংশ, কুমারসন্তব, মেঘদূত, শক্রস্তুলা পড়িয়াছিলেন। তাঁ

শান্তিক হইলেও শিরোমণি মহাশয়ের কাব্য বুঝিবার ক্ষমতা থুব ছিল। আমি তাহার নিকট মুঝবোধ ব্যাকরণের শেষ অংশ ও জয়কৃষ্ণের সারমঞ্জসী পড়িয়াছিলাম। তাহার পর তিনি আমাকে নৈবধ পড়াইতে আরম্ভ করেন। নৈবধ পড়িতে গিয়া কাব্যাংশই তিনি বুঝাইতে চান, ব্যাকরণ বা দর্শনের দিকে তিনি ফিরিয়াও চান না। সেকালের ক্ষেত্রে পশ্চিতেরা অলঙ্কার থুব কমই পড়িতেন। যদি বা দুই এক জন পড়িতেন, তাহারা কাব্যপ্রকাশের জগদীশ তর্কালঙ্কারের টাকা পড়িতেন, এবং গ্রাম্যশাস্ত্রের কচ্চকচি লইয়াই থাকিতেন। সেকালে লোকে যে সকল ইংরাজী কাব্য পড়িত, সে সকলই বঙ্গমবাবুর পড়া ছিল। বাঙ্গালায় তিনি কৌর্তনের বড় অনুরাগী ছিলেন। একবার শুনিয়াছি, কৌর্তনওয়ালাকে পেশা দিতে দিতে তিনি 'বঙ্গদর্শনে'র তহবিল থালি করিয়া দিয়াছিলেন। গানের উপর তাহার বেশ রোঁক ছিল। তিনি কয়েক বৎসর ধরিয়া ঘৃতভট্টের নিকট গান শিখিতেন, একটি হারমোনিয়মও কিনিয়াছিলেন। বসিয়া বসিয়া তিনি তাহা বাজাইতেছেন, ইহাও দেখিয়াছি; কিন্তু তাহাকে দলনী বেগমের হাত শুন্গন করিয়া ছাড়া গলা ছাড়িয়া গাহিতে কখনও শুনি নাই। তিনি বাল্যকালে কবিতা লিখিতেন। বাল্যকালের কবিতাগুলি তিনি একজু করিয়া ছাপাইয়াও ছিলেন। কিন্তু বয়স হইলে তিনি কবিতা লেখা একরকম ছাড়িয়াই দিয়াছিলেন।

কাবোর চেরেও ইতিহাসেই তাহার বেশী স্থ ছিল। ইউ-রোপের ইতিহাস তিনি থুব পড়িয়াছিলেন। তিনি সর্বদাই

কুরেঙ্গের মেডিচিনের কথা কহিতেন। “রিনাইসেন্স” (Renaissance) ইতিহাস তিনি খুব আয়ত্ত করিয়াছিলেন, এবং সেই পথ ধরিয়া বাঙ্গালারও যাহাতে আবার নবজীবনসঞ্চার হয়, তাহার জন্ম তিনি বিশেষ আগ্রহ প্রকাশ করিতেন। তাহার নিতান্ত ইচ্ছা ছিল, তিনি বাঙ্গালার একখানি ইতিহাস লিখিয়া যান। সেই উদ্দেশ্যেই তিনি “বাঙ্গালীর উৎপত্তি” বলিয়া “বঙ্গদর্শনে” সাতটি প্রবন্ধ লিখিয়াছিলেন। ইতিহাস লিখিতে বসিয়া তাহার কিছু জানিবার দরকার হইলে আমায় বলিতেন, আমিও যথাসাধ্য প্রাচীন পুঁথি ধাঁটিয়া তাহাকে খবর যোগাইয়া দিতাম। এই তিরিশ বছরের মধ্যে বাঙ্গালার ইতিহাস অনেক পরিষ্কার হইয়া উঠিয়াছে। মুসলমানেরা বাঙ্গালা দখল করিবার পূর্বে বাঙ্গালায় যে অনেক বড় বড় রাজত্ব ছিল, এখন তাহার অনেক আভাস পাওয়া গিয়াছে। তখন সব অন্ধকার ছিল, তথাপি বঙ্গবাবু বঙ্গদেশে আর্য ও অনার্যগণের বাস সম্বন্ধে যে সকল কথা বলিয়া গিয়াছেন, তার চেয়ে এখনও কেহ বেশী কিছুই লিখিতে পারেন নাই।

আমার সহিত বঙ্গবাবুর যথন প্রথম সাক্ষাৎ হয়, তখন তাহার কপালকুণ্ডলা, দুর্গেশনন্দিনী, বিষবৃক্ষ, চন্দশেখর ও রঞ্জনী ছাপা হইয়া গিয়াছিল। কমলাকান্তের দন্তের তখনও শেষ হয় নাই। “বঙ্গদর্শন” তিনি বৎসর নয় মাস বার্ষিক হইয়াছিল। আমার “ভারতমহিলা” লইয়া বাকী তিনি মাস পূর্ণ হয়। চারি বৎসরের পর তিনি “বঙ্গদর্শনের” সম্পাদকতা ছাড়িয়া দেন। কেন ছাড়িয়া দেন, অনেকবার জিজ্ঞাসা করিয়াছি, কোন খোলসা জবাব পাই নাই। টাকার অভাবে

যে উহু ছাড়েন নাই, তা নিশ্চয় ; কেন না, “বঙ্গদশনে”র গ্রাহক-সংখ্যা দিন দিন বাড়িতেছিল, গ্রাহকেরাও “বঙ্গদর্শনে”র টাকা দিতে নারাজ ছিল না । তিনি ছাপাখানার কাজ বেশ বুঝিতেন । তবে সম্পাদকতা ছাড়িলেন কেন, ঠিক বুঝা যায় না । বোধ হয়, তিনি ঝঞ্জাট ভালবাসিতেন না, এবং সঞ্জীববাবুর একটা উপাখ্য হয়, সেটাও তাঁহার ইচ্ছা ছিল । সঞ্জীববাবু খুব রমিক লোক ছিলেন । একদিন একজন বড় সাহেবের সহিত রমিকতা করিতে গিয়া তাঁহার ডেপুটাগিরিট বায় । * । তখন দিনকতক তিনি

* সঞ্জীববাবু তখন প্রোবেশনারী ডেপুটি ম্যাজিস্ট্রেট । কয়েকটি পরীক্ষার পাস হইলেই তিনি পাকা হইতে পারেন । ১৮৮৪ সালে ‘ডিস্ট্রিক্ট টাউন্স অ্যাক্ট’ পাস হইল । ম্যাজিস্ট্রেট চেয়ারম্যান এবং জজসাহেব ও অন্যান্য ইংরাজ ও বাঙালী হাকিমেরা কমিশনার হইলেন ; সঞ্জীববাবুও এক জন কমিশনার হইলেন । এক দিন কমিটীতে কথা উঠিল—রাস্তার নাম দিতে হইবে, টিনের উপর নাম লিখিয়া রাস্তায় রাস্তায় দিতে হইবে ; সঞ্জীব হইল ৩০০, টাকা মঞ্চুর করিতে হইবে । জজসাহেব বলিলেন, “আর, ৭৫, টাকা চাই, কারণ, বাঙালী নামগুলা কে বুঝবে ? ওগুলা ইংরাজীতে তর্জমা করিয়া দিতে হইবে । বোমার গলি বলিলে কেহই চিনিবে না । Daughter-in-law’s Lane বলিতে হইবে ।” জজসাহেবের কথায় কেহই আস্তা করিতেছে না, অথচ তিনি বার বার সেই কথাই বলিতেছেন । তখন সঞ্জীববাবু বলিয়া উঠিলেন, “৭৫, টাকায় হইবে না । আমি অস্তাৎ করি, আরও ৩০০, টাকা দেওয়া দৰকার ।” জজসাহেব উৎফুল্ল হইয়া জিজ্ঞাসা করিলেন, “কেন, কেন ?” সঞ্জীববাবু বলিলেন, “আমাগুলোর সম্পর্কে যত লোক আছে, সকলের নামই ইংরাজীতে তর্জমা করিতে হইবে । মনে করুন, কালীগং মিহু বলিয়া একজন হাঁকম আছেন । কালীগং মিহু বলিলে কে বুঝবে ? উহাকে Black-footed friend বলিয়া তর্জমা করিতে হইবে ।” সকলে হো হো করিয়া হাসিয়া উঠিল । জজ সাহেবের মুখ লাল হইয়া উঠিল । তিনি টুপী লাইয়া কমিটী হইতে উঠিয়া গেলেন । ম্যাজিস্ট্রেট সাহেব বলিলেন, “সঞ্জীব, তাঁগ কাজ করিলে না । বাড়ী পিল়ী,

সব্রেজিষ্ট্রার থাকিলেন, কিন্তু এখানেও তিনি বিশেষ স্ববিধা করিতে পারেন নাই। তাই “বঙ্গদর্শন” এক বৎসর বন্ধ থাকার পর ১২৮৪ সালে সঞ্জীববাবুর সম্পাদকতায় আবার বাহির হয়। কিন্তু বঙ্গিমবাবু কার্য্যতঃ “বঙ্গদর্শনে”র সর্বমূল কর্তা ছিলেন, তিনি নিজে ত লিখিতেনই, অন্য লোকের লেখা পছন্দ করিয়া দিতেন, অনেককে “বঙ্গদর্শনে” লিখিবার জন্য লওয়াইতেন, অনেকের লেখা সংশোধন করিয়া দিতেন। পুর্বেও তাহার কর্তৃত্বাধীনে যেমন চলিত, “বঙ্গদর্শন” এখনও তেমনি চলিতে লাগিল। নৃতন “বঙ্গদর্শনে” নৃতনের মধ্যে আমি; আমি প্রায়ই লিখিতাম, কিন্তু কখনও নাম সই করি নাই। সেই জন্য এখন সেই সকল লেখা যে আমার, তাহা প্রমাণ করা কঠিন হইয়াছে।

নৃতন “বঙ্গদর্শন” বাহির হইবার প্রায় বছর ধানেক পরে আমি লক্ষ্মী যাত্রা করি, এবং সেখানে এক বৎসর থাকি। আমি যেদিন যাই, সেইদিন সকালে বঙ্গিমবাবুর সহিত দেখা করিতে গিয়াছিলাম। বঙ্গিমবাবু তাড়াতাড়ি প্রেসে গিয়া ভিজা বাঁধান একখানি “ক্রঞ্চকাণ্ডের উইল” আনিয়া আমাকে দিলেন, “রেল-

উ-হাকে ঠাণ্ডা করিয়া আইস।” সঞ্জীববাবু তিনি দিন গেলেন, জরুরাহেবের কাছে কার্ড পাঠাইলেন, সাহেব দেখা করিলেন না। সপ্তাহানেক পরে ধ্বনি অসিল, জরুরাহেব সেক্রেটারী হইয়া গেলেন। সঞ্জীববাবু ডিল চারিবার পরীক্ষা দিলেন, কিছুতেই পাস করিতে পারিলেন না। তাহার নাম ডেপুটার্যাজিস্ট্রেট তাজিকা হইতে কাটিয়া দেওয়া হইল। জরুরাহেবের সেক্রেটারী হওয়ার সঙ্গে সঞ্জীববাবুর পাস করিতে না পারিবার কার্য্যকারণ তাব স্বত্ব আছে কি না ‘জাবি’ নী, কিন্তু সঞ্জীববাবু মনে কঠিতেন, আছে।

গাড়ীতে এইখানি পড়িও, ছাপাখানা হইতে এইখানা প্রথম বাহির বাহির হইল।” আমি অনেক বৎসর ধরিয়া বিশেষ যত্ন করিয়া রাখিয়াছিলাম। এখন কিন্তু বঙ্গিমবাবুর কোন গ্রন্থই আমার বাড়ীতে নাই। বৌঠাকুরাণীরা অনেকগুলি সখীদের দিয়াছেন; এখন পুত্রেরা বড় হইয়া কতকগুলি আপন আপন বন্ধুদের দিয়াছেন। আমার এত যত্নের জিনিস একখানিও বাড়ীতে নাই।

লক্ষ্মী হইতে ফিরিয়া আমি কাঁটালপাড়ায় গিয়া দেখি, বঙ্গিমবাবু সেখানে নাই। শুনিলাম, তিনি চুঁচুড়ায় বাসা করিয়াছেন। শিবের মন্দিরের পাশে সে ঘরগুলিতে চাবী বন্ধ। বাগানটি গতপ্রায়। সেই দিনই বৈকালে চুঁচুড়ায় গেলাম; দেখিলাম চুঁচুড়ায় যোড়াঘাটের উপর দুইটি বাড়ী ভাড়া করিয়াছেন; একটিতে তাহার অন্দরমহল, আর একটিতে তিনি নিজে বসেন। যেটিতে তিনি বসেন, সেটি একতাল। বাড়ীটির একটি গেট আছে। যে ঘরটিতে তিনি বসেন, তাহা একটি বড় হল, গঙ্গার দিকে চারিটি জানালা। সে ঘরের পূর্বের দেওয়ালটি গুটিকতক বড় বড় মোটা গোল থামের উপর, বর্ধাকালে তার নীচেও জল আসে। বঙ্গিমবাবু যেখানে বসিয়াছিলেন, সেদিন তার নীচে খুব জল ছিল। এক বৎসরের পর হঠাতে আমাকে দেখিয়া তিনি খুঁটী হইলেন। আমি জিজ্ঞাসা করিলাম, “আপনি ত চুঁচুড়ায় বাসা করিয়াছেন, ইহার ভিতরে কি কিছু ‘ক্ষণকাণ্ডী’ আছে?” তিনি বলিলেন, “তুমি ঠিক বুঝিয়াছ। আমি বড় খুঁটী হইলাম, তোমার কাছে আমার বেশী কৈফিয়ৎ দিতে হইল না।” আমি জিজ্ঞাসা

করিলাম, “লক্ষ্মী হইতে আমি ‘বঙ্গদর্শনে’র জগ্ন যে কঘটি প্রবন্ধ
পাঠাইয়াছিলাম, পড়িয়াছেন কি ?” তিনি বলিলেন, “তুমি যেটির
কথা মনে করিয়া বলিতেছ, সেটি কোন জ্ঞানান্ত পণ্ডিতের লেখা
বলিয়া মনে হয়।” আমি আর কিছু বলিলাম না । সে প্রবন্ধটির
নাম “বঙ্গীয় যুবক ও তিন কবি”—অর্থাৎ, তিন জন কবির বহি
কলেজের ছাত্রেরা খুব আগ্রহের সহিত পড়ে, এবং এই তিন জন
কবির কথা লইয়াই তাহারা আপনাদের ‘চরিত্র গঠন করে’—সেই
তিন জন কবি বাইরন, কালিদাস ও বঙ্গিমচন্দ্র ।

বঙ্কিমচন্দ্র



আমার বাড়ী মৈহাটী, বঙ্কিমচন্দ্রের বাড়ী হ'তে পোম্পাটেক পথ
তফাতে। তাহার পিতার কি নাম ছিল, লোকে ভুলিয়া
গিয়াছিল। তাহারা তাহাকে রায় বাহাদুর বলিয়াই জানিত।
রায় বাহাদুর দেশের এক জন বড় লোক ছিলেন। তাহার
বাড়ীতে রাধাবল্লভ বিগ্রহ ছিলেন। রাধাবল্লভের রথ হইত, দোল
হইত, বার মাসে তের পর্য হইত। রাধাবল্লভের মন্দির ছিল,
গুণিচা-ঘর ছিল, একখানি বড় আটচালা ছিল, সামনে অনেকটা
খোলা জায়গা ছিল, যেখানে রথ-দোলে মেলা বসিত। রায়
বাহাদুরের বাড়ীতে মাঝে মাঝে কথকতা হইত। এগার বৎসর
বয়সে, যখন আমি কাঁটালপাড়ায় টোলে পড়ি, তখন একবার ধুরণী
কথকের কথা হয়। তখন আমি ভট্টাচার্য মহাশয়ের সহিত প্রায়ই
কথা শুনিতে আসিতাম। কথকতার আসরে বঙ্কিম বাবুরা চারি
ভাঁরৈই থাকিতেন। আর কিছু বুঝিতে পারি আর না পারি,
কথাটা যে বেশ জমিত, তা বেশ মনে হয়। কথক মহাশয় গাম
করিবার অন্ত 'হ' করিলেই, সমস্ত আসর লিঙ্ক হইয়া যাইত;
মাঝে মাঝে লোকে 'বাহবা বাহবা' 'কেশ বেশ' বলিতে থাকিত।

স্মৃতং এই সময় হইতেই আমি বঙ্গ বাবুদের চারি ভাইকেই চিনিতাম, এবং তাহাদের বাড়ীর খবরও অনেক শুনিতে পাইতাম। আমাকে কিন্তু তাহারা চিনিতেন না।

১৮৭৬ সালে, যখন আমি এম্ এ পড়ি, তখন তাহাদের সহিত প্রথম আলাপ হয়। সেই সময় হইতেই ১৮৯৪ খ্রীঃ অক্টোবরে, যখন বঙ্গিমচন্দ্রের দেহত্যাগ হয়, তখন পর্যন্ত সর্বদাই তাহার নিকটে ধাক্কিতে চেষ্টা করিতাম। ১৮৭৬ সালে একটি বড় প্রবন্ধ লইয়া তাহার নিকট যাই। তখন তাহার চতুর্থ সালের “বঙ্গদর্শন” ৯ মাস বাহির হয় নাই। মাঘ, ফাল্গুন, চৈত্র, তিনি মাসের প্রবন্ধের অভাব। আমার প্রবন্ধ সে অভাব পূরণ করিয়া দিল, এবং বঙ্গ বাবু আমার প্রবন্ধ পড়িয়া অত্যন্ত আনন্দিত হইলেন। এক বৎসর “বঙ্গদর্শন” আর বাহির হইল না। কিন্তু তাহাতে তাহার নিকটে যাতায়াত বন্ধ রহিল না। আমি শনিবারে বাড়ী আসিলেই, এইখানে তাহার নিকট উপস্থিত হইতাম। তিনি তখন ছগলির ডেপুটী ম্যাজিষ্ট্রেট; বাড়ী হইতেই যাতায়াত করিতেন। আমরা রাত্রি সাড়ে নয়টা পর্যন্ত ইতিহাস, সাহিত্য, পণ্ড, গন্ত, নাটক, সংস্কৃত, বাঙ্গালা, ইংরাজি, এই সকল লইয়া আলোচনা করিতাম। কয়েকটি লোক ছিলেন, আমি আসিলেই তাহারা উঠিয়া যাইতেন, বলিতেন, ‘এই-বাবু কেতাবী কথা আরম্ভ হইবে, আমরা আবু বসিয়া কি করিব?’ সাড়ে নয়টাৰ সময় বঙ্গ বাবু তাহার চাকরকে ডাকিয়া আমার বাড়ী রাখিয়া আসিতে হৃকৃম দিয়া অন্দরে যাইতেন। অন্দরের খুব কড়া শাসন ছিল, সাড়ে নয়টাৰ পর তিনি এক মিনিটও বাহিরে

ধাক্কিতে পারিতেন না । হই পাঁচ মিনিট যদি কখন তাঁহার দেরী
হইত, অমনই চাকরাণী আসিত ।

বাংলা ১২৮৪ সালে কাশা বদল করিয়া “বঙ্গদর্শন” আবার
বাহির হইলেন । এবার সম্পাদক হইলেন তাঁহার মেজ দাদা,
সঞ্জীব বাবু । কিন্তু লেখার ভার, অনেকটা তাঁহার উপরেই রহিল ।
তিনি আমাকে লিখিতে সর্বদা উৎসাহ দিতেন । বঙ্গিম বাবুর
উপর তখন আমার একপ টান যে, প্রতি মাসেই তাঁহাকে এক
একটি প্রবন্ধ লিখিয়া দিতাম । প্রবন্ধ লিখিয়া নাম করিব, এ
মতলব আমার একেবারেই ছিল না, সে জন্য কখনও প্রবন্ধে নাম
সহি করিতাম না । একটা ইচ্ছা ছিল—হাত পাকাইব, আর
এক ইচ্ছা—বঙ্গিম বাবুকে খুসী করিব । তিনি যদি কখন কোন
প্রবন্ধের প্রশংসা করা বা গালি দেওয়া, কখনও তিনি করেন নাই ।
যে বার কিছু বলিতেন না, বুঝিতাম, লেখাটা ভাল হয় নাই ।
সেবার চেষ্টা করিয়া জেরা করিয়া প্রবন্ধ সম্বন্ধে তাঁহার মনের ভাব
বুঝিয়া লইতে চেষ্টা করিতাম ।

হই বৎসর একপ গেলে, আমার এক বৎসরের জন্য লক্ষ্মী
যাইতে হইল । সেখান হইতেও আমি প্রায়ই লেখা পাঠাইয়া
দিতাম । কিন্তু বঙ্গিম বাবুর মতামত কিছুই শুনিতে পাইতাম না ।
তিনি আমাকে চিটিপত্র দিতেন না, আমিও তাঁহাকে বড় একটা
চিটিপত্র দিতাম না । এক বৎসর পরে কিরিয়া আসিয়া দেখি,
বঙ্গিম বাবু চুড়ায় বোঢ়াঘাটের উপর বাসা করিয়াছেন । “বঙ্গদর্শন”

বাহির হইতেছে, কিন্তু মাসে মাসে বাহির হয় না ; অনেক বাকি পড়িতে লাগিল। আবার এক বৎসর ছাড়িয়া দেওয়া হইল। তাহার পর-বৎসর হইতে আবার “বঙ্গদর্শন” বাহির হইল। বক্ষিম বাবু চুঁচুড়া ছাড়িলেন ; বৌ-বাজারে ‘বিড়ালের বিমের বাড়ী’ ভাড়া লইয়া মাস হই রহিলেন। তাহার দোহিত্রি দিবোন্দুর অস্থথই তাহার চুঁচুড়া ছাড়ার প্রধান কারণ ; এই বাড়ীতে ডক্টর চক্রার চিকিৎসায় তাহার দোহিত্রি আরাম হইল। ভাঙ্গার চক্রা কেবল বলিয়া গেলেন, বালকটির যে পরিমাণ আহারের দরকার, তাহা সে পায় না। তিনি তাহার আহারের ব্যবস্থা করিয়া দিয়া গেলেন, ওষ্ঠধপত্র বড় একটা কিছু দিলেন না। বক্ষিমচক্র চক্রার চিকিৎসার ও চক্রার স্বভাবের বড়ই স্মৃথ্যাতি করিতেন। এখান হইতে তিনি ফকিরচান্দ মিত্রের লেনে যান। তথা হইতে ৯২ নং বৌ-বাজার ছাঁটে আসেন। এই সময় “বঙ্গদর্শন” প্রেসও কাঁটালপাড়া হইতে কলিকাতায় উঠিয়া আসে। ৯২ নং বৌবাজার হইতে তিনি শ্বানীচরণ দন্তের লেনে যান ; সেখানে ধাকিতে ধাকিতেই প্রতাপ চাটুর্যের লেনে এক বাড়ী খরিদ করিয়া কলিকাতায় কালোম-মোকাব হয়। এই দীর্ঘকাল আমি সর্বদাই তাহার কাছে বাইতাম ; বৈকালে অথবা সন্ধ্যার পর তাহার কাছে উপস্থিত হইতাম, এবং বাত্রি সাড়ে নয়টা পর্যাপ্ত ধাকিয়া বাড়ী চলিয়া আসিতাম। বাবু মাঝকষ মুখোপাধ্যার যত দিন জীবিত ছিলেন, প্রায়ই ঐখানে আসিতেন, চক্রনাথ বস্তু আসিতেন, সবজজ বলিয়াম যাইক আসিতেন, বৌবাজারের বলাইদে আসিতেন, সবৰে সহবে কৰি

হেমবাবু আসিতেন, মফঃস্বল হইতে অনেকে বঙ্গিমচন্দ্ৰকে দেখিতে আসিতেন—তাহাদের মধ্যে কালীপ্ৰসন্ন ঘোষ মহাশয় এক জন। কেহ দেখিতে আসিলে, তিনি তাহাকে বিশেষকূপ আপ্যায়িত কৱিতে চেষ্টা কৱিতেন। তাহাতে অনেকেই তাহার উপর আকৃষ্ট হইয়া পড়িত।

বঙ্গিমবাবুর নিকট কেহ আসিলে, সাহিত্য ভিন্ন অন্য কোন কথাবাৰ্তা বড় একটা হইত না। লেখাপড়া-জ্ঞান লোকের তিনি খুব সম্মান কৱিতেন, এবং তাহাকে আস্তীৱ কৱিমা লইবাৰ চেষ্টা কৱিতেন। তিনি বেশ সুপুৰুষ ছিলেন। তাহার চক্ষুতে এক অসাধারণ দীপ্তি ছিল। নাকটি প্ৰেৰণপক্ষীৰ মত না হইলেও বেশ দীৰ্ঘ ও সুদৃঢ় ছিল। গাল ছ'টি ভাৱি ভাৱি ছিল; কিন্তু তাহাতে সৌন্দৰ্যের কোন হানি হইত না। চেহারাটা মাঝুমের একটা আকৰ্ষণ বটে, সে বিষয়ে কোনও সন্দেহ নাই। বঙ্গিমবাবু নিজেই বলিয়াছেন, সুন্দৰ মুখের সৰ্বত্র জয়। সে জয় যে তাহার হৰ নাই, এ কথা কেহ বলিতে পারিবে না। কিন্তু সে জয় ত যত দিন বাঁচিয়া থাকা যায়, যত দিন সে সৌন্দৰ্য লোকে দেখিতে পাব। জৱের সে কাৰণ, মৱিলেই কুৱাইয়া যাব। বঙ্গিমচন্দ্ৰের জৱলাভের কাৰণ আৱও আছে, সে অস্তকূপ। তিনি সুন্দৰ জিনিস বাছিয়া লইতে পারিতেন, তাহাদিগকে সাজাইয়া আৱও সুন্দৰ কৱিতেন। যেখানে লোকে সৌন্দৰ্য দেখে না, তাহার মধ্যেও তিনি সৌন্দৰ্য দেখিতে ও দেখাইতে পারিতেন। অসুন্দৰকে তিনি একেবারে বৰ্জন কৱিতেন। এই মনে কৱ, ক'পালকুণ্ডলাৰ গ্ৰীহে

সমুদ্রের ধারে বালিয়াড়ি আছে—কেবল বালির টিবি—বালিতে চারিদিক ধু ধু করিতেছে—রোদে সেই বালি তাতিয়া পথিককে ঝলসাইয়া দিতেছে—এই ভীষণ বালিয়াড়ি যে সুন্দর হইতে পারে, কে বিশ্বাস করিতে পারে? কিন্তু বঙ্গমচন্দ্র তাহাতেই কত সৌন্দর্য দেখিয়াছেন, চোক যেন যেখান হইতে ফিরিতে চাহে না।

বঙ্গমের এক জন ভক্ত ১২৮৫ সালে বলিয়াছেন,—“বঙ্গমবাবুর স্বভাব-শোভার কেন্দ্র মানুষ্য। নগেন্দ্রনাথই হউন, অমরনাথই হউন, আর গোবিন্দলালই হউন, বা স্বয়ং বঙ্গমবাবুই হউন, তাহারও নির্লিপ্ত দেখা—যেন সংখ্যমতে পুরুষ নির্লিপ্তভাবে বসিয়া প্রকৃতির রঞ্জ দেখিতেছেন। বঙ্গমবাবু স্বভাবের শোভার মধ্যে বসিয়া স্বভাবের শোভা দেখিতেছেন, আর কাছে যে থাকে, তাহাকে দেখাইতেছেন—‘দেখ কেমন সুন্দর, দেখ কেমন গন্তীর। স্বভাবের শোভা দেখিয়া জীবনের প্রেমে তোমার শরীর পুলকীত হউক’।”

এইরূপ সুন্দর মানুষ লইয়া বঙ্গমচন্দ্র যে সুন্দর সমাজ গড়িয়া-ছেন, সে বিষয়ে ভক্তি বলিয়াছেন :—

“বঙ্গমবাবুর সমাজ শিক্ষিত বঙ্গীয় যুবকদিগের সমাজ। তিনি দেখাইয়াছেন, সমাজের বিরোধী কোন কাজ করিয়া কেহ কখন শুধী হইতে পারে না এবং করিলেই আঘাতক্ষতের জন্য সকলকে অমুতাপ করিতে হয়। নগেন্দ্রনাথের অবৈধ-প্রণয়জনিত বিধবা-বিবাহের ফল তাহার ঘোর আধ্যাত্মিক বিকার। শৈবলিনীর অবৈধ অভ্যাগের ফল পর্বতগুহার প্রারম্ভিত। গোবিন্দলাল ও রোহিণীর

যেরূপ অন্ত হইল, তাহাতেও ঐ কথা দৃঢ়তররূপে প্রতিপন্ন করিতেছে।”

আর এক জায়গায় তিনি বলিতেছেন :—

“বঙ্গমবাবুর লোক সব সমাজের লোক—শিক্ষিত বঙ্গীয় যুবক, শিক্ষিত যুবকের জীবন অনন্তবিবাদসঙ্কুল। তিনি তুই প্রকার শিক্ষা পান। এক প্রকার বাড়ীতে, এক প্রকার স্কুলে। উভয় প্রকার শিক্ষা সময়ে সময়ে বিলক্ষণ বিরোধী। এই জন্য শিক্ষিত যুবকের চরিত্রে সময়ে সময়ে বিলক্ষণ অসামঞ্জস্য দেখিতে পাওয়া যায়। বঙ্গমবাবুর পাত্রগুলিতেও এই বিরোধিভাব কতক কতক প্রকটিত আছে, কিন্তু সম্পূর্ণ নহে; যেখানে আছে, সেখানে অতি মনোহর। বঙ্গমবাবুর মানুষগুলি দেশী বাঙালী নিরোহ ভাল মানুষ। বাঙালীরা যে স্বভাব ভালবাসে, তাহারা সকলেই সেই স্বভাবের লোক—বৃক্ষ-মান, চতুর, দয়ালু, সামাজিক ও শুণগ্রাহী। তাঁহাদের হৃদয়ের ভাব গভীর। ঐরূপ লোকের হৃদয়ের সূক্ষ্মানুস্মৰণ সন্দান অত্যন্ত প্রীতিপন্দ। তাহা হইতে আমাদের অনেক জ্ঞানলাভ হয়। বঙ্গমবাবু ইঁহাদের সেই ভাবেই দেখাইয়াছেন।”

বঙ্গমবাবুর নভেলগুলি হইতে আমরা এখনকার সমাজে কোথাও কি জিনিস সুন্দর আছে, তাহা দেখিতে ও বুঝিতে শিখিয়াছি। হীরার ঘরে আলপোনাট হ'তে আবর্ণ করিয়া নগেন্দ্রনাথের বৈঠকখানার পোটং পর্যন্ত সব জ্ঞানগারই তাঁহার চক্র গিরাইল, এবং আমাদেরও চক্র খুলিয়া দিয়াছেন। আছা, সুন্দর—সুন্দর—সব সুন্দর। বঙ্গমবাবু সব সুন্দর দেখিয়াছেন, আমরা সব সুন্দর

ଦେଖିଯାଛି । କୋନ୍ ଜିନିସଟି ଶୁନ୍ଦର—ତାହା ବିଚାର କରିତେ ଶିଖିଯାଛି, କୋନ୍ ଜିନିସଟିର କତ୍ତୁକୁ ଶୁନ୍ଦର—ତାହାର ଓ ବିଚାର କରିତେ ଶିଖିଯାଛି । କିନ୍ତୁ ଇହାର ଫଳ କି ? ଇହାର ଫଳ ଏହି ଯେ, ଶୁନ୍ଦର ଦେଖିଲେଇ ତାହାତେ ଲୋକ ଆକୃଷିତ ହିଁଯା ପଡ଼େ, ତାହାର ଦିକେ ଏକଟା ପ୍ରବଳ ଟାନ ହସ, ତାହାକେ ଭାଲବାସିତେ ଇଚ୍ଛା କରେ, ତାହାକେ ଆପନାର କରିଯା ଲାଇତେ ଇଚ୍ଛା କରେ । ସମ୍ମ ଏହି ଫଳ ନା ହସ, ତାହା ହିଲେ ସୌନ୍ଦର୍ୟ ଅମୃତବ କରିଯା ଆର କି ହଇଲ ? ବକ୍ଷିମବାବୁ ଆମାଦେର ଦେଶେର ସୌନ୍ଦର୍ୟ ସବ ଫୁଟାଇଁଯା ଦିଯା ଆମାଦିଗକେ ଦେଶ ଭାଲବାସିତେ ଶିଖାଇଁଯାଇଛେ । ବକ୍ଷିମବାବୁର ପୂର୍ବେ ଇଂରାଜୀଓୟାଲାରା ପଡ଼ିତେନ ସେଙ୍ଗପୀଯାର, ପଡ଼ିତେନ ମିଣ୍ଟନ, ପଡ଼ିତେନ ବାସରଣ, ପଡ଼ିତେନ ଶେଲି; ଦେଖିତେନ ଇଂଲଞ୍ଡର ସୌନ୍ଦର୍ୟ, ଭାଲବାସିତେନ ଇଂଲଞ୍ଡର ସୌନ୍ଦର୍ୟ—ମେ ସୌନ୍ଦର୍ୟ ଚୋଥେ ଦେଖିତେ ପାଇତେନ ନା, କଲନାୟ ତାହାକେ ଆର ଓ ଶୁନ୍ଦର କରିଯା ତୁଳିତ । ଦେଶେ ଯେ କବିରା ତୋହାଦିଗକେ ସୌନ୍ଦର୍ୟ ଦେଖାଇତେ ଚେଷ୍ଟା କରିତେନ, ମେ କବିଦେର ତୋହାଦେର ପହଞ୍ଚଇ ହିତ ନା । କବିବେଚାରାରା ମାଠେ ମାରା ଯାଇତ । ବକ୍ଷିମବାବୁ ଇଂରାଜୀଓୟାଲାଦେର ଚୋଥ ଫିରାଇଁଯା ଦିଲେନ । ସାରଥି ଯେମନ ଲାଗାମ ଟାନିଯା ଘୋଡ଼ାର ଚୋଥ ଫିରାଇଁଯା ତାହାକେ ଅଞ୍ଚ-ପଥେ ଲାଇଁଯା ଯାଏ, ତେମନଇ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର ଇଂରାଜୀଓୟାଲାଦେର ଚୋଥ ଫିରାଇଁଯା ଦିଲ୍ଲୀ ଅଞ୍ଚପଥେ ଚାଲାଇଁଯା ଦିଲେନ । ମେ ପଥ ଆର କିଛୁ ନାହିଁ,— ଦେଶଶ୍ରୀତି ।

ବକ୍ଷିମବାବୁ କି ପ୍ରଥମ ହିତେଇ ଏହି ମତଲବେ ବହି ଲିଖିତେ ଆରଙ୍ଗ କରେନ ? ନା, ଇହା ତୋହାର ବହୁବର୍ଧକାପୀ ଚିକ୍ଷାର ଫଳ ? ଆମାର ବୋଧ ହସ, ଅନେକ ବ୍ୟକ୍ତିର ପରିଶ୍ରମ କରିଯା ତବେ ତିନି ଶ୍ରଦ୍ଧାତ୍ମକ ପାଇଁଯା—

ছিলেন। প্রথম প্রথম তিনি সৌন্দর্যই স্ফটি করিতেন—কিসে পাত্রগুলির চরিত্র ফুটিয়া উঠে, অনেকগুলি পাত্রকে কি ভাবে সাজাইলে নভেলখানি জমে, কিরূপ ভাষা ব্যবহার করিলে তাহা লোকের প্রিয় হয়, কোন্ রীতিতে লিখিলে লোকের পড়িতে ভাল লাগে, কোন্ কোন্ জিনিস বর্ণনা করিলে নভেলখানি সর্বাঙ্গসুন্দর হয়—প্রথম প্রথম এইগুলিই তাঁহার লক্ষ্য ছিল। সুন্দর—সুন্দর—সুন্দর—কিসে সুন্দর হয়? জমাট—জমাট—জমাট—কিসে জমাট বাঁধে? এই তাঁহার ধ্যান ছিল, এই তাঁহার জ্ঞান ছিল, এই তাঁহার তত্ত্ব ছিল, এই তাঁহার মন্ত্র ছিল। ক্রমে যত বয়স বাড়িতে লাগিল, রুক্ষি পাকিতে লাগিল, দৃষ্টি দূর হইতে দূরান্তে যাইতে লাগিল, বিজ্ঞতা ঘোরাল হইয়া আসিতে লাগিল, লোককে শিক্ষা দিবার আকাঙ্ক্ষা তত বাড়িতে লাগিল। তখন তিনি “বঙ্গদর্শন” বাহির করিলেন। “বঙ্গদর্শনের” উদ্দেশ্য কি? “Knowledge filtered down” করিতে হইবে—অর্থাৎ জ্ঞানবিস্তার করিতে হইবে। বঙ্গদর্শন জ্ঞানবিস্তার সম্বন্ধে বাঙালীয় যে কি করিয়াছে, তাহা এখানকার লোকে বুঝিতে পারিবে না। কিন্তু তখনকার লোকের কাছে “বঙ্গদর্শন” একটি অন্তর্ভুক্ত পদাৰ্থ বলিয়া মনে হইত। জ্ঞানপ্রচারের জন্য “বঙ্গদর্শনে”র পূর্বে অনেক মাসিক পত্র, অনেক সাময়িক পত্র বাহির হইয়াছিল। কিন্তু কেহই Knowledge filtered down করিতে পারেন নাই। সরল ভাষায়, সরল রীতিতে দর্শনবিজ্ঞানের গভীর তত্ত্ব সকল সাধারণের সম্মুখে বিকিন্তেছেই প্রথম ধরিয়াছিলেন। “বঙ্গদর্শনে”র উপরকারিতা সবচেয়ে আবার বলাৰ বিশেষ প্রয়োজন নাই।

বঙ্গিমবাবু সৌন্দর্যের উপাসক ছিলেন, এখন আবার লোকশিক্ষার প্রবৃত্ত হইলেন। তখন তাহার সৌন্দর্য-সৃষ্টি লোকশিক্ষার দাসী হইল, প্রথম পক্ষের দ্বারা দ্বিতীয় পক্ষের দ্বারা দাসী হইয়া গেল, বঙ্গিমবাবুও দাস হইয়া গেলেন। তিনি বুঝিতে পারিলেন না, অথচ তাহার একটি ঘোর পরিবর্তন হইয়া গেল। কিন্তু তিনি শিক্ষা দিবেন কি? তাহার ভক্ত বলিয়াছেন—

“রামানন্দ স্বামী যে এতে জীবন উৎসর্গ করিয়াছেন, তাহার নাম পরাহিত্ব্রত। পীড়িত যে ধৰ্মাবলম্বী হটক না কেন, তিনি তাহার উপকার করিবার জন্য সর্বদাই উদ্যোগ। তিনি নিজ জীবন পরের উপকারের জন্য তৃণবৎ পরিত্যাগ করিতে কাতর হন না। নৈতিক উন্নতির রামানন্দ স্বামীই বোধ হয় পরাকার্তা। এই যে পরাহিত্ব্রত—প্রথম প্রথম “বঙ্গদর্শনে”র নভেলে বঙ্গিম বাবু ইহারই প্রচার করিয়াছিলেন—যথা বিষবৃক্ষে, চন্দশেখরে।”

কিন্তু ইহাতে তিনি তৃপ্ত থাকিতে পারিলেন না। তিনি দেখিলেন—পরাহিত বা ভূতদয়া বড় ফিকা, জমে না। বুঝদেব ভূতদয়া প্রচার করিয়াছিলেন, বেশো দিন টিকে নাই। ইউরোপে অনেকে পরাহিত্ব্রত প্রচার করিয়াছিলেন, ফল ভাল হয় নাই। তাই তিনি “বঙ্গদর্শন” ছাড়িয়া, যথেষ্ট বহুদৰ্শিতা লাভ করিয়া, তাহার দৃষ্টি কিছু সঙ্কোচ করিয়া লইলেন—পরাহিতের বদলে দেশহিত আশ্রয় করিলেন। এত দিন তিনি দেশের সৌন্দর্যমাত্র দেখাইতে ছিলেন, এখন সেই পুঁজীকৃত, রাশীকৃত সৌন্দর্যের একমাত্রের আধার বঙ্গদেশকে ভালবাসিতে শিখাইতে লাগিলেন, ভালবাসিতে

উপদেশ দিতে লাগিলেন, জন্মভূমিকে মা বলিতে শিখাইলেন, হিন্দুর যত দেব-দেবী আছেন, সবই এক মাসের প্রতিমৃতি—এই শিক্ষা দিতে লাগিলেন। সকলকে বলিতে লাগিলেন, একবার প্রাণ ভ'রে বল—‘বন্দে মাতরম্।’

ইহার পর বঙ্গিষ্ঠবাবু যতগুলি নভেল লিখিয়াছেন, দেশভক্তিই তাহাদের মূলমন্ত্র। আর সেই সঙ্গে সঙ্গে হিন্দুধর্মের প্রচারও ছিল। কিন্তু সে হিন্দুধর্ম তাঁহার নিজের মনের মত। তিনি নিজে ভগবদ্গীতার টীকা করিয়া সেইমত হিন্দুধর্ম চালাইতে গেৰেন। এই সময়ে শশধর তর্কচূড়ামণির সঙ্গে তাঁহার বিবাদ বাধিল। বঙ্গিষ্ঠচন্দ বলিলেন, খাওয়ার বাঁধাবাঁধি বা ছোঁয়ার বাঁধাবাঁধি লইয়া ধর্ম নয়। ধর্ম আর এক জিনিস। তাঁহার ধর্ম যে কি ছিল, তাহার কতক আভাস তাঁহার কৃষ্ণচরিত্রে ও অমুশীলনে পাওয়া যায়। একটা পূর্ণ ধর্মের পথ তিনি দেখাইবেন বলিয়া আশা করিয়া-ছিলেন। তাঁহার সে আশা পূর্ণ হইল না, মৃত্যু অকালে তাঁহাকে গ্রাস করিল। বঙ্গিষ্ঠবাবু যাহা কিছু করিয়াছেন, ইচ্ছাপূর্বক করুন বা অনিচ্ছাপূর্বক করুন, জানিয়া করুন বা না জানিয়া করুন—সব গিয়া এক পথে দাঢ়াইয়াছে। সে পথ জন্মভূমির উপাসনা—জন্মভূমিকে মা বলা—জন্মভূমিকে ভালবাসা—জন্মভূমিকে ভক্তি করা। তিনি এই যে কার্য করিয়াছেন, ইহা ভারতবর্ষের আর কেহ করে নাই। স্মৃতরাঃ তিনি আমাদের পূজ্য, তিনি আমাদের নমস্ক, তিনি আমাদের আচার্য, তিনি আমাদের খণ্ডি, তিনি আমাদের শক্তি, তিনি আমাদের মন্ত্রস্তুষ্ট। সে মন্ত্র—বন্দে মাতরম্।

যখন বঙ্গিমচন্দ্র সৌন্দর্যসৃষ্টিকে লোকশিক্ষার দাসী করিতে উদ্ধৃত হইলেন, আমি তাহাতে রাজী হই নাই। আমি বলিয়াছিলাম, চরম সৌন্দর্য, পরম সৌন্দর্য, অথবা সৌন্দর্যের যাহাকে পরাকার্তা বলে, তাহাই চরম ধর্ম, তাহাই পরম ধর্ম। স্বতরাং সৌন্দর্যসৃষ্টির সঙ্গে সঙ্গে ধর্ম প্রচার করিয়া দুই জিনিসই নষ্ট করা, দুটা জিনিসকেই পারমিতা প্রাপ্ত হইতে না দেওয়া বিশেষ দোষের কথা হইবে। আমি বলিয়া-ছিলাম, কালিদাস কোথাও ধর্মপ্রচার করেন নাই, কিন্তু তাঁহার মত হিন্দুধর্মের প্রচারকও বিরল। কিন্তু বঙ্গিমবাবু আমাকে over-rule করিলেন। আমিও দেখিলাম, হয় ত দেশ কাল ও পাত্র বিবেচনা করিলে বঙ্গিমবাবুর কথাই সত্য হইতে পারে। তিনি আপনার মতেই তিন চারিথানি নভেল লিখিয়া ফেলিলেন। শুন্দি সৌন্দর্যবাদীরা তাহাতে এক একবার নাক সিটকাইলেও দেশগুৰু লোকেই তাঁহার অমুসরণ করিতেছে ও করিবে। তিনি এ বিষয় লইয়া কাহারও সহিত বিচারে প্রবৃত্ত হইতেন না। আরও অনেক বিষয়ে তিনি বিচার করিতে রাজী হইতেন না। যে দিন তাঁহার দরবারে বসিয়া সর্বপ্রথম ‘বন্দে ম্যাতরম্’ গান শুনিলাম, গানটি কাহারও মনে ধরিল না। এক জন বলিলেন, “অত্যন্ত শ্রতিকৃ হইয়াছে” — “শস্ত্রামলাং শ্রতিকৃ নয়। ত কি? দ্বিষ্টকোটীভূজৈধৃতথরকরবালে ইহাকে কেহই শ্রতিমধুর বলিবেন না।” এক জন বলিলেন — ‘কে বলে মা তুমি অবলে?’ “অবলের একার না ব্যাকরণ, না কিছু।” বঙ্গিমচন্দ্র এই কথাটাই একমণ্টো ধরিয়া ধীরভাবে শুনিলেন, তাহার পর বলিলেন, “আমার ভাল লেগেছে, তাই শিখেছি। তোমাদের ইচ্ছা হয় পড়ু ন্ত কো

ফেলে দাও, না হয় প'ড় না।” অতিকটু দোষ, ব্যাকরণ দোষ থাকিলেও ‘বল্দে মাতরম্’ সমস্ত ভারত ছাইয়া ফেলিয়াছে। বঙ্গমেরই অং হইয়াছে। আমরাও এস, প্রাণ ভরিয়া বলি ‘বল্দে মাতরম্।’

যাহারা সর্বদা বঙ্গভচন্নের কাছে থাকিতেন, তাহা প্রকাশ করিয়া বলা যায় না। তাহাকে শুন্দ বলা যায় না, কারণ, তিনি উপদেশ দিতেন না; তাহাকে সখা বলিবেন, সে স্পর্জ্ঞা কেহ রাখিতেন না, অথচ সকলেই তাহাকে ভক্তি করিত, ভালবাসিত, তাহার মুখে একটি ভাল কথা শুনিলে কৃতার্থ হইয়া যাইত। কেহ কিছু লিখিলে যতক্ষণ বঙ্গম না ভাল বলেন, ততক্ষণ সে লেখা লেখাই নয়। সে একটা অনির্বচনীয় আকর্ষণ। যে সে আকর্ষণের মধ্যে পড়িয়াছে, সেই তাহা বুঝিতে পারিয়াছে, অন্তের তাহা বুঝিবার শক্তি নাই। সাহিত্য ভিন্ন অন্য চৰ্চা তাহার বাটিতে, অন্ততঃ দরবারে হইতে পারিত না। আর সে চৰ্চার মধ্যে তিনিই সর্বময় কর্তা। যাহা তিনি বলিতেন, মানিয়া লইতে হইত, অথচ তাহাতে মান-অপমানের কিছু ছিল না। চৰিশ বৎসর হইল, তিনি স্বর্গলাভ করিয়াছেন। তিনি যে দেশকে জাগাইয়া দিয়া গিয়াছেন, সে দেশ এখন স্বদেশগ্রীতিতে মাতিয়া উঠিয়াছে, এবং তাহার শৃঙ্খিতে ভরিয়া গিয়াছে। আর এই যে গৃহ, যেখানে বসিয়া তাহার “বঙ্গদর্শনে”র অধিকাশে প্রবক্ষ লিখিত হইয়াছিল, যেখান হইতে বিষবৃক্ষ তাহার অমৃতময় ফল সর্বত্র ছড়াইয়া দিয়াছে, যেখান হইতে শৈবলিমীর আয়ক্ষিত দেশকে পবিত্র করিয়া তুলিয়াছে, যেখান হইতে কোকিলের কুতুবৰ রোহিণীকে উন্মাদিনী করিয়া দেশকুক উন্মাদ

করিয়াছে, সেই স্মরণীয় গৃহে বঙ্গমবাবুর স্মৃতির কোন চিহ্নই নাই। আমাদের পরম-কল্যাণভাজন শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য মহাশয়ের পবিত্র দশহরার দিন গঙ্গাস্নান করিতে নৈহাটী আসিয়া বঙ্গবাসীর প্রধান তীর্থ বঙ্গের বৈষ্ণকখনায় উপস্থিত হন, এবং নিজব্যাপ্তে এই সুন্দর মার্কেল টেবলেটখানি লাগাইয়া দিয়াছেন। ইহাতে তাহার নিকট সকলেই আমরা বিশেষ কৃতজ্ঞ। তিনি এই কার্য করিয়া যথেষ্ট সন্দৰ্ভতার পরিচয় দিয়াছেন। বঙ্গমবাবু যে শুক যাহারা তাহার কাছে থাকিত, তাহাদের আকর্ষণ করিতে পারিতেন, এমন নয়, যাহারা দেশতঃ ও কালতঃ তাহা হইতে অনেক দূরে, তাহাদিগকেও তিনি আকর্ষণ করিতে পারেন, তাহার প্রকৃষ্ট প্রমাণ আমরা পাইলাম। আস্তুন, আমরা মণ্ডলী হইতে বলি—‘পদ্মনাথ মবাবুর জন্ম হটক !’

আর যিনি দেবতার তুল্য স্বামী পাইয়াও তাহাতে বঞ্চিত হইয়া এই চৰিশ বৎসর ধরিয়া পরলোকে স্বামীর মঙ্গলের জন্ম নানা ব্রত অনুষ্ঠান করিয়া জীবন ধাপন করিতেছেন, যিনি এই বৈষ্ণকখনাটি উন্নমনক্ষেত্রে মেরামত করিয়া দিয়া স্বামীর এই চিহ্নটী বজায় রাখিলেন, এবং যিনি এইখানে উপস্থিত থাকিয়া আপন সন্তানমণ্ডলীকে আশীর্বাদ করিতেছেন, আইস, আমরা সকলে তাহাকে ভক্তিভরে প্রণাম করি।

বঙ্গমবাবুর স্মৃতি চিরকাল জাগরুক থাকুক, এবং তাহার শ্রদ্ধ-পূর্ণ বঙ্গবাসীর দ্রুত ও মন পবিত্র করিতে থাকুক।

শ্রীহরপ্রসাদ শাহী।

ବକ୍ଷିମ ବାବୁର ପ୍ରସଙ୍ଗ ।



୧୮୭୯୮୦ ଖୃଷ୍ଣୀଦେର ବର୍ଷାକାଳେ ଚୁଁଚୁଡ଼ାର ପ୍ରଥମ ବକ୍ଷିମବାବୁର ସଙ୍ଗେ ଆମାର ସାଙ୍ଗାଏ ହୁଏ । ମନେ ପଡ଼ିତେହେ, ମେ ଦିନ ରଥ୍ୟାତ୍ରା, ଏବଂ ଆମାର ସହ୍ୟାତ୍ମୀ ଅତୁଳ ବାବୁତେ ଆର ଆମାତେ ଟ୍ରେଣ ଫେଲ୍ କରିଯା ଅନେକକଣ ହାବଡ଼ାର ଟେଶନେ ବସିଯା ଛିଲାମ । ମିଠାର ଅତୁଳକୁଣ୍ଡ ରାମ ତାର ପର ଯୁରୋପ ଭ୍ରମଣ କରିଯା ଆସିଯାଇଛେ—ନାନା ଦେଶ ଦର୍ଶନ ଏବଂ ବିଷ୍ଟର ପ୍ରତିଭାଶାଲୀ ସଜ୍ଜିର ସାହଚର୍ଯ୍ୟ କରିଯା ସନ୍ତୁଷ୍ଟତଃ ତିନି ମେଦିନି-କାର ବର୍ଷାଧୋତ ପ୍ରଭାତଟୀକେ ଭୁଲିଯା ଗିଯାଇଛେ, କିନ୍ତୁ ଆମାର ଜୀବନେ ମେ ଏକଟା ନବ୍ୟୁଗ । ମାହିତ୍ୟଚର୍ଚାର ମେଇ ନବୀନ ଉତ୍ସାହେର ସମସ୍ତ ଆପନା ହିତେ ବକ୍ଷିମବାବୁ ଆମାର ଦେଖିତେ ଚାହିଁଯାଇଲେନ । ମୌତାଗ୍ୟ-ଗର୍ଭେର ଏକଟା ଆନନ୍ଦହିଲ୍ଲୋଳ ଆମାର ଶରୀର ମନ ଅଭିଷିକ୍ତ କରିତେଛି ।

ଚୁଁଚୁଡ଼ାର ଘୋଡ଼ାଘାଟେ ଆମାଦେର ଗାଡ଼ି ସଥନ ପଞ୍ଚଛିଲ, ବକ୍ଷିମବାବୁ ତଥନ ଆଫିସେର ପୋଷାକ ଆଟିଯା ବାହିର ହିଁଯାଇଛେ—ଏଗାରଟା ବାଜିତେ ବେଶୀ ଦେବୀ ନାହିଁ । ବଲିଲେନ, ଚିଠି ପାଇଯା ପ୍ରାତଃକାଳେ ଆମାଦେର ଜନ୍ମ ଅପେକ୍ଷା କରିଯାଇଲେନ । ଯା ହୋକ, ଅଫିସ ହିତେ ଫିରିଯା ଆସିଲେ କଥାବାନ୍ତା ହିବେ । ମେଇ ପ୍ରଥମଦର୍ଶନେ ତୀହାର ମୌତାଗ୍ୟରେ ପ୍ରତିଭାର ସେ ଜ୍ୟୋତିଃ ଦେଖିଯାଇଲାମ, ଆର କଥନେ କେବଳ ଦେଖିଯାଇଛି, ମନେ ହୁଏ ନା ।

প্রায় তিনটার সময় আবার দেখা হইল। ইঞ্জিনেরে বসিয়া বঙ্গিমবাবু ধূমপান করিতেছিলেন—আলবোলার সাজসজ্জা এবং কুণ্ডলীকৃত দীর্ঘ নল দেখিয়া আমার “বিষবৃক্ষে”র হাঁকার স্বব মনে পড়িতেছিল। তখন ডায়েরি লিখিতাম না—কথাবার্তা যাহা হইয়া-ছিল, তাহার সারাংশমাত্র মনে আছে। কথায় কথায় বঙ্গিমবাবু বলিলেন, “এখন আর ইংরেজীতে চিঠিপত্র আদৌ লিখি না—ইংরেজী ভাষাটা ভারি Insincere বলিয়া আমার মনে হয়।” আমায় বিশেষ করিয়া বলিলেন, “‘মাসিক সমালোচকে’ আপনার একটা প্রবন্ধ পড়িয়া এর আগে আপনাকে চিঠি লিখিতে ইচ্ছা হয়েছিল, কিন্তু তাতে আমার কথা বেশী করিয়া বলায়, লিখিতে পারি নাই।” প্রবন্ধটাতে আমি বলিয়াছিলাম,—‘ইন্দোনীজন কালে বঙ্গিমবাবু দেশের সর্বপ্রধান সংস্কারক, তাহার স্বচ্ছ মৌল্যে এবং তৎকৃত সমালোচনায় বঙ্গ-সমাজের যে মানসিক এবং নৈতিক উন্নতি হইয়াছে, আর কিছুতে ততটা নহে।’ কথা-প্রসঙ্গে বঙ্গিমবাবু বলিলেন, এখনকার ছেলেরা দেখিতে পাই গুরুজনদিগকে আগেকার মত প্রণাম করে না। নিজের বাড়ীর রথ দেখিবার জন্য তাহার অপরাহ্নে কাঁঠালপাড়ায় যাওয়ায় কথা, অতএব আমরা বিদ্যায় হইলাম। প্রথমে আসিয়া আমি বঙ্গিমবাবুকে নমস্কার করিয়াছিলাম, নব্য যুবকদের প্রতি তাহার মন্তব্য শুনিয়া উঠিবার সময় সলজ্জভাবে প্রণাম করিলাম। তিনি হাসিলেন। জামাতা রাখালবাবুকে ডাকিয়া বলিলেন, “শ্রীশ বাবুকে আর বেহাইকে জল থাওয়াও।” এই সময়ে বাবু চক্রশেখের কর আসিয়া পঁজছিলেন—বঙ্গিমবাবুর কাঁঠালপাড়া যাওয়া হইল না।

ইহার পর মনে হইতেছে, কলিকাতায় গ্রাম দুই বৎসর পরে
বঙ্গিমবাবুর সঙ্গে দেখা হয়, তখন তাঁর বাসা বহুবাজারে। আমি
প্রিয় স্বহৃদ বাবু নগেন্দ্রনাথ শুণ্ঠের সঙ্গে মাঝে মাঝে তাঁর কাছে
যাইতাম। “উন্ন্যু-স্ন্যু-প্রেম”-প্রণেতা বাবু চন্দ্রশেখর মুখোপাধ্যায়ের
সঙ্গে একদিন গিয়াছিলাম। বঙ্গিমবাবু কথায় কথায় বলিলেন,
“কই, চন্দ্ৰ, তুমি বাঙ্গালা লেখা ছাড়িলে, বাঙ্গালা যে আৱ পড়িতে
ইচ্ছা কৰে না।” “রাজসিংহ” তাহার কিছু দিন আগে “বঙ্গদর্শনে”
ক্রমশঃ প্রকাশিত হইয়া বন্ধ হইয়া গিয়াছিল। চন্দ্রশেখর বাবু
জিজ্ঞাসা কৰিলেন, তাহা সম্পূর্ণ কৰা হইতেছে না কেন? বঙ্গিম-
বাবু তাঁর কোনও বন্ধুর নাম কৰিয়া বলিলেন, “এ’ৱা বলেন—আমাৰ
স্বীকৃত চৰিত্ৰগুলিতে এখনকাৰ ছেলে পুলে মাটি হইতেছে। তাই
আৱ ডাকাত মাণিকলালকে আঁকিতে ইচ্ছা কৰে না।” বলিলেন,
“কুন্দনন্দিনীৰ বিষ খাওয়াটা যে নীতিবিৰুদ্ধ, তাহা আমি স্বীকাৰ
কৰি।” চন্দ্রশেখর বাবুতে এবং আমাতে একযোগে বলিলাম,
মাণিকলালেৰ মত দুই একটা ডাকাতেৰ চিৰ দেশেৰ সম্মুখে ধৰিলে
উপকাৰ ভিন্ন অপকাৰ হইবে না। এই কথায় বঙ্গিমবাবু কি
ভাবিয়াছিলেন, বলিতে পাৰি না, কিন্তু ইহার অল্পদিন পৱে “রাজ-
সিংহে”ৰ প্ৰথম সংস্কৰণ বাহিৰ হইল। আৱ একদিন চন্দ্রশেখর বাবুৰ
সঙ্গে আমিও উপস্থিত ছিলাম। শ্ৰদ্ধেয় বাবু চন্দ্ৰনাথ বন্ধুৰ সঙ্গে
চন্দ্রশেখৰ বাবুৰ তথনও সাক্ষাৎ পৱিচৰ ছিল না। বঙ্গিমবাবু চন্দ্ৰনাথ
বাবুকে সম্বোধন কৰিয়া বলিলেন—“ওকে চেন না?—
উন্ন্যু-স্ন্যু-প্রেম।” মনে হইতেছে, এই দিন সক্ষ্যাৰ পৱে বহুমপুৰ

হইতে বৃক্ষিমবাবুর একটা প্রাচীন বহু তাঁর সঙ্গে দেখা করিতে আসেন। সে মিলনের আনন্দ এবং হাস্ত এখনও আমার মনে জাগিতেছে। বহুর সঙ্গে তাঁর পুত্রকে দেখিয়া বঙ্গিমবাবু জিজ্ঞাসা করিলেন—“কোথায় পড় ?”

উ—Fourth year, Presidency College.

বঙ্গিমবাবু—রাখালের সঙ্গে আলাপ নেই ?

উ—না।

বঙ্গিমবাবু—সে কি হে—এক ক্লাসে পড়, আলাপ নেই ?

সঞ্জীববাবু বলিলেন, “তা জান না বুঝি ? এখনকার ছেলেদের ভেতর নাম জিজ্ঞাসা যে একটা ঘোর বেয়াদবী ! ওর একটা গল্প আছে। এক নব্য শিক্ষিতের সঙ্গে একজন সেকেন্ড লোকের এক কুস্থানে দেখা হয়। বৃক্ষ ছেলেটাকে জিজ্ঞাসা করিয়া বসিলেন যে, তাঁর নামটা কি ? নব্য বাবু কষ্টে নাম বলিলেন। বৃক্ষের কুবুদ্ধি, আবার প্রশ্ন, ‘মহাশয়ের পিতার নাম ?’ বাবুটাই চটে লাল, বুড়োকে মারেন আর কি ! ব্যাপার গুরুতর দাঁড়ায় দেখিয়া বাড়ীর অধিকারিণী তাড়াতাড়ি আসিয়া নব্য বাবুটাকে সুধাইল, ‘বাবু, বাপের নাম জিজ্ঞাসা করিলে আমাদের ছেলেরাই চাটিবে, আপনাদের রাগ কেন ?’ ভারি হাসি পড়িয়া গেল।

একদিন সন্ধ্যার পর গিয়া দেখি, অনেকগুলি সাহিত্যসেবীর সমাগম হইয়াছে। বাবু রাজকুম মুখোপাধ্যায়, চন্দ্রনাথ বহু, নবীন বাবু প্রভৃতি। নবীন বাবু কথায় কথায় “আনন্দমঠের” সুপরিচিত “বন্দে মাতরং” সঙ্গীতটার একাংশ আবৃত্তি করিয়া

বঙ্গিমবাবুকে বলিলেন, “এমন ভাল জিনিসটীকে আধ সৃষ্টি আধ বাঙালায় লিখিয়া মাটী করা হইয়াছে। এ যেন গোবিন্দ অধিকারীর গানের মত। লোকের ভাল লাগে না। বঙ্গিম বাবু ঈষৎ কুপিত-স্বরে বলিলেন—“আচ্ছা ভাই, ভাল না লাগে, পড়ো না। আমার ভাল লেগেছে, তাই ও রকম লিখেছি। লোকের ভাল লাগবে কি না ভেবে আমি লিখব !”

কিছু দিন আমি রীতিমত ডায়েরী রাখিতাম। ১৮৮২ খ্রিস্টাব্দের জুলাই মাস হইতে প্রায় দুই বৎসর সে ব্রত পালন করিয়াছিলাম। এই কালের মধ্যে বঙ্গিমবাবুর সঙ্গে অনেকবার আমার দেখা কৰা হইয়াছিল। ইহার ফলে তাহার সহিত আমার ঘনিষ্ঠ যোগ সঞ্চার হয়। বন্ধুত্ব বলিতে পারি না। গুরু শিষ্যের যে সম্বন্ধ, এক দিকে গাঢ় স্নেহ এবং প্রীতি, অন্তর গভীর ভক্তি ও শ্রদ্ধা—প্রেমের সেই সম্বন্ধকেই আমি যোগ বলিয়া অভিহিত করিয়াছি। অতএব বিস্তর কথা আমি আদৌ স্মৃতির উপর নির্ভর না করিয়া বলিতে পারিব।

রাজসাহী কলেজের শিক্ষক বাবু লোকনাথ চক্রবর্তী “আর্যদর্শন” পত্রে “শৈবলিনী” চরিত্রের সমালোচনা করেন। সে সম্বন্ধে বঙ্গিম বাবুর সঙ্গে তাহার চিঠিপত্র চলিয়াছিল। লোকনাথ বাবু আনিতে চাহিয়াছিলেন যে, দুর্গেশনন্দিনীর অভিনব সংস্করণে দিগ়গভক্তে নৃতন রূপ দেওয়া হইল কেন? বঙ্গিম বাবু উভয় দেন যে, এক শ্রেণীর অমুকরণপ্রিয় লেখক বিদ্যাদিগ্গজ চরিত্রের নামে বঙ্গ-সাহিত্যে অল্পীগতা আনিতেছে। তাহাদের মুখ বঙ্গ করিবার অঙ্গ তাহাকে সে চরিত্রের কোনও কোনও হল নৃতন করিতে হইয়াছে।

ପ୍ରତାପ ସେଥାନେ ବଲିତେଛେନ ଯେ, “ତୋମାର ବିଷେର ଭାବେ ଆମି ବେଦଗ୍ରାମ ତ୍ୟାଗ କରିଯାଇଲାମ ।” ସେଇ ଶ୍ଵଲ ଉତ୍ତରେ କରିଯା ଲୋକନାଥ ବାବୁ ବଲିଯାଇଲେନ ଯେ, ପ୍ରତାପେର ଅସାଧାରଣ ବଲବାନ ଚରିତ୍ରେ ସେଇରେ ଭାବ କେନ ? ବକ୍ଷିମବାବୁ ଦେଖାଯାଇଲେନ ଯେ, ପ୍ରତାପ ବସ୍ତୁତଃ ଅସାଧାରଣ ହଇଲେଓ ନିଜେର ପ୍ରତି ତ୍ାହାର ବିଶ୍ୱାସ ତେମନ ଦୃଢ଼ ଛିଲ ନା । ସେଇ ତ୍ାହାର ମହେସୁ, ଏବଂ ତାହାଇ ପ୍ରକୃତିସଙ୍ଗତ ।

ସଙ୍ଗୀବ ବାବୁର ମଙ୍ଗେ ଏକଦିନ ଆମାର ଗ୍ରୀକ ଲାଓକୋଯନେର କଥା ହଇତେଛି । ତିନି ବୁଝାଇତେଛିଲେନ, ଗ୍ରୀକ ଶିଳ୍ପୀ ସେଇ ପ୍ରତ୍ୱର-ମୂର୍ତ୍ତିତେ କି ଶୁନ୍ଦର କାବ୍ୟ ଫୁଟାଇଯା ତୁଲିଯାଇଛନ । ବଲଦୃଷ୍ଟ ଲାଓକୋଯନେ ସର୍ବବେଶିତ ଏବଂ ଆସନ୍ନମୁଦ୍ରା ହଇଯାଇ ବାମେ ପ୍ରାଣପେକ୍ଷା ପ୍ରିୟତର ପୁତ୍ର ହାଟିକେ ଯଜ୍ମେ ରଙ୍ଗା କରିତେଛନ, ସେଇ ଅବଶ୍ୟା ଦୃଢ଼ ଓଟେ ଅଧିର ଚାପିଯା ଆକାଶେର ଦିକେ ଚାହିଯା ତିନି ତ୍ାହାର ଦୁର୍ଭାଗ୍ୟ ବିଧାତା ଦେବତାଦେର ଜାନାଇତେଛନ, ଅଦୃଷ୍ଟଲିପି ଅଥଗୁରୀୟ ଜାନିଯାଓ ତିନି ଦୃଢ଼ପ୍ରତିଜ୍ଞ । ସଙ୍ଗୀବ ବାବୁ ବଲିଲେନ, ଏଇଥାନେ ଶାରୀରିକ ବଲେ ଧର୍ମବଲ ଅଶିଯାଇଛେ, ଏବଂ ମାରେ ଏକଦିନ ବକ୍ଷିମବାବୁ କୁମାରସଙ୍ଗବ ହଇତେ ହିମାଳୟ-ବର୍ଣନା ପଡ଼ିତେ ପଡ଼ିତେ ପ୍ରତିଶ୍ଳୋକେ ତାହାଇ ଦେଖାଇଯାଇଲେନ । ତିନି ଦେଖାଇଯାଇଲେନ, କୋନାଓ କବିତାତେଇ କେବଳ ପ୍ରକୃତି ବର୍ଣ୍ଣିତ ହୁଏ ନାହିଁ—ସର୍ବତ୍ର ଅନ୍ତଃସୌନ୍ଦର୍ୟ ନିହିତ ଆଛେ । ଶୁନିଲାମ, ମେ ଦିନ ପ୍ରାତି ରାତ୍ରି ବାରୋଟା ପର୍ଯ୍ୟନ୍ତ ବକ୍ରଦେଶ ମଙ୍ଗେ କାବ୍ୟାଲୋଚନା କରିଯାଇଲେନ । ଆମାର ମହଙ୍କେ ସେଇ ରାତ୍ରେର କଥା ତୁଲିଯା ବକ୍ଷିମବାବୁର ଏକ ଜଳ ବକ୍ର ବଲିଲେନ, “ତୋମାର ସେମିନକାର କଥା ମତ ବୋଧ ହୁଏ— କିନ୍ତୁ ଲିଖିବେ, କିନ୍ତୁ ତ୍ବାହାର ଜ୍ଞାନ ତତ ଭାଲ ନହେ ।” ଆମି ବକ୍ଷିମବାବୁକେ

বঙ্গিলাম, “আপনিই কেন লিখুন না ?” বঙ্গিম বাবু উত্তর দিলেন, “আমি বুড়া হলাম, আর পারিনে, এখন তোমরা লেখ ।”

১৮৮৩—৮৪ খ্রীষ্টাব্দের বসন্তকালে কিছু বিপদগ্রান্ত হইয়া আমি কলিকাতায় আসি । আমার গৃহিণী এক অচৃত রকমের হিষ্টিরিয়া রোগে ভুগিতেছিলেন, স্বর্গীয় রাজেন্দ্র দত্ত মহাশয় স্থির করিয়াছিলেন, উচ্চ Clairvoyance । এই রোগ ডাক্তার সরকার অতি আশ্চর্য-কর্পে আরোগ্য করেন । আমার ডায়েরীগুলি যদি কখনও ছাপা হয়, তাহার বিশেষ বিবরণ প্রকাশ হইবে । এখানে উল্লেখ করার তাৎপর্য এই যে, বঙ্গিমবাবু তদুপলক্ষে নিজের বিশ্বাস সম্বন্ধে অনেক কথা আমার বলিয়াছিলেন ।

২১শে ফাল্গুন বঙ্গিমবাবুর সঙ্গে প্রথম দেখা হয় । আমার সহধন্মিণীর অস্থুখের কথা এবং তাহাতে কতকগুলি শক্তি বিকশিত হইয়াছে শুনিয়া তিনি আশ্চর্য হইলেন । বলিলেন, “রোগ মারাত্মক নয় । একটা কথা যেন মনে রাখা হয় । রোগীকে বেশ পুষ্টিকর খাদ্য দিবে, হিষ্টিরিয়া দৌর্বল্যেই হয় ।” কথার কথায় আমি তাহার নবেলসমূহে সর্যাসী চরিত্রগুলির কথা তুলিলাম । হাসিয়া বলিলেন, “সব নবেলেই আছে বটে, কিন্তু কেন থাকে জানি না ।” আমি বলিলাম, “আপনার পিতার সমন্বয় সর্যাসীর গল্প সর্জীববাবুর কাছে শুনিয়াছি । হইতে পারে, শৈশবাবধি তার মুকুল মনে একটা Impression আছে ।” বঙ্গিমবাবু—“সে গল্প শুনিয়াছি বটে, কিন্তু সে জন্ত কিছু হইয়াছে, আমার বোধ হয় না । তবে অনেক হালে অনেক সর্যাসী হেরেছি ।” আমি বলিলাম, “বইএর অনুরূপ

কোন সন্মানীর আশ্চর্য কৌণ্ডিকলাপ কথনও দেখেছেন কি না ?”
একটু ভাবিয়া উত্তর করিলেন, “না ।” তার পর সিনেট সাহেবের
প্রস্তুকের কথা উঠিল । বঙ্গিমবাবু বলিলেন, “সিনেট দেখাইয়াছেন
বটে যে, মানুষের শক্তি কত বিকশিত হইতে পারে । Theosophy
এদেশে আসিবার পূর্বে আমি তা লিখেছি ।” পৌষ-সংখ্যা “বঙ্গদর্শনে”
“দেবী চৌধুরাণী” কার লেখা জিজ্ঞাসা করিলে বঙ্গিমবাবু বলিলেন,
উহার “Mysteirous author-ship” । আমি বলিলাম, তার লেখা
বলিয়াই আমার বোধ হয়েছে । উত্তর—“অনেকে তা বলেন না ।”

একদিন বঙ্গিম বাবুর বাড়ী গিয়া দেখি, তাহার নিকট
হেমবাবু, চন্দনাথ বাবু এবং সঞ্জীব বাবু বসিয়া আছেন । আমি
আসিবার আগে ইঁহাদের ভারি একটা তর্ক চলিতেছিল । তর্কের
বিষয়—Universityতে মেঘেদের বি, এ, উপাধি-লাভ উপলক্ষে
হেমবাবুর অভিনন্দন-কবিতাটি । হেমবাবু ইংরেজীতে বলিতেছিলেন,
“তোমাদের কোনও উৎসাহ নাই, জীবন নাই ।” সঞ্জীব বাবু
বলিলেন, “ইহাতে বুঝা যাইতেছে, তুমি সকলের ছোট ।” তখন
হেমবাবু সঞ্জীব বাবুর বয়স জিজ্ঞাসা করিলেন, তুমনে একটু রহস্য
চলিল । পরে হেমবাবু বঙ্গিমবাবুর দিকে ক্রিয়া বলিলেন,
“Sentiment governs the world, not logic.” বঙ্গিম
বাবু বলিলেন, “তা ত বটেই ।” পরে অন্ত কথা আসিয়া পড়িল ।

২৬শে চৈত্র সন্ধ্যার পর সাক্ষাৎকালে বঙ্গিমবাবু বলিলেন,
“রবীন্দ্র কাল এসেছিলেন, তার কাছে তোমার পরিবারের সংবাদ
পাই । নৃতন বাসার বাতাসের স্মৃতিধা কেমন ? আমি নিজে গিয়া

দেখিয়া আসিব। ছাদে রোগিণীকে শৰন করানৱ ব্যবস্থা কৰা যাৰ
কি না? আমাৰ মধ্যমা কল্পাটী সেৱাৰ হিটিৱিয়াতে দুই মাস কষ্ট
পায়। যে ঘৰে তাকে রাখা হয়, দিন রাত্ৰি তা খোলা থাক্ত, এত
বাতাস যে, সহজ লোকেৱ সেখানে থাকা অসম্ভব। মাঠেৱ ভিতৰ
ঘৰ। যা তা থাওয়াইতাম, দু'মাসেই সাবিয়া গেল।” সঞ্জীববাবু
জিজ্ঞাসা কৰিলেন, “অলকট সাহেবে আসিয়া কি কৰিল?” আমি
তাহার ও মিসেস্ গড়নেৱ কাৰ্য বৰ্ণনা কৰিলাম। বঙ্গিমবাবু
বলিলেন, “বাবু নগেন্দ্ৰনাথ চট্টোপাধ্যায় mesmerize কৰিতে
জানেন। সে দিন তিনি (বঙ্গিম বাবু) ডাক্তারী কোনও পুস্তকে
পড়িতেছিলেন, ফোড়াৰ উপৱ mesmerize কৰাৰ মত অঙ্গুলি চালনা
কৰিলে সোয়াস্তি বোধ হয়, তবে আঙুলে কপূৰ মাথাইতে হয়।”
সঞ্জীব বাবু বলিলেন, তাঁৰ নিজেৰও কিছু কিছু mesmeric power
আছে; তিনি উহার দ্বাৰা নিজেৰ স্তৰীৰ ফোড়া আৱোগ্য কৰিয়া-
ছিলেন, কিন্তু ফোড়া স্পৰ্শ কৰিতে হয় নাই। বঙ্গিমবাবু বলিলেন,
“শ্ৰীশ্বাবু, সকলই ত দেখিলে। আমাৰ একটা কথা শুনে কাজ ক'ৰে
দেখ দেখি। কাল প্ৰাতে স্বান কৰে' ফল মূল থাইও, আৱ কিছু
খেও না। সমস্ত দিন একমনে চিন্তা কৰো, কিসে তোমাৰ
পৰিবাৰেৱ পীড়া ভাল হবে। মন ও শৰীৰ পৰিত্ব রেখো, মনে পাপ-
চিষ্টামাত্ৰ স্পৰ্শ না হয়। সন্ধ্যাৰ সময় একবাৰ তাঁৰ শয্যাপাথে
ব'সে তাঁকে স্পৰ্শ কৰিও। ইহাতে বেশ বিষ্ণাস কৰে' কাজ
কৰো, নহিলে কৰো না।” আমি সম্ভত হইয়া আসিলাম।

২ৱা বৈশাখ সন্ধ্যাৰ প্ৰাক্কালে বঙ্গিমবাবুৰ কাছে গেলাম।

তখন তিনি বৈঠকখানার বাহিরে অনাবৃতশরীরে ভাতুপুত্র বিপিন বাবু এবং একটি দোহিত্রের সঙ্গে দাঢ়াইয়া ছিলেন। বঙ্গিমবাবুর রং যে তত ফরসা, মুখ দেখিলে তাহা বুঝা যায় না। আমার পরিবারের পীড়া উত্তরোত্তর বাড়িতেছে শুনিয়া বঙ্গিমবাবু উদ্বেগ প্রকাশ করিলেন। বলিলেন, “সোমবারে মেজদাদা (সঙ্গীববাবু) ফিরিলে একত্রে দেখিয়া আসিব।” সঙ্গীব বাবু মিছমারাইজ করিতে জানেন। বঙ্গিমবাবু নিজের তৃতীয়া কন্তার পীড়ার গল্প করিলেন। পনের দিন তাঁর দাঁত খোলে নাই। ডাক্তার কেলি নাসিকা দ্বারা আহার করাইতেন। তাঁহার খশুরালুর কলিকাতা হইতে হাবড়ার বাসায় লইয়া যাওয়া ভারি কষ্টকর হইয়াছিল। বঙ্গিমবাবু ভৌতিক চিকিৎসা করাইয়াছিলেন, কিন্তু তাহারা হিষ্টি-রিয়া বলিয়াছিল। বলিলেন, “তাহাদের ঝাড়া ঝোড়াও mesmerism, জলপড়া mesmerized water, এই সকল উপায়ে তোমার স্তুর চিকিৎসা করাও। আমার কন্তাকেও mesmerize করার উদ্যোগ হইয়াছিল। যদি কাহাকেও না বল, একটি পরামর্শ দিই। তাঁরকেখরের মানত করিও, তাহাতেও উপকার হয়। আর কারু কথা বলিব? জজ ব্রজেন্দ্রলাল শীল গ্রন্থকারে সারিয়া পিয়াছেন। অনেকেই Sceptic, তাই এ সব কথা সকলকে বলি না। কিন্তু অনেক সত্য এতে আছে। তোমার বিশ্বাসের জন্য আরও ছ'একটা গল্প বলি। আমার জ্যেষ্ঠ ভাই শ্রামাচরণ বাবুর কন্যাটীর বয়স যখন ছুরু বৎসর, তখন তাঁর খাস-কাস ও জ্বর হয়। কিছুতে জল হয় না দেখিয়া শ্রামাচরণ বাবুর জী হেবেটাকে লইয়া কলি-

কাতাস্ব আসেন। আমি তখন এখানে সপৰিবারে থাকি। মহেন্দ্ৰ বাবু তখন এলোপেথি হোমিওপেথি তই মতেই চিকিৎসা কৰেন, এত নাম হয় নাই। তিনি ও আৱ আৱ ডাক্তারেৱা বিশেষ ঘজ্জেৱ সহিত চিকিৎসা কৰেন, বৰে বাতাস মাত্ৰ আসিতে দিতেন না। একটু সাগু মাত্ৰ থাইতে দিতেন, তাৰ হজম হইত না। প্ৰাতে আসিয়া মল পৱীক্ষা কৰিয়া প্ৰত্যহ মহেন্দ্ৰ বাবু সন্দেহ কৱিতেন যে, সাগুৰ চেয়ে আৱও কিছু বেশী খেতে দেওয়া হয়েছিল। কিছুতে কিছু হলো না—মেয়েটী বাঁচে না। নিজে গিয়া আমি তাকে বাড়ী রাখিয়া আসি—ৱেলেৱ কষ্ট তাৱ সহে কি না, মহেন্দ্ৰ বাবু সন্দেহ কৱিয়াছিলেন। তাৱ পৱ বাড়ী গেলে এক মাগী কৰ্ত্তাভজা আসিয়া মেয়েটীকে দেখে বলিয়াছিল যে, সেটী কেন তাকে দেওয়া হোক' না। তাঁৰা ত তাৱ জীবনেৱ আশা ছেড়ে দিয়েছেন। সে যদি কোন উপায়ে মেয়েটীকে বাঁচাতে পাৱে, তবে মেয়ে তাহাৱই হবে। শেষে মেয়েটীৰ চিকিৎসা কৱিতে সম্মত হয়ে বলে যে, সে যা বলিবে, তাহাই কৱিতে হবে। প্ৰথমে মেয়েটীৰ গলাৱ একটা কিসেৱ পুঁটুলী বাঁধিয়া দিয়া তাকে পুকুৱে শ্বান কৱাইতে বলে। তাতেও সন্তুষ্ট নৱ। বৰ্ধাকাল, বৃষ্টি পড়িতেছিল, আবাৱ সেই জলে মেয়েটীকে ছাড়িয়া দিল। পৰদিন ধেকে উপকাৱ বোধ হতে লাগল। মেয়েটী কৰ্মে বেঁচে উঠল। এখন সে বেঁচে আছে। বয়স বিশ বৎসৱ।" আমি বলিলাম, এ সকল ব্যাপারে আমাৱ বড় বিশ্বাস ছিল না, কিন্তু তাঁৰ "ৱজনী"ৰ সন্ধ্যাসী চৱিত্ৰ এবং লড় লিটনেৱ একখানি অজ্ঞেল পড়িয়া বোধ হইয়াছে যে, তাহা অসম্ভব নহে। বঙ্গমৰাবু হাসিলেন,

বলিলেন, “আনেক দেখিয়া তবে তিনি লিখিয়াছেন।” “বঙ্গদর্শনে”র কথা একটু হইল। “আনন্দমঠ” সম্বন্ধে ডাঙ্গার সরকারের মত ও প্রশংসনৰ কথা বলিলাম। উহার অভিনয় দেখিতে গিয়াছিলেন কি না জিজ্ঞাসা করিলে বলিলেন, “গিয়াছিলাম, কিন্তু অভিনয় ভাল হয়নি। তাই ডাঙ্গার সরকারকে লইয়া যাইনি, নইলে সরকার যাইবেন বলিয়া পাঠাইয়াছিলেন।” বঙ্গম বাবু দেশীয় থিয়েটারের উপর বড় চট্টাইয়াছিলেন, বলিলেন, এখন উহা ভদ্রলোকের যাইবার যোগ্য স্থান নহে। কতকগুলো অসভ্য ছেঁড়া আৱ বেশো হা হা কৰিয়া হাসে—বড় ত্যক্ত হইয়া আসিয়াছেন। আমি জিজ্ঞাসা কৰিলাম, থিয়েটারের উন্নতিৰ জন্য তিনি ম্যানেজারদিগকে উপদেশ পৰামৰ্শ দেন কি না ? বলিলেন, “বেশো নহে, তা বুঝিবে কে ?”

এই সময়ে বাবু নিশিকাস্ত চট্টোপাধায় বঙ্গম বাবুৰ সঙ্গে একদিন দেখা কৰিতে আসেন। তিনি উঠিয়া গেলে রাখালকে বলেন, “ইনি নিশিকাস্ত, বড় বিদ্বান।” একটু পরে হাসিয়া বলেন, “আমি ত মন্দ বল্তে পারবই না, তিনি যুরোপে বসিয়া আমাৱ বই পড়িয়াছেন।”

মার্জিট্রেটেৰ সঙ্গে একটু অবনিবন্ধন হওয়াৱ এই সময়ে বঙ্গম বাবুকে হাবড়াৰ পৃথক বাসা কৰিতে হইয়াছিল—মাৰে মাৰে কলিকাতায় আসিতেন। ইই বৈশাখ সন্ধ্যাৱ একটু পূৰ্বে ফিরিয়া আসেন। আমি আসিয়া দেখি, ইজিচে়াৱে বসিয়া তিনি তন্মুচ্চে আলবোলাৰ তাৰাকু সেবন কৰিতেছেন। তাহাৰ মত এই ষে, মন্তিকেৱ পোৰ্যগ জন্য প্রচুৰ পুষ্টিকৰ আহাৱেৰ প্ৰয়োজন।

বলিলেন, তাঁর শরীরে এমন বল নাই যে দশ সের জিনিস তুলিতে পারেন, অথচ অতিশয় অধিক আহার করিয়া থাকেন। হগলীতে অবস্থানকালে বাবু জগদীশনাথ রায়, অক্ষয়চন্দ্র সরকার প্রভৃতির সঙ্গে দুইদিন কিরণ ভায়ানক আহার করিয়াছিলেন, সে গল্প করিলেন। আপাততঃ তত বেশী খাইতে পারিতেছেন না বটে, কিন্তু যাজপুরে থাকিতে তিনি দুই বেলায় চারটে মুরগী, আটটা ডিম ও আর আর জিনিস প্রত্যাহ খাইতেন। চারটে মুরগীর কথা শুনিয়া আমি একটু আশ্চর্য হইলে বলিলেন, “তাহা এখনও পারি।” বলিলেন, “মানসিক শ্রমটা বড় করিতে হয়, এত না থেলে চলে না।” জিজ্ঞাসা করিলাম “যৌবনাবস্থায় কি এমন আহার করিতে পারিতেন?” উ—“না, এখন পারি।” কথায় কথায় আমি জিজ্ঞাসা করিলাম, তাঁর কোন পুস্তক তাঁর মতে বেশী দিন টেকিবে? উত্তর—“বলা বড় শক্ত, বোধ হয় ‘কুকুকান্তের উইল’।” প্রশ্ন—“বিষবৃক্ষ কত দিনের লেখা?” উত্তর—“১৮৭২ সালের। যাজপুরে ‘দেবী চৌধুরাণী’ লিখেছি।” প্রশ্ন—“তা কি শেষ হয়েছে?” উত্তর—“না এখনও হয় নাই।” প্রশ্ন—“আচ্ছা আপনি ত অনেক চারত্ব লিখেছেন, দীনবন্ধু বাবুর নিজের চিত্রিত চরিত্রগুলির অধিকাংশ জীবিত বা মৃত—আপনিই লিখেছিলেন, আপনার চরিত্রগুলি কি তেমন?” উত্তর—“সেই রকম বটে, কিন্তু তার উপর অবশ্য রং ফলান।”

আঘাত মাসের শেষাশেষি একদিনকার কথা। শনিবার, প্রায় পাঁচটার সময় বঙ্গবাবুর কলুটোলার বাসায় গেলাম। রাখালের

কাছে শুনিলাম, “মৃণালিনী” সপ্তম সংস্করণে অনেকটা বদল হইয়াছে। দুই জনে পুরাণ ও নৃতন পুস্তক লইয়া মিলাইতে লাগিলাম। দেখিলাম, পুরাণ পুস্তকের দুই অধ্যায় একেবারে বাদ দেওয়া হইয়াছে। কয়টিমাত্র কথায় দুই অধ্যায়ের উদ্দেশ্য সফল হইয়াছে। সংস্কৃত শব্দমাত্র-পরিহারের চেষ্টা করা হইয়াছে। আমি রাখালকে বলিলাম, বইটে নাটক ও ভাষাংশে আগেকার চেয়ে ভাল হইয়াছে বটে, কিন্তু একাংশে সাধারণের বোধ হয় কিছু ক্ষতি হইয়াছে। সেক্ষপীয়র প্রভৃতির নাটক লেখার সাময়িক পর্যায় ঠিক করিয়া আধুনিক সমালোচকগণ তাঁহাদের মানসিক ক্রমোন্নতির পরিচয় দিতেছেন। বঙ্গিমবাবুর সম্বন্ধে পরবর্তী লেখকদের সে স্মৃতিধা ঘটিবে না। একটু পরে বঙ্গিমবাবু আসিয়া পঁচাইলেন। আমাদের ছ'জনকে জিজাসা করিলেন, “কি হচ্ছে ?” এবং আমার প্রশ্নাত বলিলেন, মৃণালিনীর অনেক বদলাইয়া দিয়াছেন। তখন আমরা উভয়ে “চেটস্ম্যান” হইতে বারাকপুরে সুরেন্দ্রবাবুর অভ্যর্থনা উপলক্ষে সাহেবদের কাপুরঘোচিত ব্যবহারের বৃত্তান্ত পড়তেছিলাম। বঙ্গিম বাবু হাসিয়া সুধাইলেন—“বারাকপুরের লড়াই পড়ছ না কি ?”

আজ নিতান্তই সামান্য কারণে তাঁহাকে অতিশয় রাগিতে দেখিলাম। শুনিলাম, আগে এমন ছিল না। মালদহে থাকিতে সাধার ব্যায়াম হয়, সেই হইতে রাগ হইয়াছে, ইহা আর সুধরাইল না। মালদহে মাথার পীড়ার ইতিহাস এইরূপ :—যে বাড়ীতে ছিলেন, সেখানে নাকি পূর্বে নববলি হইত। পরিবার সঙ্গে ছিল না। একদিন এক কুঠুরীতে বসিয়া আছেন, কে আসিয়া ভয়ানক

বেগে দ্বার ঠেলিতে সাপিল। “কেরে? কেরে?” করিয়া বঙ্গিম বাবু চৌকার করিলেন। উত্তর নাই। চাকরেরা আসিয়া থুঁজিয়া দেখিল, কেহ কোথাও নাই। সেই হইতে মন্তিকের পীড়ার স্তুত। পরদিন কাছারীতে লিখিতে লিখিতে মুর্ছিত হইয়া পড়েন।

“প্রতিনিধি” নামক সংবাদপত্রে আমি “কুন্দনলিনী” চরিত্রের সমালোচনা করিয়াছিলাম। বঙ্গিমবাবু পড়িয়া বলিয়াছিলেন, সামাজিক চরিত্র, তার অত বিশ্বেষণের দরকার ছিল না। আমি বলিলাম, “এক বিষয়ে চরিত্রটি আমার কাছে অসামাজিক বলিয়া বোধ হয়—উহার নিশ্চেষ সরলতা। কোথাও আর অমন চিরি দেখি নাই।” বঙ্গিমবাবু বলিলেন, “আমি তিলোকমার চরিত্রেও একটু তাহা দেখাইয়াছি।” আমি বলিলাম, “কুন্দে তাহার বিকাশ অনেক বেশী।” আমি বলিলাম, “আমার বোধ হয় যেন আপনার নাট্য-সৃষ্টির শক্তি এখন বাড়িতেছে।” বঙ্গিমবাবু—“হঁ, দেখিয়াছি, সে কথা সে দিন তুমি কুন্দচরিত্রের শেষে লিখিয়াছ। চন্দ্রবাবুও তাই বলেন, আমার নিজেরও তাই বোধ হয়। মৃগালিনীর নৃত্য সংস্করণ আগামোড়া প্রায় নাটক। খিরেটারে আমার বইয়ের যে দুর্দশা করা হইয়াছে, তাহা দেখিয়া শুরুপ করিতে আমার ইচ্ছা হয়েছিল।” আমি বলিলাম, “এইবার কেন একবার নাটক লিখিতে চেষ্টা করুন না?” উত্তর—“লিখিব কার জন্ম? তেমন শ্রোতা নাই, অভিনেতা নাই, তার পর নাটকের ভাষা এখনও হয় নাই।” বলিলাম, “আপনার কাজ আপনি করিয়া যান, পরে লোকে বুঝিবে।” সম্ভত হইলেন, নাটক লিখিতে চেষ্টা করবেন। আমি জিজ্ঞাসা করিলাম

—“আপনার ইতিহাস লেখার কি হইল ?” উত্তর—“এখন ওসব হয় না । যদি কথনও চাকরী ছাড়িয়া কোন লাইব্রেরিতে বসিয়া পড়িতে পাই, তবে লিখিব । এখন কিছু হয় না । তোমরা ত পাঠক বাড়াইতেছে, তখন একবার দেখা যাবে ।” কথা উঠিল, আজকাল গোকের হিন্দু ধর্মের উপর আঙ্গ বাঢ়িতেছে, সে সম্বন্ধে একটা প্রতিক্রিয়া আরম্ভ হইয়াছে । আমি বলিলাম, “সেবারে আপনি মিল, ডার্বিন ও হিন্দুধর্ম সম্বন্ধে যাহা লিখিয়াছিলেন, তাহাতে কিছু কাজ হইয়া থাকিবে ।” বঙ্গিমবাবু উত্তর দিলেন, তাঁর আনন্দমঠ এবং হেষ্টির সঙ্গে তর্কবিতর্কের পত্রগুলি কতক কাজ করিয়া থাকিবে, তাঁর পর তাঁর ইংরেজী লেখার কথা হইল । বলিলেন, বরাবর বাঙালা অপেক্ষা ইংরেজী লেখা ও বলা তাঁর পক্ষে অধিক সহজসাধ্য ।

আমার “বঙ্গদর্শন”-গ্রন্থ স্থির হইয়া গেলে বঙ্গিমবাবু একদিন বলিলেন, “শ্রীশবাবু, তোমার সঙ্গে আমার একটা কথা আছে । তুমি যে আমায় লেখার জন্য ঘন ঘন পীড়াপীড়ি করিবে, তা হবে না ।” আমি বলিলাম, “বঙ্গদর্শন আপনার নামের সঙ্গে অভিন্ন, আপনি না লিখিলে কি বঙ্গদর্শন চলে ? নবেল বরাবর ত চলিবেই, প্রবন্ধও মাঝে মাঝে দিতে হবে ।” উত্তর—“নবেল লেখা থাকে, চলিবে । কিন্তু প্রবন্ধ দিব ন’মাসে ছ’মাসে । ইদানীং প্রবন্ধ বড় একটা লিখি নাই, কেবল মাঝে মাঝে তাঁড়াশি করেছি । তোমরা শুবা পুরুষ, অনেক লিখিতে পারিবে, আর আমার কাছে ‘বঙ্গদর্শন’-র জন্য মাঝে মাঝে গালি থাবে । মেজ্দাদাও থান ।……লেখারে

দুই মাস বঙ্গদর্শনের টোন্ বড় নীচু করা হয়েছিল। বিরুক্ত হয়ে ৬১
মাস লিখি নাই।.....” আমি বলিলাম, “আপনি কেন সম্পাদক
হোন না ?” উত্তর—“আর আমার সে উৎসাহ নাই।”.....আর
একদিন চন্দ্রনাথবাবু “বঙ্গদর্শনে”র কথা তুলিলেন। বঙ্গিমবাবুকে
বলিলেন, “শ্রীশের ইচ্ছা, আমারও ইচ্ছা, তুমি সম্পাদক হও।”
বঙ্গিমবাবু অস্বীকৃত হইয়া বলিলেন, “তা’ হলে ‘বঙ্গদর্শন’ ছাড়িব
কেন ? তা হলে আর কাহারও সহায়তা লইতাম না। শ্রীশবাবুকে
সন্দ্বার পর এসে গণেশ হইতে হইত।”.....একটু পরে খিদিরপুর
হইতে বাবু যোগেন্দ্রচন্দ্র ঘোষ ও উকীল উমাকালী বাবু আসিলেন।
থাজনার আইন বিলের আন্দোলন জন্য ইংলণ্ডে লর্ড লিটনকে
মুকুবী খাড়া করা হইয়াছে বলিয়া বঙ্গিমবাবু যোগেন্দ্রবাবুকে ঠাট্টা
করিতে লাগিলেন। চন্দ্রবাবুকে পান লইয়া খাইতে দেখিয়া বঙ্গিম
বাবু জ্ঞান হাসিয়া বলিলেন—“এখন পানে দিলে মন !” থুব হাসি
চলিতেছিল। রাজকুমার বাবু আমারই মত শ্রেতা—বড় কিছু
বলিতেছিলেন না।

আমি জিজ্ঞাসা করিলাম, “আপনি এক স্থানে লিখিয়াছেন, ‘মুন্দর
অর্থে ভাল নহে’; ইহা কি ঠিক ?” চন্দ্রবাবু স্বীকার করেন না।
উত্তর—“কোথার লিখিয়াছি ?” আমি—“বৃত্তসংহারের সমা-
লোচনার।” উত্তর—“ভুল লিখিয়াছি।” আমি কার্লাইলের কথা
বলিলাম। বঙ্গিমবাবু বলিলেন, “তাঁরও সেই মত—Beautiful
includes good.”

আমি বলিলাম, “আমার ইচ্ছা, আপনার জীবনী সবচেয়ে কৃতক

কতক মোট এখন হইতে সংগ্রহ করি। আপনি কিছু কিছু মোট
দিতে পারেন কি ?” বঙ্গিম বাবু হাসিলেন, বলিলেন, “আমার জীবন
অসার, তা লিখিয়া কি হইবে ? আমার জীবনের কথা মাঝে মাঝে
গল্প বলিয়া তোমায় শুনাইব, সকল কথা বলা ত সহজ নহে ! জীবনে
অনেক ভূম প্রমাদ আছে, তা বলা বড় কঠিন, কাজেই জীবনী হইল
না। সে সব বলিতে পারিলে অনেক কাজ হয়। আমার জীবন
অবিশ্রান্ত সংগ্রামের জীবন। এক জনের প্রভাব আমার জীবনে বড়
বেশী রকমের—আমার পরিবারের। আমার জীবনী লিখিতে
হইলে তাহারও লিখিতে হয়। তিনি না থাকিলে আমি কি
হইতাম, বলিতে পারি না। আমার যত ভূম প্রমাদ তিনি জানেন,
আর আমি জানি। আমার জীবনের কতক বড় শিক্ষাপ্রদ, সকল
বলিলে লোকে তাবিবে কি যে, কি এক রকমের অনুত্ত লোক ছিল।
আগে আমি নাস্তিক ছিলাম। তাহা হইতে হিন্দুধর্মে আমার
মতি গতি অতি আশ্চর্য রকমের। কেমন করিয়া তাহা হইল,
জানিলে লোকে আশ্চর্য হইবে। আমি আপন চেষ্টায় বা কিছু
শিখেছি। ছেলে বেলা হতে কোন শিক্ষকের কাছে কিছু শিখিনি।
হগলী কালেজে এক আধটু শিখেছিলাম জ্ঞান বাবুর কাছে। ক্লাসে
কখনও থাকিতাম না। ক্লাসের পড়াশুনা কখনও ভাল লাগিল
না—বড় অসহ বোধ হইত। কুসংসর্গটা ছেলেবেলায় বড় দেখি
হয়েছিল। বাপ থাকতেন বিদেশে, মা দেক্কেলের উপর আম
একটু বেশী, কাজেই তার কাছে শিক্ষা কিছু হয় নি; নীতিশিক্ষা
কুখনও হয় নি। আমি যে লোকের ঘরে সিঁদ দিতে কেবল শিখিনি

বলা যায় না।” বঙ্গমৰ্বু হাসিলেন। আমি বলিলাম, “গুনেছি, বিষয়ক্ষে আপনার নিজের জীবনের একটা ছবি আছে, ইহা কি সত্য কথা?” উত্তর—“কতক সত্য বই কি, তবে আসলের উপর অনেক রং ফলাইতে হও�ঢে।” একটু পরে বলিলেন, “চাকুরী আমার জীবনের অভিশাপ, আৱ স্তৰী আমার জীবনের কল্যাণ-স্বরূপ।” আমি তাহার উপন্থাসের চরিত্রগুলির কথা তুলিলাম। বলিলাম, “স্তৰীচরিত্রগুলির উৎকর্ষ আপনার বেশী। পুরুষও কয়টী অতি সুন্দর আছে।” অন্যান্য নামের সঙ্গে বঙ্গমৰ্বু অমরনাথের নামও করিলেন। আমি বলিলাম, “অমরনাথ আৱ প্ৰতাপ একই চৱিত্ৰের দুইৱৰ্ষ বিকাশ।” বঙ্গমৰ্বু বলিলেন, “প্ৰতাপ বৱাবৰ শ্ৰীৰ্যশালী, তথাপি ইন্দ্ৰিয়াৰী; কিন্তু অমরনাথ অবস্থাৰ পৱিবৰ্তনে মনঃসংযম কৱিতে পাৱিয়াছিলেন।” বলিলেন, “পূৰ্ণচন্দ্ৰ বসু এইৱৰ্ষ বুঝাইয়াছেন।” স্তৰী-চৱিত্ৰের মধ্যে বঙ্গমৰ্বুৰ নিজেৰ মতে সৰ্বোৎকৃষ্ট ভৱৰ, “কুষ্ণকান্তেৰ উইল” তাহার সৰ্বোৎকৃষ্ট পুস্তক। আমি বলিলাম, “অনেকে কপালকুণ্ডলাকে সৰ্বোৎকৃষ্ট বলে।” উত্তর—“ইঁ, কাৰ্যালয়ে খুব উচু বটে।” তাৱ পৰ নিজেই বলিলেন, “প্ৰথম তিনখানি বইয়েৰ ভন্ত আমি ইংৰেজী সাহিত্যেৰ কাছে ঝালী, তবে দুর্গেশনন্দিনী লেখাৰ আগে ‘আইভানহো’ পড়ি নাই। কপালকুণ্ডলা লেখাৰ সময় সেক্ষপীয়ৱ বড় বেশা পড়িতাম। শৃণালীৰ পৰ কেবল ইতিহাস, দৰ্শন ইত্যাদি পড়িয়াছি।” চৰ্ক-শেখৰেৱ কথা উঠিল। আমি বলিলাম, “ভাষাৰ লীলা, দৃশ্যেৰ এমন উৎকর্ষ আপনার আৱ কোনও কাব্যে দেখা যায় না।

সেই 'অগাধজলে সাঁতারে'র মত সুন্দর অপূর্ব দৃশ্য বড় দুর্ভাব !" আমার কথা শীকার করিয়া বঙ্গিমবাবু বলিলেন, "অগাধজলে সাঁতারে'র মত দৃশ্য আমি আর কই লিখি নাই।" নিজের জীবনী সম্বন্ধে বলিলেন, "অন্যান কাজের মধ্যে মদ খাই, কিন্তু ইহা বলিতে পারি, সে জন্য কখনও কোনও দুর্ব্বারার কাজ করি নাই। খাইতে বসিলে একটু অপব্যবহার না হয়, এমন নহে।" প্রশ্ন—"মদে আপনার শারীরিক কোনও অসুখ হয় না ?" উত্তর—"না, বরং মদ ধরিয়া শরীর ভাল আছে। সে যেমনই হোক, আমাদের মতন লোকের নিন্কট হইতে এটা বড় কুদৃষ্টান্তের কাজ করে। সেবার ডাঙ্কার শুরুদাস যখন বহুমপুরে ছিলেন, কতকগুলি কলেজের ছাত্রকে মদ খাওয়ার জন্য তিরস্কার করিয়া উত্তর পাইয়াছিলেন, 'দোষ কি মাঝাশয় ? অন্যায় কাজ হলে বঙ্গিমবাবু করিবেন কেন ?' শুরুদাস বাবু আমার কাছে আসিয়া অনুরোধ করিয়াছিলেন, আমি যেন ওটা ত্যাগ করি। দুই একবার ত্যাগও করিয়াছিলাম।"

৫ রবীন্দ্রবাবুর কথা উঠিল। আমি জিজ্ঞাসা করিলাম, "তার উপত্যাস কি আপনি পড়িয়াছেন ?" উত্তর—"পড়েছি। স্থানে স্থানে অতি সুন্দর শুন্দর উচ্চদরের লেখা আছে, কিন্তু উপত্যাসের হিসাবে সেটা নিষ্কল হয়েছে। রবিকে সে কথা আমি বলেছি। উদীয়মান লেখকদের মধ্যে হরপ্রসাদ, ভূমি ও রবির মধ্যে আমার বোধ হয় রবি বেশী 'গিফ্টেড', কিন্তু 'প্রকোসাদ', এখনি তার বয়স ২২/২৩, সে কথা সে দিন রবিকে বলেছি। রবি বলেন, আপনিও ত অন্ত বয়সে 'চৰ্বেশনলিনী' লেখেন। আমি যখন 'চৰ্বেশনলিনী' লিখি, তখন

আমার বয়স ২৪ বৎসর।” * * আমি বলিলাম, “এই বয়সে ছাইবার ইউরোপ-ভ্রমণে যাওয়াও আমার বোধ হয় রবীন্দ্রনাথের একটা বিশেষ সুবিধা।” উত্তর—“তাতে উপকার হয়েছে কি না, জানি না। আমার ইচ্ছা আছে, পেন্সন লইয়া সব বন্দোবস্ত করিয়া একবার ইউরোপ যাব।” * * নিজের স্থষ্ট স্বী-চরিত্র সম্বন্ধে আবার বলিলেন, “এ দেশে স্বীরাই মারুষ, সে কথা আমি একবার বুঝাইবার চেষ্টা পেয়েছি। ইউরোপের যত মনস্বিনী স্বীর কথাই বল, বাস্তীর রাণীর চেয়ে কেহ উচ্চ নহে। রাজনীতিক্ষেত্রে অমন নায়িকা আর নাই। ইংরেজ সেনাপতি রাণীকে যুক্তক্ষেত্রে দেখিয়া বলিয়াছিল, ‘প্রাচ্যদিগের মধ্যে এই একমাত্র স্বীলোক-পুরুষ।’ আমার ইচ্ছা হয়, একবার সে চরিত্র চিত্র করি, কিন্তু এক ‘আনন্দ-মঠে’ই সাহেবেরা চটিয়াছে, তা হলে আর রক্ষণ থাকবে না।” ইডেন সাহেবের কথা উঠিল। বলিলেন, “লোকটা যেমনই হোক, খুব বুদ্ধিমান। আমায় একদিন বলিয়াছিল, ‘আপনার বই খুব পপুলার, অনেক বোধ হয় বিক্রম হয়।’ আমি উত্তর করি, ‘আমাদের দেশ বড় গরিব, বেশী বিক্রী হয় না।’ ইডেন সাহেব—‘২।৩ টাকার এক কাপি বিক্রয় করিতে পারেন না?’ তখন আমার কাছে শুনিলেন যে, এক টাকা দামেও লোকে কিনিয়া উঠিতে পারে না। ইডেন সাহেব আর কিছু দিন এখানে থাকিলে আমার কাজ কর্ম সম্বন্ধে ভাল হতো।” অস্ত্রাঙ্গ সাহেবদের কথা হইল। অনেকে বঙ্গবাবুকে বলে, এ দেশে এই লোকটাই অস্ত্র শক্তিশালী। কথা-গুসঙ্গে শুনিলাম, রিয়াক সাহেব হোরিং-

প্যাথ লোকনাথ বাবুকে জিজ্ঞাসা করিয়াছিলেন, সত্যই কি হেঁটির বিকলে পত্রগুলা বঙ্গিম বাবুর নিজের লেখা ?

জন ষ্টুডেন্ট মিলের কথা উঠিল। বঙ্গিম বাবু বলিলেন, “এক সময়ে মিলের আমার উপর বড় প্রভাব ছিল, এখন সে সব গিয়াছে।” নিজের লিখিত প্রবন্ধের কথা উঠিলে বলিলেন, ‘সাম্য’টা সব ভুল, খুব বিক্রম হয় বটে, কিন্তু আর ছাপাব না। প্রবন্ধ-পুস্তকেও অনেক ভুল, সেটাও ছাপাব না। তবে তিনি পুস্তক-কারে উহার কয়টা প্রবন্ধ দিব।”

পুজুর সময় নবমীর দিন কাঁঠালপাড়ায় বঙ্গিম বাবুর বাড়ীতে পূজা দেখিতে গিয়াছিলাম। পণ্ডিত তারাকুমার কবিরহু, চন্দননাথ বাবু প্রভৃতি সেখানে উপস্থিত ছিলেন। আমরা আহার করিতে বসিলে বঙ্গিম বাবু লেবু পরিবেশন করিলেন। নীচে কাঙালী-ভোজন হইতেছিল, হাসিয়া বলিলেন, “দেখ চন্দ, নানা রকম রূপ, দেখিলে আর খেতে পারবে না।” বঙ্গিমবাবুর প্রথম ঘোবন-কালের একখানি ছোট ফটোগ্রাফ তাঁর ভাতুপুত্র যতীশচন্দ্র আমার দেখাইলেন। বঙ্গিম বাবু বলিলেন “এখানি ‘চুর্ণেশ-মনিনী’ লিখিবার আগের ছবি।” বঙ্গিম বাবুদের বংশ বৈক্ষণ, পূজুর আমিদের সমন্বয় নাই। এক মেছুনী মাছ লইয়া দরওয়াজায় ঢকিল, বঙ্গিম বাবু সে দিকে আসিতেছিলেন, একটু ব্যস্ত হইয়া বলিলেন, “মাছ নাবাসলে, আজ মাছ আন্তে নেই।” যতীশ বলিল, “আ কখনও হয়নি, তাই করুণি।”

বাহিরের বৈঠকখানার টেবিলের উপর বঙ্গিমবাবুর আর এক-

খানি বড় ফটো দেখিলাম। থুব অল্প বয়সের ছবি, রবি-বাবুর প্রথম বয়সের দীর্ঘ কুঝিত কেশের মত চুল, মুখের চেহারাও অনেকটা সেইরূপ,—এখন কিছু মেলে না। চৰ্জন বাবু আমায় জিজ্ঞাসা করিলেন, “এখনকার চেহারার সঙ্গে কিছু কি মেলে? আচ্ছা বল ত, এখনকার চেহারা ভাল, কি তখনকার?” আমি তখনকারটাকেই পছন্দ করিলাম। চৰ্জনাথ বাবু হাসিয়া আমার মতে মত দিলেন। বঙ্গিম বাবুও হাসিলেন, বলিলেন, “ও কথা মেজে বাবু স্বীকার করেন না, বলিলে মারিতে আসেন !”



বঙ্কিমবাবুর প্রসঙ্গ ।



দ্বিতীয় প্রস্তাব ।

আম পাঁচ বৎসর হইল, “সাধনা”য় “বঙ্কিমবাবুর প্রসঙ্গ”* লিখিয়াছিলাম । তখন ইচ্ছা ছিল, আরও কয়টী প্রবন্ধ লিখিয়া তাহার সম্বন্ধে ধাহা কিছু আমার সংগ্রহ এবং জানা আছে, সাধারণে প্রকাশ করিয়া তদীয় ভবিষ্যৎ জীবনী-লেখকের পথ কিঞ্চিৎ সুগম করিয়া দিব । নানা কারণে এতদিন সে মহৎ সন্ধানের অমুসরণ করিতে পারি নাই, আজও পারিলাম না । বর্তমান প্রসঙ্গে সংক্ষেপে কয়টিমাত্র কথা বলিবার অবসর পাইব । ১৮৮৫ অক্টোবর পূর্বে “প্রচার” পত্রে “ক্রষ্ণ-চরিত্রে”র যে অংশ প্রকাশিত হয়, তাহাতে বিশেষ ভাবে তাহার রণকুশলতার সমর্থন করা হইয়াছিল ; পড়িয়া রবিবাবু আমার বলিয়াছিলেন, যিনি ষষ্ঠুষ্য জাতির চিরদিনের আদর্শ বলিয়া বঙ্কিম বাবুর ব্যাখ্যায় প্রতিভাত, যুক্তে প্রবৃত্তি তাহার পক্ষে ভারী অসঙ্গত বলিয়া মনে হয় । ঠিক সেই কথা আমারও মনে হইয়াছিল, এবং বঙ্কিমবাবুকে আমি লিখিয়াছিলাম যে, হিংসাবৃত্তি যুক্তের উত্তেজক, অথচ হিংসার মত সমাজবিরোধী (Antisocial) বৃত্তি আর নাই । শ্রীকৃষ্ণ আদর্শচরিত্র হইয়া

* সাধনা ; আবণ-সংখ্যা ; ১৮৯৪ ।

তাহাতে প্রবৃত্তি ছিলেন, ইহা তাহার মাহাত্ম্যব্যঞ্জক নহে। সে সময়ে রবীন্দ্র বাবু ও আমার সম্পাদিত “পদরচ্ছাবলী” মুদ্রিত হইয়াছিল, এবং আমি উহার একখণ্ড বঙ্গিম বাবুর কাছে পাঠাইয়া তাহার মতামত-জিজ্ঞাসু হইয়াছিলাম। কিছুদিন পরে নদীয়া জেলায় প্রথম রাজকার্যে নিযুক্ত হইয়া যাই। পলাশীর অদূরে কালী গ্রামে অবস্থানকালে বঙ্গিম বাবুর পত্রের আমার হস্তগত হইয়াছিল। সে আজ চতুর্দশ বৎসরের কথা—কিন্তু যেন কাল বলিয়া মনে হইতেছে। পত্রখানি উক্ত করিতেছি।—

“প্রিয়তমেষু—

আমি হাঁপানির পীড়ায় অত্যন্ত অসুস্থ থাকায় তোমার পত্রের উত্তর দিতে বিলম্ব হইয়াছে। গেজেটে তোমার appointment দেখিয়া অত্যন্ত আহ্লাদিত হইলাম। ভরসা করি, শীঘ্ৰই চাকৰী চিৰহাস্তী হইবে।

‘পদরচ্ছাবলী’ পাইয়াছি। কিন্তু সুখ্যাতি কাহার করিব ? কবিদিগের, না সংগ্রহকারিদিগের ? যদি কবিদিগের প্রশংসা করিতে বল, বিস্তর প্রশংসা করিতে পারি। আর যদি সংগ্রহকারিদিগের প্রশংসা করিতে বল, তবে কি কি বলিব আমার লিখিবে, আমি মেইনুপ লিখিব। তুমি এবং রবীন্দ্রনাথ যখন সংগ্রহকার, তখন সংগ্রহ যে উৎকৃষ্ট হইয়াছে, তাহা কেহই সন্দেহ করিবে না, এবং আমার সার্টিফিকেট নিশ্চয়োজন। তখাপি তোমরা যাহা লিখিতে বলিবে, লিখিব। কৃষ্ণ সংস্কৃতে যে প্রশংসন করিবাছ, পরে তাহার উত্তর সংক্ষেপে দিলেই চলিবে। আমি যাহা লিখিয়াছি (নবজীবনে ও

প্রচারে) ও যাহা লিখিব, তাহাতে এই দ্বিতী তত্ত্ব প্রমাণিত হইবে।—

- ১। শ্রীকৃষ্ণ ইচ্ছাক্রমে কদাপি যুক্তে প্রবৃত্ত নহেন।
- ২। ধর্ম্মযুক্ত আছে। ধর্মার্থেই মহুষ্যকে অনেক সময়ে যুক্তে প্রবৃত্ত হইতে হয়। (যথা William the Silent)। ধর্ম্মযুক্তে অপ্রবৃত্তি অধর্ম। সে সকল স্থানে ভিন্ন শ্রীকৃষ্ণ যুক্তে কথন প্রবৃত্ত নহেন।
- ৩। অন্যে যাহাতে ধর্ম্মযুক্ত ভিন্ন কোন যুক্তে কথন প্রবৃত্ত না হয়, এ চেষ্টা তিনি সাধ্যামুসারে করিয়াছিলেন।
মহুষ্যে ইহার বেশী পারে না। কৃষ্ণচরিত্র মহুষ্যচরিত্র।
উপর লোকহিতার্থে মহুষ্য-চরিত্র গ্রহণ করিয়াছিলেন।
কৃষ্ণনগরে কবে ধাইবে? ইতি তাঃ ২৫শে আধিন।

(স্বাক্ষর)

শ্রীবঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায়।

এইখানে একটী কথা মনে পড়িতেছে। “পদরংবণী”র ভূমিকা লেখা শেষ হইলে একদিন প্রাতে বঙ্গিম বাবুকে পড়িয়া শুনাইতেছিলাম। তাহার শেষ দিকে এক স্থানে আছে:—
“যশোদার সেই গোপালময় প্রাণ, সেই অতুল বাংসল্য ভাব, ভুজ-
রাধালের সেই ঢল-ঢল বালমূলভ স্থ্য, যমুনার কুলে কুলে ভুজের
বনে বনে মধুর সে গোচারণ, সে মোহ, যার বলে—

‘হঞ্জ অবি পড়ে বাটে, প্রেমের তরঙ্গ উঠে,
বেহে গাতী শাম অল চাটে।’

সৌন্দর্যের এই সব উপকরণ, ভালবাসার পঞ্চম যে মধুর রস, তাহার নীচের এই সব পরদা তাঁহারা একেবারে ছাড়িয়া গিয়াছেন।” “চল-চল বালস্তুলভ সথো”র স্থলে আমি লিখিয়াছিলাম “চল-চল ছেলেমি সথ্য।” শুনিয়া বঙ্গিমবাবু বলিলেন, “দেখতে পাই, রবীন্দ্রের ও তোমার লক্ষ্য বাঙালায় সংস্কৃতমাত্র বর্জন ক’রে কেবল চল্লিত কথা চালান।” তাঁহার সঙ্গে কখন তর্ক করিতে পারিতাম না, অপ্রতিভ হইয়া নতমুখে বলিলাম, “কি কর্তে হবে?” বঙ্গিমবাবু—‘ছেলেমি’র জায়গায় ‘বালস্তুলভ’ কর।” বঙ্গিমবাবুর মন্তব্য কতটা ঠিক, তাহা তখনকার “বালক” পত্রের প্রবন্ধগুলি পাঠ করিলেই বুঝা যাইবে। এই চৌক বৎসরে রবীন্দ্রনাথ অসাধারণ প্রতিভা-বলে নৃতন পথ ধনন করিয়া পদ্য ও গদ্যের ভাষায় অভূতপূর্ব অঙ্কার ও ওজন্ত্বার সঞ্চার করিয়া দিয়াছেন। আমি কিন্তু আজিও সোজা সরল ভাষার মোহ সম্পূর্ণ ভুলিতে পারি নাই। সরস্বতী-পূজার দিন কুঞ্জনগর হইতে আসিয়া সন্ধ্যার পর বঙ্গিমবাবুর সহিত দেখা করিতে গেলাম। তখন কলুটোলায় সেন মহাশয়দের বাড়ীর কাছে তাঁহার বাসা। উপরের বৈঠকখানায় পীড়িত শ্যামাচরণ বাবু শয্যাগত, নীচে রাখালের ঘরে একপার্শে সঞ্জীববাবু ও কলশয্যার কাছে বঙ্গিম বাবু।

রাজকুমারবাবু এবং উপস্থাসিক দামোদর বাবু বসিয়াছিলেন। শেষেক্ষণ কিছুদিন পূর্বে শ্যামাচরণবাবুর বৈবাহিক হইয়াছিলেন; অতএব উভয় ভাতার শিলিয়া নৃতন বৈবাহিকের সঙ্গে রহস্যে রহস্যে আমাদিগকেও আমোদিত করিতেছিলেন। সঞ্জীববাবুর

তামাসার মাত্রা কিছু বেশী বেশী, বঙ্গিমবাবুর ততটা নহে, তিনি বরঞ্চ বার বার বলিতে লাগিলেন—“ছেলেমানুষের সঙ্গে ওসব কেন? রাখালের বয়সী বা কিছু বড় বই ত নয়।” কিন্তু সংজীবচন্দ্র তবু ছাড়েন না। বঙ্গিমবাবু হাসিল্লা বলিলেন—“বিধাতা কেন যে আমায় হজনার ছেট করেছিলেন, জানিনে।”

দামোদরবাবু উঠিয়া গেলে বঙ্গিমবাবু আমায় স্বাধাইলেন, “তুমি পলাশীতে কি কি পেয়েছিলে, আমার লিখেছিলে?” আমি যুক্তিক্ষেত্র ও তাহার পার্থবন্তী স্থান হইতে গোলা ও গুলি কিছু কিছু সংগ্রহ করিল্লা আনিলাছিলাম—লাক্ষ্মাবাগের অবশিষ্ট একমাত্র আম গাছের ছেট একখণ্ড কাষ্ঠও পাইলাছিলাম। তাহার পরিচয় দিয়া বলিলাম, “দেখবেন?” বঙ্গিমবাবু—“দেখে আর করব কি? কেবল কাঁদা বই ত নয়।” কথায় কথায় আমি বলিলাম, “কৌর্তন সম্বন্ধে এবার কতক অমুসন্ধান করে এসেছি।” বঙ্গিমবাবু—“ও সবে কিছু হবে না। এখন ভবিষ্যতের একটা ভিত্তি করতে হবে।” আমি—“সে আপনি করুন, আমাদের সাধা কি?” বঙ্গিমবাবু—“সেই চেষ্টাই ত করছি। কেমন, শ্রীকৃষ্ণের উপর ভক্তি কিছু হল?” আমি স্বীকার করিলাম, এবং বৈষ্ণব কবিদের শ্রীকৃষ্ণ যে কাব্যের স্থষ্টি বলিল্লা আমার ধারণা হইতেছিল, তাহা বলিলাম। তিনি এ কথার অঙ্গুয়োদন করিল্লা বলিলেন, “গীতায় এক জারগাহ মাত্র দেখি যাসাধ্যায়ে গোপীরমণ। রাসের অর্থ আমি এই রকম বুঝি, তখন স্বীজাতির বেদাদিতে অধিকার ছিল না, অংচ তাহাদের শিক্ষা চাই; শ্রীকৃষ্ণ হির করিলেন, কলা বিদ্যার ধারা তাহাদিগকে

শিক্ষা দিবেন। ইহার বেশী আর কিছু নয়।” ঠিক মনে পড়িতেছে না, কিন্তু বোধ হয় কৃষ্ণচরিত্রের পরবর্তী সংস্করণে এ সম্বন্ধে বঙ্গিম বাবুর মত অনেকটা বদলাইয়া গিয়াছিল।

ইহার কিছুদিন পূর্বে স্বসম্পর্কীয় স্বর্গীয় জগদীশনাথ রাম মহাশয়ের সহিত দেখা করিতে গিয়াছিলাম। কথাপ্রসঙ্গে তিনি বলিয়াছিলেন, বঙ্গিমচন্দ্রের সঙ্গে তাঁর একাপ সোহান্দি যে, বঙ্গিমের মাতৃবিয়োগের পর তিনিও তাঁহাদের বাড়ী গিয়া কাচা পরিয়াছিলেন।

বঙ্গিমবাবু আমার একবার বলিয়াছিলেন, জগদীশ বাবু তাঁর চেয়ে অন্ততঃ পনর বছরের বড়। অথচ সমবয়স্কের মত তাঁহাদের বন্ধুতা ছিল। সাহিত্যাত্মকাগী পাঠককে বলিয়া দিতে হইবে না, বঙ্গিমবাবু ইহারই নামে “বিষবৃক্ষ” উৎসর্গ করিয়াছিলেন।

১৮৯১ অক্টোবর শরৎকালে সীতামাটি হইতে কাথি বদলী হইবার সময় বঙ্গিম বাবুকে তাঁহার কলিকাতার বাড়ীতে দেখিতে যাই। অন্নদিন মাত্র তখন তিনি পেঞ্জেন লইয়াছিলেন, শরীর ভাল ছিল না। পূর্ণবাবু কাছে বসিয়াছিলেন। আমি বলিলাম,—“আগে বলতেন পেঞ্জেন লইয়া খুব লিখিব—এখন?” মৃছ হাসিয়া তিনি উত্তর করিলেন—“এখন গঙ্গার চড়ায় হরিনাম লিখিতে পারিলেই আমার হয়। তোমরা লেখ।” বলিলেন, “রমেশকে (শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত, তখন শ্রেদিনীপুরের ম্যাজিস্ট্রেট) বলেছি, দিনকতক রঘুনাথপুরে বাঙ্গলার বাস করব, সমুদ্রের হাওয়ায় শরীর সারতে পারে। কিন্তু সেখানে ধাবার জলের কষ্ট। বেশ হল, কাথি হতে ভুমি ভাল ভাল

ডাব পাঠাতে পারবে।” কিন্তু সেখানে তাহার যাওয়া হয় নাই। স্থানটা আমার দেখা হয় নাই, কিন্তু শুনিয়াছি, ইহার প্রাকৃতিক সৌন্দর্য অতি চমৎকার। সমুদ্রের জলোচ্ছুসের সময় বাঙালার চারিধার জলে পূর্ণ হইয়া যায়—অদূরে জমীদার ভুঁইয়া মহাশয়ের বাস-ভবনের চারি দিকে দূরবিস্তৃত ঘন বাঁশ বনের প্রাচীর, তাহাতে নির্ভরে হরিগ্রৃথ ও যমুরময়ুরীগণ বিচরণ করিতেছে।

বিশ্বস্তস্মতে শুনিয়াছি, অপরাহ্নে এই জীবগুলিকে স্বহস্তে আহার দান করা ভুঁইয়া মহাশয়ের দৈনিক কার্য, এবং সেই সমুদ্র-বেলা-ভূমে তাহাদের যথেচ্ছ বিচরণের বিষ্ণ না হইতে পারে, এই উদ্দেশে তিনি সে অঞ্চলে শীকার বন্ধ করাইয়া দিয়াছেন।

কাথি মহকুমার সঙ্গে বঙ্গিমচন্দ্রের একটা ঘনিষ্ঠ ঘোগ ছিল। তাহার স্বর্গীয় পিতৃদেব যাদবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় ও তদীয় পুত্র-গণের নাম এখনও লোকের কঠে কঠে ;—কেন না, চট্টোপাধ্যায় মহাশয় মাজনামুঠা পরগণার বন্দোবস্তের অবসরে সাধারণ লোকের বিস্তর হিত করিয়াছিলেন। তাহার মেদিনীপুরে অবস্থিতিসময়ে বঙ্গিম-চন্দ্র সেখানকার জেলাস্থলে পড়িতেন। তাহার হেড মুহূরী সেদিনও বাঁচিয়াছিলেন ; বছর কতক হইল, প্রায় শতবর্ষ বয়সে দেহত্যাগ করিয়াছেন। ইনি বঙ্গিমচন্দ্রের বাল্যচপলতার অনেক গুরু করিতেন। কলতঃ কপালকুণ্ডলার অনেক দৃশ্যের জন্ম বে বঙ্গিম বাবু কাথির সুন্দর বালুকাশৈলশ্রেণী এবং সাগরোপকূলের কাছে ঝণী, তাহাতে সন্দেহ নাই।

কাথি হইতে ছয় মাস পরে বীরভূম বদলী হইবার সময় আবার

কলিকাতায় তাহার সঙ্গে সাক্ষাৎ হয়। পিতার হেড মুহূরীর ও তাহার সন্তান সন্তুতির কথা বারংবার জিজ্ঞাসা করিলেন। আমি বলিলাম, সাধারণতঃ মাজনমুঠার সকল লোকেই এখনও তাহাদের অঙ্গল কামনা করে। তাহাতে সলজে ও স্থিতমুখে বঙ্গিম বাবু বলিলেন, “কর্তাদের দয়ার জন্য লোকে ভালবাসিত। আমরা বিচার করিয়া কড়া শাস্তি দিতাম, তাতে লোকে কর্তার সঙ্গে তুলনা করে” আমাদের নিম্না করিত।”

মনে পড়িতেছে, নবীনবাবু একবার পুরী অঞ্চল হইতে ফিরিয়া অসিয়া বঙ্গিমবাবুকে বলিতেছিলেন যে, তিনি গোটাকতক উড়িয়া কবিতা লিখিয়াছেন, পড়িয়া শুনাইলে তিনি বুঝিতে পারিবেন কি না? বঙ্গিমবাবু উত্তর করিলেন “উড়ে ভাষা আমি বুঝিতে পারিব না? ছেলেবেলায় দশ বার বছর পর্যন্ত উড়ের হাতে লালিত পালিত, আমি আর উড়ে বুঝতে পারব না?” মেদিনীপুরের, বিশেষতঃ কাঁথির উপর বাস্তবিক বঙ্গিমচন্দ্রের আন্তরিক টান ছিল।

কিন্তু সাধারণ উড়িয়াবাসীদের প্রতি তাঁর তেমন আস্থা ছিল না। আমার কাঁথি যাওয়ার সময় যাহা বলিয়াছিলেন, তাহার অর্থাৎ এইক্রমে—“সাষ্টাঙ্গ প্রণাম দেখিয়া ভুলিও না।”

আমার কুঝনগর যাওয়ার কিছুদিন আগে রাধালের হঠাৎ কঠিন পীড়া হয়। বঙ্গিমবাবু নিজে চিকিৎসা শাস্ত্র অধ্যয়ন করিয়া-ছিলেন, এবং এলোপ্যাথিক ও হোমিওপ্যাথিক উভয় পদ্ধতি মতেই চিকিৎসা করিতে পারিতেন। স্বরং সচরাচর ব্যবস্থাপত্র পাঠাইয়া ওয়ার্ধ আনাইয়া লইতেন। সে যাহা হউক, অস্তাঙ্গ চিকিৎসার কোনও

ফল না হওয়ায় উৎকং্ঠিত হইয়া একদিন রাত্রে আমায় চিঠি লিখিলেন, যেন প্রাতে আমার আঙীয় স্বর্গীয় সুবিখ্যাত কবিরাজ অজেন্দ্রকুমার সেন খুড়া মহাশয়কে লইয়া যাই। তিনি হোমিও-প্যাথির মত ছোট শিশিতে ঔষধ রাখিতেন। দেখিয়া বঙ্গিমবাবু উৎসুক্যের সহিত বলিলেন—“দেখি, দেখি, এ যে ঠিক হোমিও-প্যাথির মত।” আমি বলিলাম, “তুনি দৃই তিনটা ঔষধের শুঁড়া মিশাইয়া চিকিৎসা করেন—তাহাতে বেশ উপকার হয়। এটা বেশ উন্নত পদ্ধতি।” বঙ্গিমবাবু গন্তীর হইয়া বলিলেন, “হোমিও-প্যাথিমতে প্রত্যেক ঔষধ পৃথক ব্যবহার করা উচিত; তাহাতে উপকার হইতেছে। সে পরীক্ষার পর ইহাকে উন্নতি বলিতে পারি না।” যাহা হউক, প্রশংসিত কবিরাজ মহাশয়ের চিকিৎসার উপর তাঁর যথেষ্ট ভক্তি ছিল।

একবার স্বল্পেখিকা শ্রীমতী সরলা দেবীর সংস্কৃত নাটক সমালোচনার কথা তুলিয়া বঙ্গিম বাবু আমার অনুজ শ্রীমান শৈলেশচন্দ্রের সম্মুখে আমায় বলিয়াছিলেন, “লেখিকার বয়স বিবেচনা করিলে বলিতে হয়, ও বয়সে আমাদেরও অমন লেখা সহজ হইত না, তাঁহার সমালোচনা পড়িয়া নাটকগুলি আবার নৃতন করিয়া পড়িতেছি।” শৈলেশ বলিলেন, “আপনি আর ত কিছু লিখিতেছেন না?” বঙ্গিম বাবুর বাটার তখন সংস্কার হইতেছিল, হাসিয়া বাড়ী দেখাইয়া বলিলেন “এখন আমারও লেখা ঐ রকম, কেবল পুরাতনের মেরামত ও চৃণকাম।”

১৮৯২-৯৩ অক্টোবরিত্তালয়ে বঙ্গভাষার বহু প্রচলন সমষ্টি

বঙ্গিমচন্দ্র ।

১

বঙ্গিমবাবু যখন বাকুইপুর মহকুমার ভারপ্রাপ্ত ডেপুটী ম্যাজিস্ট্রেট, সেই সময় তাহার সঙ্গে আমার আলাপ পরিচয় হয়। তখন ইংরেজি ১৮৬৪ সাল। সে বৎসর ৫ই অক্টোবরের সাইক্লোনে (Cyclone) ঝড়ে ও জলপাবনে ডায়মণ্ডহার্বার, কুলী, মুড়াগাছা, টেঙ্গরাবিচি, করঞ্জলী, গঙ্গাধরপুর, বাইশহাটী, মণিরটাট প্রভৃতি গ্রাম নষ্ট হইয়া যায়। প্রথমে ঝড়ে এ দেশের অধিকাংশ বাড়ীগুলি ভূমিপাণি হইয়া যায়; পরে, কয়েকটী সমুদ্র-তরঙ্গ বঙ্গোপসাগর হইতে বাত্যা-ভাড়িত হইয়া আসিয়া সাগর-কূলবর্তী দক্ষিণপ্রান্ত ভাসাইয়া লইয়া যায়। এই দৈব দুর্ঘটনায় এ প্রদেশের বহু সহস্র লোক মৃত্যুবুদ্ধি পতিত হয়। এই দুঃসংবাদে ব্যথিতহৃদয় হইয়া, কয়েক জন ধনশালী পারসী ও কতিপয় গবরমেন্টের ইংরেজ কর্মচারী ও এ প্রদেশের জমীদারবর্গের কেহ কেহ যথোচিত সাহায্যদান করিয়া সহজেই একটী প্রচুর ধনভাণ্ডার স্থাপন করিয়া ২৪ পরগণার ম্যাজিস্ট্রেট সাহেবের হস্তে গ্রহণ করেন। বঙ্গিমবাবু তখন এই অর্থের কিয়দংশ লইয়া সাইক্লোন-পীড়িত লোকের দুঃখ কষ্ট দূর করিবার জন্য আবাদের বাসগ্রাম মজিলপুরে আসিয়া উপস্থিত হন। এই উপলক্ষে বঙ্গিমবাবুর সঙ্গে আমার পরিচয় হয়। তিনি কয়েক ডোঙা চাউল, ডাউল,

চিড়া, লবণ, করেক পিপা সৰ্বপ তৈল ও কয়েক থান পরিধেয় বন্ধু প্রভৃতি দ্রব্যজ্ঞাত সঙ্গে আমাকে লোকের অল্পাভাব ও পরিধেয়-কষ্ট দূর করিবার জন্য ঘন্টেশ্বর নদের (হগলী নদীৰ) পার্শ্ববর্তী টেকুরাবিচি গ্রামের সন্নিহিত গঙ্গাধরপুরে পাঠান। দ্রব্যজ্ঞাত-রক্ষার জন্য আমার সঙ্গে এক জন বন্দুকধারী পুলিস-কন্ট্রুলেজ ও প্রেরিত হয়। গঙ্গাধরপুরে যাইবার সময় পথে দেখিলাম, বহুসংখ্যক শবদেহ থালে, বিলে, ধাতুক্ষেত্রে ভাসিতেছে, এবং পথের পার্শ্ববর্তী গ্রামের মধ্যে ও বনে জঙ্গলে, বৃক্ষেপরি ও ভূমিতলে ইতস্ততঃ পড়িয়া রহিয়াছে, এবং চতুর্দিকে নরকের দুর্গন্ধি বিস্তার করিতেছে। আমি যৎপরোনাস্তি কষ্টে সেই শবরালি ও তরিঃহৃত পৃতি-গঙ্গা-দূষিত বায়ুবাণি ভেদে করিয়া সমস্ত দিবারাত্রির পর গন্তব্য-স্থান গঙ্গাধরপুরে উপস্থিত হইলাম। তখন বেলা সাতটা আটটা। আমি সেখানে উপস্থিত হইবামাত্র দুই তিন শত অন্নবন্ধুক্ষেত্র লোক আমার দ্রব্যজ্ঞাত আক্রমণ ও লুণ্ঠন করিতে আসিল। এই সমস্ত দ্রব্যাদি আমি তাহাদিগকে বন্টন করিয়া দিবার জন্য আসিয়াছি, বন্টনাস্তেই চলিয়া যাইব, এই কথায় তাহারা প্রবোধিত ও স্থির হইতে পারিল না। আমি তখন পুলিসের বন্দুকটী সইয়া একটা ডোঙাৰ উপর উঠিয়া দাঢ়াইলাম, এবং বলিলাম, “যে কেহ আমার ডোঙাৰ স্পর্শ করিতে সাহস করিবে, আমি তৎক্ষণাৎ তাহার আঁশ লইব।” ইহাতে তাহারা কিছু ভীত হইয়া অগত্যা আমার বন্টন-প্রস্তাবে সম্মত হইল। আমি তিন চারি দিন সেখানে থাকিয় শান্তদ্রব্যাদি পাওয়াৰ ব্যাপ্তিৰ অত্যেক পরিমাণকে বন্টন কৰিয়া

দিয়া মজিলপুরে ফিরিয়া আসিলাম, বক্ষিমবাবুকে সমস্ত বিবরণ বলিলাম, এবং তাঁহাকে জ্ব্র্যাদির ইসাব দিলাম। তিনি আমার কার্য্যে সন্তোষ প্রকাশ করিলেন। ইহার অল্পদিন পরেই বক্ষিমবাবু দুর্ভিক্ষ-কার্য্যের আধিক্য-প্রযুক্ত অল্পদিনের জন্য ডায়মন্ডহার্কার মহকুমার ভাব গ্রহণ করিলেন। ডায়মন্ডহার্কার হইতে আসিয়া বাবু হেমচন্দ্র কর বাবুইপুরের ভাব লইলেন, এবং দুর্ভিক্ষ-কার্য্যের জন্য মজিলপুরে আসিয়া অবস্থিতি করিতে লাগিলেন। আমি দুর্ভিক্ষ-কার্য্যে বক্ষিমবাবুকে যেরূপ সাহায্য করিতে-ছিলাম, হেমবাবুকেও সেইরূপ সাহায্য করিতে লাগিলাম। সাই-ক্লোনের কলে কেবল এই দুই মহকুমাই দুর্দশাগ্রস্ত হইয়াছিল।

এ সময় ১৮৬০ খৃষ্টাব্দের নৃতন রেজিষ্টারী আইন অনুসারে মহকুমায় মহকুমায় নৃতন রেজিষ্টারী আফিস খোলা হইল। হেমবাবু আমাকে তাঁহার নৃতন রেজিষ্ট্রেশন আফিসের হেডক্লার্কের পদে নিযুক্ত করিলেন। ইহার ফিচুদিন পরে বক্ষিমবাবু বাবুইপুরে ফিরিয়া আসিলেন, এবং আমাকে কর্তৃ নিযুক্ত দেখিয়া আল্লাম প্রকাশ করিলেন। এই সময় হইতে আমি বক্ষিমবাবুকে তাঁল করিয়া চিনিবার স্থৰ্যোগ ও অবসর পাইলাম। তিনি বে সকল কৌজবারী মোকদ্দমা করিতেন, তাহাতে তাঁহার স্বর্গ বিচার-শক্তি, ক্লায়পরতা ও স্বাতান্ত্রিক দয়াল্লি-চিন্তা প্রকাশ পাইত। এই সমস্ত যোকদ্দমার রায় তিনি অতি শুভ্র ইংরেজি ভাষায় প্রকাশ করিতেন। আমি তাঁহার শিখিত রাখলাম পাইতে রক্তই তাঁলদাসিজ্ঞাম, এবং সমস্তগুলি পঢ়িতাম।

এই সময়ের পূর্ব হইতে তিনি “হুর্গেশনন্দিনী” লিখিতেছিলেন। এই সময় তাহাকে সর্বস্বত্ত্ব অন্যমনক দেখা যাইত। এমন কি, সাক্ষীর এজেহার লিখিতে লিখিতে তিনি কলম বন্ধ করিয়া তাবিতে তাবিতে অগ্রমন হইয়া পড়িতেন, এবং হঠাৎ একলাস পরিত্যাগ করিয়া গৃহাভ্যন্তরে তাহার study-room-এ প্রস্থান করিতেন, চিন্তিত বিষয়টা লিপিবন্ধ না করিয়া একলাসে ফিরিতেন না। “হুর্গেশনন্দিনী”র লেখা সমাপ্তপ্রায় হইলে, কিংবা মুদ্রিত হইবার প্রাকালে, আমি তাহার পাঠকক্ষের টেবিলে কয়েক ভলুম স্ট্রের ওয়েবলী উপন্যাস সজ্জিত দেখি। তিনি হয় ত কোনও বন্ধুকে তাহার হুর্গেশনন্দিনীর পাত্রলিপি পাঠ কয়িতে দেন; বন্ধু তাহাকে Ivanhoe উপাখ্যান-ভাগের সঙ্গে তাহার পুস্তকের উপাখ্যান-ভাগের অনেক বিষয়ে সৌম্যাদৃশ আছে, বলিয়া থাকিবেন; তাহাতে তিনি কৌতুহলাক্রান্ত হইয়া সন্তুবতঃ নৃতন ওয়েবলী উপন্যাসাবলী বাজার হইতে ক্রয় করিয়া আনিয়াছিলেন। হুর্গেশনন্দিনী রচিত হইবার পূর্বে তিনি “Ivanhoe” পড়িয়াছিলেন কি না, তাহা আমি ঠিক বলিবার অধিকারী নহি। আমি বাহা দেখিয়াছি, তাহা সত্ত্বেও অহুরোধে অবিকল প্রকাশ করিলাম। আমি অগ্রে “হুর্গেশনন্দিনী” পাঠ করি; তাহার অনেক দিন পরে Ivanhoe অধ্যয়ন করি। বলিতে কি, আমি ইহী রমনীর (Rebeca) তিনি পাঠ করিবার সময় আহেবাকে একটা মুহূর্তে ভূলিতে পারিনাই।

অন্যান্য পাঠকেরাও হুর্গেশনভিনীর চিত্রাবলীকে Ivanhoe'র ছায়া বলিয়া গ্রহণ করিয়া থাকেন। Ivanhoe'র ছায়া লইয়া যে “হুর্গেশনভিনী” রচিত হয় নাই, ইহা বঙ্গিমণ্ডল নিজস্মুখে শতবার ব্যক্ত করিয়াছেন। আমার নিজের যাহাই ধারণা হউক না, আমি বঙ্গিমণ্ডল কথায় বিশ্বাস করিয়া সে ধারণাকে অপস্থিত করিয়াছি। কেন না, আমি তাহার Honesty unimpeachable বলিয়া বিশ্বাস করি। বস্তুতঃ এ বিষয়ে তাহার কথায় বিশ্বাস ভিন্ন উপায়ান্তর নাই। যাহা হউক, হুর্গেশনভিনীর বিমলা যে সম্পূর্ণ একটি অভিনব সৃষ্টি, ইহা কেহই অস্বীকার করিতে পারিবেন না।

* বঙ্গিমণ্ডল “হুর্গেশনভিনী” মুদ্রিত হইয়া আসিলে তিনি আমাকে এক খণ্ড পড়িতে দিলেন। পাঠান্তে পুস্তক সম্বন্ধে আমার মত জিজ্ঞাসা করিলেন। আমি তাহার পুস্তকের উপাধ্যানভাগের খুব প্রশংসনীয় করিলাম, এবং শেখার সম্বন্ধে বলিলাম, পুস্তকের বাঙালী ইংরেজির অভ্যবাদের গ্রাম বলিয়া আমার বোধ হইয়াছে। বঙ্গিমণ্ডল তখন আমার মন্তব্যে তাদৃশ তৃপ্তি জাত করেন নাই। কিন্তু তাহার জীবনের শেষদশায় তিনি একদিন আমাকে বলিয়াছিলেন যে, “আমার শেখা আজও রীতিমত বাঙালী হয় নাই। আজও মেধিতে পাই, স্থানে স্থানে বেন ইংরেজির অভ্যবাদ করিয়াছি।” তিনি আরও বলিলেন যে, “এখনকার প্রায় সমস্ত ইংরেজি-শিক্ষিত লোকের বাঙালীর এই মোৰ।”

তিনি এই দোষ কেবল শ্রাপ্ত নগেন্দ্রনাথ চট্টো-
পাধ্যায়ের লেখায় খুব কম দেখিতে পান। নগেন্দ্রবাবু কখনও
কখনও “বঙ্গদর্শনে” লিখিতেন। ইহাতে তাহার লেখার সঙ্গে
বঙ্গিম বাবুর পরিচয় হয়। বঙ্গিমবাবু নগেন্দ্রবাবুর কোনও
গ্রন্থ কখনও পাঠ করেন নাই। আমাদের বাক্সইপুরে অব-
স্থিতিকালে যখনই শারীরিক অস্থায়নিবন্ধন বঙ্গিমবাবু মধ্যে
মধ্যে অধ্যয়নে অসমর্থ হইতেন, তখন আমাকে রাখিকালে
ডাকিয়া পাঠাইতেন, কিংবা কোনও নির্দিষ্ট সময়ে আমাকে
আসিতে বলিয়া দিতেন। আমি উপস্থিত হইলে তিনি তৎক্ষণাৎ
আমাকে কোনও পুস্তকবিশেষ পড়িতে বলিতেন। আমি
পড়িতাম, তিনি শ্রবণ কুরিতেন, এবং হলবিশেষে আমাকে
বুঝাইয়া দিতেন। সন্ধ্যার পর ৭০০ হইতে ১১০০ পর্যন্ত
তাহার পাঠের মিহম ছিল। আমি বে সমস্ত পুস্তক পাঠ
করিয়া তাহাকে শুনাইতাম, তাহা কখনই “Light Reading”
ছিল না। তৎসমস্তই গভৌরচিত্তাপূর্ণ সারগর্ত পুস্তক। এক-
থানি পুস্তকের বিষয় আমার স্মরণ আছে; তাহাতে “Pro-
gressive Development of Species” বিষয়ে লেখা ছিল।
তিনি অধ্যয়নে অসমর্থ ধাকিলে করাপি আমার একপ
সাহায্য ক্রিয় করিতেন না।

এ সময় বাক্সইপুরের সন্নিহিত রাখমগড়-বিবাসী ভাস্তুর
মহেশচন্দ্র ষাঠি সরকারী কর্ম পরিভ্যাপ করিয়া নিজের
বাটীতে আসিয়া বাস করিতে আসিলেন। এবং লেখায়ে ধাকিয়া

অন্নকুল চিকিৎসা ব্যবস্থাও চালাইতেন। মহেশ বাবু
কলিকাতা মেডিকাল কলেজের এক জন স্নায়ুবিদ্যাত ছাত্র।
তিনি ছাত্রাবস্থায় যেরূপ ধ্যাতি লাভ করিতে পারিয়াছিলেন,
পরীক্ষাগুরু হইয়া ত্যবৃশ বিদ্যাত ডাক্তার হইতে পারেন
হন নাই। তিনি কোনও এক বৎসর কলেজের সাংবৎসরিক
পরীক্ষায় প্রশংসিতকূপে উত্তীর্ণ হইয়া একটী সুন্দর অগুৰীকৃণ
বৰ্ত পারিতোষিকবৰ্কপ প্রাপ্ত হইয়াছিলেন। *

* বক্ষিমবাবু সহিত মহেশ বাবুর আজাপ হইবার পর মহেশ বাবু মেই
অগুৰীকৃণটী দিনকতকের জন্য বক্ষিমবাবুর ব্যবহারার্থ প্ৰস্তাৱ
কৰেন। বক্ষিমবাবু প্ৰতিদিন অপৰাহ্নে মেই অগুৰীকৃণ সহঘোষে
কীটাশু, মানা পুষ্টিৱীৰ দুষ্যিত জল, উত্তিদেৱ সূক্ষ্মভাগ, এবং
জীবশোণিত প্ৰত্তি সূক্ষ্ম পদাৰ্থজাতিৰ 'পৱীক্ষা কৰিতেন। পৱী-
ক্ষাৰ সময় আমিই তাহার একমাত্ৰ নিত্য সঙ্গী থাকিতাম।
পৱীক্ষিত পদাৰ্থনিচন্দ্ৰের অপৰ্কৃণ শোভা সৌন্দৰ্য সৰূপে কুৱিয়া
তিনি আশৰ্য্যাধিত হইয়া বলিতেন, "জগতেৱ মধ্যে কেবল
আমৰাই কৃৎসিত, আৱ আৱ সমস্তই সুন্দৱ।" এই সমস্ত
পৱীক্ষার সময় আমি কথনও তাহার মধ্যে দীৰ্ঘতক্ষির
অপৰ উচ্ছুস দেখি নাই; কথনও দীৰ্ঘৱেৱ নাম গুণ শুনি
নাই; বা দীৰ্ঘবিশ্বাসেৱ কোনও পৱিচয় কথনও পাই নাই।
কিন্তু আমাৱ অহুমান হয়, এই সকল অগুপ্রমাণ স্থিতি

* বক্ষিম বাবুৰ সুখে উনিয়াছি, এই যন্ত্ৰটীৰ মূল্য ৪০০।০০০। টাকাৰ
ৱ ছিল না।

অপর্যাপ্ত শোভা সৌন্দর্য প্রত্যক্ষগোচর করিবার সময় তাঁহার ভাবপ্রবণ অন্তরে বৈজ্ঞানিক-জ্ঞানীয় এক প্রকার স্থিতি-ভঙ্গির বৈজ নিপত্তি বা রোপিত হয়, যাহা তাঁহার প্রবীণ ছয়সে অঙ্গুরিত ও বর্ণিত হইয়া কথশ্চিত্ত স্মৃতির বিকাশ লাভ করিয়াছিল।

আমাদের বারুইপুরে অবস্থানসময়ে তাঁহার জ্যেষ্ঠ ভাতার সহিত তাঁহার ঘনিষ্ঠতার কতকটা পরিচয় পাই। তাঁহার জ্যেষ্ঠ ভাতা শ্বামাচরণ চট্টোপাধ্যায় মহাশয় সময়ে সময়ে বারুইপুরে আসিয়া কনিষ্ঠের অতিথি হইতেন। উভয়ে অত্যন্ত ঘনিষ্ঠভাবে মিশিতেন। শ্বামাচরণ বাবুতে জ্যেষ্ঠস্ত্রের কোনও অভিমান দেখি নাই; বঙ্গিম বাবুতে কনিষ্ঠের কোনও সংস্কার অঙ্গুত্ব করি নাই। তাঁহারা ঠিক যেন পরম্পরার পরম্পরারে অন্তরঙ্গ বলু। তাঁহাদের আলাপের মধ্যে কোনও লজ্জাসরণ প্রকাশ পাইত না। সকল বিষয়ে পরম্পরার ধোলাখুলি আলাপ ও আমোদ আহমাদ করিতেন। কোনও বিষয়ে গোপনের প্রয়োজনীয়তা তাঁহার। উপলক্ষ করিতেন না।

ইহার অনেক দিন পূর্বে তাঁহার অপর জ্যেষ্ঠ (মধ্যম) ভাতা বাবু সঙ্গীবচন্দ্র চট্টোপাধ্যায়ের নামে "Rent Law" সমক্ষে একটা পুস্তিকা প্রকাশিত হয়। লোকের যুধে শুনিতাম, এখানি বঙ্গিম বাবুই রচিত। বঙ্গিম বাবু এই পুস্তিকার অশংসা কুনিতে বড়ই ভালবাসিতেন। একবার হাইকোর্টের বিচারপতিদের "Rent Law" (১৮৫৯ খৃষ্টাব্দের ১০ আইন)

সমস্কে প্রত্যেকের স্ববিস্তীর্ণ মন্তব্য প্রকাশিত হইয়া পুস্তিকাকারে বাহির হয়। সেই মন্তব্যের মধ্যে দ্বানে সঞ্চীব বাবুর “Rent Law” সম্বন্ধীয় পুস্তিকা হইতে কোনও কোনও অংশ উক্ত হইয়াছিল। বক্ষিম বাবু হাইকোর্টের বিচারপতিদের মন্তব্য-পুস্তিকা প্রাপ্ত হইবামাত্র, তন্মধ্য হইতে সঞ্চীব বাবুর পুস্তিকার উক্ত অংশগুলি খুঁজিয়া বাহির করিলেন, এবং আমাকে দেখাইলেন। এই যত্ন অক্তিম ভাত্তাম্বেহ হইতেও বিকশিত হইতে পারে।

মধ্যে মধ্যে কবিবর বাবু দীনবন্ধু মিত্র ও ২৪ পরগণার Assistant District Superintendent বাবু জগদীশনাথ রায় বক্ষিম বাবুর আতিথি গ্রহণ করিতেন, এবং সকলে কয়েকদিন অত্যন্ত আমোদ আহ্লাদে থাকিতেন। ইহারা উভয়েই গবরনেট কর্মচারী, এবং ছুটির সময় তিনি প্রায়ই অপর সময়ে আসিতেন না। দীনবন্ধু বাবু বক্ষিমবাবু অপেক্ষা হই চারি বৎসরের প্রবীণ হইবেন, এবং অগদীশ বাবু তাঁহা অপেক্ষা আরও বার চৌল্দি বৎসর প্রবীণবয়স্ক। একবার বক্ষিম বাবুর ঘরিলপুরে অবস্থিতিকালে একদিন এই বাবুদ্বয় যাত্রি খাটাটাৰ সময় গাড়ী করিয়া ঘরিলপুরে আসিয়া উপস্থিত হইলেন। বক্ষিমবাবু পূর্বাঙ্গে তাঁহাদের আগমনের কোনও সংবাদ পাইয়াছিলেন কি না, জানি না। তিনি তখন তাঁহার আত্মাহিক নিয়মানুসারে অধ্যয়নে নিরত ছিলেন। তাঁহারা বক্ষিমবাবু যাহাতে তাঁহাদের গাড়ীর শব্দ শুনিতে

না পান, এখন স্থানে গাঢ়ী হইতে অবতীর্ণ হইয়া তাঁহার বাসাবাটীর 'সম্মুখস্থ হইয়াই গান ধরিলেন,—'আমরা বাগ-বাজারের (যেখরাণী)।' বঙ্গিষ্ঠমণ্ডলু তাঁহারের ব্যঙ্গস্বর শুনিতে পাইয়া তৎক্ষণাত পাঠ ত্যাগ করিয়া বারাণ্ডায় আসিয়া চীৎকার করিয়া বলিলেন, "কালুয়া! নিকাল দেও, কালুয়া! নিকাল দেও!" এইরূপে সন্তানিত হইয়া তাঁহার ব্যঙ্গস্বর তাঁহার সঙ্গে আসিয়া মিলিত হইলেন।

বঙ্গিষ্ঠ বাবুর এতগুলি সহ্যণ সত্ত্বেও তাঁহার জীবনে দ্বিতীয়বিশ্বাসের অভাবে আমার বড় কষ্ট হইত। আমি থিওডোর পার্কারের "Ten Sermons" নামক পুস্তকখানি তাঁহাকে পড়িতে দিলাম। তিনি তাহা গ্রহণ করিলেন, এবং সপ্তাহান্তে তাহা আমাকে ফিরাইয়া দিয়া বলিলেন, "Such worst English I have never read"। আমি পার্কারের লেখার ও ইংরেজির খুব শক্ত ছিলাম। তাঁহার হেয়েজান-স্থচক মন্তব্যে আমি অত্যন্ত দুঃখিত হইয়াছিলাম।

এই সময়ে বঙ্গিষ্ঠ বাবু কি অপর হাকিমেরা যখন মণিল-পুরে আসিতেন, তখন মণিলপুরস্থ বাবু হরমোহন দত্তের বৈষ্টকখানা বাটীতে অবস্থিতি করিতেন। সে সময় ৩হার-মোহন দত্তের একটে কোট অক্ষ ওয়ার্ডসের তত্ত্বাবধানে ছিল, এবং তাঁহার উত্তরাধিকারী পুত্রস্বর ওয়ার্ডস ইন্সিটিউশনে বাস করিতেছিলেন।

এই সময়ের কিছুদিন পরে আমি বাকুইপুর পরিজ্ঞাপ

করিতে বাধ্য হই। বঙ্গিম বাবু, ২৪ পরগণার ম্যাজিস্ট্রেট বেন্ট্রিজ সাহেবের নিকট আমার অনেক প্রশংসা করেন, তাহাতে বেন্ট্রিজ সাহেব আমাকে বারাসতের সবডিভিসগ্রাল হেডক্লার্কের পদে ঘনোনৌত করিয়া পাঠান। ইহার পর বঙ্গিম বাবুর সঙ্গে আমার অল্পই দেখা সাক্ষাৎ হইত।

২

বঙ্গিম বাবুর বার্কইপুরে অবস্থানকালে একটী দুর্ঘটনা হয়। তাহা অগ্রে লিপিবদ্ধ করিয়া অঙ্গ বিষয়ের বর্ণনে অবৃত্ত হইব। ইহাতে বঙ্গিম বাবুর কার্য্যাত্মপরতা ও পুর-হিতেষণার কিঞ্চিং পরিচয় পাওয়া যাইবে।

একদিন মধ্যাহ্নকালে হঠাৎ বৃষ্টি আসিল। বৃষ্টি অলঙ্কণের মধ্যেই ধামিয়া গেল। কিন্তু ধামিতে না ধামিতে ভয়ঙ্কর শব্দে একটী বজ্রপাত হইল। তাহার চারি পাঁচ মিনিট পরে একটী লোক দৌড়িয়া আসিয়া কাছাকাছি সংবাদ দিল, “রাজকুমারী বাবুর দ্বিতীয় পুত্র বজ্রাঘাতে গঢ়ায়ঃ হইয়াছে।” শুনিবামাত্র বঙ্গিমবাবু কাছাকাছি সমস্ত কার্য্য কেলিয়া রাজকুমার বাবুর বাটীর দিকে ধাবমান হইলেন। আমিও তাহার অনুগমন করিলাম। [এই রাজকুমার বাবু বার্কইপুরের জমী-দার রাজকুমার চৌধুরী। তাহার বাটী কোলমারী নৃত্য কাছাকাছির পাঁচ ছয় বশি তলকাতে]। আমরা বজ্রাঘত বাটীতে গিয়া দেখিলাম যে, বজ্রটী গৃহসংস্থারে বাজাহত একটী বাশের উপরেই বিপত্তি হয়। বাশটী বজ্রাঘতে শক্তি বিদোৰ

হইয়া গিয়াছে। মধ্যস্থলে বিদ্যুদগি আহত বাণটীকে পরিত্যাগ করিয়া সংলগ্ন বিতল বাটীর উপরের ছাদের আলিশা আশ্রয় করিয়া, তাহা হইতে কিছু দূরে আসিয়া, ঘরের দেউল অবস্থনে নীচের তলের একটী ঘরে নামিয়া আসে। নামিবার সময় দেউলের বালিকাম চুণকাম অঙ্গুলিপ্রমাণ পরিসরে উপর হইতে বরাবর সোজা থসিয়া পড়িয়াছে। নীচের ঘরে তিনটী শোক-দেওয়াল ঠেসান দিয়া একটী মাছরে বসিয়া কি গল্প করিতেছিল। প্রধান বজ্রাহত মধ্যস্থলে ছিল; সেই বেচারাই তখনই মৃত্যুমুখে পড়ে। ইহার বয়ঃক্রম অনুমান একুশ বৎসর হইবে। দ্বিতীয় বজ্রাহতটী সম্পর্কে রাজকুমার বাবুর ভাগিনীয়। এই যুবাটী তখন সেই মাছরের উপরে পড়িয়া যন্ত্রণায় ছট্টফট করিতেছিল।

তৃতীয় বজ্রাহতটী রাজকুমার বাবুর তৃতীয় পুত্র। ইনি তখন অনুমান ষোল বৎসরেরও ন্যানবয়স্ক। ইনি সচেতন অবস্থায় এদিক ওদিক করিতেছিলেন। ইহার অদ্বের উরুদেশে একটী ছড় দেখিলাম। ইনি তখনও তাহার জ্বালা অযুক্ত করিতেছিলেন। ছড়টী উরুদেশের উর্ধ্বহান হইতে পাদমূল পর্যন্ত নামিয়াছে। রাজকুমার বাবুর পরিবার স্তুত পুত্রের মন্তক স্বকীয় অঙ্কে গ্রহণ করিয়া সেই ঘরের মধ্যস্থানে মুখাবৃতা হইয়া স্থতের মুখপানে একদৃষ্টে চাহিয়া আছেন। রাজকুমার বাবু সেই দিন প্রাতের ট্রেণে কলিকাতার গিয়া ছিলেন। স্তুত পুত্রটীর মাতা, পুত্রাঙ্গে কোনও বজ্রচিহ্ন না

দেখিয়া হয় ত মনে করিতেছিলেন, পুত্রটী শুধু অচেতন হইয়া পড়িয়াছে। মৃতের অঙ্গে বস্তুতঃ কোনও চিহ্ন ছিল না। তাহার পরিধেয় বস্ত্রের কোনও স্থান দক্ষ হ্য নাই। কোমরের ঘূনসীটী যেমন ছিল, তেমনই রহিয়াছে; ঘূনসীতে চাবিটীও যেমন ছিল, তেমনই আছে। বঙ্কিম বাবু চাবিটী গলিয়া পড়িবার আশঙ্কা করিতেছিলেন। বজ্রপাতকালে আহতের মন্তক পতন-চিহ্নিত স্থান হইতে এক বিষতের কিছু বেশী দূরস্থ ছিল। আমরা বজ্রাহত বাটীতে উপস্থিত হইবার পরক্ষণেই নিকটস্থ পাদবৌ সাহেব অখ্যারোহণে সেধানে আসিয়া উপস্থিত হইলেন। বঙ্কিম বাবু আবলম্বে তাহাকে ডাক্তার মহেশচন্দ্র ঘোষকে আনিবার জন্য রামনগরে প্রেরণ করিলেন, এবং কলিকাতা হইতে ভাল ডাক্তার আনিবার জন্য, অবস্থা বিজ্ঞাপন করিয়া, ব্রাজকুমার বাবুকে টেলিগ্রাফ করিলেন। এ দিকে ডাক্তার মহেশচন্দ্র দণ্ডবন্ধের মধ্যে সে ক্ষেত্রে উপস্থিত হইয়া ঘুবাটীর চৈতন্যসম্পাদন করিবার জন্য নানাবিধ উপায় অবলম্বন করিতে লাগিলেন। বঙ্কিম বাবুও ডাক্তারের সঙ্গে উঠিয়া পড়িয়া লাগিয়া গেলেন। বৰ্ণী বাহল্য, ডাক্তার মহোদয়গণের কোনও চেষ্টা সফল হইল না। বজ্রটী বোধ হয়, আহতের মন্তিকদেশের সন্ধিধানে আসিয়া আন্দোলনেই তাহার প্রাণবায়ু নিঃশেষিত করিয়াছিল। ডাক্তারেরা অস্ততঃ তখন এই অন্তর্বে উপনীত হন।

আমি আমার নৃতন কার্য্যে বারাসতে চলিয়া গেলে বঙ্কিম

বাবু কয়েক বৎসর পর্যন্ত বাবুইপুরে অবস্থিত ছিলেন। তখন আমি যথনই বাটিতে আসিতাম, বাবুইপুরে তাঁহার সঙ্গে দেখা না করিয়া আসিতাম না। তিনি সকল সময়ে তাঁহার স্বত্ত্বাবসিন্ধ স্বেহের সহিত আমার সঙ্গে আলাপ করিতেন, —আদালতের কার্যার সময়েও তাঁহার মে ভাবের ব্যতিক্রম দেখি নাই।

চুর্ণিক্ষের অবস্থা-পরিদর্শন উপলক্ষে বঙ্গিম বাবু একবার আলিপুর হইতে জয়নগর অঞ্চলে আসিয়া উপস্থিত হন, এবং বিশুলপুরের ডাক-বাঙ্গালায় একরাত্রি অবস্থিতি করেন। পরবর্তী প্রাতে তিনি আমাদের বাটিতে আসিয়া আমার সঙ্গে তহুপলক্ষে দেখা করেন। আমি তখন মিউনিসিপালিটীর ভাইস-চেয়ারম্যান। মিউনিসিপালিটী হইতে ছুটী চুর্ণিক্ষনিত মৃত্যুবটনার বিবরণ আলিপুরের ম্যাজিস্ট্রেট সাহেবের নিকট প্রেরিত হয়। তৎসময়ে অনুসন্ধান করিবার জন্য বঙ্গিম বাবু এতনক্ষেত্রে প্রেরিত হন।

আমার সঙ্গে দেখা করিবার পরই বঙ্গিম বাবু বাইশ-হাটা গ্রামে চুর্ণিক্ষ ও তজ্জনিত মৃত্যু সম্বন্ধে অনুসন্ধান করিতে যান। তাঁহার পূর্বদিন কয়েক জন পুলিস-কর্মচারী মেই গ্রামে গিয়া, যাহারা স্থার্থেই চুর্ণিক্ষগ্রস্ত, এবং অনাহারে বা কদর্য দ্রব্যাদির আহারে জীর্ণ শীর্ণ হইয়া পড়িয়াছিল, তাঁহাদিগকে অনুসন্ধান-ক্ষেত্র হইতে কোশলে অনুপস্থিত করিয়া ছিল; এবং যাহারা পুষ্টদেহ ও তৈলাক্ত-কলেরুর, যাহাদে গ্রামে চুর্ণিক্ষের বাতাল কিছুবারে লাগে নাই, পুলিস কেবল

তাঁরিগকে অমুসন্ধান-স্থলে উপস্থিত রাখিয়াছিল। ইহারাই পুলিস কর্তৃক শিক্ষিত হইয়া বঙ্গিম বাবুর কাছে দুর্ভিক্ষের মায়া-কাঙ্গা কাঁদিতে কাঁদিতে বলিতে লাগিল, “মশাই, আমরা এবার খেতে না পেয়ে যাই, সরকারবাহাদুর এ সময় আমাদিগকে অন্ধ হিয়া প্রাণে বাঁচান।” বঙ্গিম বাবু বাইশহাটা হইতে ফিরিয়া আসিয়া আমার নিকট তাঁহার অমুসন্ধানের ফল আন্তুপূর্বৰ্ক বর্ণনা করেন। বঙ্গিম বাবু সত্য সত্যই পুলিসের চাতুরী বুঝিতে পারেন নাই। যে লোকটা তথায় দুর্ভিক্ষে মৃত বলিয়া প্রচারিত হইয়াছিল, পুলিসের কৌশলে সে “রোগে ক্রমশঃ জীৰ্ণ শীৰ্ণ হইয়া মৃত্যুগ্রামে পতিত হইয়াছে”, অমুসন্ধানে এইরূপ প্রকাশ পাইল। বঙ্গিম বাবু তৎপরে বাইশহাটা হইতে ফিরিবার পথে জমিগরের সন্নিহিত হাটপাড়া আমে মৃত ব্যক্তির অমুসন্ধান করিতে আসিলেন। এ ব্যক্তি অবশ্যই দুর্ভিক্ষে “অমাহার-প্রযুক্ত মৃত” বলিয়া প্রমাণিত হইল। পুলিসের কোনও কৌশলজাল এখানে বিস্তারিত হয় নাই। যদি পুলিস-গ্রিপোটে এই মৃত্যুবিবরণ স্থান প্রাপ্ত হইয়া থাকে, তাহা হইলে এখানে পুলিসের কোনও কৌশলজাল বিস্তার করিবার কারণ ছিল না। অথবা, স্থানটা জমিগরবাসীদের অন্ত্যজ্ঞ সন্নিহিত বলিয়া পুলিস এখানে কোনও চাতুরী করিবার অবসর পায় নাই, বা সাহস করে নাই। বঙ্গিম বাবুর মুখে বাইশ-হাটার দুর্ভিক্ষ-বিবরণ শনিয়া আমি অবাক হইয়াছিলাম। তাহা আমার সংগৰ্হিত ষটনার সম্পূর্ণ বিগঝাত। বঙ্গিম

ବାବୁ ଆଲିପୁରେ ଫିରିଯା ଗେଲେ ଆମି ପୁଲିସେର ଚାତୁରୀ ଅବଗତ ହଇଲାମ । ଏକପ ଚାତୁରୀ-ଅବଲମ୍ବନେ ପୁଲିସେର ଅନ୍ତ ସ୍ଵାର୍ଥ ଛଲ ନା । ଉପରେଯାଲା ହାକିମଦେର ଭୟେଇ ତାହାରିଗକେ ଏହି ଚାତୁରୀ ଅଗଭ୍ୟ ଅବଲମ୍ବନ କରିତେ ହୟ । ଅନେକ ସାହେବ ହାକିମଦେର କରେ ଦୁର୍ଭିକ୍ଷଜନିତ କଟେର କଥା ବଡ଼ଇ ତିକ୍ତ ଲାଗେ । ଥାନାର ପୁଲିସ-ରିପୋଟେ ଏକବାର ଦୁର୍ଭିକ୍ଷ ସମ୍ବନ୍ଧେ ଦୁଇ ଏକଟି କଥା ଥାକାତେ ପୁଲିସେର ବଡ଼ ସାହେବ ଥାନାର ଦାରୋଗାର ଉପର ବଡ଼ଇ ଚଟିଆ ଉଠେନ । ତାହାତେ ଦାରୋଗାଟୀ ମାନସିକ ଓ ନୈତିକ ସାହସେର ଅସନ୍ତ୍ରାବପ୍ରୟୁକ୍ତ ଖୁବ ସତର୍କ ହଇଯା ଯାନ । ସଥନ ୨୪ ପରଗଣାର ମ୍ୟାଜିଟ୍ରେଟ ସାହେବ ଦୁର୍ଭିକ୍ଷ ସମ୍ବନ୍ଧେ ତଥ୍ୟାବୁସନ୍ଧାନେର ଜନ୍ମ ବର୍କିମ ବାବୁକେ ଏ ଅଞ୍ଚଳେ ପାଠାଇଲେନ, ତଥନ ତାହାଦେର ସହମା ଆଶକ୍ତ ଜ୍ଞାନିଲ । ସବ୍ଦି କୋନେ ହାନେ ଦୁର୍ଭିକ୍ଷ ପ୍ରମାଣିତ ହୟ, ଆର ସବ୍ଦି ତାହାରା ପୂର୍ବାହ୍ନେ ଉପରେ ଦେଇ ସଂବାଦ ନା ଦିଯା ଥାକେ, ତାହା ହଇଲେ, ତାହାଦେର ଉପର ହାକିମଦେର ସମ୍ବନ୍ଧ ତସି ପାଢ଼ିଥାଇ କଥା । ଦୁର୍ଭିକ୍ଷର ସଂବାଦ ଦିଲେଓ ପୁଲିସେର ଦୋଷ, ନା ଦିଲେଓ ତାହାଦେର ଦୋଷ ! ଦେଇ ଜନ୍ମ ଶେଷେ ଦୁର୍ଭିକ୍ଷ ପ୍ରତିପନ୍ନ ହଇଲେ ତାହାଦେର ଉପର ମୀଛେ କୋନେ ଦୋଷ ପଡ଼େ, ତଜ୍ଜନ୍ମ ପୁଲିସକେ ଏଇକୁପ ଚାତୁରୀ ଅବଲମ୍ବନ କରିତେ ହୟ । ଏକୁପ ସ୍ଥଳେ ପୁଲିସେର ଅବନ୍ତି “ନ ସଥେ ନ ତଥୀ”, ଏଗୁଲେଓ ଦୋଷ, ପେଚୁଲେଓ ଦୋଷ ।

ବାଇଶହାଟାର ଓ ହାଟପାଡ଼ାର ଦୁର୍ଭିକ୍ଷ ଓ ତାହାତେ ଅନାହାରେ ଅୟ ସ୍ଵଭାବିଦେର ଅବୁସନ୍ଧାନାଲ୍ଲେ ବକ୍ଷିମବାବୁ ସେଦିନ ମଧ୍ୟାହ୍ନେ ଏଥାନକାରେ ସବ-ବେର୍ଜିଷ୍ଟାର ରାଯ୍ କମଳାପତ୍ତି ଦୋଷାଳ ବାହାତୁରେର ବାସାୟ ଆନ୍ଦୋଳନ

আহাৰাদি কৰেন। আমি বঙ্গমবাৰুৰ সঙ্গে সেখানে সাক্ষাৎকৰি। ঘোৰাল যুৰাশয়েৰ বিবাস—বঙ্গমবাৰুৰ স্বামী, কাঠালপাড়ায়। উভয়েৰ মধ্যে কুটুম্ব-সম্বন্ধ ছিল। উভয়েৰ কথাৰার্তাৰ মধ্যে জানিতে পাৰিলাম, বঙ্গমবাৰু বাল্যকালে কমলাপতি বাৰুৰ নিকট ইঁৰেজি পড়িতেন। আমাৰ সঙ্গে বঙ্গমবাৰুৰ সেইখানেই তাহাৰ অসুস্কান সম্বন্ধে কথাৰার্তা হয়। আমি পূৰ্বে “নবজীবন” পত্ৰে “বৈকল্প-তত্ত্ব” সম্বন্ধে প্ৰেক্ষ লিখিতাম। “এখন আৱ কোনও প্ৰেক্ষ লিখি না কেন?” জিজাসিলে, আমি তহুতে আমাৰ শাৰীৰিক অস্বাস্থ্যেৰ বিষয় বলিলাম,—“লিখিতে গেলে আমাৰ বহুমুক্তেৰ পীড়া বাঢ়ে।” তাহাতে তিনি বলিলেন, “একপ হলে মা লেখাই ভাল।” “শীঘ্ৰ পেশন লইয়া/কাৰ্য হইতে অবসৱ গ্ৰহণ কৰিবেন”—একপ কথাও হইল। তিনি চিৰকালই সাহেবদেৱ গালাগালিৰ বড়ই ভয় কৰিতেন, এবং সৰ্বদাই বলিতেন, বে কোনও উপায়ে গ্ৰাসাছাদন চলিবাৰ উপযুক্ত আৱ হইলে তিনি কাৰ্য হইতে অবসৱ গ্ৰহণ কৰেন। কথাটা এই, তিনি বহুদিন হইতে অনেক সাহেবকে কাজ শিখাইয়া এক প্ৰকাৰ যানুষ কৰিয়া আসিতেছেন; তাহাৰা উচ্চ উচ্চ পদে প্ৰতিষ্ঠিত হইয়া নানা স্থানে চলিয়া পেলেন। এখন বে সমস্ত তুলণবয়ক কাৰ্য্যান্বিত সাহে-বেৱা তাহাৰ উপয় হাকিম হইয়া আসিতেছে, তাহাৰা আৰাৰ উল্টে তাহাকে কাজ শিখাইতে ও সময়ে সময়ে তাহাকে অস্থায়-কথে ধৰক দিতে চায়, এবং তাহাতে আঘাৰ জান কৰে। একপ ইৰ্যবহাৱ এখন তাহাৰ কৰ্মে বড়ই অসমূহ হইয়া উঠিতেছে।

আমার্যান্তির স্মরে অবগত হইয়াছি, একবার নাকি ২৪ পরগণার কোনও উক্ত ম্যাজিস্ট্রেট বঙ্গবন্ধুকে তাহার নিজ এঙ্গাসের মধ্যেই কর্কশ ভাষায় “বঙ্গম !” “বঙ্গম !” বলিয়া ধরক দিবার উদ্বোগ করিয়াছিল। তাহাতে বঙ্গবন্ধু “নাকি বড়ই বিরক্ত হইয়া উঠিয়াছিলেন, এবং বলিতে বাধ্য হইয়াছিলেন, “You should see, I am no longer ‘Bankim’, now represent Her Majesty’s Law and Justice. You know, I can at once order your arrest and pass sufficient punishment for insulting Her Majesty’s Court of Justice.” ইহাতে সাহেবটা অগ্রতিত হইয়া ফিরিয়া গেল। এইরপে বঙ্গবন্ধু পদের গৌরব রক্ষা করিতে বাধ্য হইয়াছিলেন, এবং শীঘ্র কার্য হইতে অবস্থ হইবেন, স্থির করিয়াছিলেন।

এই ঘোষাল মহাশয়ের বাসায় বঙ্গবন্ধু আমাকে আরও বলিয়াছিলেন যে, তিনি ইতিপূর্বে কয়েক বৎসর শুক্র হিবিয়াঃ ভক্ষণ করিয়াছিলেন। দেহটা বড়ই অশুক্র হইয়া পড়িয়াছিল ইহাকে পবিত্র করিবার প্রয়োজন হওয়ায়, আহার সমস্তে একই অতাবলম্বন করিতে বাধ্য হন। তিনি চিকিৎসার জন্য দেহ শুক্রের প্রয়োজনীয়তা, এবং দেহশুক্রের জন্য সাম্বিক আহারে আবশ্যকতা উপলব্ধি করিতেন। অনেক ইংরেজি-শিক্ষিতে নিকট হিস্তুর এই ধার্শতত্ত্ব ছর্তৃত সমস্তা হইয়া আছে। একদি আহারা কেশবচন্দ্র সেন ও শিবনাথ শাস্ত্রী মহাশয়ও দেখকে-

সম্মুখে এ বিষয়ে ঘোর প্রতিবাদ করেন; তাহারা এই মতটাকে ঘোর জড়বাদ (materialism) বলিয়া মনে করিতেন। রামকৃষ্ণ পরম-হংসের শিষ্য বিধ্যাত বিবেকানন্দ স্বামীও এ মতের বিরুদ্ধে সর্বত্র প্রবল প্রতিবাদ করিয়া থাকেন। ধার্য-তত্ত্বের জ্ঞান না হইলে হিন্দুধর্মের প্রচার সত্য সত্যই বিড়ম্বনা।

পূর্বোক্ত ষট্টনার সংষ্টটন-কালের ছুই এক বৎসর পূর্বে ইন্ট্র-গ্রাম্যাল এগ্জিবিশন ক্ষেত্রে বক্ষিমবাবুর সঙ্গে আমার সহসা সাক্ষাৎ হয়। সে সময় তিনি আমাকে তাহার সঙ্গে একবার দেখা সাক্ষাৎ করিতে বলেন। আমি তখন কার্যগতিকে তাহার অনুরোধ রক্ষা করিতে পারি নাই। তৎপরে সুপ্রসিদ্ধ “নবজীবন”-সম্পাদক বাবু অক্ষয়চন্দ্র সরকার মহাশয় বক্ষিমবাবু কর্তৃক প্রেরিত হইয়া আমাকে তাহার সঙ্গে সাক্ষাৎ করিবার জন্য অনুরোধ করেন। বক্ষিমবাবু কাহারও মুখে শুনিয়াছিলেন, আমি কোনও প্রকার ঘোগাড়্যাস করি। তৎসময়ে কথাবার্তা কহিবার জন্য আমাকে প্রয়োজন হইয়াছিল। সেই জন্যই অক্ষয়বাবু বক্ষিমবাবু কর্তৃক প্রেরিত হইয়া আমার সঙ্গে সাক্ষাৎ করেন। কিন্তু বক্ষিম-বাবুর সঙ্গে এ সময়ে কোনও কথাবার্তা কহিতে আমার কোনও গুরুত্বনের বিশেষ নিষেধ-আজ্ঞা ছিল। আমি তাহার আজ্ঞাধীন হইয়া বক্ষিমবাবুর সঙ্গে দেখা করিতে ও তাহার কোতুহল চরিত্বার্থ করিতে অসমর্থ, ইহা আমি অক্ষয়বাবুর দ্বারা বক্ষিমবাবুকে বলিয়া পাঠাইলাম। তার পর দুর্ভিক্ষ উপলক্ষে বক্ষিমবাবুর সঙ্গে বেজিটারী আফিসের বাটীতে আমাদের

সেই দেখাৰ সমৰ আমি বঙ্গিমবাবুৰ সঙ্গে তাহাৰ কলিকাতার বাটীতে গিয়া দেখা কৰিতে প্ৰতিশ্ৰূত হই। তদন্ত-সারে যখন প্ৰথম দেখা কৰি, তখন বঙ্গিমবাবু পেঙ্গু লইয়া কলেজ ফ্ৰিটে প্ৰতাপ চাটুৰ্যোৰ গলিৰ বাটীতে বাস কৰিতে-ছিলেন। সেই সময়ে যথে যথে কয়েকবাৰ বঙ্গিমবাবুৰ সঙ্গে সাক্ষাৎ কৰি, এবং অনেক বিষয়ে তাহাৰ সঙ্গে আমাৰ আলাপ হয়। তাহা কুমো কুমো প্ৰকাশ কৰিবাৰ সম্ভল কৰিয়াছি।

প্ৰথম সাক্ষাতে তিনি আমাকে “কৃষ্ণ-চৱিত্ৰে”ৰ দ্বিতীয় সংক্ৰান্ত পড়িতে অহুৱোধ কৰেন। আমি তাহা অধ্যয়ন কৰিবাৰ সময়ে তাহাৰ সঙ্গে আমাৰ সাক্ষাৎ হয়। বস্তুতঃ তাহা পাঠ কৰিবাৰ সমৰ্থ বঙ্গিমবাবু যে সমস্ত মুক্তি ও প্ৰমাণপৰম্পৰা অবসৃত কৰিয়া মহাভাৰতেৰ প্ৰক্ৰিপ্ত ও মৌলিক অংশ নিৰ্দেশিত কৰেন, তাহাতে আমি তাহাৰ বুদ্ধিমত্তা ও বিচাৰশক্তি দেখিয়া সত্য সত্যই অবাক হই। কিন্তু তাহাৰ শ্ৰীকৃষ্ণকে আদৰ্শ-চৱিত্ৰ-স্থলে দাঢ় কৰাইবাৰ চেষ্টায় বঙ্গিমবাবু অতি অল্পই সিদ্ধকাম হইতে পাৰিয়াছেন। তবে এই পৰ্যন্ত হইয়াছে যে, শ্ৰীকৃষ্ণ-চৱিত্ৰ সমৰ্পণে সাধাৱণেৰ যে অনুচিত ধাৰণা ছিল, তাহাৰ তিনি অনেকটা অপনয়ন কৰিতে সমৰ্থ হইয়াছেন। কিন্তু লোকে যে এখন শ্ৰীকৃষ্ণকে বঙ্গিমবাবুৰ আদৰ্শচৱিত্ৰ-জ্ঞানে স্ব স্ব গুৰুপ্ৰণালী পৱিত্ৰাগপূৰ্বক উপাসনা কৰিতে থাইবে, ইহা বঙ্গিমবাবুৰ ওজন চেষ্টা থারা কোনও কৰ্মেই সম্ভবপৰ নহে। সেৱণ চেষ্টা থারা শুভ্যাত্মক কৃষ্ণ-চৱিত্ৰেৰ ঐতিহাসিক দেৱতা সাধাৱণেৰ চিন্তবৃত্তি হইতে অপসারিত

ইইতে পাৱে, কিন্তু তচ্ছাৱা উপাসনাৰ ভাৱ অভিনবতাৰে লোকেৱ অন্তৰে উদ্বীপিত হইতে পাৱে না। তচ্ছন্ত বক্ষিমবাবুৰ কুঝোপাসনাতে প্ৰকৃত সিদ্ধপুৰুষ হইয়া চৈতন্তপ্ৰভুৰ শ্বাস স্বয়ং বৈৱাগ্য-ব্ৰত-গ্ৰহণানন্তৰ সাঙ্গোপাঙ্গে দ্বাৱে দ্বাৱে কুঞ্চমন্ত্ৰ দীক্ষা দিয়া শোক মাতাইবাৰ প্ৰয়োজন ছিল। এন্঱েপ বৈৱাগ্য-ব্ৰতেৰ অনুত্বতী হইয়া চেষ্টাপৰ হইতে পাৱিলৈ, এবং ভবিষ্যতে সেইন্঱েপ বৈৱাগ্য-ব্ৰতাবলম্বী উৎসাহী প্ৰচাৱক-দল স্বকীয় আদৰ্শে সংগঠিত কৰিয়া দেশবিদেশে ধৰ্মপ্ৰচাৱকাৰ্য্যে নিয়োজিত কৱিতে পাৱিলৈ তাহাৰ অভিলাষ কিৱৎপৰিমাণে সিদ্ধ হইবাৰ আশা ধৰিত। শ্ৰীষ্ট-জগতে যেমন শ্ৰীষ্টোপাসনা প্ৰচলিত হইয়াছে, এক্ষণে সেইন্঱েপ সৰ্বব্যাপী কুঝোপাসনা প্ৰচলিত হইবাৰ আশা স্বত্বতঃই থুব অৱল। যহাৰ প্ৰভু চৈতন্তদেবেৰ এ পক্ষে চেষ্টাও এ পৰ্যন্ত এক প্ৰকাৱ ব্যৰ্থ হইয়া রহিয়াছে। অবশ্যই ভবিষ্যৎ সম্বন্ধে কোনও কথা ঠিক কৰিয়া বলিবাৰ কেহই আমৱা অধিকাৰী নহি। ভগবান্বেৰ সঙ্গে মানুষেৰ উপাস্ত-উপাসক সম্বন্ধ। শুন্দি নীতিৰ আদৰ্শ সাধাৱণ মানুষেৰ মনঃপৃত হইবাৰ নহে। এ সংসাৱে তা-বড় তা-বড় প্ৰচুৰ নীতিৰ আদৰ্শ আছে। তাহাৱা কথনও কাহাৱও লক্ষ্য-হৃলে আইসে না। সাধাৱণ মানুষে এক অন উপাসকেৰ আদৰ্শ চান—এক জন ভক্তেৰ প্ৰতিচ্ছবি দেখিতে চান। শ্ৰীকৃষ্ণ-চৱিত্ৰে ইহাৰ কিছুই ধুঁজিয়া পাওয়া দায় না। তাহাতে না ছিল বৈৱাগ্য ও ভগবৎনির্ভৱ, না ছিল উপবৎস্তি, না ছিল ভগবৎ-গ্ৰেহ, না ছিল ভগবৎ-বিশালেৰ গভীৱতা ও প্ৰশংসন।

বঙ্গমবাবু তাহার কৃষ্ণ-চরিত্রের এ অভাব উপলক্ষি করিয়াছিলেন। তাহার “কৃষ্ণ-চরিত্র” পুন্তকের মধ্যেই তিনি বলিয়াছেন,— শ্রীকৃষ্ণ প্রেমভক্তি করিবেন কাকে? এই প্রশ্ন উত্থাপন করায় তাহার উদ্দেশ্যসম্বিধি আরও দূরস্থিত ও সক্ষটাপন্ন হইয়া পড়িয়াছে। বঙ্গমবাবুর সঙ্গে যখন আমার এ সমস্ক্রে কথাবার্তা হয়, তখন তিনি উপরি-উক্ত শুক্তির সারবত্তা দ্বীকার করেন, এবং বলেন যে, তিনি শ্রীকৃষ্ণের উপাসক বা ভক্ত-জীবমের সংবাদ-সংগ্রহের জন্য বিষ্ণু-পুরাণাদি অনেক শাস্ত্রগ্রন্থ উদ্বাটন করিয়া কোথাও কিছু পান নাই। আমি বলিলাম, “বৈকুণ্ঠ পূর্বাচার্যগণও শ্রীকৃষ্ণ-চরিত্রের এ অভাবটী বিলক্ষণ বুঝিতেন। এ জন্য তাহারা শ্রীকৃষ্ণকে জের টানিয়। শ্রীগোরাজ্বতারে পরিণত করিয়া একটী সম্পূর্ণ আদর্শ-স্থানীয় করিতে কস্তকটা সফল হইয়াছেন। তাহাদের শ্রীকৃষ্ণ ঈশ্বরত্বের, প্রতিভার, বুদ্ধিমত্তার, তত্ত্বজ্ঞানের, নৈতিক অঙ্গভূতির ও নির্ণয় অবতার, তাহাদের শ্রীগোরাজ্ব ভক্তির অবতার ও ভক্তের আদর্শস্থল। শ্রীকৃষ্ণে ভক্তি ধৈরাগ্যের সম্পূর্ণ অভাব, এবং শ্রীগোরাজ্বে তাহার পূর্ণবিকাশ, শ্রীকৃষ্ণে প্রেমভক্তির, আহ্বা বিশ্বাসের, নির্ভরের ও আহুগত্যের পূর্ণ অসম্ভাব, শ্রীগোরাজ্বে তাহাদের পূর্ণ অভিব্যক্তি। বৈকুণ্ঠ পূর্বাচার্যগণ শ্রীকৃষ্ণ ও শ্রীগোরাজ্ব, উভয়ের একী-করণে একটী পূর্ণ আদর্শ-চরিত্র চিত্রিত করিয়াছেন। তাহাদের শুক্ত শ্রীকৃষ্ণে তাহাকুলা নাই, শুক্ত গোরাজ্বেও তাহা কুলায় নাই। যেমন তাহাদের রাধা ও কৃষ্ণ জয়ে একটী সভাসহিত, তেমনই তাহাদের শ্রীকৃষ্ণ ও শ্রীগোরাজ্ব জয়ে একটি সভার স্থূলিতি।”

নববিধান-প্রচারক শ্রদ্ধালুদের বাবু প্রতাপচন্দ্র মজুমদার এক-দলে বঙ্গিমবাবুকে কৃষ্ণচরিত্রে বৈরাগ্যের অভাবের কথা বিশেষ-রূপে উল্লেখ করিয়া বলেন যে, শ্রীকৃষ্ণের বৈরাগ্যহীন জীবন কিন্তু লোকের চিত্তবৃত্তি আকর্ষণ করিবে? এ কথায় বঙ্গিমবাবু গ্রাম নিরন্তর হন। বস্তুতঃ প্রসিদ্ধ ধর্মসংস্থাপকমাত্রাই বিরাগী। বুদ্ধদেব ও চৈতন্যপ্রভু বৈরাগ্যের চূড়ান্ত মৃষ্টান্তহল। দেশ, মহশ্বদ, নানকও বৈরাগ্যের বড় সামাজিক মৃষ্টান্তহল নহেন। ভারতের সমস্ত ধর্ম-সংস্থাপকেরাই সন্ন্যাসী। এক বুদ্ধদেব যতীত ইঁহারা সকলেই ভজ্ঞ-বিশ্বাসী। বুদ্ধচরিত্রে ভজ্ঞ বিশ্বাসের অভাব কেবলমাত্র এক বৈরাগ্য দ্বারা পূর্ণ হইয়াছে। এই সকল কথাবার্তার সময় বঙ্গিমবাবু কথনও অনৰ্থক বাগ-বিতঙ্গার দ্বারা আস্তুপক্ষ সমর্থন করিবার চেষ্টা করিতেন না। ইহা তাঁহার গভীর সত্যমিষ্ঠার পরিচায়ক, সন্দেহ নাই।

একদিন আমি কথাপ্রসঙ্গে বঙ্গিম বাবুকে বলিলাম যে, আপনি কৃষ্ণ-চরিত্রকে দুরপনেষ্ঠ কলঙ্করাশির আবর্জনা হইতে উক্তার করিবার চেষ্টা করিয়াছেন, তজন্য অবশ্যই আপনি বর্ণনারে, বিশেষতঃ ভবিষ্যতের বিশেষ কৃতজ্ঞতার পাত্র হইয়াছেন। কিন্ত এ সমস্তে আপনার চেষ্টা প্রথম ও সর্বাগ্রবর্তী নহে। আপনার পূর্বে স্বামীজী শ্রীমদ্বামদেশ সরস্বতী ও বিষ্ণুরে প্রথম চেষ্টাপর হন। তৎপরে মহাশ্বা কেশবচন্দ্র শেনের দল হইতে “ধর্মতত্ত্ব” পত্রিকায় একবার কৃষ্ণচরিত্র-

উদ্ভাবের চেষ্টাঃহয়। বঙ্গিমবাবু এ বিষয়ের কোনও সংবাদ অবগত ছিলেন না। এ বিষয়ে আমিই তাহার প্রথম সংবাদদাতা।

এতদ্বারা এবং আরও নানাবিদ্বন্ধী কথা দ্বারা সম্পূর্ণ বুঝিতে পারা গিয়াছিল 'যে, বঙ্গিম বাবু বাঙালার বর্তমান সাহিত্যের, বিশেষতঃ ধর্ম-সাহিত্যের কোনও ধারাই ধারিতেন না, এবং কোনও সংবাদই লইতেন না। ইহা তাহার আয় এক জন ধর্মনেতা ও বঙ্গসাহিত্য-পোতের কর্ণধারের পক্ষে বড়ই শোচনীয় অভাব। তিনিই কেবল তাহার সময়ে বঙ্গ-সাহিত্য-ক্ষেত্রে বাস্তবিক স্যামুলে জনসনের স্থানীয় ছিলেন। যদি তিনি বাঙালার প্রচলিত সাহিত্যের রীতিমত তত্ত্ব লইতেন, তাহা হইলে বাঙলা সাহিত্যের পক্ষে বড়ই মঙ্গলের হইত।

বঙ্গিমবাবু পুত্র-সৌভাগ্য জাত করিতে পারেন নাই। কল্প দৌহিত্র লইয়াই তাহার সংসার। দৌহিত্রদিগের সঙ্গে তিনি বঙ্গবৎ ব্যবহার করিতেন। জ্যোঢ় দৌহিত্রটীকে হার্ষে-নিয়ম বাজাইতে ও তৎসঙ্গে গান করিতে শিখাইয়াছিলেন। তিনি বলিতেন, তাহাদের সঙ্গে ধূব বঙ্গভাবে মেশামিশি না করিলে তাহারা অন্তর বঙ্গ অবৈধ করিতে বাধ্য হইবে। 'অস্ত সঙ্গে ষষ্ঠ বা বিকৃত হইবার বাধা কি? একদিন তাহার স্বীক দৌহিত্রটীকে ডাকিয়া আমাকে তাহার গান-বান্ধ শুনাইলেন।

একদিন বঙ্গিম বাবুর বাসায় তাহার সঙ্গে দেখা করিতে যাইতেছি, পথিমধ্যে এক জন একখানি হ্যাণ্ডবিল আমার হস্তে অর্পণ করিল। তাহাতে শ্রদ্ধালুর প্রত্যাপচন্দ্র মজুমদার মহাশয়ের সিকাগো মহামেলা হইতে প্রত্যাগমন উপলক্ষে হাবড়ার রেলওয়ে-ষ্টেশনে তাহাকে সন্মাননা ও অভ্যর্থনার অন্ত বহসংখ্যক লোকের সমাগম উদ্বিষ্ট হইয়াছিল। আমি সেখানি বঙ্গিম বাবুকে দেখিতে দিলাম। বঙ্গিম বাবু তাহার অভ্যর্থনার্থ যথাসময়ে তথায় যাইবার অন্ত সমুৎসুক হইলেন, এবং আমাকে নির্দিষ্ট সময়ের পূর্বে আসিয়া তাহার সঙ্গে মিলিত হইয়া যাইতে পারি কি না, জিজ্ঞাসা করিলেন। “অভ্যর্থনার দিন এক মাঘের একাদশ দিবস। আমি বলিলাম যে, আমার শরীরে কোনও প্রকার হিম সহ হয় না; আমি ইচ্ছাস্বেও অভ্যর্থনাহলে উপস্থিত থাকিতে পারিব ন। তাহাতে বঙ্গিমবাবু বলিলেন যে, “আমার কিন্ত ঠিক ইহার বিপরীত। আমার খুবই হিম সহ হয়, কিন্ত রোজ আদবেই সহ্য হয় না। একটু রোজ গায়ে লাগিলে আমার দেহ অসুস্থ হইয়া পড়ে।” একদিন দেখিলাম,—তাহার শুরুক দোহিত্রী সে দিন বিকালে প্রথম খণ্ডবালয়ে গমন করিবে—তিনি দোহিত্রীকে গাড়ীতে ভুলিয়া দিতে গেলেন। গাড়ীটী তাহার বাটীর বহির্ভাবে দণ্ডয়মান ছিল, এবং দোহিত্রীকে

গাড়ীতে তুলিয়া দিতে দুই চরি ঘিরিটের অধিক সময়ও লাগিবার সন্তান নাই, তথাপি বঙ্গিম বাবু ছঁজহচ্ছে তাহার অঙ্গমন করিলেন, এবং ছত্রটী ধুলিয়া পশ্চিমাতিমুখে বহি-দ্বারে রৌদ্র হইতে আপনাকে রক্ষা করিয়া দাঢ়াইলেন। বঙ্গিমবাবু রৌদ্র হইতে এত সতর্ক হইতেন।

মহাজ্ঞা রাজা রামমোহন রায়ের সম্মুখে বঙ্গিম বাবুর সঙ্গে আমার অনেক কথাবার্তা হয়। রামমোহন রায়ের প্রতি তাহার উপরূপ শ্রদ্ধা ভক্তির অভাব ছিল। আমি উক্ত মহাজ্ঞার কোনও গুণ কীর্তন করিলে, তিনি তাহাতে বড় একটা অসম্মোদন প্রকাশ করিতেন না। উক্ত মহামুভব পুরুষ নিজের লেখায় বা কথায় কথনও কোনও প্রচলিত উপাস্থি দেবদেবীর প্রতি বা প্রচলিত শাস্ত্রসমূহের প্রতি কোনও প্রকার অবজ্ঞা বা অসম্মান প্রদর্শন করেন নাই, এ কথা বলাতে বঙ্গিম বাবু তাহাতে সাহ না দিয়া কতকগুলি খৃষ্টীয় পুস্তিকা বাহির করিয়া আমাকে পড়িতে দিলেন। সেই সমস্ত কুড় কুড় পুস্তিকার “Quotations from the writings of Ram Mohan Roy” উক্ত ছিল। তাহার এক স্থানে দেবদেবীর বথেষ্ট নিক্ষাবাদ দেখিলাম। কাণীযুক্তির বর্ণনায় উক্ত মহাজ্ঞা যে কেবল শ্রদ্ধার অভাব প্রকাশ করিবাচেন, তা নহ, গভীর অশ্রদ্ধাও দেখাইতেও কৃটী করেন নাই। সে সমস্ত পাঠ করিয়া বঙ্গিম বাবুকে বলিলাম যে, “হয় ত এই সমস্ত লেখা রাজাৰ অপরিপক্ষ বয়সেৱ। রাজা যে সময়ে তাহার Appeals to

the Christian Public প্রকাশ করেন, কিংবা আরও পরিপক্তর বস্তুসে যথন তিনি ব্রাহ্মসমাজের সুবিধ্যাত Trust Deed পত্র প্রকাশ করেন, সে সমস্তে নিচেই দেবদেবীগণকে একাপ নিন্দাবাদ করিবার প্রযুক্তি রাখার মনে সম্পূর্ণ সংযত হইয়া আসিয়াছিল। সে সমস্তে রাখার লেখাতে দেশপ্রচলিত শাস্ত্রের ও লোকের উপাস্ত দেবতার প্রতি গভীর শুভা অঙ্গুষ্ঠ রাখিয়া তিনি নিজ বক্তব্য প্রকাশ করিতেন।

নববিধান-প্রবর্তক মহাজ্ঞা কেশবচন্দ্র সেনকে বঙ্গিমবাবু এক জন প্রতিভাসম্পন্ন ব্যক্তি (Genius) মনে করিতেন। প্রেসিডেন্সি কলেজে অধ্যয়নের সময় দুই জনে এক শ্রেণীতে পড়িতেন। কলেজ ছাড়িয়া কেশবচন্দ্র অল্পদিনের মধ্যেই তাহার অসাধারণ বক্তৃতাশক্তির জন্য বঙ্গিমচন্দ্রের অগ্রেই দেশ-বিধ্যাত হইয়া পড়েন। আমি তখন বাক্সইপুরে অল্পদিন-মাত্র বঙ্গিম বাবুর অধীন আছি—যথন তাহার “হৃগেশনন্দিনী” আলোকের মুখদর্শন পর্যন্ত করে নাই—যথন তাহার যশঃ-সূর্যের অক্রগোদয়ের লেশমাত্রও পরিদৃশ্যমান হয় নাই, সেই সবং কলিকাতার কোনও স্থলে একদিন কেশব বাবুর সঙ্গে বঙ্গিম বাবুর সাক্ষাৎ হইলে, বঙ্গিমচন্দ্র কেশবচন্দ্রকে জিজ্ঞাসা করেন, “I wish to know how far you have out-gone me.” এ কথা কেশব বাবুর নিজ শুধেই শুনিয়াছি, সে সবং কেশব বাবুর জিজ্ঞাসা-মত্তে আমার সম্বন্ধেও বঙ্গিম বাবুর সঙ্গে তাহার কথাবার্তা হয়। সে কথা যাউক, বঙ্গিম বাবু কোনও

ক্রমেই প্রতাপচন্দ্র মজুমদার যুক্তিকে তাহার প্রবর্তক মহাশয়ের সঙ্গে তুলনীয় মনে করিতেন না। এই কথাবার্তার সময় প্রতাপ বাবু সিকাগো মহামেলা উপলক্ষে আমেরিকার ছিলেন। সেখানে প্রতাপ বাবুর বক্তৃতাদি সে দেশের, এ দেশের ও অন্যান্য সভ্য দেশের চিন্তবৃত্তি আকর্ষণ করিতেছিল। তিনি প্রতাপবাবুর লেখা ও বক্তৃতা সম্বন্ধে আমার কাছে প্রশংসন করিয়া বলিলেন, “প্রতাপ বাবু গুছিয়ে গাছিয়ে বেশ ইংরেজি বলিতে ও লিখিতে পারেন, এবং শেষে শাহা দাঢ় করান তাহাত মন্দ হয় না, বরং ভালই হয়।” As a leading power failure; নেতৃত্বক্ষণি বিষয়ে তিনি প্রতাপ বাবুকে সম্পূর্ণ Failure বা অক্ষম বলিয়া বিবেচনা করেন। কেশব বাবুরও Leading power তাহার মতে ধূব বেশী ছিল না, তিনি বলিলেন যে, “অনেক সময় ও শ্রম ব্যয় করিয়া কেশব বাবু যে অঙ্গোষ্ঠী দল তাহার ধর্মপ্রচারের জন্য সৃষ্টি করিয়া যান, তিনি মানবলীলা সংবরণ করিতে না করিতে সেই অসংস্কৃত দলটা বহুধা বিছিন্ন হইয়া তাহার গঠন-দৌর্বল্যের পরিচয় প্রদান করিতেছে।” আমি আঙ্গসমাজের ইতিহাস উল্লেখ করিয়া বলিলাম যে, “কেশব বাবুর অঙ্গোষ্ঠী প্রচারকদলে অনেক-গুলি নির্ণায়াক, শ্রদ্ধালুর ও সাধুচরিত্র লোক আছেন, তাহাদের স্বার্থত্যাগ ও ধর্মানুরাগ সমধিক প্রশংসনীয়। তাহাদের প্রচার-চেষ্টা সমস্তই যে ব্যর্থ হইবে, তাহা মনে হয় না। তাহারা একদিন কেশব বাবুর নাম বৃক্ষা করিতে স্বীকৃত

হইতে পারেন।” এ কথার তিনি বলিলেন,—“কালীমাথ, তুমি কখনও মনে স্থান দিও না যে, ও দল আর কখনও মাথা তুলিয়া দাঢ়াইতে পারিবে। উহার যে অবসান-দশা এখন উপস্থিত হইয়াছে, সে দশার আর কখনও প্রতিক্রিয়া উপস্থিত হইবার সম্ভাবনা নাই।”

শ্রুতান্ত্রিক গৌরগোবিন্দ রায়ের “কৃষ্ণচরিত্র” সমক্ষে তিনি বলিয়াছিলেন যে, “গৌরবাবু এক জন সুপণ্ডিত লোক ; শাস্ত্রাদিতে তাহার বিশেষ দৃষ্টি আছে। এ অন্ত তাহার কৃষ্ণচরিত্র যেমন ঘটনাপূর্ণ হইয়াছে, তেমনই যুক্তি দ্বারা তিনি সেই সমস্ত ঘটনাবলীর বাস্তবিকতা ও শাস্ত্রোক্ত বাক্যের মৌলিকতা প্রতিপন্ন করিবার চেষ্টা করেন নাই।”

শ্রুতান্ত্রিক শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের বাঙ্গালা লেখা সমক্ষে বঙ্গমবাবু একদিন এই মন্তব্য প্রকাশ করিলেন যে, তিনি সাধু ভাষায় শব্দ বিশ্লাস করিতে করিতে সহসা এক আঢ়টি প্রচলিত ইতো শব্দ শ্বেচ্ছাপূর্বক তন্মধ্যে ব্যবহার করিয়া ভাষার লালিতা নষ্ট করিয়া ফেলেন। দাদার লিখন-প্রণালীর সমর্থন করিবার জন্ত কবিবর বাবু রবীন্দ্রনাথ একদিন বঙ্গমবাবুর সঙ্গে অনেক বিতঙ্গ করিয়াছিলেন।

সঙ্গীববাবু (বঙ্গমবাবুর মধ্যম ভাতা) “জাল প্রতাপটাদ” অভিধেয় একখানি পুস্তিকা প্রকাশ করিয়াছিলেন। বঙ্গমবাবু-ধিগতি যুক্ত তিলকচন্দ্রের “প্রতাপটাদ” নামক একটী পুত্র ছিলেন। তিনি কোনও কারণে সংসারের প্রতি বিরক্ত হইয়া

পিতার রাজত্বকালে সংসারাশ্রম পরিত্যাগ করিয়া যান। তজন্য তিলকচন্দ্র মহাতাপচন্দ্রকে পোষ্যপুত্র গ্রহণ করিয়া রাজত্ব-রক্ষার ভার নাবালক মহাতাপচন্দ্রের অনুদাতা গোপালবাবুর হস্তে শৃঙ্খ করিয়া যান। কিছুকাল পরে “প্রতাপচান্দ”-নামধারী কোনও ব্যক্তি উপস্থিত হইয়া বর্জনান রাজসম্পত্তির (claimant) উত্তরাধিকারী বলিয়া পরিচয় দেন। এই পরিচয় দিবার পর নামধারীকে কোনও মোকদ্দমা উপস্থিত করিবার অবসর দেওয়া হইল না। নাবালক রাজের অভিভাবক গোপালবাবু বর্জনান এষ্টেটের বিপুল অর্থ-ভাঙ্গার অকাতরে ও মুক্তহস্তে ব্যয় করিয়া নামধারী দায়াদ ও তাহার পক্ষীয় লোকদিগকে ব্যতিব্যস্ত ও পর্যন্ত করিয়া উড়াইয়া দেন। নামধারী কোথাও দাড়াইবার ভূমি পান নাই। সঞ্জীববাবু এই ঘটনাটি অবলম্বন করিয়া তাহার পুস্তিকাখানি প্রচার করেন। এই পুস্তিকাখানি সম্মেলনে বঙ্গিমবাবু উল্লেখ করিয়াছিলেন যে, “মেজদাদা জন-প্রবাদ বা জনশ্রুতির উপর অবিচারে বিশ্বাস করিয়া তাহার পুস্তিকা রচনা করিয়াছেন। আধ্যায়িকার বর্ণিত ঘটনা-পুঁজের ঐতিহাসিক মূল তিনি অতি অল্পই অহুসন্দান করিয়াছিলেন। আমার খুব বাল্যকালে এই নামধারীর আধ্যান জননীর ক্ষেত্রে শহুন করিয়া তাহার মুখে শুনিতাম, এবং সহায়ভূতিতে কাদিয়া গঙ্গাশূল ভাসাইতাম।” আমি ধলিলাম যে, “দায়াদের যখন বহুতর ভূম্যধিকারী সহায় থাকিতে এবং খ্যাতনামা জনসাধারণ-হিতেবী ডেভিড হেয়ার সাহেবের স্থায় ব্যক্তিগত অভিগ্রহের (Identity) সাক্ষী সকল

থাকিতেও দেওয়ানী আদালতে তাঁহাকে মোকদ্দমা কর্জু করিতেও
রাজকীয় ও অন্যদীয় পক্ষ হইতে বাধা দেওয়া হইয়াছিল, তখন
মামধারীর প্রতি অত্যাচারের গুরুত্ব আমরা সহজেই অমুমান
করিতে পারি।”

করাসী স্বার্ট নেপোলেনের বোনাপার্ট সম্বন্ধে আমি বঙ্গিম
বাবুর মত জিজ্ঞাসা করিয়া বুঝিতে পারিলাম যে, সে বিষয়ে
ইংরাজী কুসংস্কার (English Prejudice) পূর্ণমাত্রায় তাঁহার
চিন্তকেতু আধিপত্য করিতেছে। তিনি উক্ত মহাশ্বার প্রতি
‘নৃশংস’ ভিন্ন কোমলতর আধ্যা প্রদান করিতে অস্তত নহেন।
তিনি বোধ হয় সার ওয়াণ্টার স্ট, বুরিগ, আলিসন প্রভৃতি বিপক্ষ-
বুন্দের জীবনচরিত ও ইতিহাসসমূহ পাঠ করিয়া, মনোমধ্যে
এই ঘোর অমূলক কুসংস্কারকে বক্ষমূল হইতে দিয়া থাকবেন;
লাকেশ, হার্জলিট, আবট, কর্ণেল নেপিয়ার, স্নোন প্রভৃতি ঐতি-
হাসিকগণের গ্রন্থের প্রতি বেশী মনোযোগ দেন নাই।

বঙ্গিমবাবু ইয়ুরোপীয় ও অপর বিদেশীয় লোকের মুখে হিন্দু-
শাস্ত্রের উপদেশ ও তাহার ব্যাখ্যা অবণ করা ভারতবাসীর পক্ষে
বড়ই বিড়স্বনা ঘনে করিতেন। এ অং তিনি আণী বেসান্ট
প্রভৃতির বক্তৃতাদির প্রতি কোনও অমুরাগ প্রদর্শন করেন নাই।
বরং তিনি শ্রদ্ধাপন শশধর তর্কচূড়ামণি প্রভৃতি দেশীয় পঞ্জি-
পণের শাস্ত্র-ব্যাখ্যা ও বক্তৃতাদির প্রতি আকর্ষণ দেখাইয়াছিলেন।

বঙ্গিমবাবু একদিন আমাকে জিজ্ঞাসা করিলেন যে, “এখন
সিঙ্গারোগী পাওয়া যাব কি না ?” আমি উত্তরে বলিলাম, “সিঙ্গ-

যোগী অবস্থাই পাওয়া যায়, কিন্তু সকলের ভাগে তাহাদের দর্শন-লাভ বা তাহাদের উপদেশলাভ ঘটিয়া উঠে না। তজ্জন্ত পাত্রের সৌভাগ্য ও স্মৃকৃতির অপেক্ষা করে।” “যোগ” সম্বন্ধে তাহার সঙ্গে আমার বাক্যালাপের নিষেধাজ্ঞা ছিল, তিনি তাহা জিজ্ঞাসা করেন নাই। যদিও প্রথমে এই জন্যই আমার সঙ্গে দেখা করিবার প্রয়াসী হইয়াছিলেন।

তিনি একদিন আমাকে জিজ্ঞাসা করিলেন যে, “কাজী-নাথ! তুমি কোনও প্রকার মন্ত্রশক্তিতে বিশ্বাস কর কি না?” আমি বলিলাম, “আমি দুর্ব বিশ্বাস করি। আমার এক জন বিশ্বস্ত বন্ধু আছেন। তিনি যমনসিংহের অন্তর্বর্তী মুক্তাগাছার এক জন জনীদার। কামাখ্য হইতে একটী ব্রাহ্মণতনয় অনেক মন্ত্রাদি শিখিয়া আসিয়া তাহার সঙ্গে সাক্ষাৎ করেন। আমার বন্ধুটী তাহার কাছে তৎ-শিক্ষিত কোনও মন্ত্রের শক্তি সম্বন্ধে সাক্ষাৎপরিচয় দেখিতে চান। তাহাতে ব্রাহ্মণতনয় একটী উত্তি-সত্তাৰ উপর তাহার শিক্ষিত মন্ত্রের শক্তি প্রয়োগ করিলেন। মন্ত্র-শক্তি-বলে সত্তাটী যে দিকে ছিল, ঠিক তাহার বিপরীত দিকে, সকল বাধা অতিক্রম করিয়া আসিয়া, সুর্যের হইল।” আমার কথা শেষ হইবামাত্র বকিমবাবু বলিয়া উঠিলেন যে, তিনি ঠিক ক্রী মন্ত্রটী আনেন। সেই মন্ত্রটী কোনও মানুষের প্রতি প্রয়োগ করিলেও যানুষের ঘন মন্ত্র-প্রযোজ্ঞার ইচ্ছার বশীভূত হয়। তিনি এই মন্ত্রটীর কোনও বিপ-

বীত কল ফলিবার আশকায় সকলকে যদ্বের প্রয়োগ শিখাইতেন না। তবে হাকিম বা সাহেব বশীভূত করিবার জন্য তিনি অনেক লোককে যদ্বের প্রয়োগ শিখাইয়াছিলেন। একবারমাত্র তিনি কোনও হতভাগিনী রুমণীকে তাহার অনহৃত স্বামীকে বশীভূত করিবার জন্য যজ্ঞটির প্রয়োগ শিখাইয়াছিলেন। কিন্তু পরিতাপের বিষয় এই যে, সেই হতভাগিনী সেই যজ্ঞটি তাহীয় স্বামীর প্রতি প্রয়োগ না করিয়া তাহার অথবা অপব্যবহার করে। যজ্ঞশক্তি সম্ভেদে আরও অনেক কথা হয়। সন্দেহ ও অবিশ্বাসে যজ্ঞশক্তির কলোপদায়িতা যেকেপ নষ্ট হয়, আবি তাহার একটি ঘটনা বিবৃত করিলাম। ঘটনাটি আবি শ্রীমৎ অচলানন্দ তৌর্ধ-স্বামীর প্রযুক্তাৎ প্রবণ করি। স্বামীজীর পূর্বাঞ্চল উত্তরপাড়ার সন্নিহিত কোৎৰৎ গ্রাম। সেই আশ্রম ধ্যাতনামা রামকুমার বাবাজীর। বাবাজী অবশ্য তাহার পদবী নহে। তবে 'বাবাজী' শব্দ লোকে তাহার 'গদবী'-কল্পে প্রয়োগ করিত। স্বামীজী বখন সংস্কৃত কলেজে অধ্যয়ন করিতেন, তখন তাহার পিতৃদেবের নিকট বৃক্ষিক-দৎশন আরোপ্যের একটি যজ্ঞ পান। সেই যজ্ঞটি পাইবার জন্য স্বামীজী পূর্ব হইতে বড়ই আগ্রহাব্রিত ছিলেন। কিন্তু পিতৃদেবের নিকট সে আগ্রহ কখনও প্রকাশ করিতে সাহসী হন নাই। তাহার পিতৃদেব যজ্ঞোচ্চারণাস্তে দষ্ট স্থানে থুকু করিয়া তিনবার থুকার করিতেন। সেই অব্যর্থ যজ্ঞশক্তির বলে, বাহারা আসিত, সকলেই সকল সময় আরোপ্য লাভ করিত। দৈবযোগে একদিন স্বামী-

আৰ মাতামহী বৃক্ষিক-দষ্ট হন। সেই দংশনে বা হৃলাধাতে মাতামহীকে অসহ যন্ত্রণা ভোগ কৰিতে হয়। দংশন পোপনীৰ স্থানে হৃলাধু স্বামীজীৰ পিতৃদেৱ আপনাৰ খণ্ডাকুম্ভাণীৰ দষ্টস্থানে কুৎকাৰেৱ-সহিত মন্ত্র প্ৰয়োগ কৰিতে না পাৰিয়া, অগত্যা স্বামী-জীকে ডাকিয়া প্ৰয়োগেৱ কৌশল সহিত মন্ত্র দীক্ষা দিলেন, এবং স্বামীজীকে তাহা তাহাৰ মাতামহীৰ দষ্টস্থানে যথাবিধানে প্ৰয়োগ কৰিতে আদেশ কৰিলেন। প্ৰয়োগমাত্ৰই মাতামহীৰ অসহ যন্ত্রণা তৎক্ষণাৎ ভিৰোহিত হইয়া গেল। স্বামীজী তৎপৰে শত শত লোককে সেই মন্ত্ৰবলে আৱোগ্য কৰেন। একদিন মন্ত্ৰশক্তি সৰছে কলেজেৱ অঞ্চল্য ছাত্ৰদেৱ সহে তাহাৰ আলাপ হয়। তিনি তাহাদিগকে তাহাৰ পিতৃস্থ বৃক্ষিক-দংশন আৱোগ্যেৱ যন্ত্ৰেৰ সকলতাৰ কথা বলেন। তাহাতে ছাত্ৰদেৱ অধ্যে কেহ বলিল যে, হয় ত তুছ কুৎকাৰে আৱোগ্য হয় ; মন্ত্র তুছ কিছুই নহে। এই কথাতে স্বামীজী পৰে তাহাৰ মন্ত্র সৰছে মিছেৰ মুচ বিখাসটী পৱীক্ষা কৰিবাৰ ক্ষম্য কোমও ব্যক্তিৰ দষ্ট স্থানে বিনা যন্ত্ৰোচ্চাৰণে কেবল তুছ কুৎকাৰ দিলেন। তাহাতে জ্ঞান নিষ্পত্তি হইল মা দেখিয়া লেবাৰ তিনি যথারীতি মন্ত্র উচ্চারণ কৰিয়া কুৎকাৰ দিলেন ; তাহাতেও কোমও উপকাৰ হৰিল না। তাৰপৰ স্বামীজীৰ মে মন্ত্র চিৰকালেৱ তৰে অপৰ হইয়া গেল। ইতিপূৰ্বে তাহাৰ অন্ত-প্ৰয়োগ কৰাপি বিকল হয় আই। এই পটমাটী বাৰা সপ্রদাণ হইতেছে যে, যন্ত্ৰীয় অক্ষিতাজী দেৰতা জননৃত পৱীক্ষাগৈকা মুচ বিখাসেৰ অধিকতৰ পৰম্পৰাতিলী।

এই কথার পর Magnetism, will-power ও শুল্কান্ত মনুষ্যকি সমস্কে বক্ষিমবাবুর সঙ্গে আরও অনেক কথা হইল। নিয়ে তাহার স্থূল মন্তব্য অভিব্যক্ত হইতেছে। আমাদের উভয়ের মতেই মন্তব্যগুলি স্থিরীকৃত হয়।

(ক) শুল্ক ইচ্ছাশক্তিপ্রয়োগে রোগাদি আরোগ্য হয়, এবং হইতে পারে, কিন্তু সে শক্তি সকল সময়ে স্থায়ী নহে। প্রয়োগকর্ত্তারই (Magnetiser) শরীর ও মনের বল ও স্থানের উপর তাহার সাফল্য নির্ভর করে। প্রয়োগকর্ত্তার প্রয়োগাধীন ব্যক্তি (Subject) অপেক্ষা অধিক তর মহাজনভাবাপন্ন (more positive) হওয়া চাই। পক্ষান্তরে, এই ইচ্ছাশক্তি কোথাও কথনও (absolute) অব্যর্থ ও অমোদ নহে। বক্ষিমবাবু বলিলেন—তাহার নিজেরও মধ্যেই ইচ্ছাশক্তি আছে। অতি অল্প স্থলেই তিনি তাহার প্রয়োগ করেন। এই ইচ্ছাশক্তির সমধিক প্রয়োগ ও ব্যবহারে তাহার উৎকর্ষ সাধিত হইতে পারে, কিন্তু তাহাতে দেহগত স্থান্ত্য ও বল ক্ষয় প্রাপ্ত হইবার আশঙ্কা আছে।

(খ) শুল্কান্ত মনুষ্যকি, মনুষ্যাতার উপর যথেষ্ট শক্তি না থাকিলে, এবং তাহার আজ্ঞার উপর সমধিক নিষ্ঠা (Implicit obedience) না থাকিলে, কোথাও ফলস্থায়ী হয় না। যদ্যপ্রয়োগকালে মনুষ্যাতাকে অব্যর্থ করিতে হয়, এবং আগমান্ত শক্তি সাধ্যের অক্ষত হইয়া মনুষ্যাতার শক্তি সাধ্যের উপর একান্ত নির্ভর করিতে হয়। বর্ণনিয়মে প্রযুক্ত

মন্ত্রশক্তি সকল হৃহেই (absolute) অব্যর্থ ও অমোৰ্থ। ইহা কোথাৰ নিষ্কল হৱ না। ইহাৰ বধেষ্ঠ ব্যবহাৰে শ্ৰীৱেৰেৰ বলক্ষ্য হয় না, ইচ্ছাশক্তিৰ সাহায্য জাইতে হয় না। প্ৰৱোগকালে যে মনেৰ বল উপস্থিত হয়, তাহা অস্তপনা হইতে অতি সহজে শুল্ক ঘন্টৰ বলে উপস্থিত হয়। এই মন্ত্র-শক্তি শুল্ক ভক্তিৰ বলে ফলেপদায়ী হইয়া থাকে। ইচ্ছাশক্তিৰ স্থলে যেমন নিজেৰ মনেৰ বলই সহায়, শুল্কদণ্ড মন্ত্রশক্তিৰ স্থলে তেমনই শুল্ক দৈব বলই সম্ভব। ইচ্ছাশক্তি কাহাকেও কথনও অধোন কৱা যায় না, কিন্তু মন্ত্রশক্তি শুল্কপ্ৰণালী-ক্ৰমে অনায়াসে উপযুক্ত পাত্ৰে সৰ্বদাই প্ৰদত্ত হইতে পাৰে।

এই কথা শ্ৰে হইতে না হইতে বক্তব্য বাবু বলিলেন যে, তাহাৰ দুই জন মন্ত্রশিদ্য আছেন। তাহাৱা তাহাৰ প্ৰণালী-ক্ৰমে ইষ্টোপাসনা কৱিয়া থাকেন। তিনি শিষ্যস্বৰূপ ভক্তি-বিধাস পৱীক্ষা কৱিয়া তৎপৰে তাহাৰ পূৰ্বোক্ত আকৰ্ষণী মন্ত্রটী তাখাদিগকে অধোন কৱিবেন। এই শিষ্যস্বৰূপ বক্তব্য বাবুৱই উপাসনা-প্ৰণালীৰ অনুগত। তিনি আমাকে বলিয়াছিলেন যে, তিনি স্বয়ং অচলিত শুল্কপ্ৰণালীক্ৰমে ইষ্টোপাসনা পৰি-ত্যাগ কৱিয়া তাহাৰ নিজেৰ কৃত প্ৰণালী অবলম্বন কৱিয়াছিলেন। শার্ত ভট্টাচাৰ্য শ্বেতাশয় যে উপাসনা-প্ৰণালী অস্তত কৱিয়া যান, তাহাই বৰ্তমান সময়েৰ আকৰ্ষণিগৰে অবলম্বন হইৱাচে। ভট্টাচাৰ্য মহোদয় যে সমস্ত শাস্ত্ৰ-গ্ৰন্থ হইতে তোজ, গোক ও মন্ত্ৰভ্যুগ উচ্ছৃত কৱিয়া তাহাৰ উপাসনা-প্ৰণালী অস্তত

করিয়া ভাঙ্গণদিগের মধ্যে প্রচলিত করেন, বঙ্গম বাবু সেই সমস্ত শাস্তি হইতে তদপেক্ষ। উৎকৃষ্টতর স্তোত্র ও শ্লোকাদি গ্রহণ করিয়া তাহার নিজের উপাসনা-প্রণালী প্রস্তুত করিয়া নিজে তাহা অবলম্বন করেন, এবং শিষ্যদ্বয়ে তাহা প্রবর্ত্তিত করেন। সম্প্রতি পরীক্ষাণ্টে এই শিষ্যদ্বয়কে তাহার আকর্ষণী মন্ত্র শিক্ষা দিতে পারিয়াছিলেন কি না, এবং আমার সঙ্গে এই আলাপের পরে আরও অধিক মন্ত্রশিষ্য করিতে সমর্থ হইয়াছিলেন কি না, তাহা বলিতে পারি না। বঙ্গম বাবু এ কথাবার্তার পাঁচ ছয় মাস পরে তাহার জীবনলীলা সংবরণ করেন।

তিনি একদা আমাকে বলিয়াছিলেন যে, তিনি তাহার নিজের উপাসনার সময় সম্যকরূপে মনঃস্থির করিতে পারেন না। কোনও বিশেষ শব্দ, বা লোকের কথাবার্তা, বা বালকদিগের অপ্রত্যাশিত বা আকস্মিক গগ্নগোল উপস্থিত হইলে, তাহার চিন্তবৃত্তি অস্থির হইয়া উঠে। এমন কি, উপাসনা করিতে করিতে অনেক সময় তাহাকে উপাসনার ভঙ্গ দিয়া, ব্যাপারটা কি, তাহা উঠিয়া দেখিয়া সাময়িক কৌতুহল চরিতার্থ করিতে হয়। আমি বলিলাম যে, পরিবারস্থ শকলের প্রতি আত্যন্তিক ভালবাসা বী মাঝা থাকাতে সর্বদাই তাহাকে চঙ্গল করে, এবং তাহার উপাসনায় বাধা অস্থায়। কে কোথায় গড়িয়া গেল, কে কোথা হইতে কোন ব্যাধি পাইল, কোন্ত দিক হইতে কোন আগন আসিয়া

উপস্থিত হইল, এই সমস্ত মাস্তিক আশকা অনোমধ্যে সর্বসম
উদ্বিগ্নিত হইয়া তাঁহাকে চতুর্দিকে আকর্ষণ করিতে থাকে, এবং
বিক্ষেপ অস্ত্রায়। তাঁহার চিত্তবৃত্তিকে মেহার্ত্তা হইতে একটু
কঠিন করিয়া না তুলিলে শ্বিচিত্তে তাঁহার উপাসনা হওয়া
এক প্রকার অসম্ভব। তাঁহার হৃদয়ের কোষলতা যে তাঁহাকে
উপাসনার বাধা, এ কথা তিনি অবীকার করিলেন না।
মনের বশীকরণ-শক্তির অসম্ভাবনী যে অধিকাংশ উপাসকের
বাধা হইয়া আছে, এ কথা সকলকেই দ্বীপার করিতে
হইবে। এই চক্ষণ্যনিবারণার্থ বহুতর সাধককে অঞ্চল
যোগাদি অভ্যাস করিতে হয়। অবশ্যই কোন প্রকার ঘোপের
কথা আমি তাঁহাকে বলি নাই, এবং নিষেধ ছিল বলিয়া
আমি তাঁহাকে বলিতে পারি নাই। তাঁহার চিত্তবৃত্তির
অস্ত্রিতার আর একটী কারণ তখন আমার মনে হইয়াছিল,
কিন্তু পাছে সে কথা বলিলে তাঁহার মনে ব্যাধা লাগে, তজ্জ্বল
তখন তাহা তাঁহাকে বলিতে বিরত ছিলাম। সে কারণটি
উপাসনা সমস্ত গুরুপ্রণালী পরিত্যাগ করিয়া নিজের উপাসনার
অন্ত নিষ্ক্রিয় প্রণালীর অবস্থন। বক্ষিম বাবু যে প্রণালী
অবস্থন করিয়া নিজে উপাসনা করিতেন, সেই উপাসনার
মূলে গুরুবীক্ষা বা গুরুভক্তির সাহায্য ছিল না। তাঁহার
আজ্ঞা-ক্ষমতা নিষ্ঠার সম্ভাব ছিল না। এই অন্ত কাহারও
আগনাকে আগনার গুরু-হানীয়-ক্ষণে বরণ করা বিষের হয় না।
যে দৈব বা অনুভ্য শক্তি (Providence) গুরুপ্রণালীর মূলে

বৰ্তমান থাকিয়া তাহার প্রাণ ও সহায় হইয়া আছেন, আপনাকে গুরুত্বে বৰণ কৰিলে, সে সাহায্য-প্ৰস্তুতি হইতে নিৰ্ভিন্ন হইয়া পড়িতে হয়, সুতৰাং সে সাহায্য হইতে বক্ষিত হইতে হয়। দুর্ভাগ্যক্রমে বক্ষিম বাবু সেই সাহায্য-প্ৰোত্তৃ হইতে বক্ষিত হইয়াছিলেন। বাহা—যে শক্তি শুন্ধ Rationalism-এৱ—বৌদ্ধ ভাবের অধিষ্ঠাত্ৰী হৈবতা, তাহাই কেবল তাহার সহায় ছিল। এ অবস্থায় চিন্তনভিত্তি পূৰ্ব বৰ্ততন্ত্ৰপ বিক্ষেপ অবগত্বাদী ও অনিবার্য।

বক্ষিমবাবু যেন্নপ স্বকীয় বা স্বতৃত উপাসনা-প্ৰণালীৰ অধীন হইয়াছিলেন, পূৰ্বাচাৰ্যগণেৰ কেহই নিশ্চয়ই এন্নপ শৃষ্টান্ত দেখাইয়া দান নাই। স্বার্ত্ত মহোদয় যখন ব্ৰাহ্মণগণেৰ অন্য উপাসনা-প্ৰণালী প্ৰস্তুত কৰেন, তখন তিনি নিশ্চয় নিজেৰ শুন্ধ-প্ৰণালী পৱিত্ৰ্যাগ কৰিয়া স্বতৃত প্ৰণালীৰ অধীন হন নাই। মহাপ্ৰভু শ্ৰীচৈতন্যদেৱ যখন অহুবৰ্জনীগণেৰ অন্য কুকু-মুক্ত প্ৰণয়ন কৰেন, তখন পুৱী গোস্বামীৰ প্ৰদত্ত দশাকৰ মন্ত্ৰ “ওঁ তগবতে বাসুদেৱায়” ও তাহার প্ৰাৰ্থিত উপাসনা-প্ৰণালী পৱিত্ৰ্যাগ কৰিয়া স্বতৃত কুকুমন্ত্ৰ, বা স্বতৃত পূজা-প্ৰণালী অবলম্বন কৰেন নাই। তাহার পাৰ্বতীপুৰণেৰ মধ্যেও কাহাকেও তাহাদেৱ শুন্ধমন্ত্ৰ ও শুকুপ্ৰণালী পৱিত্ৰ্যাগ কৰিয়া স্বতৃত কুকুমন্ত্ৰ ও স্বতৃত উপাসনা-প্ৰণালী অবলম্বন কৰিতে অহুরোধ ও বাধ্য কৰেন নাই। কেবল বিশ্বাস ও শক্তিৰ পৱীক্ষাৰ অন্ত জৰিগাঞ্জলেৱ জনৈক গ্ৰামাং বৈকুন্তকে কুকুমন্ত্ৰ কৰিতে বলিয়াছিলেন, তাহাকেও

তাহা করিতে বাধ্য করেন নাই। কোনও প্রণালী-প্রবর্তক স্বকীয় গুরু-প্রণালী বিসর্জন করিয়া স্বত্ত্বত প্রণালীর অধীন হন নাই। যিনি তাহা করেন, তিনি তাহার ধর্মের মূলে কুঠারাধাত করেন। আমরা বঙ্গিয় বাবুকে বৌদ্ধভাবাপন্ন ভিন্ন কখনও অন্ত কিছু ভাবি নাই। তাহার লেখায় কৃষ্ণবত্তার-স্মীকার ও ভক্তিত্বের কথা থাকিলেও, তিনি পূর্ণমাত্রায় বৌদ্ধভাবাপন্ন (rationaliste)। ভ্রান্তচূড়ামণি মহর্ষি দেবেশ্ব-নাথ ও ব্রহ্মানন্দ কেশবচন্দ্র ইতিপূর্বে হিন্দুধর্মের সংস্করণ পরিত্যাগ করিয়া যখন ডাক্ত উপাসনা-পদ্ধতি প্রস্তুত করেন, তখন তাহারা এতদপেক্ষা কি আর অধিক বৌদ্ধভাব অঙ্গীকার করিয়াছিলেন?

মধ্যে বঙ্গীয় যুবকদম্বাজে সাহেবিয়ানার ধোর প্রাচুর্ভাব হয়। অনেকেই আহারের সময় কাঁটা চামচ ব্যবহার করিতে অভ্যাস করেন; গৃহ মধ্যেও বক্ত ব্যবহার পরিত্যাগ করিয়া পেন্টুলেন শার্ট ব্যবহার করেন, এবং ভূমিতলে আসন পাতিয়া বসিবার পরিবর্তে আহারের জন্য টেবল ব্যবহারের প্রবর্তন করেন। অনেক যুবক এইস্কেপে বিলাতী সভ্যতার স্রোতে পড়িয়া হারুড়ুবু ধান। বঙ্গিয় বাবুও এই স্রোতের মধ্যে পড়িয়া তৃণের শাস্ত্র নীয়মান হইয়া ভাসিয়া যাইতেছিলেন। এ সবকে একদা তিনি আমাকে বলেন যে, তিনি এক সময় কাঁটা চামচ ব্যবহার না করিয়া হাতে তুলিয়া ধাওয়া বড়ই দৃশ্যার বিষয় ও ধোর অসভ্যতা যন্মে করিতেন। একপ অসভ্য ব্যবহার তাহার

বঙ্গিমচন্দ্ৰ

চক্ষে পড়িলে তাহার অন্তরে বড়ই সুগার উদয় হইত। একদিন তিনি কাঁটা চামচ হচ্ছে একটা কৈ যাছ ছাড়াইবার চেষ্টা কৱিয়া পুনঃপুনঃ বিকলপ্রয়ত্ন হইতেছিলেন; তাহার সহধৰ্মীণী তাহার পার্শ্বে দাঢ়াইয়া রঞ্জ দেখিতেছিলেন! তিনি বলিলেন, “কি বিড়ৰনা! উপায় থাকিতে কি কৰ্ষণোপ!” এই কথায় তাহার চৈতন্যোদয় হইল। এই সময়ের কিছু পূর্বে হইতে সময়ের শ্রোত বিপৰীত দিকে ফিরিবার উপকৰণ হইতেছিল। এই শ্রোতের বশবস্তু হইয়া তাহারও সাহেবিয়ানা তাহাকে ছাড়িয়া প্রস্থান কৱিল। এ দেশে যে এ শ্রোত এখন ক্রমশঃ মন্দীভূত হইয়া পড়িতেছে, ইহাতে তিনি যার-পরনাই সন্তুষ্ট ছিলেন।

বঙ্গিম বাবুর পিতৃদেব পুজনীয় বাদ্বচন্দ্ৰ চট্টোপাধ্যায় মহাশয়ের এক জন সন্ন্যাসী গুরু বা উপদেষ্টা ছিলেন। তিনি একবার তাহার পিতার সঙ্গে দেখা কৱিয়া তাহার মৃত্যু-ষট্টনার ঠিক সূত দিন পূর্বে আসিয়া তাহার সহিত মিলিত হইবার অঙ্গীকার কৱিয়া যান। এই অঙ্গীকারমত বাদ্ববাবুর মৃত্যুর ঠিক সাত দিন পূর্বে সেই সন্ন্যাসী ঠাকুৰ আসিয়া বাদ্ব বাবুর সহিত দেখা কৱিয়াছিলেন। বাদ্ব বাবুর কোনও পীড়াৰ সময় এই সন্ন্যাসীৰ সঙ্গে তাহার প্রথম আলাপ হয়। এই সন্ন্যাসী সহজে বঙ্গিম বাবু আৱে অনেক কথা বলিয়াছিলেন। হৰ্তাৰ্গ্যক্রমে তাহা ভুলিয়া গিয়াছি।

শ্রীকালীনাথ মন্ত।

বঙ্গিমচন্দ্র ও তাঁর দ্বারবান ‘পাঠক’।

—৩৪৬—

১৮৮৫ খ্রিঃ আদের কথা লেখা যাইতেছে। তখন পিতৃব্য-দেব বঙ্গিমচন্দ্র কলিকাতা বহুবাজারের চৌমাথার নিকট ১২ নম্বর কি এমনি একটা নম্বরের বাড়ীতে থাকিতেন। “বঙ্গ-দর্শন” প্রেস তখন কাঠালপাড়া হইতে কলিকাতায় উঠিয়া আসিয়াছে। কলিকাতা হইতে পিতাঠাহুর সঙ্গীবচন্দ্রের সম্পাদকতায় তখন “বঙ্গদর্শন” বাহির হয়।

আমি তখন চাকুরীর উমেদার। কাঠালপাড়া হইতে প্রায়ই কলিকাতায় যাতায়াত করি; সেখানে আফিস অঙ্গলে ঘূরি। আমাকে বাপ, খুড়া, জ্যেষ্ঠা, সকলেই স্পষ্ট ভবাব দিয়াছিলেন, “আমাদের ছারা বাপু, কিছু হইবে না; নিজে চেষ্টা করিয়া যাহা পার, কর!”

কাজেই কলিকাতায় সমস্ত দিন টো-টো করিয়া সক্ষ্যার সময় পিতৃব্য-নিকেতনে ফিরিয়া আসিতাম। কিছুতে মন বসিত না। তবে সেখানে একটা মূর্ত্তি হাস্তরস ছিল। তাহাতেই কোনও রকমে—কোনও রকমে কেন, এক প্রকার আনন্দেই কাটাইতে পারিতাম।

লে হাস্তরস পিতৃব্য বহাশয়ের জামাতা, কনিষ্ঠা উগুরীপতি বাথালচন্দ্র। আমরা উভয়ে সমবরং ছিলাম। দৈব-চূর্ণিপাকে রাখাল আজি অনেক বৎসর হইতে পরলোকে।

ଆମାଦେର ଚଟ୍ଟୋପାଧ୍ୟାୟ-ଗୋଟିକେ ରାଧାଳ “Royal Family” ବଲିତ ! ଏହି “ଲବ୍‌ଜେ”ର ଉପଯୋଗିତା ସେ ଅନେକବାର, ଅନେକ ପ୍ରକାରେ, ନାନା ଅବାନ୍ତର କଥାର ଅବତାରଣା କରିଯା ଆମାକେ ବୁଝାଇଯାଇଲି । ଆମି ସାଙ୍କ୍ୟ-ସୁହର୍ଦ୍ଦି, ଉମ୍ମେଦାରୀତେ ବିକଳ-ପ୍ରୟାସ ହଇଯା ପ୍ରତ୍ୟାଗତ ହିଲେ, ସେ ଆମାକେ ହାସିଯା ବଲିତ, “ଦେଖିଲେ ତ, ଆସି ବଲି ନାହିଁ ? Royal Familyର ଛେଲେ ଚାକୁରୀ କରିବେ, ଏ କଥା କେ ବିଶ୍ୱାସ କରିବେ ? ଆର ଯାଇଓ ନା । Don't make a fool of yourself any more.”

କଥାଯ ରାଧାଳ କାହାକେଓ ଛାଡ଼ିତ ନା । କାରଣ ପାଇଲେ । ସକଳେକୁଇ ଶହିତ ଜାଗିତ, କିନ୍ତୁ ଉହାରଇ ମଧ୍ୟେ ଏକଟୁ ସଥାଧୋଗ୍ୟ ଭାବେ ରାଗାଇଯା ଦିଯା ପରେ ସକଳକେଇ ହାସାଇତ । ଶ୍ରୁତିଓ ସେ ତାହାର ନିକଟ ଏକେବାରଇ ବାଦ ଯାଇତେନ, ତାହା ନହେ । ତବେ ଶ୍ରୁତି ଜାମାତାର ଉପର ରାଗ କରିବାର ବଡ଼ କିନ୍ତୁ ପ୍ରକାଶ ଅଞ୍ଜୁହାତ ପାଇତେମେ ନା । ଏହି ପ୍ରସ୍ତରେ ତାହା ବୁଝା ଯାଇବେ ।

କାକାମହାଶୟରେ ଏକ ଜନ ଦୂରଓସାନ ଛିଲ । ମାତ୍ର, କି-ଏକଟା “ପାଠକ” । ଏଥିନ ତାହା ଆମାର ମନେ ନାହିଁ । ପାଠକ ବାଚିର ଭତ୍ୟାଦିର ଏବଂ ରାଧାଳ ଓ ଆମାର ନିକଟ “ମହାରାଜ” ଧ୍ୟାତି ଶାତ କରିଯାଇଲି । ସକଳେ ତାହାକେ “ପାଠକ-ମହାରାଜ” ବଲିତ । ତାହାର କାରଣତ ଛିଲ । ସେ ସକଳେରଇ ପ୍ରିୟ—ନିରୀହ, ଧର୍ମ-ଭୀରୁ, କୋଷଳ-ହନ୍ଦୁ, ପଞ୍ଚଶିରବସ୍ତ୍ର ଭାଙ୍ଗଣ ; ପୂଜା ପାଠେ ରତ, କିନ୍ତୁ ବେଳୋର ବୋକା । ତାହାର ବୋକାରୀଶ ଅନେକ ସମୟ ଆନନ୍ଦମାସିକ ହିତ । ତାହାକେ ଶିଖିରାଓ ଭାଗସାମିତ ।

পাঠক-মহারাজ নামমাত্র দরওয়ান ছিলেন ; অর্থাৎ, নিজেই সর্বদা দরওয়ান সাজিয়া থাকিতেন। আসল দরওয়ানের কাজ অপরের দ্বারা হইত। তিনি নাগরা জুতায়, অর্ধমলিন সাদা থাম কাপড়ে, অপেক্ষাকৃত সিতপ্রভাবিশিষ্ট ফতুয়ায়, উর্ধ্বপুঁজু ও উঁফীষ্পৰ্ণী হাতে-বাঁধ ষেত পাগড়ীতে সজ্জিত হইয়া গেটের নিকট একটা টুলের উপর ছেলেদের লইয়া নিয়ত বসিয়া থাকিতেন। সেখানে তাঁহার অপর কাজ ছিল—নিতাকার সংবাদপত্র ও অন্যান্য ডাক লওয়া। ডাক লইয়া তিনি কাকামহাশয়ের টেবিলের উপর রাখিয়া আসিতেন। ইহা তিনি বাহিরের ডাক লইয়া যাইতেন ; কাহাকেও ডাকিতে হইলে ডাকিতে যাইতেন। এই সকল শ্রমসাধ্য কাজ ছাড়া তাহাকে আর বড় একটা কিছু করিতে দেখি নাই। তিনি যে এক কড়া বুদ্ধি লইয়া দ্বর করিতেন না, ইহা পিতৃব্যমহাশয় বিলক্ষণ জানিতেন। সেই জন্য পাঠক-মহারাজের পক্ষে দ্বারবানের স্থায় উচ্চ পদলাভ আশ্চর্যের কথা হইয়াছিল। যে কারণেই হউক, কাকামহাশয় লোকটিকে পছন্দ করিয়াছিলেন ; বুঝি তাহার স্তিতরটা ভাল ছিল জানিয়া তাহাকে কোনোরূপে একটা যোড়া-তাড়া কাজ দিয়া রাখিয়াছিলেন। কিন্তু দুষ্ট রাখাল, এহেন পাঠক-মহারাজের নিয়োগের হৃক্ষেত্র কারণত্ব ক্ষেত্র করিবার জন্য অনেক মাথা ঘামাইয়াছিল। শেষে অনেক ভাবিয়া চিন্তিয়া লে এক দিন নিঃশ্বাস ছাড়িয়া আমাকে সাধু ভাষায় বলিয়াছিল, “বুবিরাছি, ইহা ষষ্ঠুর মহাশয়ের তাঁহার ষষ্ঠুর প্রতি প্রীতির

ফল।” কথাটাৰ তখন টীকা ভাষ্যাদিৰ অয়োজন হওৱাৰ আমি প্ৰশ্নেৰ উপৰ প্ৰশ্ন কৰিলাম। রাধাজি বলিল, “আৱে জান না, তোমাৰ কাকার শুঙ্খঠাকুৱাপী বলেন, ‘আহা! পাঠক যথাৰ্থই ভক্তিমান ভ্ৰান্তি।’ কাজেই পাঠক আৱ যান কোথা তু”

পাঠক-মহারাজ একদিন পুজোৱা বসিয়া গীতাৰ একাদশ-অধ্যায়োক্ত অমৃতনিঃস্থিতিনী স্তোত্ৰমালা ভক্তিগদন্দককষ্টে আৱৃত্তি কৰিতেছিলেন। তিনি সংস্কৃত বুৰিতেন মাথামুঙ্গ, এমন কি, দেবনাগৰও বুৰি ভাল চিনিতেন না। কিন্তু বছৰিনেৰ অভ্যাস-বশতঃ তাহাৰ আৱৃত্তি মন্দ হইত না। তাহাতে আবাৰ ভক্তিৰ উচ্ছুস সে শ্ৰোকগুলিকে মধুময় কৰিয়া তুলিতেছিল। আমি তাহা শুনিতে শুনিতে “আনন্দমঠে”ৰ পাঞ্জলিপি লুকাইয়া পড়িৰ বলিয়া কাকার বৈষ্ঠকধানায় যাইতেছিলাম। সে দিন বোধ হয় রবিবাৰ ছিল। সে সময় কাকা ভিতৰে থাকেন বলিয়া আমি বৈষ্ঠকধানায় যাইতেছিলাম। তখন পাঠক-মহা-ৱাজেৰ কষ্টে অৰ্পণিত হইতেছিল,—

অমাদিদেবঃ পুৰুষঃ পুৱাপ

অমস্ত বিষ্ণু পৱং নিধানম্ ।

বেঙ্গাসি বেদ্যঞ্চ পৱঞ্চ ধাৰ

ত্যা ততং বিশ্বনন্দঞ্চপ ॥

বৃষ্মৰ্যমোহঘিৰঞ্চঃ শশাঙ্কঃ

প্ৰজাপতিষ্ঠঃ প্ৰপত্তামহশ্চ ।

ନମୋ ନମନ୍ତେହସ୍ତ ସହପ୍ରକର୍ତ୍ତଃ
 ପୁରୁଷ ଭୂଯୋହପି ନମୋ ନମନ୍ତେ ॥
 ନମଃ ପୁରୁଷାଦ୍ୱ ପୃଷ୍ଠତନ୍ତେ
 ନମୋହସ୍ତ ତେ ସର୍ବତ ଏବ ସର୍ବ ।
 ଅନୁଷ୍ଟବୀର୍ଯ୍ୟାମିତବିକ୍ରମସ୍ତଃ
 ସର୍ବଃ ସମାପ୍ନୋବି ତତୋହସି ସର୍ବଃ ॥

ଏମନ ସମୟ ଆମି ବୈଠକଥାନା ସରେ ଛୁକିଲାମ । ଛୁକିଯାଇ ଦେଖି, ଆର କେହ ନାହିଁ, କେବଳ କାକା ଏକଥାନି କୌଚେ ଶୁଇଯା ଆହେନ, ତାହାର ଉତ୍ତର ଚକ୍ର ଯୁଦ୍ଧିତ, ମୁଥ-ସଂଲଗ୍ନ ସଟକାର ନଳ ନିଃଶବ୍ଦ, ତିନି ଯୁଦ୍ଧକର ବକ୍ଷେର ଉପର ଘନ୍ତ କରିଯା ଅନୁଗ୍ରହିତ ଶେଇ ବ୍ରାଜଗୋଚାରିତ ଶ୍ରବ ଶୁଣିତେହେନ । ଯୁଧେ ଅନୁତତାବ ;—କି ଶୁଭର, କି ପବିତ୍ର ! ଆମି ସତ୍ୟେ, ସମ୍ଭାବେ ପିଛାଇଯା ବାହିରେ ଆସିଲାମ । ଶେଇ ଦୂଷ୍ୟେ—ଶେଇ ଦୂଷ୍ୟେ କେନ, ତାହାର ପୂର୍ବେର ଓ ପରେର ଐଙ୍ଗପ କରେକଟି ଛୋଟ ଛୋଟ ଘଟନାତେ ଆମି ଆଜ୍ଞା ସରସେବ ବିଜନ୍ଧନ ବୁଝିତେ ପାରିଯାଇଲାମ ସେ, କାକାର ଭିତରେ ଏକଟା ପ୍ରବଳ ଭକ୍ତିଶ୍ରୋତ ଗିରିନିରୁଦ୍ଧକଲୋଦିନୀବ୍ୟ ପ୍ରାଚ୍ୟ ଆହେ । ବୁଝିତେ ପାରିଯାଇଲାମ ସେ; ସମୟେ ବେଗରୋଧକାରୀ ଶିଳା ହାନଚ୍ୟତ ହିଲେ ଏ ପୃତ-ଶ୍ରୋତ କି ତରଙ୍ଗଭିତେ ଛୁଟିଯା ସମନ୍ତ ବନ୍ଦଭୁମିକେ ପ୍ଲାବିତ କରିବେ ! ପରେ ଲେ ଶ୍ରୋତ ପଥ ପାଇଯାଇଲି ବଟେ, କିନ୍ତୁ ଛୋଯ ! ନିର୍ଜାନ୍ତ ହିତେ ନା ହିତେଇ ସହସା କାଳେର ଅନୁ ସାଗର-ସନ୍ଧମ ଦେଖିତେ ପାଇଯା ତାହାତେ ଝାଁପାଇଯା ପଡ଼ିଯା ମିଳାଇଯା ଗିରାଇଲି । ବୁଝି ତେବେନ କରିଯା ତାହାର ଶକ୍ତି ତରଙ୍ଗଶୁଣି ତଟ-

প্রহত করিয়া খেলিবার অবসর পায় নাই। যদি তাহা হইত, তাহা হইলে প্রেমধর্ম-প্লাবিত সমগ্র বঙ্গভূমিতে আজি আবার তগবঙ্গক্রির বান ডাকিত।

রাত্রি ১০টা পর্যন্ত নীচের বৈঠকখানার হলঘরে কাকা মহাশয়ের বঙ্গবর্গ সংবেত থাকিতেন। তাহারা চলিয়া যাইলে, কাকাও উপরে যাইতেন। তখন রাধাজচন্দ্র ও আমি নির্ভয়ে গল্প-গুজব করিতাম। আমাদের সঙ্গে সঙ্গে পাঠক-মহারাজেরও স্কুল আসিত। কারণ, তিনি কাকাকে ব্যাপ্তবৎ ভয় করিতেন। কাকা উপরে যাইলে তিনি ফটকের কাছে একখানি খাটিয়া পাড়িতেন। তাহার একটি জীর্ণ দপ্তর ছিল। তাহার ভিতরে অনেক অমূল্যরত্ন—তুলসীদাসের রামায়ণ, গীতা প্রভৃতি—তিনি শুধু শুছাইয়া রাখিতেন। খাটিয়া পাড়িয়া সেই দপ্তরটি লইয়া তিনি প্রত্যহ পাঠে বসিতেন। পাঠ অবশ্য শুর করিয়াই হইত। শ্রোতা ছিল মেঘ সহস্র (কোচব্যান মুসলমান ছিল বলিয়া আসিত না) এবং জনৈক পশ্চিমা কুলুরী-বিক্রেতা। সে ঐ সহয় টিক আসিয়া জুটিত। কখনও কখনও তাহার সঙ্গে এক বিপুল-দেহ-তারাক্রান্ত ধনুরোর কুকুলিনী আসিয়া হরিগাথা শ্রবণ করিতেন। এই কুকুলিনীকে দেখিলেই রাধাজের হাসির উৎস খুলিয়া যাইত, তাহার সহস্রে তখন অন্তু অন্তু যন্তব্যে হাসিতে হাসিতেআমার পেট ব্যাধা হইয়া উঠিত। একদিন পাঠ হইতেছে। পাঠক মহারাজ পৃষ্ঠক-লিখিত কোন কথাই পাঠকালীম একে-বারে উচ্ছারণ করিতে পারিতেন না। তাহাকে আম প্রত্যেক

কথাই কষ্টে বানান করিয়া পড়িতে হইত ; তাহাতে শ্রোতাদিগের অর্থবোধ হওয়া দূরে থাকুক, ধৈর্যচূড়ি ঘটিত । কিন্তু “মহারাজে”র ভয়ে কেহই উঠিয়া যাইতে পারিত না । “মহারাজ” বুঝাইয়া দিয়াছিলেন যে, রামায়ণ-পাঠ শুনিতে শুনিতে উঠিয়া যাইলে মহাবীর কুপিত হন, আর তাহার ক্ষোধ হইলে কিছুতেই শ্রীরামচন্দ্রের কৃপালাভ হয় না ; পরস্ত রামায়ণ-পাঠ শুনিলে ধনেপুত্রে লক্ষ্মীলাভ হয় । এখন, বেচারা মেঘার বড়ই অর্থকষ্ট ছিল ; পঞ্চাশ-পরায়ণ ফুলুরীওয়ালারও তখন পর্যন্ত পুত্র-মুখদর্শন তাগ্যে ঘটে নাই । কাজেই তাহারা প্রাণপাত করিয়া পাঠ শুনিত । কিন্তু এ দিন বড়ই দুর্দেব ঘটিয়াছিল । পাঠক মহারাজ বহু বিলম্বে এক একটি শব্দের বানান নিষ্পন্ন করিতেছিলেন ; সম্ভবত ; তাহা শ্রোতাদিগের একপ্রকার অসহ হইয়া উঠিয়াছিল । কাজেই অন্নবয়স্ক যুবক মেঘা সহিসের চুলুনি আসিতেছিল ; তাহার অস্তরাঙ্গা তাহাকে ঘূমাইবার জন্য গালি পাড়িতেছিল ; কিন্তু ব্রহ্ম-বাক্যে তাহার অটল আহ্বাবশতঃ সে তখনও কোনক্ষেপে বসিয়াছিল । পাঠক-মহারাজ পড়িবার অগ্রে বানান করিতেছিল,—

“প-প-প ; র-র ; পর-ম, ম ; পরম—ইত্যাদি ।”

“মহারাজ” এইরূপ বানান করিতেছিলেন, এবং এক এক বার “আরে মেঘুয়া !” বলিয়া নিঝাতু মেঘাকে শাসাইতেছিলেন । ততুতরে মেঘা প্রতিবারেই চমকিয়া উঠিয়া “শুভভেই মহারাজ !” কথাটি উচ্চারণ করিতে না করিতেই নিঝা-প্রভাবে আবার নতশির হইতেছিল ।

উক্ত প্রকারে বানান করিয়া পাঠক বখন সম্পূর্ণ একটি ছত্র বুঝিতে পারিলেন, তখন তিনি উহা ইঁকিয়া পড়িলেন। সেটা বেন তাহার বানানরূপ শক্রজয়োলাসজনিত সিংহনাম বলিয়া আমাদের প্রতীয়মান হইল। ইঁকের সঙ্গে সঙ্গে তাহার মাথা ও শরীর দুলিয়া উঠিল ; তিনি সোৎসাহে পড়িতে লাগিলেন,—

“পরম প্রেম নেহি যাতি।”

সেই সময় অভাগা মেঘার সমুদ্রয় মাথাটা সামনে ঝুঁকিয়া ভূমি স্পর্শ করিতেছিল। পাঠক-মহারাজ তাহা দেখিতে পাইয়া বিরক্ত হইয়া পাঠ বক্ষ করিয়া দিলেন, এবং মেঘাকে যে শীঘ্র উৎসন্ন যাইতে হইবে, দয়ার্দ্ধিচিন্তে তাহাই বুঝাইতে লাগিলেন। “তক্ত” কুলুরীওয়ালাও তাহাতে যোগদান করিল। তখন মেঘা ভয়বিহীনচিত্তে ভ্রান্তের পারে জড়াইয়া ধরিল। প্রসন্ন হইয়া শেষে পাঠকমহারাজ মহাবীরের কৃপা লাভের ব্যবস্থা করিলেন ; মেঘাকে ভোগাদির খরচ বাবদ ১০ দিতে হইবে। মেঘা অগত্যা অবনতমস্তকে স্বীকৃত হইল। সেবিন আর পাঠ হইল না। পরে শুভদিনে, শুভক্ষণে, একদিন পাঠক মহারাজ মহাবীরের পূজা করিয়া ভোগ লাগাইলেন। প্রসাদে পুরী ও যালপুয়ার বাহুল্য ছিল। “জামাইবাবু” এবং আমিও প্রসাদ হইতে বঞ্চিত হই নাই। কিন্তু ১০ খরচেও যে মেঘার প্রতি মহাবীর প্রসন্ন হইলেন না, তাহার আর্থিক কষ্ট ঘূঁটিল না, বরং তাহা অধিক হইতে অধিকতর হইতে লাগিল, তজ্জন্ম মেঘাকে বহুদিন পরেও দুঃখ করিতে শুনিয়াছি !

একদিন কাকার বাসায় সাহিত্যিকদিগের সাক্ষ্য-সম্মিলন হইয়াছিল। শিভিলিয়ান রমেশচন্দ্র দত্ত, “বাকবে”র কালীপ্রসন্ন শোষ, মৰীমচন্দ্র সেন, চৰ্ণনাথ বসু, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় অস্তুতি অনেক সিংহ-ব্যাস সাহিত্যিক সমবেত হইয়াছিলেন। যথাকালে সকলে ধাইতে বসিলেন। তখন কালীপ্রসন্ন বাবু “বঙ্গদর্শনে” পিতৃদেব-গিথিত “বৈজ্ঞানিক-তত্ত্ব” সম্বন্ধে পিতার সহিত আলোচনায় প্রবৃত্ত হইলেন। চৰ্ণনাথ বাবু তাহাতে যোগ দিলেন। শেষে তিনি বরক চাহিলেন। তখন কিছি বরকের ঠিক সময় নহে। শেটা ফাল্গুন মাস ছিল, বোধ হয়। কাজেই বরকের ঘোগাড় ছিল না। যাহা ইউক, বরক তখনই আমান গেল, কিছি রাখাল ও আমি কাকামহাশয়ের বিরক্তির কারণ হইলাম। কাকা বলিতেছেন,—“এখনকার ছেলেগুলি মাঝুৰ নয়, রাখাল ত কেবল কথা শিখিয়াছে, আৱ যতীন যেন এখানে বেড়াইতে আসিয়াছে; কাজেই উহাদেৱ এ সব দেখিবাৱ আবশ্যিক হয় না।” বলা বাছল্য যে, রাখাল ও আমি উভয়েই সেখানে উপস্থিত ছিলাম; গতিক দেখিয়া নীৱবে আমি সরিয়া পড়িলাম। রাখাল কিছি দীড়াইয়া দীড়াইয়া কথা-গুলি সব পৃষ্ঠ ভরিয়া শুনিল। ধাওয়া দাওয়া চুকিলে সে পঞ্জেন্দ্রগৰমে আমাৱ কাছে আসিয়া Hamlet-এর Soliloquy আওড়াইতে আৱস্থ কৰিল। শুনিয়াই আমি বুঝিলাম, সে একটা কি যতলব অঁচিয়াছে। আমি হাসিয়া বলিলাম, “ধৰন্দৰাৱ।” সে কৃতিয় ক্রোধ দেখাইয়া বলিল, “বেধে দাও

তোমার খবরদার ; রাধাল বাড়ু যেকে রাগান সহজ কথা নহে—old man কি দেখেন না, আমি কি করি !”

‘ভাগ্যবানের বোকা ক্ষগবান् বয় ।’ যেমন রাধালচন্দ্রের প্রতিজ্ঞা, অমনি সঙ্গে সঙ্গে তাহা পূর্ণ করিবার উপায় উপস্থিত ; পাঠক-মহারাজ সহসা আমাদের নিকট সশরীরে আবিষ্কৃত হইলেন । রাধাল জিজ্ঞাসা করিল, “কিয়া খবর মহারাজ !”

পাঠক । এহি বাবু, বাড়ীকা খবর বছৎ রোজসে নেহি শিলি ।
রাধাল । শিলা নাই কেন ?

পাঠক । আরে কিয়া জানে বাবু, চিটাটি লিখতা তো, লেকেন্ত অবায নেহি শিল্পতা ।

রাধাল । তা, তার কর না কেন ?

পাঠক । আরে বাবু, পরীব আদৃষ্টী—পয়সা কাহা মিলি ?

রাধাল । তা বাড়ীর কি খবরের জন্ত এত বাস্ত ?

পাঠক । হামারা মুলুক্তমে বছৎ রোজসে পানি নেহি শ্যামা ; গাঁহ ছুটা সব, একদম অল্প গেয়ঁ, থানা বেগুন সব, আদৃষ্টী মুরতা ।

রাধাল । উপায় ?

পাঠক । ওহি এক হায়—কি হামারা চাচেরা ভাইকা দ্বারমে গাঁহ বছৎ ঘোজ্জু হ্যায় । ও আগুন হামারা বালবাচ্ছাকে। বেলায় তো সব জিয়েগা নেহি তো—

বলিতে বলিতে পাঠক-মহারাজের চক্ষু ছল-ছল করিতে লাগিল ।

রাখাল। তা খিলাবে বৈ কি। তবে তাবনা নেই।

পাঠক। এহি লিয়ে তো হাম উন্কে দোঁস্তো খৎ তেজা, মগর জবাব মেহি মিলা; কেয়া জানে, ভাইয়া কাহা ঝোঝগাব খাতির চলা গিয়া হোগা।

এই সময় রাখাল ভায়া যেন একটু চিন্তিত হইল। একটু পরেই তাহার চক্ষু উজ্জ্বল হইয়া উঠিল। আমি বুঝিলাম, একটা বেশ কিছু মতলব তাহার মাথায় আসিয়াছে। তখন রাখাল বলিল, “তা, ও সব খবর জানা ত কোনও শক্ত কথা নয়। ও ত তুমি কর্ত্তাবাবুকে জিজ্ঞাসা কৰুলেই জান্তে পার।”

পাঠক। কেয়সে বাবুসাহেব? কর্ত্তাবাবুকা হামারা ঘৰুকা বাত, কেয়সে মালুম হোয়েগা?

রাখাল হাসিয়া উভর করিল, “আরে মহারাজ, তুমি কেবল পূজা-পাঠ কর, এ সহজ কথাটা আর বোৰা না? কর্ত্তাবাবুর কাছে কত বড় বড় খবরের কাগজ আসে, দেখেছ ত?”

পাঠক। হঁ, হঁ, আতা তো, হাম তো ও সব কর্ত্তাবাবুকা টেবিল পৰু রাখতা হায়। *

রাখাল। তাতে দুনিয়ার সব খবর লেখা থাকে জান না?

পাঠক। তব, কিয়া হামারা ঘৰুকা খবর ভি উস্মে লিখি রহতা?

রাখাল। নয় ত কি? তোমার বাড়ী কি দুনিয়া ছাড়া?

পাঠক একটু ভাবিল—কথা ত ঠিক বটে; তাহার বাড়ী ত দুনিয়া-ছাড়া নহে। সে উৎকুল্প হইয়া জিজ্ঞাসা করিল, “এ

বাবু, হামারা ঘৰুকা খবর কোন্ কাগজমে লিখ স্কৃতি বোলিয়ে, হাত ও কাগজ আপুকা পাস পহিলেই লে আওয়েগা !

রাখাল ! না মহারাজ, তা ক'রো না । তা হ'লে কর্ত্তাবাবু গোসা হবেন ।

পাঠক ! তব কর্ত্তাবাবুকো পড়া হো যানেসে আপুনা পাস হাম ও কাগজ লে আওয়েজে ?

রাখাল ! না, তাও না । কোন্ কাগজে কবে তোমার দেশের বাড়ীর কথা লেখা থাকে, তার ঠিকানা মেই ; দশখানা পড়তে পড়তে একখানায় হয় ত পাওয়া যেতে পারে । আর, যে সব কাগজ রোজ পড়ে, সেই জানে, কোথায় কোন দেশের খবর থাকে ; সে যেমন দরকার হলে বার করতে পারে, অন্তে তেমন পারে না ।

পাঠক ! আরে জামাইবাবু ! তব হামারা কিয়া উপায় হোয়েগী ?

রাখাল ! উপায় ত বল্লুম । কর্ত্তাবাবুকে জিজাসা করো । তিনি যখন কাল সকালে চা খেয়ে খবরের কাগজ পড়বেন, তখন জিজাসা করো । আর দেখ, জিজাসা করলে তিনি গোসা হবেন, তোমাকে ধরক দেবেন, বকবেন । কারণ, তাকে অনেক খুঁজে দেখে বলতে হবে ; তা তুমি তয় পেও না, আর কিছু তেই ছেড় না । নেহাঁ তখন না বলেন, অন্ত দিন এক সময়ে জিজাসা করিও । সে দিন না বলেন, আর এক দিন ধরে পড়ো ।

পাঠক। বহু আছা, বাবু।

রাখাল। আর দেখ, আমি যে এ কথা বলেছি, তা কর্তা বাবুকে কিছুতেই বলো না ; বল্লে তোমার চাকরী টুটবে। বুঝলে ত ?

পাঠক। আরে বা জামাইবাবু ! হাম কিয়া বোকা হায় ?

তখন আমি হাসিতে হাসিতে কুকুরাসে বলিলাম, “পাঠক, তুমি কর্তাবাবুর কাছে যেও না ! খবরের কাগজে তোমার বাড়ীর কোনও কথা লেখে না। মিথ্যা কথা !”

কিন্তু পাঠককে সে কথা বুকান আমার সাধ্য কি ! “জামাই-বাবু”র উপর তাহার অটল বিশ্বাস ছিল। আর “জামাইবাবু”কে সে তাহার বিশেষ হিতাকাঙ্গী বলিয়া জানিত। তঙ্গির “জামাই-বাবু” মধ্যে মধ্যে যত্নাবীরের পূজা বলিয়া পাঠককে টাকাটা সিকাটাও দিতেন।

তখন রাখাল বলিল, “যতীশের ও কথা শুনো না, আর কেহ তোমাকে কিছু বলিলেও শুনো না। আর, এ কথা কিছু আমাকে জিজ্ঞাসা করতেও এস না। এস যদি, জাল হবে না।” রাখালের উদ্দেশ্য, সে কোনও রকমে ধরা না পড়ে। তখন পাঠক-মহারাজ চলিয়া গেলে আমি রাখালকে বলিলাম, “রসো, আমি তোমার নষ্টামী ভাঙছি। আমি এখনই এ কথা বলে দিব।”

তখন রাখাল আমাকে অনুনয় করিয়া একটা বড় কঠিন দিব্য দিল। শেবে বলিল, “ভাই, দুনিয়াটা আনন্দের জাহাগ-

যতদিন পার, আনন্দ কর। এমন একটা ঘজাৰ কি ব্যাপাত
দিতে আছে ?”

আমি কাজেই চুপ কৰিলাম। একটু ঘজা দেখিবাৰ যে
নিতান্ত ইচ্ছা ছিল না, এমন কথাও বলিতে পারি না।

পৱনিন সকালে কাকামহাশয় চা খাইয়া বৈঠকখানায়
খবরের কাগজ পড়িতেছেন, এমন সময় দীনভাবে পাঠক-
মহারাজ তাখায় দর্শন দিলেন। কাকা খবরের কাগজ হইতে
চক্ষু তুলিয়া দেখিলেন। পাঠক তখন নমস্কার কৰিলেন।
কাকা প্রতি-নমস্কার কৰিয়া কথঙ্গিৎ বিৱক্ষি-সহকারে জিজ্ঞাসা
কৰিলেন, “কিয়া ?”

পাঠকেৰ সেই শেখান কথা। তিনি বলিলেন, তাহার
দেশে দুর্ভিক্ষ, বাড়ীৰ কোনও সংবাদ চিঠি লিখিলেও তিনি
পান না। তা কাগজে তাহার বাড়ীৰ কথা কি লেখে, তাহাই
তাহার জিজ্ঞাসা।

বৌবাজার দুর্গাচৰণ পিতুড়ীৰ লেনেৰ বলাইটান দন্ত তথম
সেখানে বসিয়া একখানা কি কাগজ পড়িতেছিলেন। তিনি
আমাৰ বাপখূড়াৰ বন্ধু ছিলেন। তিনি ত শুনিয়াই একেবারে
হো হো কৰিয়া হাসিয়া অস্থিৰ ! কিন্তু কাকা মহাশয় ?
তাহার গঞ্জীৰ মুখ সঙ্গে সঙ্গে, আৱও গঞ্জীৰ ভাব ধাৰণ
কৰিল। তিনি চীৎকাৰ কৰিয়া হাতেৰ কাগজ ছুড়িয়া ফেলিয়া
দিলেন। পাঠক-মহারাজ ত একেবারে দোড় !

যদি আপৰ কেহ হইত, তাহা হইলে বুঝিত যে, ইহার

ভিতর একটা কিছু রহস্য আছে, নহিলে এমনটা হয় না। কিন্তু কাকা অসঙ্গত কিছু, এমন কি, এরূপ একটা জীবন্ত আহাস্মুকীও, দেখিলে, কখনও কখনও হঠাতে রাগিয়া উঠিতেন। তখন তাহার সে কথা ভাবিবারও অবসর থাকিত না।

যাহা হউক, সেদিন ত গেল। তাহার পরদিন কাকা আফিস হইতে আসিয়াছেন। গাড়ী তখনও গেটে দাঢ়াইয়া আছে। পাঠক যুক্তকরে আবার উপস্থিত; আবার তেমনই চীৎকার, পাঠকের তেমনই পলায়ন!

শেষে আর একদিন, রাত্রিতে সকলে চলিয়া যাইলে, পাঠক বৈঠকখানায় গিয়া উপস্থিত। কিন্তু কাকা সেদিন বিনা বাক্যব্যয়ে বিরক্তি-সহকারে তখনই উপরে উঠিয়া গেলেন।

ভাগ্যবলে তৎপরদিন পাঠকের দেশ হইতে চিঠি আসিল—সব খবর ভাল। পাঠকের মুখে আর হাসি ধরে না। রাখাল ভায়া বলিল, “দেখিলে কেমন? ছেলেদের যেমন জুজুর ভয় দেখায়, তেমনি জুজুর ভয়—না শুধু ভয় কেন, আস্ত জুজুই—দেখাইয়াছি। এখন বৈঠকখানা হইতে পলাইতে হয়। রাখাল বাড়ু যের উপর বুঝিয়া স্মৃজিয়া মন্তব্য পাস না করিলেই জুজু আসে।”

ইহার পর পাঠক আর আমাদের বাড়ীতে ছিলেন না।

কাকা মহাশয়ের নতেলে হঁসে পশ্চিমাদের যে চির দেখিতে পাওয়া যায়, পাঠক এবং তাহার কদরের অপর দুই এক জনই তাহার উদ্দীপক।

শ্রীয়তীশচন্দ্র চট্টোপাধ্যায়।

“গীতা”র কথা ।

—২৫৬—

সে আজ প্রায় পঁচিশ বৎসরের কথা—যেদিন প্রথম বঙ্গিম-
চন্দ্রের সহিত সাক্ষাৎকারে পরিচিত হইয়াছিলাম। তখন
বঙ্গিমবাবু ডেপুটারিগিরি হইতে অব্যাহতি লাভ করিয়া পটলডাঙ্গার
প্রতাপ চাটুব্যোর লেনস্থ বাটিতে বাস করিতেছিলেন।

ইহাৰ পূৰ্বেও দুই তিনবাৰ প্রকাশ্য সভাত্ত্ব বঙ্গিমচন্দ্রেৰ দৰ্শন-
লাভ ঘটিয়াছিল—কিন্তু তাহা দূৰ হইতে; আলাপ পরিচয়
থটে নাই। আমি তখন বঙ্গিমচন্দ্রেৰ এক জন অমুৱাগী ভক্ত
ছিলাম—‘ছিলাম’ কেন বলি, এখনও আছি। যখন স্থলে
পাড়ি, সেই অবস্থাতেই ভক্তিৰ পূৰ্ববাগে হৃদয় আপুত হইয়াছিল।
অতএব প্রথম দৰ্শনে বঙ্গিমচন্দ্রকে সম্মিলিত ভাঙ্গভৱে প্রণাম
করিয়াছিলাম। আমাৰ তখনকাৰ অবস্থা সেক্ষণীয়ৰ অমুৱা
ভাষায় বৰ্ণন কৰিবাচেন ;—

Thus, Indian like

* * I adore

The sun, that looks, upon his worshiper
But knows of him no more.

এই ভাবে কত বৎসৰ কাটিয়াছিল ; ইতিমধ্যে আমি কলেজ
ছাড়িয়া কৰ্মক্ষেত্ৰে প্রায় প্ৰিষ্ঠ হইতে বসিয়াছিলাম ; এমন
সময় ভাগ্যদেবী একদিন আমাকে বঙ্গিমচন্দ্রেৰ কলিকাতাৰ
বাসায় উপনীত কৰাইলেন ।

উপলক্ষ্যটা বলি। ইহার কিছুদিন পূর্বে আমরা শোভা-বাজারের রাজা বিনয়কুক্তের বাড়ীতে বঙ্গীয় সাহিত্য-পরিষদের প্রতিষ্ঠা করিয়াছিলাম। লিওটার্ড নামে এক জন আধা-ইংরেজ আধা-করাসী সহজে তাৰতত্ত্ব সাহেব ও আমার পূর্ণপ্রত বক্তৃ কেতুপাল চক্রবর্তী ইহার সম্পাদক হইয়াছিলেন। আমিও এক জন ছোটখাট পাণা ছিলাম। তখন বঙ্গীয় সাহিত্য-পরিষদের নাম ছিল—The Bengal Academy of Literature। ইহার সভাপতি ছিলেন রাজা বিনয়কুক্ত। বঙ্গমৰ্বাবু যাহাতে এই সভার সহিত সংযুক্ত হন, তজ্জ্ঞ আমাদের সকলেরই আগ্রহ ছিল। তাহার সম্মতিসংগ্রহস্থলে দোত্যকার্যে নিযুক্ত হইয়া, তাই কোনও এক অপরাহ্নে আমি বঙ্গমৰ্বাবুর পটলডাঙ্গার বাড়ীতে উপস্থিত হইলাম। আমার সঙ্গী ছিলেন ‘ঘোৰনে ঘোগিনী’ প্রভৃতি গ্রন্থ-প্রণেতা শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায়। ইন্নই ছিলেন প্রধান দৃত-আমি সহকারিযাত্র।

গোপালবাবু বঙ্গিমচন্দ্রের সুপরিচিত—কতকটা স্বেহপাত্রও ছিলেন। তিনি তখন কবিবর টেক্সচুর গুপ্তের রচনাবলির সংগ্রহ ও সম্পাদনে নিযুক্ত ছিলেন—বঙ্গমৰ্বাবু ইহার ভূমিকা লিখিতে প্রতিশ্রুত হইয়াছিলেন। কিন্তু আমি বঙ্গিমচন্দ্রের সম্পূর্ণ অপরিচিত। অতএব এই উপস্থুতের কার্য করিতে আমি বিশেষ সংকোচ বোধ করিতেছিলাম। বিশেষতঃ তখন পর্যন্ত আমি সাহিত্যিক' বলিয়া পরিচিত হই নাই, যদিও

তৎপূর্বে কয়েক বৎসর ধরিয়া আমি ‘সাহিত্য’ ধারাবাহিক-
রূপে কয়েকটি প্রবন্ধ প্রকাশিত করিয়াছিলাম। কারণ, আমার
শরণ আছে, ইহার কিছুদিন পরে কোনও বিজ্ঞ সমালোচক
নবীমচন্দ্রের ‘কুরুক্ষেত্রের’ সমালোচনা উপস্থিত্য করিয়া আমাকে
সাহিত্যক্ষেত্রে ‘নবজ্ঞাত শিশু’ বলিয়া সম্মানিত করিয়াছিলেন।

‘বঙ্গিমবাবুর পটলডাঙ্গার বাসায় উপস্থিত হইয়া আমরা’
যথারীতি সংবাদ দেওয়ার পর তাহার বিতল কক্ষে নীত
হইলাম। আমি সন্তুষ্যের সহিত তাহাঁকে গ্রন্থ করিলে,
গোপালবাবু আমার পরিচয় করিয়া দিলেন। বঙ্গিমচন্দ্র
শিতলমুখে আমাদিগের অভ্যর্থনা করিয়া বসিতে বলিলেন।
অল্পক্ষণ কথাবার্তার পরে তিনি আমাকে লক্ষ্য করিয়া বলি-
লেন,—“দেখুন, ‘সাহিত্য’ আপনার বে ‘কালিদাস ও সেক্ষ-
পীয়ুর’ শীর্ষক প্রবন্ধগুলি প্রকাশিত হইতেছে, তাহা আমি
যত্ন করিয়া পড়িয়াছি।” বলা বাহ্য, আমি ইহাতে বিশেষ
সম্মান দিবোধ করিলাম। আমি বলিলাম, “মাসিকে প্রকাশিত
প্রবন্ধ, সব আপনি পড়েন না কি ?” বঙ্গিমবাবু বলিলেন বে,
“ই, অনেকই দেখিতে হব বই কি ! কোথায় কোন নৃত্য
লেখকের উদয় হইতেছে, তাহার সংবাদ রাখিতে ইচ্ছা করি।”
প্রসঙ্গক্ষেত্রে বঙ্গিমবাবু শুনিলেন বে, আমি শীঝই কর্ণক্ষেত্র
ও কালতীতে প্রবিষ্ট হইব। তাহাতে তিনি কিছু অসন্তোষ
প্রকাশ করিলেন, এবং বলিলেন, “তাহা হইলে আপনাকে
আমরা সাহিত্যক্ষেত্র হইতে হারাইব।” আমি শির্ষক করিয়া:

বলিলাম যে, “তাহা কেন? আমি সাহিত্যচর্চা কিছুতেই ছাড়িব না।” বঙ্গিয়বাবু বলিলেন, “আপনি বোধ হয় এখনও জানেন না যে, Law কিরূপ exacting mistress! বিশেষতঃ, যে উকীলের সাহিত্য-চর্চারূপ দুর্বায়িত রটে, যকেল ভাহাকে দুর হইতে পরিহার করে।” বলা বাহ্যে, বঙ্গিয়বাবুর উপদেশে আমি তখন মনে মনে কিছু ক্ষুণ্ণ হইয়াছিলাম। যাহা হউক, এই পঁচিশ বৎসর ধরিয়া আমি কায়লক্ষে উভয় কূলই বজায় রাখিয়াছি।

এইবার গোপালবাবু নামাকরণ ভূমিকা করিয়া আমাদিগের মৌত্য পেশ করিলেন। তীক্ষ্ণদর্শী বঙ্গিয়চন্দ্র কথার আবরণ ভেদ করিয়া, আরম্ভের মৌত্য নামকুর করিলেন, এবং সাহিত্য-পরিষদ্ব কি ভাবে পরিচালিত হওয়া উচিত, সে সবকে কয়েকটা সারগত উপদেশ দিলেন। তিনি আরও বলিলেন যে, যখন ভূদেববাবু জীবিত রহিয়াছেন, তখন আর কেহই Bengal Academy of Literature-এর সভাপতি হইতে পারেন না। সভার কার্য আরও অগ্রসর হইলে, এবং সভার কিছু সফলতা দেখিলে, তিনি সভায় যোগদান করিবেন কি না, স্থির করিবেন। আমাদের মৌত্য এইখানেই শেষ হইল। কিন্তু প্রতিগমনের পূর্বে বঙ্গিয়বাবুর সহিত গীতা সবকে দুই চারিটা কথা কহিবার সুযোগ করিয়া লইলাম।

ইহার কয়েক বৎসর পূর্বে হইতে বঙ্গিয়বাবু গীতার বিশেষ

আলোচনা করিতেছিলেন। কেবল “ধর্ম-তত্ত্ব” ও “কৃষ্ণ-চরিত্রে” নহে; তিনি বাঙালার শিক্ষিত-সমাজের অন্ত গীতার এক অভিনব ভাষ্যও রচনা করিতেছিলেন, এবং ইহার কিন্তু দংশ মাসিক পত্রিকায় প্রকাশিতও হইয়াছিল। আমিও তখন গীতার কিছু কিছু আলোচনা আরম্ভ করিয়াছিলাম।

বক্ষিমবাবু বলিলেন যে, তাহার ধারণা এই যে, গীতার শেষে ছয় অধ্যায়ে পরবর্তী কালের যোজনা। উহারা মৌলিক গীতার অন্তর্গত নহে। তিনি আরও বলিলেন যে, শেষে ছয় অধ্যায়ের ভাষার ভঙ্গী দেখিলে এ সমস্তে সন্দেহ থাকে না; বিশেষতঃ, বিশ্বরূপ-দর্শনেই গীতার পরিসমাপ্তি হওয়া উচিত।

বক্ষিমবাবুর কথা নিঃসার হওয়ার মন্তব্য নাই। এ সমস্তে পরে আমি অনেক ভাবিয়াছি। তাহাতে আমার এই-ক্লপ ধারণা হইয়াছে যে, বক্ষিমবাবুর মন্তব্য ভিত্তিহীন নহে। গীতার মর্ণান্তিক ঘটনা অর্জুনের মোহ। ধর্মক্ষেত্র কুরুক্ষেত্রে কৌরব পাণ্ডব যুদ্ধার্থ সজ্জিত হইলে বিপক্ষ পক্ষে আজ্ঞাযুদ্ধজন অবস্থিত রেখিয়া অর্জুনের চিভমোহ উপস্থিত হয়, এবং তিনি ধর্মবুদ্ধে পরাজ্য হইতে উত্তৃত হইয়া কঙ্গনবে পার্থসারথি শ্রীকৃষ্ণকে বলেন,—

ন কাঞ্জে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং স্বথানি চ।

তিনি আরও বলেন যে, বরং কৌরবেরা তাহাকে নিশ্চিন্ত শরে নিহত করুক, তিনি তাহাদের অঙ্গে অন্তপাত করিবেন না।

এবমুক্তু হর্জুনঃ সংখ্যে রথোপচ উপাদিষৎ ।

বিহুজ্য সশরং চাপং শোকসংবিশ্বামসঃ ॥

অর্ধাৎ, এই বলিয়া অর্জুন উপচলে সশর ধর্মুৎ পরিস্তাগ করিয়া শোকাকুলচিত্তে রথোপচে উপবিষ্ট হইলেন। ইহারই নাম অর্জুনের মোহ। গীতী ইহার নাম দিয়াছেন “কশ্মল”।

“কুতুম্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্ ।”

এই কশ্মল হইতেই গীতার আরম্ভ। অর্জুনের মোহ অপনোদন করিয়া তাহাকে ধর্মযুক্ত প্রবর্তিত করিবার জন্য শ্রীকৃষ্ণ প্রথমতঃ তাহাকে বহুবিধ উপদেশ দিলেন, কিন্তু যখন দেখিলেন যে, মৌধিক উপদেশে মে মোহ তিরোহিত হইল না, তখন তিনি আপনার বিশ্বরূপ অর্জুনকে প্রদর্শন করিলেন। এই বিশ্বরূপের বর্ণনায় গীতার একাদশ অধ্যায় নিযুক্ত। সেই বিশ্বরূপ-দর্শনে অর্জুনের মোহ তিরোহিত হইল। তাহার পর তিনি বলিলেন :—

মঠো মোহঃ শুতিশ্রীকা হৃপ্রসাদাম্বাচ্যুত ।

শিতোহরি গতসন্দেহঃ করিষ্য বচনং তব ॥

“আমার মোহ অপনীত হইয়াছে। হে অচ্যুত ! তোমার প্রদানে আমি শুতি লাভ করিয়াছি। আমার সন্দেহ তিরোহিত হইয়াছে। আমি তোমার আজ্ঞা পালন করিব।”

আমার বিবাস, গীতা মূল মহাকাব্যের অন্তর্গত ছিল এবং এই বিশ্বরূপ-দর্শনই গীতার মুখ্য ঘটনা ছিল। অহাত্মাগতের আদি পর্বে শুক্রাঞ্চি-বিলাপ আছে, ইহা সংক্ষিপ্তঃ

মূল মহাভারতের সারসংগ্রহ। এই শুক্রাষ্টু-বিলাপের একটি গোক এই :—

শুক্রাষ্টোষং কশ্মলেমাত্তিপঞ্জে
রথোপঞ্জে সীমানেহর্জুমে বৈ।
কৃষ্ণং লোকং দর্শনানং শরীরে
তদা নাশৎসে বিজয়ান্ত সংজ্ঞয় ॥

শুক্রাষ্টু বলিতেছেন যে, “তখন শুনিলাম যে, অর্জুন ‘কশ্মল’-গ্রন্থ হইয়া ‘রথোপঞ্জে’ অবসন্ন হইয়া উপবিষ্ট হইলে শ্রীকৃষ্ণ নিজ শরীরে সমস্ত লোক দর্শন করাইয়াছেন, তখন আর অহের আশা করিতে পারিন না।”

তপস্বীতার বক্তা সংজ্ঞয়ও বলিতেছেন যে, ব্যাসের প্রসাদে তিনি কৃষ্ণার্জুনের সেই রোমাক্ষর অঙ্গ সংবাদ অবগত করিয়াছিলেন, এবং

তচ্চ সংস্কৃত্য সংস্কৃত্য রূপবত্যাহৃতং হরেঃ ।

বিদ্যো যে মহান् রাজন् দ্রষ্যামি চ পুনঃ পুনঃ ॥
“শ্রীহরির সেই অঙ্গ রূপ পুনঃ পুনঃ আমার প্ররুণে আস-
তেছে, এবং তাহা প্ররুণ করিয়া আমি পুনঃ পুনঃ পুনঃ বিশ্ব ও
হর্ষ অঙ্গুত্ব করিতেছি।”

এখানেও বিদ্যুপ-দর্শনের কথা। এই বিদ্যুপ-দর্শনে
যাহাৰ মোহ দূৰ না হয়, তাহাকে সাংবেদের বিষ্ণু-তত্ত্ব ও
সাহিত্য, হাস্তিক ও তামসিকের প্রভেদ বুৰাইতে যাওয়া
বিড়ছনামাত্র। অতএব বঙ্গবাবু যে গীতার শেষ ছবি

অধ্যারকে প্রক্ষিপ্ত মনে করিতেন, ইহা অসমত নহে। বাস্তবিক বিশ্বরূপ-দর্শনেই গীতার পরিসমাপ্তি। কিন্তু তাহাটি যদি হয়, তবে দ্বাদশ অধ্যায়—যাহাতে ভক্তের ও ভক্তিয় শ্রেষ্ঠ পরিচয় আছে, এবং যাহাকে বঙ্গিমবাবু গীতার মৌলিক অংশ বিবেচনা করিতেন, এবং যাহাকে লক্ষ্য করিয়া তিনি লিখিয়াছেন,—

“যাহার সমস্ত চরিত্র ভক্তির দ্বারা শাপিত না হইয়াছে, সে ভক্ত নহে। যাহার সকল চিত্তবৃত্তি জীবনমূর্তী না হইয়াছে, সে ভক্ত নহে। গীতোক্ত ভক্তির সূল কথা এই। এরূপ উদ্বার এবং প্রশংসন ভক্তিবাদ অগতে আর কোথাও নাই। সেই অন্ত ভগবৎগীতা জগতের শ্রেষ্ঠ গ্রন্থ।” সেই দ্বাদশ অধ্যায়ের কি গতি হইবে? আর ইহাও লক্ষ্য করিবার বিষয় যে, গীতার শেষ ছয় অধ্যায়েও এমন কয়েকটি শ্লোক আছে, যাহার খনি মূল গীতার খনির অনুরূপ। * আমার মনে হয়, এ সমস্তার পূরণ এই যে, মূল ভগবৎগীতা (যাহার অতি শুতরাষ্ট্র-বিলাপে লক্ষ্য করা হইয়াছে) তাহার অধ্যায় ও শ্লোক-সংহারণ (arrangement) অন্তরূপ ছিল। গীতার বর্তমান আকারে পুনঃ-সংহারণের সময় কতকগুলি শ্লোক বিপর্যস্ত হইয়া দ্বাদশ হইতে অষ্টাদশ অধ্যায়ের স্থানে

* দৃষ্টান্তবৰূপ চতুর্দশ অধ্যায়ের ২২—২৩ শ্লোক; ১৫ অধ্যায়ের ১—৬ ও ১২—১৮ শ্লোক, এবং অষ্টাদশ অধ্যায়ের ১১ হইতে ৬৬ শ্লোকের উল্লেখ করা যাইতে পারে।

হানে নিবন্ধ হইয়াছে। কিন্তু তথাপি বঙ্গিমবাবুর এ কথা ঠিক যে, বিশ্বকপ দর্শন অধ্যারেই গীতার পরিসমাপ্তি।

বঙ্গিমবাবুর কথা বলিতে গিয়া গীতার সম্বন্ধে অনেক কথা বলিয়া বসিলাম। কিন্তু ঐদিন বঙ্গিমবাবু গীতার শেষ ছয় অধ্যায় সম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছিলেন, তাহা গীতার পাঠক ও সমালোচকবর্গের বিশেষ প্রণিধানযোগ্য। ঐ দিন বঙ্গিমবাবুর সহিত গীতার প্রসঙ্গে আরও অনেক কথা হটল। তিনি বলিলেন যে, তদানীন্তন ভারতীয় স্বধী-সমাজে কর্মবাদ, জ্ঞানবাদ ও ভক্তিবাদ নামে যে বিভিন্ন সাধনপ্রণালী প্রচলিত ছিল, গীতাকার অন্তত প্রতিভাবলে তাহার অপূর্ব সামঞ্জস্য বিধান করিয়াছেন। বঙ্গিমবাবুর মুখে এই আমি প্রথম গীতার সমন্বয়বাদের সন্ধান পাইলাম। পরবর্তী কালে আমি ইহার যথেষ্ট সম্প্রসারণ করিয়াছি। কিন্তু এ বিষয়ে আমার আদিম উপদেষ্টা বঙ্গিমচন্দ্র। অতএব তাহার উদ্দেশে প্রণাম করি।

শ্রীহীরেন্দ্রনাথ হৰ্তা

ବକ୍ଷିମବାବୁ ।

ଆଶେଶବ ଶୁନିଯା ଆସିତେଛି—ବକ୍ଷିମବାବୁ । ପରମାରାଧ୍ୟା ଜନନୀ ଦେବୀର ମୁଖେ ଶୁଣି ବକ୍ଷିମବାବୁ, ଅଗ୍ରଜଦିଗେର ମୁଖେ ଶୁଣି ବକ୍ଷିମବାବୁ । ତାହା ଏହି ପ୍ରବନ୍ଦେର ନାମକରଣ କରିଲାମ—ବକ୍ଷିମବାବୁ । ତାହାର ସମ୍ବନ୍ଧେ ଆମାର ସେଟୁକୁ ସ୍ଵତି, ତାହାଇ ଜ୍ଞାପନ କରା ଏ ପ୍ରବନ୍ଦେର ଉଦ୍ଦେଶ୍ୟ । ତବେ ଏ ସ୍ଵତି ଆମାର ପିତୃଦେବ ଥିନିବକୁ ମିତ୍ରେ ସ୍ଵତିର ସହିତ କତକ ଜଡ଼ିତ ।

ସମ୍ପ୍ରତି ଏକଦିନ ଆମାର କୋନ୍ତ ବକ୍ଷ ଜିଜ୍ଞାସା କରିଲେନ, “ମହାଶୟ, ବକ୍ଷିମବାବୁର ରଂ କି କାଳ ଛିଲ ?” ଆମି ଜିଜ୍ଞାସା କରିଲାମ, “ଆପଣି କାଳ ବଲିତେଛେନ କେନ ?” ତିନି ବଲିଲେନ, “ଆମି ତାହାର ଦାଢ଼ି ଗୌଫ କାହାନ, ଚୋଗାଚାପକାନ ଆବୃତ୍ତ ଚେହାରା ଦେଖିଯାଇଲାମ, ତାହାର ରଂ କାଳଇ ବୋଧ ହଇଯାଇଲି ।” ଏକମଧ୍ୟ ଧାରଣା ହୁଏ ତ ଆରା ଅନେକେର ଥାକିତେ ପାରେ, ଦେଇ ଜଣ୍ଯ ପ୍ରଥମେହି ତାହାର ବର୍ଣ୍ଣର କଥା ବଲିବ । ତାହାର ଗୁରୁର ଭାଷାର ବଳା ଯାଇତେ ପାରେ, ତାହାର ରଂ ‘‘କଷିତ କାଞ୍ଚନେ’’ର ଗ୍ରାୟ ଛିଲ । ବିଯାଲିଶ ବଂସରେ ଅଧିକ ହିଁବେ, ଏକଦିନ ବକ୍ଷିମବାବୁ ଆମାର ପିତୃଦେବେର ସହିତ ଗଲ୍ଲ କରିତେଛିଲେନ । ତୁହି ଜନେ ତୁଟି ତାକିଆ ଟେସାନ ଦିଆ ଅର୍ଦ୍ଦ-ଶାରିତ ଛିଲେନ । ବକ୍ଷିମବାବୁର ଗାୟେ ଏକଟ ପାତଳା ହୁଫ୍ଫେନନିଭ ଲଂକୁଥେର କୋଟ ଛିଲ । ତାହା ଭେଦ କରିଯା ତାହାର ରଂ ଫୁଟିଆ ବାହିର ହିଁତେଛିଲ । ତାହାର ନିଜେର

উপর ব্যবহার করিলে বলা বাটতে পারে যে, যম কাচের ভিতর দিয়া আলো যেমন অবিকৃত উজ্জ্বল দেখাৰ, তেমনই তাহার রংও সেই কোটের আবরণে অধিকতর উজ্জ্বল দেখা হইতেছিল। গোফ ও কেশ ঘন ও মিসমিসে কাল। তাহার এই সময়ের ফটো আমাদের আছে। বঙ্গিমবাবুর প্রণীতি “দীনবঙ্গ-জীবনী”ৰ শেষ সংস্করণে ঐ ছবিৰ চাফ্টোন প্রতিক্রিতি দেওয়া হইয়াছে। “মানসী”তে বোধ হৱ এই ছবি প্রথম প্রকাশিত হয়।

পাঠ্যবস্তায় যখন বঙ্গিমবাবু ও আমাৰ পিতৃদেৱ ঈশ্বৰ গুণ্ঠেৰ কাবাশিয়া ছিলেন, সেই সময় হইতে তাহাদেৱ পত্রে আলাপ হয়। পৰে তাহাদেৱ যেৱে বক্তৃত হইয়াছিল তাহা বঙ্গীয় পাঠকগণেৰ অবিদিত নহে। বঙ্গিমবাবুৰ কল্পিত শুক্র-স্পন্দ পূর্ণচন্দ্ৰ চট্টোপাধ্যায়ৰ মহাশয়েৰ নিকট শুনিয়াছি, যখন তাহারা কেবল দুই জনে বসিয়া থাকিতেন, তপন অনেক সময় নীৱেৰে কাটিয়া যাইত। দুই জনে দুইটি গুড়গুড়ি লইয়া ধূম পান কৰিতেন, এবং পৰম্পৱেৰ মুখেৰ দিকে চাহিয়া থাকিতেন। এইৱেলু ভাবে বহুক্ষণও কাটিয়া যাইত। শুনিয়াছি, কাৰলাইল ও এমাৰসন্ন উভয়েৰ যেদিন প্রথম সাক্ষাৎ হয়, দুই জনে দুইটি চুক্কটেৰ ধূম বাহিৰ কৰিয়া নীৱেৰে বসিয়া ছিলেন। বোধ হয়, তাহাদেৱ আত্মাৰ আত্মাৰ কথা হইতেছিল, বাহেজিয়ে তাহা প্ৰকাশ পায় নাই। বঙ্গসাহিত্যেৰ এই দুই মনীষী বক্তৃত সেইৱেল নীৱেৰ কথোপকথন হইত।

আমার পিতৃদেবের মৃত্যুর পরও বঙ্গিমবাবু এই নৌরবতাট অবলম্বন করিয়াছিলেন। তখন সমগ্র বঙ্গদেশ বিচলিত হইয়াছিল, কিন্তু বঙ্গিমবাবু স্থির ছিলেন। “বঙ্গদর্শনে” তাহার কোনও উল্লেখ করেন নাই। অনেকেই অতিশয় বিস্মিত হইয়াছিলেন, এবং সেই জন্যই তিনি “বঙ্গদর্শনে”র বিদ্যার-গ্রহণে একক্রম কৈফিয়ৎ দিয়াছিলেন,—

“আমার আর এক জন সহায় ছিলেন, সাহিত্যে আমার সহায়, সংসারে আমার স্বীকৃতিঃখের ভাগী। তাহার নাম উল্লেখ করিব মনে করিয়াও উল্লেখ করিতেছি না। এই ‘বঙ্গদর্শনে’র বস্তুক্রম অধিক হইতে না হইতেই দীনবন্ধু আমাকে পরিত্যাগ করিয়া গিয়াছেন। তাহার জন্য তখন বঙ্গসমাজ রোদন করিতেছিল, কিন্তু এই ‘বঙ্গদর্শনে’ আমি তাহার নামে-লেখ করি নাই; কেন, তাহা কেহ বুঝে না। আমার বে দুঃখ, কে তাহার ভাগী হইবে। কাহার কাছে দীনবন্ধুর জন্য কাঁদিলে প্রাণ ঝুঁড়াইবে। অন্তের কাছে দীনবন্ধু স্মৃতেক, আমার কাছে প্রাণতুল্য বন্ধু। আমার সঙ্গে সে শোকে পাঠকের সহজস্বতা হইতে পারে না বলিয়া, তখন কিছু বলি নাই, এখনও কিছু বলিলাম না।” একক্রম অতল-স্পন্দী সহজস্বতাৰ দৃষ্টান্ত আৰ আছে কি !

তাহার আর এক জন প্রাণতুল্য বন্ধু ছিলেন। ইনি “পশ্চিতা-গ্রন্থি কাব্যামোদী” ৮জগদীশনাথ রায়। বঙ্গিমবাবু উভয়কে সহৃদয়ের স্থার ভালবাসিতেন। একদিন তাহার কলিকাতার

বৈঠকখানার তাঁহার পিতৃদেব ও তাঁহার নিজের তৈলচিত্র দেখাইয়া কহিলেন, “ঘরে স্থান নাই, নহিলে কম্ব ভাবের দীনবঙ্গ ও জগদীশের ছবি রাখিতাম।” আনকেই হৱ ত জানেন না যে, এই জগদীশবাবুই “বিষবৃক্ষে”র ‘হরদেব ঘোষালে’ কলিত হইয়া-ছেন। নগেন্দ্র ও হরদেব ঘোষালের গ্রাম বঙ্গমবাবু ও জগদীশবাবুর চিঠিপত্র চলিত। এ কথা জগদীশবাবুর পুত্র ভক্তিভাজন বাবু পগেন্দ্রনাথ রায়ের নিকট শুনিয়াছি।

অনেক স্থলেই দেখা যায় যে, বঙ্গুত্ত্ব বঙ্গুর মৃত্যুর সহিত কুরাইয়া যায়। আমার পিতৃদেবের অনেক বঙ্গু ছিলেন, এবং তাঁহাদের অনেকেরই বঙ্গুত্ত্ব ক্ষণস্থায়ী হইয়াছিল। কিন্তু বঙ্গমবাবুর বঙ্গুত্ত্ব সে জাতীয় ছিল না। আমার পিতৃদেবের মৃত্যুর পর তিনি আশাদিগকে ভাতুপুত্রের গ্রাম দেখিয়াছিলেন। সততই আশাদের সংবাদ লইতেন। আবশ্যক হইলে সৎপরামর্শ দান করিতেন। তাঁহার দ্বারা যে উপকারসাধন হইতে পারে, তাহা করিতে কখনই বিরত হয়েন নাই। তিনিই পিতৃদেবের রচনাগুলি একত্র করিয়া গ্রহাবলীর পৃষ্ঠাপৃষ্ঠাপে প্রকাশ করিতে বলেন, এবং নিজে পিতৃদেবের একটি কৃত্ত্ব জীবনীও লিখিয়া দেন। ইহা পিতৃদেবের গ্রহাবলীর প্রথম সংকরণে সম্মিলিত ছিল। তিনি ইহাকে স্বতন্ত্র পুস্তকাকারে ছাপিবার অনুমতি দেন, এবং এই জীবনী সে অবধি আশাদের দ্বারা মুদ্রিত ও প্রকাশিত হইতেছে। ইহার উপস্থিত ও আমরা ভোগ করিতেছি। মৃত বঙ্গুর পুস্তকগণের প্রতি এই স্নেহের চিহ্ন অতীব বিরল। তাঁহার খণ পরিশোধনীয় নহে। কেহ কেহ বলেন,

অনেক স্থলে ঝগ স্বীকার করা ঝগ-পরিশোধের কর্তৃকটা উপায়। তাত্ত্ব যদি সত্য হয়, তাহা হইলে আমরা সর্বসাধারণের নিকট এই ঝগ স্বীকার করিতেছি। পিতৃদেবের গ্রন্থাবলী দ্বিতীয়বার মুদ্রিত হইবার সময়ে তিনি আমাদিগকে একখানি ইংরাজী পত্র পাঠান। তাহার আরম্ভে লিখিয়াছিলেন—“I owe it to the memory of your father that I shoid give a critical estimate of his writings”, এবং বিজ্ঞাপনে এ কথা প্রচার করিবার আদেশ করিয়াছিলেন। “দীনবন্ধু মিত্রের কবিত্ব” শীর্ষক সমালোচনার পূর্বাভাস এই পত্রে পাওয়া যায়। এই প্রবন্ধের উপসংহারে লিখিয়াছেন,—“কথাটা দীনবন্ধুর গ্রন্থের পাঠক-মণ্ডলীকে বুঝাইয়া বলিব, ইহা আমার বড় সাধ ছিল। দীনবন্ধুর মৃহ ও প্রীতি-ঘণের যতটুকু পারি পরিশোধ করিব, এই বাসনা ছিল। তাই এই সমালোচনা লিখিবার জন্য আমি তাহার পুত্র-দিগের নিকট উপর্যাচক হইয়াছিলাম। দীনবন্ধুর গ্রন্থের প্রশংসা বা নিদা করা আমার উদ্দেশ্য নহে। কেবল সেই অমাধাৰণ অনুস্য কিসে অসাধাৰণ ছিলেন, তাহাই বুঝান আমার উদ্দেশ্য।”

“বঙ্গদর্শনে”র বিদায়গ্রহণ-প্রবন্ধ-পাঠে মনে হয়, তিনি আমার পিতৃদেবের মৃত্যুজনিত শোক নীরবে বহন করিয়াছিলেন। কাহারও নিকট যে কান্দিয়াছিলেন, তাহাও শুনি নাই। শোক তাহার হৃদয়ে পুঁজীভূত হইতেছিল। কিন্তু যেদিন আমাদের বাটীতে প্রথম পদার্পণ করেন, তাহার ক্ষত হৃদয়ের শোকরাশ সেতুবন্ধনে জলসংঘাতের গ্রাম উচ্ছিয়া উঠিয়াছিল। তিনি

আমাদিগকে দেখিয়া, আমাদের বালিকা সহোদরাকে ক্রোড়ে করিয়া শিশুর ভায় উচ্চেঃস্বরে রোদন করিয়াছিলেন। সে ঘটনা প্রায় চলিশ বৎসর পূর্বে হইয়াছিল, কিন্তু এখনও আমার হৃদয়ে কল্যাকার ঘটনার ভায় জাগিয়া আছে। সে দৃশ্য জীবনে কখনও ভুলিব না।

তাহার অক্ষত্রিম বক্তুরের চিহ্ন সাহিত্যেও পাওয়া যায়। আমার পিতৃদেব তাহাকে “নবীন তপস্বিনী” নাটক উৎসর্গ করেন। বঙ্গিমবাবুও তাহাকে “মৃণালিনী” উৎসর্গ করেন। তাহাদের বক্তৃত্বে বক্তুর জীবনের সঠিত শেষ হয় নাই, তাহা দেখাইবার জন্য “আনন্দ-মঠে”র অভিনব উৎসর্গের স্থষ্টি হইয়াছে। তিনি লিখিয়া-ছেন,—“স্বর্গে মর্ত্তে সম্বন্ধ আছে। সেই সম্বন্ধ রাখিবার নিমিত্ত এই গ্রন্থের এইরূপ উৎসর্গ হইল।” ইংলণ্ডের রাজকবি টেনিসন তাহার বক্তু হালামকে ভুলিতে পারেন নাই। কাব্য ইহার অমর নির্দশন আছে। যদি বীজের সহিত বৃক্ষের তুলনা সম্ভব হয়, তাহা হইলে বলা যাইতে পারে, “আনন্দ মঠে”র উৎসর্গ বাঙ্গলা সাহিত্যের *In Memoriam*। শ্রদ্ধাস্পদ পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় তাহার “বঙ্গিমচন্দ্র ও দীনবক্তু” শীর্ষক প্রবন্ধে এই বিষয়ের উল্লেখ করিয়াছেন। বিশ বৎসর বিচ্ছেদের পর আবার সেই দুই বক্তু পুনরায় মিলিত হইয়াছেন। সে মিলন অনন্ত কালের জন্য, তাহাতে বিচ্ছেদ নাই। যৃত বক্তুকে উদ্দেশ করিয়া তিনি যে আপনাকে “সন্ধীনজীবিতং” বলিয়াছেন, তাহা প্রকৃতই সত্য। বঙ্গিমবাবুর কনিষ্ঠ পূর্ণবাবু একদিন আমাকে বলিলেন,—“তোমার

বাবার মৃত্যুর পর বঙ্গিমবাবুর জীবনের পূর্বকার অবস্থা আর দেখি নাই। যেন তাঁর জীবনের গতির পরিবর্তন হইয়াছিল।

এবার বৰ্কমানে সাহিত্য-সম্মিলন উপলক্ষে মহারাজ বাহাদুরের প্রণীত “চন্দ্রজিৎ” নামক নাটকের অভিনয়দর্শনকালে একটি কথা বড় মনে লাগিয়াছিল। রাজা ‘চন্দ্রজিৎ’ বলিতেছেন—“রাজর্ষির প্রধান কর্তব্য হচ্ছে সব মনে রাখা। স্মৃতির প্রত্যেক-টিই সজ্ঞাগ রাখিলে স্মৃতি-বিলোপনের উপায় সুসাধ্য, নচেৎ কর্মক্ষয়কালীন কোন না কোন লুপ্ত স্মৃতি সজ্ঞাগ হইয়া বিষ ঘটাইতে পাবে।” বঙ্গিমবাবু সাহিত্যজগতের রাজবি ছিলেন। তাঁহারও ঐক্যপ স্মৃতিশক্তি ছিল। আমার পরলোকগত বঙ্গ শরৎকুমার লাহিড়ী বঙ্গিমবাবুর অসাধারণ স্মৃতিশক্তির পরিচায়ক একটি গল্প করিয়াছিলেন, তাহা নিম্নে বিবৃত করিতেছি;— একবার বঙ্গিমবাবু “সারলোর পুত্রলিকা, পরহিতে রত, সকলে বিদিত” রামতন্তু লাহিড়ী মহাশকে দেখিবার জন্য কৃষ্ণনগরে গমন করেন। শরৎবাবু তখন তরুণবন্ধু। বয়সের চাপল্যনিবন্ধন তিনি বঙ্গিমবাবুর নিকট অগ্রসর হইয়া তাঁহার একধানি ফটো চাহেন। বঙ্গিমবাবু তাঁহাকে বলেন যে, একশে তাঁহার আর ফটো নাই; যদি ভবিষ্যতে কখন আবার ফটো তোলেন, তাহা হইলে তাঁহাকে একধানি দিবেন। ইহার বহু বৎসর পরে যখন কলিকাতার অবস্থানকালে পুনরায় ফটো তোলেন, সেই সময়ে তাঁহার কর্মচারী উমাচরণকে বলেন যে, “রামতন্তুবাবুর পুত্র শরৎকে একবার আসিতে বলিও।” শরৎবাবু তাঁহার পিতৃমূলক

সরলতার সহিত স্বীকার করিলেন যে, তাহার পুস্তকের দোকান তখন বেশ চলিতেছে। তিনি S. K. Lahiri নামেই অভিহিত। তিনি ভাবিলেন, তাহাকে প্রকাশক করিবার অন্তর্হী বুঝি বঙ্গিমবাবু ডাকিয়াছেন! তিনি বঙ্গিমবাবুকে প্রণাম করিয়া দাঢ়াইলেন, এবং পরিচয় দিলেন যে, তিনি S. K. Lahiri। বঙ্গিমবাবু শুনিয়া তাহাকে কোনও উত্তর না দিয়া চীৎকার করিয়া বলিলেন, “উমাচরণ, উমাচরণ, তুমি কাকে ডাকিয়াছ? আমি যে রামতন্ত্রবাবুর ছেলে শরৎকে ডাকিতে বলিয়াছিলাম।” শরৎবাবু অভিপ্রায় বুঝিয়া ক্ষমা চাহিয়া বলিলেন, “আমিই শরৎ।” তখন তিনি হাসিয়া জিজ্ঞাসা করিলেন, “কৃষ্ণনগরে বখন তোমাদের বাটীতে গিয়াছিলাম, আমার কাছে ফটো চাহিয়াছিলে;—মনে পড়ে?” শরৎবাবুর মে কথা আদৌ শ্রবণ ছিল না, বঙ্গিমবাবু বলিবার পর তাহার মনে পড়িল। বঙ্গিমবাবু আবার বলিলেন, “আমি আবার ফটো তুলিয়েছি, প্রথম উপহার তোমার জন্য রাখিয়াছি।” বঙ্গিমবাবু যে এই সামান্য কথাও বিশ্বাত হন নাই, তাহা দেখিয়া শরৎবাবু চমৎকৃত হইলেন। এইরূপ সামান্য কথা শ্রবণ রাখিবার ক্ষমতার পরিচয় আমিও একবার পাইয়াছিলাম। University Institute-এ বেদের সম্বন্ধে ধারাবাহিক বক্তৃতা করিবার বচ্ছোবস্ত হয়। বঙ্গিমবাবুর প্রথম বক্তৃতা আমি শুনিতে গিয়াছিলাম। বচ্ছন্তার জন্য কিছুই শুনিতে না পাইয়া ইতাশ হইয়া দৃঢ়থিত-গ্রস্তঃকরণে চলিয়া আসিলাম।

ইহার কিছুদিন পরে তাহার বাটীতে গিয়াছিলাম। জিজ্ঞাস করিয়াছিলাম, বক্তৃতাটি ছাপা হইবে কি না? তিনি বলিলেন, University Magazine-এ ছাপা হইবে। পরে অন্ত কথা হইয়াছিল। বক্তৃতাটি পড়িবার জন্য আমার অব্যক্ত আগ্রহ তিনি বুঝিয়াছিলেন। ইহার পর আমার তৃতীয় অগ্রজ বঙ্গিমচন্দ্র বঙ্গিম বাবুর সহিত দেখা করিতে যান। আসিবার সময় বঙ্গিমবাবু তাহাকে বলিলেন, “এই Magazineটি তুমি লিপিতকে দিও, তাহার আমার বক্তৃতাটি পড়িবার ইচ্ছা আছে।” আমি কাগজ পাইয়া আশ্চর্য্যাপ্তি হইলাম। তিনি যে আমার আগ্রহটি মনে রাখিয়াছেন, তাহাতে ক্রতজ্জতামূলক আপুত হইল। যে অংশ প্রকাশিত হইয়াছিল, পড়িয়াছিলাম। বড়ই দুঃখের বিষয়, অচিরেই তাহার মৃত্যু ঘটিল। সে বক্তৃতা সম্পূর্ণ হইল না। বঙ্গদেশের কেন, সমস্ত শিক্ষিত-জগতের দুর্ভাগ্য যে, ঐ বক্তৃতা সম্পূর্ণ না করিয়া তিনি কালগ্রাসে পতিত হইলেন। Vedic Literature সম্বন্ধে ইহা যে এক অমূল্য পদার্থ হইত, সে বিষয়ে সন্দেহ নাই। এইবার তাহার সাহিত্য-জীবনের ক্রমোন্নতির অবতারণা করিয়া উপসংহার করিব।

সাহিত্য-জীবনের শৈশবকাল তিনি ঈশ্বর গুপ্তের ‘সাহিত্য-পাঠশালা’য় অতিবাহিত করেন। এই সময়ে তাহার দুই জন সতীর্থ ছিলেন—ঢোরিকানাথ অধিকারী ও ৩ দীনবক্তৃ মিত্র। গুপ্ত কবি ইহাদের তিনি জনকে বড়ই মেহ করিতেন,

এবং সর্বতোভাবে উৎসাহ দিতেন। একবার ঈহাদের তিনি জনকে পুরস্কার দিয়াছিলেন। ঈহাদের কথনও কথনও কবিতায় কলহ হইত। সে সব কবিতা “কলেজীয় কবিতাযুক্ত” নামে অভিহিত হইয়াছিল। প্রভাকর-পাঠে জানা যায় তদানীন্তন লোকে ঈহাদের দ্বারা অদূর ভবিষ্যতে সাহিত্যে যুগান্তরের প্রত্যাশা করিয়াছিল। সে আশাও পূর্ণ হইয়াছিল। তবে বঙ্গসাহিত্যের ডৰ্ত্তাগ্যবশতঃ ঢৰ্বারিকানাথ অধিকারী ‘নীলদর্পণ’ ‘দুর্গেশনন্দিনী’ গ্রায় কোনও পুস্তক রচনা করিবার পূর্বেই অকালে কালের করাল কবলে নিপত্তি হইলেন। তাহার প্রতিভা মুকুলেটি শুখাটয়া গেল। অপর দুই জন সাহিত্যের বিভিন্ন বিভাগ অবলম্বন করিয়া নৃতন যুগের স্থষ্টি করিলেন। এই সময়ে তাহাদের আর এক জন সহযোগী ছিলেন—মাটিকেল মধুসূদন দত্ত। কাব্যে ও নাট্যে ও উপন্যাসে তাহারা এক সময়েষ্টি রাজত্ব করিয়াছিলেন। তিনি পুণ্য-স্নোতস্বনীর গ্রায় একজ যুক্ত হইয়া সাহিত্যক্ষেত্র পরিত্র করিয়াছিলেন। তাহাদের সঙ্গমকে সাহিত্যের প্রয়াগতীর্থ বলা যাইতে পারে। যদি বিদেশী উপমা অবলম্বন করা যাব, তাহা হইলে, বঙ্গসাহিত্যের এই দিব্য যুগকে Literary Triumvirate বলিয়া নির্দেশ করা যাইতে পারে। মধুসূদন দীনবন্ধু ও বঙ্গমচন্দ্র Literary Triumvirs বা সাহিত্যিক ত্রয়াধিপ ছিলেন। এই তাব অবলম্বনে মৎকর্তৃক রচিত একটি সন্মেটের শেষ ছয় চৰণ উক্ত করিলাম,—

মহাকাৰিৰ মাইকেল পুৰুষ ধিৱাট,
 হাঙ্গমিঙ্গু দীনবঙ্গু দীনেৰ তাৰণ,
 বক্ষিম মাধুৰ্য্যমণি কোৱকসন্তাট,
 একাধাৰে রাজ্যদণ্ড কৱিল ধাৰণ ।
 খন্ত মাতাৰ বঙ্গভাষা বড় ভাগ্য জোৱা,
 সাহিত্যিক ত্ৰয়াধিপ সিংহাসনে তোৱ ।

বঙ্গসাহিত্যেৰ, বঙ্গদেশেৰ, বঙ্গসমাজেৰ, চিৰ আক্ষেপেৰ বিষয়
 এই যে, এই ত্ৰয়াধিপেৰ দুই জন—মধুমুদন ও দীনবঙ্গু ১২৮০
 সালে, চাৱিমাস ব্যবধানে স্বৰ্গাৰোহণ কৱেন। তাহাদেৱ পৱলোক-
 গমনেৰ পৱ 'কোৱকসন্তাট' বক্ষিমচন্দ্ৰ একছত্ৰ সন্তাট হইলেন।
 সন্তাটেৰ কাৰ্য্য—পালন ও শাসন কৱা। বক্ষিমচন্দ্ৰ এই দুই
 কাৰ্য্যাই সম্যকভাৱে সম্পন্ন কৱিলাছিলেন। তিনি যেমন স্বীৱ
 কলনাপ্রস্তুত বচনায় সাহিত্যেৰ পুষ্টিসাধন কৱিতে লাগিলেন,
 তেমনই অপৰ দিকে সমালোচনাৰ তীক্ষ্ণ কশাৰাতে সাহিত্যে
 জঞ্জালেৰ প্ৰবেশ কৱিতে লাগিলেন। তিনি বিশ বৎসৰ
 বাৰৎ সন্তাটেৰ সিংহাসন অধিকাৰ কৱিলাছিলেন। রবীন্দ্ৰবাৰু
 বক্ষিমচন্দ্ৰেৰ এই পালন ও শাসন কাৰ্য্যেৰ জন্ম তাহাকে
 সাহিত্যেৰ সবাসাচী বলিলা বৰ্ণনা কৱিলাছেন। এই ভাৱ
 অবলম্বনে মৎকৰ্ত্তৃক রচিত আৱ একটি সনেটেৰ শেষ ছফ্ট
 চৱণ উক্ষুত কৱিলা বিদ্যাৱ গ্ৰহণ কৱিব,—

এক হস্তে দিব্য তান বীণাৰ ঝক্কাৰ,
 অন্ত হস্তে শক্তিশেল কঠোৱ-সক্কান,

ଦିଗ୍ନତ୍ୟାପିନୀ କରି ପ୍ରତିଭା ଅପାର,
ଆପନାର ସିଂହାସନ କରିବେ ମହାନ୍ ।
ମାହିତୋର ରାଜସ୍ୱ ତବ ଅଭୁଷ୍ଟାନ,
ଜୀବନେର ମହାବ୍ରତ ପୂର୍ଣ୍ଣ ସମାଧାନ ।

ଶ୍ରୀଲିଲିତଚନ୍ଦ୍ର ମିତ୍ର ।

‘ବନ୍ଦେ ମାତରମ୍’ ।



‘ବନ୍ଦେ ମାତରମ୍’ ରଚିତ ହଇବାର ପରେ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରେର ଗୃହେ ତନାନୀନ୍ତନ ସ୍ଵକଞ୍ଚ ଗାୟକ ଭାଟପାଡ଼ାର ସ୍ଵର୍ଗୀୟ ସତ୍ତନାଥ ଭଟ୍ଟାଚାର୍ଯ୍ୟ ମହାଶୱର ଇହାତେ ସୁରତାଳ ସଂଯୁକ୍ତ କରିଯା ପ୍ରଥମ ଗାଇୟାଛିଲେନ । ମେଇ ଦିନ ବିଧ୍ୟାତ “ବଙ୍ଗଦର୍ଶନ” ପତ୍ରେର କାର୍ଯ୍ୟାଧ୍ୟକ୍ଷ ପଣ୍ଡିତ ଶ୍ରୀଯୁକ୍ତ ରାମଚନ୍ଦ୍ର ବନ୍ଦ୍ୟୋପାଧ୍ୟାୟ ମହାଶୱର ତଥାୟ ଉପାସ୍ତିତ ଛିଲେନ । କାର୍ଯ୍ୟାଳୁ-ରୋଧେ ବନ୍ଦ୍ୟୋପାଧ୍ୟାୟ ମହାଶୱରେ କିସେ “ବଙ୍ଗଦର୍ଶନେ”ର ପୃଷ୍ଠା ସତ୍ତର ପୂରିତ ହୁଏ, ମେଇ ଦିକେଇ ଲକ୍ଷ୍ୟ ଛିଲ । ତିନି ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରକେ ବଲିଯାଛିଲେନ, ଗାନ ସାହାଇ ହଟକ, ବନ୍ଦେ ମାତରମ ଦ୍ୱାରା “ବଙ୍ଗ-ଦର୍ଶନେ”ର ପେଟ ଭରିବେ ନା । ଆପଣି ଏକଥାନି ଉପଗ୍ରହ ଲିଖିତେ ଆରଣ୍ୟ କରିଲ । ତତ୍ତ୍ଵରେ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର କହିଯାଛିଲେନ, ଏ ଗାନେର ମର୍ମ ତୋମରା ଏଥିର ବୁଝିତେ ପାରିବେ ନା ; ଯାହି ପଞ୍ଚ ବଂସର ଜୀବିତ ଥାକ, ତଥନ ଦେଖିବେ, ଏହି ଗାନେ ବଙ୍ଗଦେଶ ମାତିଙ୍ଗା ଉଠିବେ । ମହାଶ୍ଵର ଏହି ଭବିଷ୍ୟତାଙ୍ଗୀ ଯେ ଆଜ ସତେ ପରିଣତ ହିଁଯାଇଁ, ତାହା ଆର କାହାକେବେ ବୁଝାଇତେ ହିଁବେ ନା ।

আজ সোনার বাঞ্ছালার কানন প্রান্তের বন্দে মাতরং ধ্বনিতে প্রতি-ধ্বনিত ; আবালবৃক্ষবনিতা সকলের কঢ়েই বন্দে মাতরং নিনাদিত। বন্দে মাতরং বনে প্রবাতগীকুল কল্লোলিত ও গিরিমালা মুখরিত। স্বরং শব্দগুণময় অস্ত্রবীক্ষ আজ বন্দে মাতরং মন্ত্রে বিকশিত। বঙ্গিমচন্দ্রের এই র্বিষ্যুদ্ধাণী আমি পূর্বেই তাঁহার কর্নিষ্ঠ ভাতা পূজনীয় শ্রীযুক্ত পূর্ণচন্দ্র চট্টো-পাখ্যার মহাশয়ের নিকট শুনিয়াছিলাম। গত ১৫ই আষাঢ় * যে দিন রথোৎসব উপলক্ষে কলিকাতার “বন্দেমাতরং সম্প্রদায়” বঙ্গিম তীর্থে গমন করেন, মেইদিন সৈতাগ্যক্রমে পঞ্জিত রামচন্দ্র বন্দ্যোপাখ্যার মহাশয়ের সহিত আমার সাক্ষাৎ হয়, এবং তাঁহার নিজের মুখ হইতে এই ঘটনাটি শুনিবারও সুযোগ হইয়াছিল।

অনেকের বিশ্বাস স্বদেশ-প্রতিমার স্তব করিবার জন্য “আনন্দ-মঠে” বন্দে মাতরং সন্নিবিষ্ট হইয়াছে। কিন্তু এক্ষণে জানা যাইতেছে যে, “আনন্দ-মঠে”র কল্লনার পূর্বে বন্দে মাতরং মন্ত্র উদ্বীরিত হইয়াছিল। স্থিরভাবে চিন্তা করিলে প্রতীয়মান হইবে যে, “আনন্দ-মঠে” বঙ্গিমচন্দ্র বন্দে মাতরং মন্ত্রের কবিত্বসী ব্যাখ্যা করিয়াছেন। উপত্যাকার-ভাবে দেখিলে আনন্দ-মঠ উদ্দেশ্যমূলক বলিয়া পরিগণিত হয়, এবং এই জন্যই (বঙ্গিমচন্দ্র ইহাকে কাব্যাংশে নিহৃষ্ট বলিতেন) তাঁহার মৃত্যুর কর্ষেক মাস পূর্বে আমি এক দিন তাঁহার শ্রীচৰণ দর্শন করিতে যাই।

কৌতুহল-পৱবশ হইয়া তাহাকে জিজ্ঞাসা করিয়াছিলাম যে তাহার কোন্ উপন্যাস সর্বোৎকৃষ্ট ? তিনি বলিয়াছিলেন, কৃষ্ণকান্তের উইল, বিষবৃক্ষ, এবং ন্তন সংস্করণের রাজসিংহ। আনন্দ-মঠের উল্লেখ না শুনিয়া আমি বিস্মিত হইয়াছিলাম। প্রথমাবধি আমি আনন্দ-মঠের পক্ষপাতী। হয় ত আনন্দ-মঠের উৎসর্গের সহিত বক্ষিমচন্দ্রের—“ক্ষণভিন্নসোহন” আমার স্বর্গীয় পিতৃদেব দীনবন্ধু মিত্রের স্মৃতি জড়িত থাকা—পক্ষপাতের অন্ততম কারণ। আমি তাহাকে নিবেদন করিয়াছিলাম যে, “as a patriotic work আনন্দ-মঠ অতুলনীয়।” তিনি বলিলেন, “ও sense-এ খুব ভাল বটে, কিন্তু উহাতে art কম।” আনন্দমঠ উদ্দেশ্যমূলক হইলেও/ আমরা বলিতে পারি যে, বন্দে মাতরং মন্ত্র ইহাকে মাধুর্যময় ও পবিত্রতাপূর্ণ করিয়াছে।

আর একটি বিষয়ে বক্ষিমচন্দ্রের ভবিষ্যৎ-দৃষ্টির পরিচয় পাওয়া যায়। তাহার আদেশ ছিল, বেন তাহার মৃত্যুর পর দ্বাদশ বৎসর পর্যন্ত তাহার জীবনী অপ্রকাশিত থাকে। আজ দ্বাদশ বৎসর উত্তীর্ণ হইয়াছে। পূর্বে তিনি সাহিত্য-জগতের একচুত্র অধিপতি বলিয়া সম্মানিত ও আদৃত হইতেন; কিন্তু আজ তিনি বন্দে মাতরং মন্ত্রের ঋষি বলিয়া সর্বত্র পূজিত। কে বলিতে পারে, তাহার আদেশবাণী বর্তমান বৃগবিপ্লবের সহিত সংশ্লিষ্ট নহে ?

শ্রীলগিতচন্দ্র মিত্র।

ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରର ପିତ୍ରକାହିନୀ ।

ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରର ଉପଗ୍ରାସଗୁଣ୍ଠିଲି ପାଠ କରିଲେ ଏକଟି ବିଷୟ ମକଳେବ ଶୃଷ୍ଟି ଆକର୍ଷଣ କରେ । ତାହାର ପ୍ରାସ୍ତର ମକଳ ପୁଣ୍ଡକେଇ ସାଧୁ ସନ୍ନ୍ୟାସୀ ମହାପୁରୁଷର ପ୍ରଭାବେର ପରିଚୟ ପାଓଯା ଯାଏ “ଦୁର୍ଗେଶନନ୍ଦିନୀ”ତେ ଅର୍ତ୍ତରାମ ସ୍ଵାମୀ, “ମୃଣାଲିନୀ”ତେ ମାଧ୍ୟବାଚାର୍ଯ୍ୟ, “କପାଳକୁଣ୍ଡଳା”ର କାପାଳିକ, “ବିଷ୍ଵବୃକ୍ଷେ” ବ୍ରହ୍ମଚାରୀ, “ଚନ୍ଦ୍ରଶେଖରେ” ରାମାନନ୍ଦ ସ୍ଵାମୀ, “ଆନନ୍ଦମଠେ” ଚିକିଂସକ, “ଦେବୀ ଚୌଧୁରାଣୀ”ତେ ଭବାନୀ ପାଠକ, “ସୀତାରାମେ” ଗଙ୍ଗାଧର ସ୍ଵାମୀ ପ୍ରଭୃତିର କ୍ଷମତାର ନିର୍ଦର୍ଶନ ଆମରା ଦେଖି ଯାଇ । “ରଜନୀ”ତେ ଅନ୍ଧ ରଜନୀର ସାଧୁ କର୍ତ୍ତକ ଅନ୍ଧତମୋଚନ ହଇଯାଇଲ, ଏବଂ “ଆନନ୍ଦ-ମଠେ” ସର୍ପଦଂଶନେ ମୃତ ବଲିଯା ଶ୍ରୀକୃତ କଲ୍ୟାଣୀର ଶିଖ ସନ୍ତାନେର ପୁନର୍ଜୀବନଲାଭ ହଇଯାଇଲ । ମନୁକ୍ଷେତ୍ରେ ଓ ଇହାର ସୁଫଳ ଦେଖିତେ ପାଓଯା ଯାଏ ;—ମହାପୁରୁଷର ଚିକିଂସାର ଶୈବଲିନୀର ଚିନ୍ତେ ଚିରପ୍ରବାହିତ ନନ୍ଦୀ ଉଜାନବାହିନୀ ହଇଯାଇଲ ।

ଏକ ବ୍ୟକ୍ତିର ରଚନାରେ ମହାପୁରୁଷଗଣେର ମାହାତ୍ମ୍ୟର ବିବିଧ ବର୍ଣନ ଦେଖିଯା ଚମତ୍କର୍ତ୍ତ ହିତେ ହସ, ଏବଂ ସ୍ଵତଃଇ ମନେ ଏହି ପ୍ରଶ୍ନର ଉଦ୍ଦୟ ହସ—ବକ୍ଷିମଚନ୍ଦ୍ର କେନ ଏଇନିମ କରିଯାଇଲେ ? ତାହାର ସ୍ତ୍ରୀ ପରିବାରମଧ୍ୟେ ସାଧୁପୁରୁଷେର ସେ ଅଲୋକିକ ନିର୍ଦର୍ଶନ ଛିଲ, ତାହାଇ ଇହାର କାରଣ ବଲିଯା ଅନୁଭୂତ ହସ । ଦେଇ ଅଲୋକିକ ଘଟନା କିରାପେ ଘଟିଯାଇଲ, ତାହାଇ ବିବୃତ କରା ଏହି ପ୍ରବନ୍ଧର ପ୍ରଧାନ ଉଦ୍ଦେଶ୍ୟ :

ନୈହାଟି ଅନ୍ଧଲେ ବକ୍ଷିମଚନ୍ଦ୍ରର ପୂର୍ବପୁରୁଷଗଣ ଧର୍ମପ୍ରବନ୍ଧତା ଓ ଶିଷ୍ଟାଚାରେର ଅନ୍ତର ବିଶେଷ ମୟ୍ୟାନିତ ଛିଲେ । ଏକଦିନ ତାହାର ପିତା

কোন শুচিতা-বিবর্জিত আচরণের জন্য স্বীয় পিতা কর্তৃক তিরস্কৃত হয়েন। অভিমানে ও ক্ষোভে তিনি গৃহ হইতে বাহির হইয়া যাজপুরে স্বীয় অগ্রজের নিকট গমন করেন। তাঁহার অগ্রজ তথায় নিমকী-সংক্রান্ত কর্মে নিযুক্ত ছিলেন। তিনি দ্রুপ্রবাসে ভাতাকে পাটয়া যারপরনাই আনন্দিত হইলেন এবং দ্রু সহোদরে সন্তোষের সহিত কাল্যাপন করিতে লাগিলেন। কিন্তু অবিচ্ছিন্ন স্থখ মন্ত্রের ভাগ্যে ঘটে না। কিছুদিন অতিবাহিত হইল, তারপর কনিষ্ঠ সহোদর যাদবচন্দ্র বিমন জ্বরে আক্রান্ত হইলেন, এবং সেই সঙ্গে তাঁহার কর্ম্মূল স্ফীত হইল। ব্যাধি ক্রমেই ভীষণতর হইতে লাগিল, এবং সেই রোগেই তিনি অকালে কালগ্রামে পতিত হইলেন। তৎকালে নৈহাতী অঞ্চলের প্রধানমামা চিকিৎসক বৈগ্নানিক কবিরাজ মহাশয় যাজপুরে অবস্থিতি করিতেছিলেন, এবং তিনিই যাদবচন্দ্রের চিকিৎসা করিয়াছিলেন।

কনিষ্ঠের মৃত্যুতে জ্যৈষ্ঠভাতা বড়ই কাতর হইলেন, কিন্তু শোকশেল বক্ষে বহন করিয়াও কর্তৃব্যপালনে পরামুখ হইলেন না। যথাসময়ে যাদবচন্দ্রের শবদেহ বৈতরণীর কূলে আনীত হইল। শবের সৎকারের জন্য চিতা সজ্জিত হইতে লাগিল। যে সকল বন্ধু শুশানে উপস্থিত ছিলেন, সকলেই বিষণ্঵দনে অস্ত্রোষ্টক্রিয়ার আরোজন করিতেছিলেন। জ্যৈষ্ঠভাতা ধূলালুষ্টি হইয়া ক্রন্দন করিতেছিলেন। শবদেহ শুভ চাদরে আবৃত ছিল। এমন সময় সেই শুশানক্ষেত্রে এক জন বহাপুরুষের আবির্ভাব হইল। তাঁহাকে দেখিয়া সকলেই স্তন্ত্রিত হইলেন।

মহাপুরুষ শবের নিকট গমন করিয়া শব নিরীক্ষণ করিতে লাগিলেন। যাদবচন্দ্রের বৰস তথন খোয় অষ্টাদশ বর্ষ হইয়াছিল। কবিত কাঞ্চনের গ্রাম তাহার কাস্তি ছিল। সে অবস্থাতেও তাহার অপক্রম সৌন্দর্য বস্ত্রভেদ করিয়া বিকশিত হইতেছিল। অগ্রজ মহাপুরুষের চরণপ্রাণ্তে উপবিষ্ট হইয়া সকল বিষ তাহার গোচর করিলেন। মহাপুরুষ যুক্তের ক্রপে আকৃষ্ট হইয়া তাহার শবদেহ পরীক্ষা করিয়া বলিলেন যে, যবক জীবিত আছে, এবং তাহার দেহের উপর কর সংগ্রালন করিয়া তাহাকে উপবেশন করিতে আদেশ করিলেন। সকলের বিস্ময় উদ্বিচ্ছ করিয়া সেই প্রোশারিত দেহ পুনর্জীবিত হইল।

পুনর্জীবিত হইয়া যাদবচন্দ্র তুই হষ্টে মহাপুরুষের পাদব্যু বেষ্টন করিয়া তাহার নিকট শিষ্যত্ব ভিক্ষা করিলেন। নহাপুরুষ তাহার প্রতি কৃপাপরবশ হইয়া তাহার শুরু হইতে স্বীকৃত হইলেন। শুশানক্ষেত্র দীক্ষাক্ষেত্রে পরিণত হইল। দীক্ষাস্তে যাদবচন্দ্র মহাপুরুষের অনুগমন করিবার জন্য বিশেব আগ্রহ দেখাইলেন। কিন্তু মহাপুরুষ কিছুতেই সম্মত হইলেন না। তিনি বলিয়াছিলেন, “তোমার সন্ধ্যাস-গ্রহণের অধিকার ইয় নাই; তোমার সংসারে অনেক কাজ আছে, ভূমি গৃহে প্রতিগমন কর।” যাদবচন্দ্র অগত্যা গৃহে প্রত্যাগমন কারতে স্বীকার করিলেন। কিন্তু শুরুদেবের নির্দশন রাখিবার ইচ্ছা তদীয় চরণে নিবেদন করিলেন। শুরু যাদবচন্দ্রকে স্বীয় থড়ম ও পৈতো প্রদান করিলেন। ভদ্র শিষ্য ইহাতে ক্ষাস্তি হইতে পারিলেন না। তিনি শুরুদেবে

গুনবর্ণনের বাসনা ব্যক্ত করিলে, মহাপুরুষ বলিয়াছিলেন, “তবি-
ষ্ণতে তিনবার আমার দর্শন পাইবে।” কোথায়, কিংবা কবে,
তাহা তিনি প্রকাশ করেন নাই; তবে বলিয়াছিলেন, “শেষ দর্শন
তোমার মৃত্যুর সময় হইবে।” মহাপুরুষ যাদবচক্রকে আরও
কয়েকটি ভবিষ্যৎবাণী কহিয়াছিলেন, তাহা এক্ষণে উল্লেখ করি-
তেছি। তিনি বলিয়াছিলেন যে, তাঁহাকে সম্মানসূচক কার্য
করিতে হইবে। তাঁহার চারিটি পুত্রসন্তান হইবে: সকলেই
উচ্চীর স্থায় সম্মানসূচক রাজকার্যে নিযুক্ত হইবেন; এবং
তাঁহাদের মধ্যে এক জন কর্তৃক তাঁহার বংশ চিরকালের নিমিত্ত
গৌরবাদ্বিত হইবে। পরিশেষে তিনি প্রপৌত্রের মুখ্যবলোকন
করিয়া মানবলীলা সংবরণ করিবেন। এই বলিয়া মহাপুরুষ
অস্তিত্ব হইলেন। যাদবচক্র বৈতরণীর উপকূল ত্যাগ করিয়া
তাহুর উপকূলে আগমন করিলেন।

বগাকালে যাদবচক্রের বিবাহ সম্পন্ন হইল, এবং তিনি
কার্যক্ষেত্রে প্রবেশ করিয়া ডেপুটী কালেক্টোরের পদে নিযুক্ত
হইলেন। যখন তিনি ডেপুটীপদে নিযুক্ত, সেই সময়ে তাঁহার
পুত্রদের তাঁহার দুইবার দর্শন দেন। প্রথম, মেদিনীপুরে;
এবং দ্বিতীয়বার বর্দমানে। দ্বিতীয়বার সাক্ষাতের পর যাদবচক্র
কার্য হইতে অবসর লইয়া পেনসন ভোগ করেন। কালে তাঁহার
চারিটি পুত্রসন্তান হয়;—প্রথম, শ্রামাচরণ; দ্বিতীয়, সঞ্জীবচক্র;
তৃতীয়, বঙ্গিমচক্র; এবং কনিষ্ঠ, পূর্ণচক্র। ইঁহারা সকলেই ডেপুটী
মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়াছিলেন। পুত্রগণের কর্ম সম্বন্ধে

মহাপুরুষের ভবিষ্যৎবাণী যে সত্যে পরিণত হইয়াছিল, তাঙ্গ
সম্পূর্ণরূপে প্রতিপন্থ হইল। এক্ষণে তাঁহার বংশ-গৌরবের কথা
উল্লেখ করিব। মহাপুরুষ বলিয়াছিলেন যে, তাঁহার এক জন
পুত্র কতৃক তাঁহার বংশ চিরস্মরণীয় হইবে। আজ “বন্দে মাতরম্”
মন্ত্রে মুখরিত ভারত ভূগিতে ঐ ভবিষ্যৎবাণীর সার্থকতা সপ্রমাণ
করিবার কোনও প্রয়োজন নাই। সকলেই স্বীকার করিবেন,
সাহিত্যসংগ্রাট ও “বন্দে মাতরম্” মহামন্ত্রের অধি বঙ্গিম চন্দ্ৰে
বংশ যাবচচন্দ্ৰদিবাকৰ আর্য্যাবর্তে স্মৃতীয় থাকিবে।

যাদবচন্দ্ৰ পেন্দন গ্রহণ কৰিয়া কাঁঠালপাড়াৰ ভবনে বাস
কৰিতে লাগিলেন। কয়েকবৎসৰ পৰে তাঁহার সহধার্মী
স্বর্গাবোহণ কৰিলেন। তিনি সাক্ষাৎ লক্ষ্মীস্বরূপিণী ছিলেন, এক
গ্রামহু সকলেই তাঁহাকে পূজা কৰিতেন বলিলেও অতুল্য
হয় না।

পত্নীৰ পৰলোকগমনেৰ পৰ যাদবচন্দ্ৰ একবাৰ তীর্থ-পৰ্য্যটনে
গমন কৰেন। তিনি পৰম বৈষ্ণব ছিলেন। তাঁহাদেৱ মন্দিৰে
রাধাবল্লভেৰ মূল্পি বিৱাঙ্গিত। প্রতি বৎসৰ মহাসমাবোহে রাধা-
বল্লভেৰ রথোৎসব হইত, এবং সেই উপলক্ষে শ্ৰীকৃষ্ণেৰ যে সকল
বেশ প্ৰদৰ্শিত হইত, তাহাতে সকলেই মুগ্ধ হইতেন। রাধা-
বল্লভেৰ উপাসক যাদবচন্দ্ৰেৰ জয়পুৰ ও বৃন্দাবন বড়ই আদৰে
তীর্থ হইয়াছিল, কিন্তু এই উপলক্ষে তিনি গোবিন্দজীৰ মূল্পি
দৰ্শনাস্তে এক অভিনব দৃশ্য অবলোকন কৰিয়াছিলেন। তিনি
দেখিয়াছিলেন যে, রাধাবল্লভ তাঁহার নিকট আবিষ্ট হইয়

বলিতেছেন, “আমি কি এখানেই আছি?—মেখানে নাই?” এ ঘটনায় তিনি বড় বিচলিত হয়েন, এবং তীর্থদর্শনাভিলাষে জলাঞ্জলি দিয়া কাঁটালপাড়ায় প্রত্যাগমন করিয়া রাধাবল্লভের প্রাঙ্গনে শিশুর ছায় গড়াগড়ি দিয়া রোদন করেন। অতঃপর তিনি আর কোনও তীর্থে গমন করেন নাই। এমন কি, পরিত্রসলিলা মুরধনী ভবনের উপকর্ত্তাহিনী ইটলেও, দেই পুণ্য প্রবাহেও কথনও অবগাছন করেন নাই।

পুরু-পৌত্র বেষ্টিত হইয়া স্থৈর দিনপাত করিতে করিতে মৃত্যুর ছায়া তাঁহাকে স্পর্শ করিল। তিনি জ্বরাক্রান্ত হইলেন। পীড়া সাংঘাতিক বলিয়া সকলে অনুমান করিলেন, এবং অস্তিম-কালে তাঁহাকে তীরস্ত করিবার জন্য গৃহ হইতে বাহির করা হইল তখনও তাঁহার জ্বানালোক একেবারে অস্তিমিত হয় নাই; তিনি পুরুগণকে সম্মোহন করিয়া বলিলেন, “আমাকে গঙ্গাভিমুখে কেন লইয়া যাইতেছ? রাধাবল্লভের মন্দিরে লইয়া চল, এবং বাতক্ষণ জীবিত থাকি, রাধাবল্লভের চরণতলে রাখিয়া দিও।” তাঁহার আদেশমত কার্যা করা হইলে, তিনি রাধাবল্লভের দিকে সতর্ষ-ময়নে দৃষ্টিপাত করিয়া দরবিগলিতধারায় কাঁদিতে লাগিলেন। শিশু সেমন পিতৃর নিকট আবদ্ধার করে, সেইরূপ করিয়াছিলেন। অনেক কথা বলিয়াছিলেন, এবং আক্ষেপ করিয়াছিলেন যে বন্ধিমকে একটি পুরু সন্তান দিলেন না। তিনি তীরস্ত হইতে সম্মত ছিলেন না। কিন্তু গ্রামস্থ প্রাচীন ব্রাহ্মগণ জানাইলেন যে তীরস্ত হইতে অসম্মত হইলে ভবিষ্যতে তাঁহার পুরুগণকে কলঙ্ক

স্পৰ্শ করিবে। তখন তান স্বাক্ষর হইলেন। পীড়ার সময় প্রলাপে বলিয়াছিলেন, “আমি এমনটি পাবণ্ডি যে, আমার শুরুদের আসিলেন আমি তাঁচাকে চিনিতে পারিলাম না” এই বাক্য শুনিয়া তাঁচার শুরুদের আসিয়াছিলেন কি না জানিবার জন্য সকলে উৎসুক হইলেন, এবং অনুসন্ধানে জানা গেল, তাঁচার পীড়ার পূর্বে এক জন সাধুবেশধারী সন্ন্যাসী আসিয়া তাঁচার সহিত সাক্ষাংক রিয়াছিলেন। তাঁচার পীড়ার সময় আরও একটি ঘটনা ঘটিয়াছিল। তাঁচার কনিষ্ঠ পুত্রের পুত্র বিপিনচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের প্রথম পুত্র ভূগিষ্ঠ হয়, এবং যাদবচন্দ্র প্রপৌত্র-মুখদর্শনে বঞ্চিত হন নাই। যথাসময়ে তিনি পুত্র পৌত্র ও আত্মীয়গণে বেষ্টিত হইয়া জান্মবীর পুণ্য-সৈকতে প্রাণ বিসর্জন করেন। তাঁচার পরলোকগমনে সকলেই দেখিলেন যে, তাঁচার শুরুদের বৈতরণী সৈকতে আবির্ভূত সেই মহাপুরুষের ভবিষ্যৎবাণী ছত্রে ছত্রে সতে পরিণত হইয়াছিল।

অতঃপর খড়ম ও পৈতার কথা কিছু বলিব। যাদবচন্দ্র খড়ম ও পৈতা অতিশয় যত্ন ও ভক্তির সহিত রক্ষা করিতেন। পুত্রগণের প্রতি আদেশ ছিল যে, তিনি যেমন ভক্তির সহিত উচ্চ রাখিয়াছেন, যদি তাঁচার উচ্চ সেইরূপে রাখিতে সাহস করেন, তাহা হইলে তাহা রাখিবেন, নচেৎ তাঁচার মৃত্যুর পর জিনিস দুটি গঙ্গার জলে বিসর্জন দিবেন। পিতার পরলোকগমনের প্রদ্বা দুটি রাখিতে পুত্রগণের ভরদা না হওয়ায়, উচ্চ গঙ্গার নির্মল নীরে নিষিদ্ধ হইয়াছিল। শুনিতে পাওয়া যায় যে, বঙ্গোপবী-

তের স্তুতি নেপালের বৃক্ষবিশেষের আশে প্রস্তুত। ইহাতে অনেকেই অনুমান করেন যে, যাদবচন্দ্রের শুরু মহাপুরুষের আবাসক্ষেত্র নেপাল।

আর একটা বিষয়ের উল্লেখ করিয়া দিয়া বিদ্যার গ্রহণ করিব। বঙ্গিমচন্দ্র পিতার স্বর্গাবোধনের পর তাঁহার পরিত্র ধর্মজীবনের প্রভাবে এতট আকৃষ্ট হইয়াছিলেন যে, তাঁহার পরবর্তী রচনা সকলে সেই ধর্মভাব অতিক্রম করিতে পারেন নাই। দেৰ্ঘি চৌধুরাণী, সীতারাম, ধৰ্মতত্ত্ব, কৃষ্ণচরিত্র, সকলই ধর্মমূলক। দেবীচৌধুরাণীর উৎসর্গপত্রে বঙ্গিমচন্দ্র পিতার সেই ধর্মজীবনের আভাসে বলিয়াছেন,—তাঁহার কাছেই প্রথম নিষ্কাম ধর্ম শুনিয়াছি, যিনি স্বয়ং নিষ্কাম ধর্মটি প্রত করিয়াছিলেন। ইহার স্তুতি বর্ণনা, কণামাত্র রঞ্জিত নহে। আসুন আমরা সেই মহাপুরুষের উদ্দেশ্যে গ্রাম করি।

বক্ষিম-স্মৃতি ।

সেদিনকার কথা বলিবা মনে হইলেও দেখিতে দেখিতে চলিশ বৎসরেরও অধিক হইবা গিয়াছে। যখন বক্ষিম-চন্দকে সর্বপ্রথম দেখিবার স্মৃতি ঘটিয়াছিল, তখন আমার বয়স বোল সতের বৎসর হইবে। আমাদের গ্রামে ভট্টাচার্য পল্লীর কালীনাথ ভট্টাচার্যের বিবাহের মর্কদিন। ভিন্নজাতীয় এক কল্পার সঙ্গে ঐ ভট্টাচার্যবংশীয় কালীনাথের বিবাহের ঘটক ও অভিভাবকের বিকল্পে জাতি ও ধর্মনাশের মর্কদিন। ১৮৭৬ খ্রিষ্টাব্দে বক্ষিমচন্দ যখন বারাসতের মহকুমা-ম্যাজিস্ট্রেট, সেই সময়ে উপর্যুক্তি ঘটনায় সংস্কৃত আসামীদের বিচার হয়; আমরা গ্রামের বহুসংখ্যক বালক সেদিন কালীনাথের বিবাহের বিচার দেখিতে গিয়াছিলাম।

বারাসতের আদালতগৃহ উত্তান-পরিবেষ্টিত এক স্বৃহৎ অট্টালিকা। ইহার অন্নদিন পূর্ব পর্যন্ত বারাসত জেলা ছিল, এবং মহকুমায় পরিণত হইবার সময়ে দেশবিশ্বাস ক্ষেত্র আশ্বলি ইডেন এখানকার প্রথম মহকুমা-ম্যাজিস্ট্রেট হন। বহু বহু প্রধান ব্যক্তির পদার্পণে সেকালে বারাসত পুণ্যতীর্থে পরিণত হইয়াছিল। প্যারীচরণ সরকার, মদন-মোহন তর্কালঙ্ঘার প্রতিষ্ঠিত এখানে জেলা-কুলের শিক্ষক ছিলেন। কালীকৃষ্ণ ও নবীনকৃষ্ণ মিত্র সহোদরদ্বয়ের প্রতিষ্ঠা ও প্রতি-

পত্রিষ্ঠত্রে বিদ্যাসাগর মহাশয়ও সর্বদাই তাঁহাদের সঙ্গুর্থ-সঙ্গোগের লোভে বারাসতে যাতায়াত করিতেন। দেকালে সমগ্র বঙ্গের মধ্যে বারাসত কলিকাতার নিকটে একটা প্রধান স্থান ছিল। বঙ্গিমচল ঐ বহু বহু সাধুগণের পদরজঃ-স্পর্শে পৃত তীর্থস্থানে বিচারাসনে বথন উপবিষ্ট, তথনই তাঁহার সেই সর্বজন-লোভনীয় সৌন্দর্যের লীলা-বিলাস-সমর্পণে মৃগ্ধ হইয়াছিলাম। একদা ধারিয়া রাম-কৃপে মৃগ্ধ হইয়া রামের পুরুক্ষকাণ্ডির প্রশংসা করিয়াছিলেন। আমি সেদিন কালী-নাথের বিবাহের বিচার দেখিতে গিয়া সেই বে বিচারক বঙ্গিমচন্দকে নয়ন ভরিয়া দেখিয়া আসিয়াছিলাম, সৌন্দর্যের তেমন বিজলী-লীলা আৰ কথনও কোথাও দেখিয়াছি বলিয়া আৰণ হয় না। কলিকাতার সিংহ-সৌন্দর্য ও চুঁচুড়াৰ ভূদেব-কৃপ দেখিয়াছি, তাহা মানবীয় সাধাৰণ সৌন্দর্য বলিয়াই মনে হয়। জনসমাজের নেতৃত্বানীয় কেশবেৰ সৌন্দর্য দেখিয়াছি, তাহা প্রতিভাৰ পৰাক্রমপৃষ্ঠ, দুদয়-মন-মাতান সৌন্দর্য সন্দেহ নাই। মহৰ্ষি দেবেন্দ্রনাথৰ মে স্তিৰ গহীৰ সৌন্দর্য-ৰাশি ও বিৱল বটে। তদীয় ক্ষমিষ্ঠ পৃত্ৰ, দীৱেন্দ্রনাথও সুপুৰুষ। কিন্তু যেন মনে হয়, মেৰেলী ঢং-এৰ ক্লপৰাশ হাঁৰ চারিদিক আলো কহৰ। কিন্তু বঙ্গিমেৰ মে সিংহ-বিক্রম-বিমণিত পৌৰষভাবময় সৌন্দর্য আৰ কোথাও দেখিয়াছি বলিয়া মনে হয় না। সে কৃপেৰ দেমাক্ বড়ই আভাবিক। বঙ্গিমচন্দ্ৰ বে ভয়ানক দেমাকে ছিলেন বলিয়া শুনিতে পাই সে

অহঙ্কারের ক্রিয়দৃশ্য বোধ হয় তাঁহার পুরুষেচিত সর্বাঙ্গমন্দর দেশের অহঙ্কার। 'বোধ হয়'—বলিবার উদ্দেশ্য এই রে উত্তরকালে তাঁহার নিকট, (অগ্নদীয় সাহায্য বাতিরেকে) পরিচিত হইবার সময়ে বা তৎপরে কথনও তাঁহার অহঙ্কারের পরিচয় পাই নাই। তিনি সর্বদা সরল লোকের স্থায় সহজ ব্যবহারই করিতেন। তইতে পারে, হয় ত বা আমি তাঁহার অহঙ্কার-প্রদর্শনের ঘোগ্য পাত্র ছিলাম না।

দেখিতে গিয়াছিলাম বিবাহ-বিচার, কিন্তু সে সব ভুলিয়া দেখিয়াছিলাম—নয়ন ভরিয়া পরমানন্দে দেখিয়াছিলাম বঙ্গিম-বাবুকে। আমার দ্বিতীয় বয়সের বিচারক বঙ্গিমচন্দ্র বিচারাসনে উপবিষ্ট, আর আমি তাঁহার অর্দেক বয়সের বিচারের ছাত্র। পাঠক হয় ত বলিবেন, আমি রমজ্ঞ বালক ছিলাম। কিন্তু সে কথার উত্তর দিবার প্রয়োজন দেখি না ; কারণ, এক বৎসর বয়স্ক বালকও ফুলের শোভায় মুগ্ধ হইয়া থাকে। আমিও তেমনই বঙ্গিম-সৌন্দর্যে মুগ্ধ হইয়াছিলাম। প্রকৃত কথা এই যে, সেদিন আদানতে বহু উকীল মোকার উপস্থিত ছিলেন ; পক্ষাপক্ষ আমলা ও অসংখ্য দর্শকে আদানতগৃহ পূর্ণ হইয়াছিল ; সেই জনমণ্ডলীর মধ্যস্থলে রাজাসনে উপবিষ্ট রাজযোগ্য-শোভামণ্ডিত বঙ্গিমচন্দ্রকেই দেখিয়াছিলাম। তাঁহাকে দেখিয়া একটা ক্লিপবান পুরুষ, অথবা স্বর্গচ্যুত বিদ্যাধর বলিয়া মনে হইয়াছিল। সেদিনকার সে স্মৃতি আজিও নয়নে লাগিয়া আছে।

প্রথম পরিচয় দিমে প্রসঙ্গক্রমে তাঁহার নবীন বয়সের সে

দাবগালীলার উল্লেখ করিয়া যখন বলিলাম, “আমার জন্মস্থান নলকুড়া গ্রামের কালীনাথ ভট্টাচার্যের বিবাহ বিষয়ক মুক্তিদিমা উপলক্ষে বারাসতের আদালতগৃহে বিচারাসনে উপবিষ্ট আপনাতে, আর এই প্রবীণ ও পরিণত বয়সের আপনাতে কত প্রভেদ। আপনার সেই দাবরীকাটা কৃক্ষ অথচ ঘন-কুঠবর্ণ-কেশরাশি-পরিশোভিত যুখ যে দেখিয়াছে, সে আজ আপনাকে দেখিয়া সেই বঙ্গিমবাবু বাখিয়া কথনই চিনিতে পারিবে না।” বঙ্গিমচন্দ্র প্রসর দৃষ্টিপাতে হাসিতে হাসিতে বলিলেন, আপনি আমাকে বারাসতে দেখিয়াছিলেন? হ্যাঁ—হ্যাঁ, এক বামুনের ছেলের বিদ্যালয়বিদ্যাটো মামলা আমার স্বরণ হইতেছে। সেইদিন দেখেছিলেন? সে আজ কতদিনের কথা, আর এ শরীরের উপর দিয়া কত শত প্রকাকের বড় বহিয়া গিয়াছে, কত অভ্যাচারও হইয়াছে, সে সকলের সংখ্যা হয় না। বেঁচে আছি সময়ে সময়ে ইহাটি আশ্চর্য বলিয়া থালে হয়।” আমি যেই বলিলাম, “স্মস্ত ও সবল দেহে দীর্ঘজীবন-যাপনের উপযোগী তাওয়োজনের ত অভাব ছিল না, তবে কেন এমন হইল?” উত্তরে বলিলেন, “কতগুলি অভ্যাচার শুনিবেন? প্রথম চাকুরীর চাপ, চাকুরীতে মানুষ আদমবা হয়। তার উপর নিজের স্থ—কিছু লেখাপড়ার রোগ ছিল। বঙ্গদর্শনের জন্য কত রাত্রি যে জাগিয়াছি, তাহার সংখ্যা নাই। ঘাড়ে ভূত চাপার মত, আমার বিশ্রামস্থ-লালাস্তি অবসর শরীর মনকে আমার ইচ্ছার

বিকল্পে দিবাৰাগ্ৰি থাটাইয়াছে। ইহার উপর অন্ত নানা প্ৰকাৰেও শ্ৰীৰেৱেৰ উপৰ অত্যাচাৰ হইয়াছে। এখন এ বয়সে আৱ সাম্লাইবাৰ উপাৰ নাই।” বঙ্গিমবাবুৰ এই অকপটতা আমাৰ হৃদয়ে সমগ্ৰ শ্ৰদ্ধা ফুটাইয়া তুলিল। দেখিয়াছি অনেক লোক, অনেক বড়লোকও অনেক সময়ে আত্মগোপনেৰ চেষ্টাস্ব ব্যস্ত হন। অমৱপুৰুষ বঙ্গিমচন্দ্ৰেৰ অকপটতা আমাৰ নিকট ঋষিজনোচিত বলিয়া মনে হইয়াছিল।

তাৰ পৰ বলিলেন, “দেখুন, আৱ কিছুদিন বাঁচিয়া থাকিতে ও সঙ্গে সঙ্গে আৱও কিছু কিছু কাজ কৰিতে বড় সাধ, কিন্তু দেহেৰ অবস্থা সম্যক উপযোগী বলিয়া মনে হয় না। মানসিক পৰিশ্ৰমেই মাতৃষ্য অত্যধিক ক্লান্ত হইয়া পড়ে। শ্ৰীৰ মন উভয়েৰ শ্ৰমেৰ সামঞ্জস্য রাখিয়া চলিতে পাৱিলৈ হয় ত এখনও আৱ কিছুদিন বাঁচিয়া থাকা সন্তুষ্ট হইত, কিন্তু এ বয়সেৰ উপযোগী শাৰীৰিক শ্ৰমেৰ ক্ষেত্ৰ কোথায় ?” শেষে প্লাড-ষ্টোন প্ৰভৃতি ইংলণ্ডীয় ছই চাৰি জন কৰ্মীৰ নাম কৰিয়া বলিয়াছিলেম, “এইদেৱ মত শুৰ রামেশচন্দ্ৰ প্ৰভৃতি আমৱা কতকগুলি লোক মিলিত হইয়া নানাবিধি শ্ৰমকৰ ক্ৰীড়া-কৌতুকে অৱৱাহুকাল গড়েৱ মাঠে কাটাইতে পাৱিলৈ বোধ হয় শ্ৰীৰে কিঞ্চিৎ শাস্তি ও শক্তিৰ সংৰক্ষণ হইতে পাৱিত। কিন্তু এ বয়সে ‘সিং ভেঞ্জে বাচুৱেৰ দলে মেশাৰ মত ব্যাপারে লিপ্ত হইতেও লজ্জাবোধ হয়। আৱ, সহৱেৰ লোক, বিশেষতঃ কলেজেৰ ছেলেৱা, বুড়োদেৱ খেলা নিয়ে কত তামাসা কৰিবে, সেটা বড়ই মুস্কিলোৰ কথা !’”

বঙ্গিমচন্দ্র সম্মন্দে আলোচনা করিতে বসিয়া তাঁহার কত কথাই আজ স্মরণ হইতেছে। সেগুলি গুছাইয়া লিখেতে হইলে, নিজেকে লুকাইয়া রাখিয়া তাঁহারই কথা আলোচনা করিতে গেলে, অনেক কথার সৌন্দর্য নষ্ট হয়, অথচ তাঁহার সঙ্গে পরিচয় ছিল বলিয়া নিজের কথাও প্রবন্ধের মধ্যে প্রবিষ্ট করাইতে সম্মত নহি। তাই আজ অনেক কথা হাতে রাখিয়া কেবল-মাত্র আর দৃষ্টি তিনটি বিষয়ের আলোচনা করিব।

পশ্চিতবর শশধর তর্কচূড়মণি মহাশয় যখন উত্তর ও পূর্ববাঙ্গালা হইতে কলিকাতায় আসিয়া বর্তমান হিন্দুসমাজের অবসন্ন কলেবরে শত্রিসঞ্চারের প্রসারী হইয়াছিলেন, এবং ক্রমে ক্রমে অনেকগুলি বক্তৃতা করিয়াছিলেন, সে সকলের কয়েকটিতে আমি উপস্থিত ছিলাম। আলবাট হলে আত্মত সভা সকলের কয়েকটিতে বঙ্গিমচন্দ্রকে আমি উপস্থিত হইতে দেখিয়াছি। তৎপূর্বেই তাঁহার সঙ্গে আমার পরিচয় হইয়াছিল। দুই তিনটী বক্তৃতার উপস্থিত হইবার পর, আর তাঁহাকে দেখা গেল না। তখন আমার তাঁহার সহিত সাঙ্গাং করিবার কোতুহ্ল জন্মিল। আমি একদিন স্ববিধানত তাঁহার সঙ্গে দেখা করিলাম। প্রসঙ্গক্রমে তর্কচূড়মণি মহাশয়ের বক্তৃতার কথা তুলিলাম। তিনি হাসিতে হাসিতে বলিলেন, “কয় দিন তাঁর বক্তৃতা শুনিতে গিয়াছিলাম। ওরপ বৈজ্ঞানিক ব্যাখ্যাতে কতকগুলি অসার লোক নাচিয়া ‘ধরাকে সরা জ্ঞান’ করিতে পারে কিন্ত ওতে কোনও স্থায়ী ফল হইতে পারে না।

মালা, তিলক, ফেঁটা ও শিখ রাখাৱ বে ধৰ্ম টঁয়াকে, আৱ গ্ৰিগুলিৱ অভাৱে বে ধৰ্ম লোপ পাৱ, সে ধৰ্মেৰ জন্তু দেশ এখন আৱ বাস্তু নহে। তৰ্কচূড়ামণি মহাশয় ব্ৰাহ্মণপণ্ডিত, তিনি এখনও বৃঞ্জিতে পাৱেন নাই বে, নানা স্থানে প্ৰাণ নৃতন শিক্ষার ফলে দেশ এখন উহা অপেক্ষা উচ্চ ধৰ্ম চাৰ। কি হইলে এদেশেৰ সমাজধৰ্ম এখন সৰ্বাঙ্গ সুন্দৰ হয়, সে জানতি এন্দেৰ নাই, তাই ষা খুঁটী তাঁ বলিয়া লোকেৰ মনোৰঞ্জনে বাস্তু।”

এখানে এ কথা নিঃসংক্ষেপে বলা যাইতে পাৱে বে, স্বৰ্গীয় বিবেকানন্দও বঙ্গিমচন্দ্ৰেৰ স্বৰে সুৱ বাবিলা লোকেৰ নাচানাচিৰ মাথাৱ মুণ্ডৰ মাৰিয়াছিলেন। বঙ্গিমচন্দ্ৰেৰ মতে, ব্যক্তিগত ও সামাজিক জীবনে ক্ৰিপ ধৰ্মেৰ সমাদৰ হওয়া বাঞ্ছনীৱ তাহাৱ জীবনব্যাপী সাহিত্য-ভাষাগৰেই তাহা পাওয়া যাব। অতি স্পষ্টভাৱেই তিনি “প্ৰচাৰে” সে কথাৰ আলোচনা কৰিয়াছিলেন। শুক্ৰ-শিষ্যেৰ প্ৰশ্নেতৰচ্ছনে। প্ৰকৃত ব্ৰাহ্মণ গুণেৰ আলোচনা কৰিতে গিয়া বঙ্গিমচন্দ্ৰ। তাহাৱ সমৰে সমগ্ৰ বঙ্গদেশে তৃতীমাত্ৰ ব্ৰাহ্মণগুণসম্পৰ। ব্যক্তি খুজিয়া পাইয়াছিলেন। কুলমৰ্য্যাদাসম্পৰ।।। উচ্চ-ব্ৰাহ্মণ-কুলসন্তুত বঙ্গিমচন্দ্ৰ, বিষ্ণুমাণিৰ মহাশয়কে এবং বৈদিকুলোত্তৰ কেশব চন্দ্ৰ সেৱ মহাশয়কেই প্ৰকৃত ব্ৰাহ্মণ বলিয়া অভিহিত কৰিয়াছিলেন। ইহাতেই বুঝা যাব, ।।। তাহাৱ সমাজ-ধৰ্মেৰ আদৰ্শ কৃত উচ্চগ্ৰামে উঠিয়াছিল। অধুনা এছাকাৰে মুদ্রিত “ধৰ্মতত্ত্বে”

কেশবচন্দ্রের নামটি উঠাইয়া দিয়া তাহার ভক্তেরা হৃদয়ে
শাস্তিলাভ করিয়াছেন। হায় বে দেশ !

মোগলকুলাত্তিলক আক্বর সাতকে আমরা সন্দ্বাটশিরোমণি
বলিয়া জানি। বাল্যকাল হইতে শিক্ষাস্থত্রে আকবরের বিবিধ-
গুণমণ্ডিত দিল্লীর মোগল-রাজদরবারকে সম্মানের চক্ষে দেখিয়া
পাকি। প্রায় পঁচিশ বৎসর পূর্বে জেনারেল এসেন্টিলীর হলে
রবীন্দ্রনাথের প্রবন্ধ-শ্রবণের প্রলোভন-তাড়িত জনমণ্ডলীর
মজলিসে বঙ্গিমচন্দ্র সভাপতি। সে সময়ে বঙ্গিমবাবু সবেনাত্র
রাজকার্য হইতে অবসর গ্রহণ করিয়াছেন। সভা সমিতিতে
বাতাসাত তাহার বড় বেশী অভ্যাস ছিল না। বিশেষতঃ সেকা-
লের রবীন্দ্র-সম্মিলন যে কি বিরাট ব্যাপারে পরিণত হইত,
তাহা তাহার জানা ছিল না। যাহা হউক দারুণ গ্রীষ্মে কর্তৃ-
গতপ্রাণ সেই বিরাট জনমণ্ডলীর সম্মুখে রবীন্দ্রের প্রবন্ধপাঠ
শেষ হইলে, বঙ্গিমচন্দ্র সভাপতির কার্যাসম্পাদনে অগ্রসর
হইলেন। রবীন্দ্রনাথের সে প্রবন্ধের শিরোনাম স্মরণ নাই, তবে
তাহাতে প্রসঙ্গ কর্মে মোগল-শাসনের উল্লেখ ছিল, এবং
আকবরের প্রসঙ্গও ছিল।

সভাপতি বঙ্গিমচন্দ্রের মন্তব্যে সেদিন একটা বৃহৎ মিথ্যা
ধরা পড়িল, একটা দীর্ঘকালব্যাপী লুকাইত সত্যকথা প্রকাশ
পাইল। তিনি সেদিন বলিয়াছিলেন, আকবরের নামে দেশের
লোক এত নাচে কেন ? তাহার দ্বারা হিন্দুজাতির বক্ষ ও প্রিতি
বিষয়ে ইষ্টাপেক্ষা অনিষ্ট অধিক হইয়াছে। তাহা ছাড়িয়া দিলেও

তাহার উচ্চ উদার রাজনীতি জানের মূলে বিজাতীয় স্বার্থ-পরতা লুকাইত। তিনি স্ববিধামত বাছিয়া বাছিয়া রাজপুতানার ক্ষত্রিয় রাজকুমারীদিগকে আপন অস্তঃপুরে গ্রহণ করিয়াছেন, এতে স্বার্থপরতাই প্রকাশ পায়; উদারতার লেশমাত্র ইহাতে খুঁজিয়া পাওয়া যায় না। যদি দেখিতে পাওয়া যাইত যে, আকবর মোগল-রাজকুমারীদের সঙ্গে হিন্দু ক্ষত্রিয় রাজকুমারদের পরিণয় ব্যবহার চেষ্টা করিয়াছেন, তাহা হইলেও একদিন মনে করা যাইত যে, তিনি সমদর্শী ছিলেন। সমাজ ও শাসন বিষয়ে আকবর স্বার্থপরতাপুষ্ট অসাধারণ শক্তিসমর্থের পরিচালনার কৃতকার্য হইয়াছিলেন মাত্র।”

উপরে কথিত সভার পরদিন প্রাতঃকালে আমি তাহার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলাম। আমাকে দেখিয়া হাসিতে হাসিতে বলিলেন, “আপনি কাল আমায় খুব বাঁচাইয়াছেন। এত লোকের জনতা হবে জান্তে কি আমি যেতুম? আমি মনে করেছিলুম, ডিবোটং ক্লাবের মত অন্য লোক হবে, মেখানে রবিবাবু প্রবন্ধ পড়বেন। পরে আমি হ' দশ কথায় আমার অন্তর্ব্য শেষ করিব। এ কি ভয়ানক বিরাট ব্যাপার! আমাদের দেশে মিটাংগুলি কি গ্রি রকমই হয়?” এই “গ্রি রকম” কথায় অর্থ এই যে, সে দিন গ্রীষ্মকালের অপরাহ্নে জেনাবেল এসেছিলীর স্বল্পান্বতনে হলে লোকে লোকারণ্য হইয়াছিল। বিদ্যালয়ের ছাত্র হইতে আবস্ত করিয়া দেশের শিক্ষিত গণ্যমান সাহিত্যিকগণ উপস্থিত হইয়াছিলেন। সেই সভায় বহুলোক অতিকষ্টে একপল

বাড়াইবার স্থান পাইয়াই কৃতার্থ। বিবাবুর প্রবন্ধপাঠ শেষ হইবার সঙ্গে সঙ্গে ; অপেক্ষাকৃত আখ্যাতনামা জনৈক ভদ্রলোক কিছু বলিতে উঠিয়াছিলেন। প্রথমে শিষ্টভাবে, শেষে কৃক্ষভাবে পরে অভদ্রোচিত টত্ত্ব বচনবিদ্যাসে নানা রঙ্গভঙ্গ করিয়া শ্রোতারা সভাগৃহকে কোলাহলপূর্ণ করিয়া তুলিলেন। ববৈজ্ঞানাথের ভাগ্যে সেকাপ দৃঢ়-দর্শন আছ কথনও ঘটিয়াছিল কি না, জানি না। বঙ্গিমবাবুর ত নিশ্চয়ই ঘটে নাই। সেই গোলটা থামাইবার জন্য আমি সামান্য চেষ্টা করিয়াছিলাম। তাই বঙ্গিমচন্দ্র বলিলেন, “আমি পশ্চাতের দ্বার দিয়া বাহির হইবাব চেষ্টায় ছিলাম, ভাগ্যে আপনি সে বিরণ্ট গোলটা থামাইতে করিয়াছিলেন, তাই কাল মান বাঁচাইয়া বাড়ী আসিয়াছি।”

শ্রীচঙ্গীচরণ বন্দ্যোপাধ্যায়।

বঙ্গিমচন্দ্র ।

১

তাহার পর পঁচিশ বৎসর কাটিবা গিয়াছে। কিন্তু সেদিনের কথা এখনও আমার মনে পড়ে। দুঃখের দিনেও মনে পড়ে, স্বর্ণের দিনেও মনে পড়ে। কুচিষ্ঠা যখন উভয়কেই গ্রাম করে, তখনও মনে পড়ে; দৰ্বিহ জীবনকে বহনীয় ও সহনীয় করে।

জীবনের স্বরনীয় দিনগুলির পর্যায়ে আনন্দময় পর্যাহের মত আমার স্বতিপটে সে দিন উজ্জ্বল হইয়া আছে। সেই দিন প্রথম আমি নৃতন বাঙালার সাহিত্যগুরু বঙ্গিমচন্দ্রকে দেখি; তাহার কথা শুনি, তাহার পদধূলি গ্রহণ করিয়া ধন্ত হই। সেই দিন প্রথম আমার বঙ্গিম-তত্ত্ব চরিতার্থ হয়। সে দিনের কথা কি ভূলিবার ?

আমি ও মূল্লী—তখনকার মূল্লী—এখানকার জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত আই.সি.এস’—রঞ্জপুরের ম্যাজিষ্ট্রেট—বঙ্গিম বাবুর দরবারে আমাদের আবেদন পেশ করিবার সকল করি। মূল্লী তখন “সাহিত্যে” আমার সহায় ছিলেন। এই সময়ে বঙ্গিম বাবুর কয়েক জন বন্ধুর সহিত আমাদের পরিচয় হইয়াছিল। অর্থাৎ, আমরা যাচিবা তাহাদের সহিত আলাপ করিয়াছিলাম, এবং কাহারও স্নেহ, কাহারও

সহানুভূতি, এবং কাহারও সৌধিক উপদেশ ও তদপেক্ষা সারগর্ড
প্রবক্ষও পাইয়াছিলাম। বকিম বাবুর সহিত আমাকে পরিচিত
করিয়া দিবার জন্য আমি তাহাদের শরণাপন্ন হইলাম। কিন্তু
আমার আবদার কেহ গ্রাহ করিলেন না। তাহারা পরিচয়-পত্র
দিলেন না। হই এক জন বলিলেন, “সে বড় কঠিন ঠাই! বকিম
তোমাদিগকে আমল দিবেন না।” আর একজন বলিলেন,
“তোমরা নব্য ছোকরা, বকিমের ধর্মক খাইয়া কি বলিতে কি
বলিয়া বসিবে। অনর্থক এ হাঙ্গামে দরকার কি?” এক জন
বলিলেন “বকিম বড় অহঙ্কারী। আমার সাহস হয় না।”
বুঝিলাম, সই শুপারিস পাইব না।

কিন্তু তখন আমাদের নিরাশ হইবার বয়স নয়। “সাহিত্য”
ভিন্ন অন্য চিন্তাও তখন ছিল না। আমি ও মূলী পরামর্শ করিলাম,
যখন “রাজেন্দ্র-সঙ্গমে দীন যথা যাব দূর-তীর্থ-দরশনে” দাটিল না,
তখন এক দিন “one fine morne” আমরা হইজনে বকিম
বাবুর বাড়ীতে গিয়া তাহার সহিত দেখা করিবার চেষ্টা করিব।

এখন এই “one fine morne” এর একটু ইতিহাস না বলিলে
আপনারা এই ইত্তরের পরামর্শের মর্ম বুঝিতে পারিবেন না। কবি-
বর দেবেন্দ্রনাথ সেনের সহিত তখন আমার খুব ঘনিষ্ঠতা হইয়া
ছিল। পত্রযোগে তাহার সহিত পরিচয় এবং পত্রে ও কবিতায় সেই
পরিচয় ঘনিষ্ঠতায়-আঘীরতার পরিণত হয়। তিনি তখন লক্ষ্মী
নহরে থাকিতেন। আমরা তাহাকে প্রত্যেক পত্রে কলিকাতার
আমিতে লিখিতাম। তিনিও প্রায় প্রত্যেক পত্রেই লিখিতেন,

one fine morne ତିନି ଆମାଦେର ଆଜ୍ଞାୟ ଆସିଲା ଆମା-
ଦିଗକେ ବିଶ୍ଵିତ କରିବେନ । ବହୁଦିନ ହଇତେ ଆମରା ମେହି one fine
morne ଏବ ପ୍ରତୀକ୍ଷା କରିତେଛିଲାମ । କିନ୍ତୁ ମେହି one fine
morne ଆର ଆସିଲ ନା । କୋନ୍ତ କାଜ ଠେଲିଲା ରାଧିବାର ଦରକାର
ହିଲେ, ବା ସମସ୍ତେ କୋନ୍ତ କାଜ କରିତେ ନା ପାରିଲେ, ଆମରା ତାଙ୍କ
ଦେବେନ ଦାଦାର one fine morne ଏବ ପର୍ଯ୍ୟାମେ ଫେଲିଲା ଦିତାମ ।
ବକ୍ଷିମ ବାବୁର ନିକଟ ଯାଇବାର ଇଚ୍ଛା ସେମନ ପ୍ରବଳ, ତାଙ୍କ ଥାଇବାର ଆଶ-
କ୍ଷା ଓ ମେନପ ମୁଗ୍ନୀନ ହଇଲା ଉଠିଯାଇଲି । ମେହି ଜୟ, ଉହାକେ ଓ ଆମରା
ମେହି ଅନିର୍ଦ୍ଦିଷ୍ଟ one fine morne ଏବ ତାଲିକାଭୁକ୍ତ କରିଯାଇଲାମ ।

ଇତିମଧ୍ୟେ ଆର ଏକଟି ଘଟନା ଘଟିଯାଇଲି । ମୁଗ୍ନୀ ଆମାର କନିଷ୍ଠ
ସତୀଶେ ସହିତ ଏକଷୋଗେ କୋନ୍ତ ନବ-ସଂଶୋଧନୀ ମହିଳା କବିକେ
କାନ୍ଦୁରୀର ଭାଷାର “ସାହିତ୍ୟ” ଲିଖିବାର ଜୟ ପତ୍ର ଲିଖିଯାଇଲେନ,
ଏବଂ ତୀହାର ସହିତ ସାକ୍ଷାତ କରିତେ ଚାହିଯାଇଲେନ । ମହିଳା-କବି
ଅପରିଚିତେର ଅନ୍ତୁତ ପତ୍ର ପାଇଲା ବିଶ୍ଵିତ ଓ ବିରକ୍ତ ହଇଲା ଚିଟିର
କୋଣେ ଲିଖିଯା ଦିଯାଇଲେନ,—“ଦେଖା ହଇବେ ନା ।” ଚିଠିଖାନି
ଫେରଇ ଆସିଲା ଲଜ୍ଜାୟ ସତୀଶେ ଦେରାଜେ ଲୁକାଇଲା ଛିଲ । ଆମି ସହସା
ଏକଦିନ ତାହା ଆବିକ୍ଷାର କରି । ମୁଗ୍ନୀ ଏଥିନ ମ୍ୟାଜିଷ୍ଟ୍ରେଟ, କିନ୍ତୁ ତଥିନ
କବି ଛିଲେନ । ସରଳ, ଉଦ୍ବାର, ଭାବୁକ କବି, ସଂସାରେର ପ୍ରହେଲିକାଯ
ମଞ୍ଜୁର୍ ଅନଭିଜ୍ଞ, ସାହିତ୍ୟରସେ ତୋରପୂର ମୁଗ୍ନୀର ଭାବୋକ୍ତୁମ, ଏବଂ
ସତୀଶେ ବାହା ବାହା ସଂକ୍ଷତ କାନ୍ଦୁରୀ ପଡ଼ିଲା ଆମାର ଖୁବ ଆମୋଦ
ହଇଯାଇଲି କିନ୍ତୁ “ଦେଖା ହଇବେ ନା”-ତେମନଇ ସାଂସାତିକ ମନେ ହଇଲି !
କେନନା, ଇହାର ପର ଆର ତୀହାର ରଚନା ପାଇବାର ଆଶା କରା ଯାଏନା ।

মুনীকে বলিলাম, ইঁড়ী ভাঙিবাছে, এইবাব হাটে পাঠাইব।
মুনীর সেদিনকার “লাজনত আৰি” আমাৰ এখনও মনে আছে!—
অনেক বাক্বিতওৱাৰ পৰ স্থিৰ হইল, এ কাহিনী গুপ্ত থাকিবৈ।
—আজ এ কথা ছাপিয়া দিলাম। জগৎ শেষ বলিয়াছিলেন,—

“প্রতিহিংসা, প্রতিহিংসা, প্রতিহিংসা সার,
প্রতিহিংসা বিনা মম কিছু নাছি আৱ।

ইহাও সেই প্রতিহিংসা। জীবনেৰ প্ৰভাবতে যাহাদেৱ ভৱসাৰ
“সাহিত্যে” হাত দিয়াছিলাম, তাহারা এখন স্ব স্ব ক্ষেত্ৰে সাফল্য
ভোগ কৱিতেছেন। সাহিত্যোৱ ও “সাহিত্যে”ৰ নামগন্ধও
তাহাদেৱ মনে নাই। আমি একাকী ‘মড়া জাগ্লাইয়া’ বসিয়া
আছি। মুনী “সাহিত্যে”ৰ তদানীন্তন মুকুবীদেৱ অন্ততম। প্রতি-
হিংসাৰ সাধ হয় না? তাই সেই পৌৱাণিকী বিড়ম্বনাৰ কাহিনী
ছাপিয়া শোধ লইলাম। আশাকৰি, Less majesty হইবে না!

তখন আৱ একজন “সাহিত্যে”ৰ উদ্দেৱগী, হিতৈষী, কল্পী
ছিলেন। তিনিও বিলাতে ধান। সমুদ্রে ভাসিতে ভাসিতে
“সাহিত্যে”ৰ জন্য গঞ্জ-গান রচিয়া এডেন হইতে, সুৱেজ হইতে,
মাস'ই হইতে ডাকে দিয়াছিলেন। বিলাত হইতে ফিরিয়া মালকে
ফুলেৰ চাষ কৱিয়াছিলেন, তাৰপৰ আইনেৰ গোলকধৰ্ম্মৰ প্ৰবেশ
কৱেন। আমাৰ শাপ ফলিয়াছে। তাঁচাকেও এত দিন পৰে
ৰোগে ধৰিয়াছে। পৰিণত বয়সে সাগৰ-সঙ্গীত শুনিয়া শঙ্গেৰ মত
সমুদ্রে আৱাৰ ধৰিয়া রাখিয়াছিলেন, দেশে আনিয়াছিলেন।
চৰিত্ব পঁচিশ বৎসৰ পৰে তিনি নাৱাবণেৰ চৰণে সোণাৰ তুলসী

ଦିବାର ଆରୋଜନ କରିବାଛେନ । ତୀହାର ଦେବା ମନ୍ଦିର ହଟ୍ଟକ । ସବୁର
ଅନୁଧ ହଇଲେ ଲୋକେ ବଲେ, ତୁମି ନୀରୋଗ ହୁ । ଆମି ବଲି,—
ତୀହାର ଏ ରୋଗ ଦେବ ନା ଦାରେ । ଏଥିନ ଦେଖୁନ,—କତ ଧାରେ କତ
ଚାଲ । ଏ ନେଥାଏ କି ବୋହ !

ଆମି ଏକ ଦିନ ମୁଖୀକେ ବଲିଲାମ, “ଚଲ, ବକ୍ଷିମ ବାବୁ କାହେ
ଯାଇ ।” ମେହି “ଦେଖା ହଟେବେ ମା” ମୁଖୀର ମନେ ବେଶ ଦାଗ କାଟିଲା,
ଥାଯି ହଇଲା, ବସିଯାଇଲି । ମୁଖୀ ବଲିଲ, “ଗଲା-ଧାକା ଥାଇବାର ଟିକ୍କା
ହଟେବାଛେ ?” ଆମି ବଲିଲାମ, “ବଟକର୍ଣ୍ଣ ହଇଲେ ମସ୍ତର୍ବେଦ ହସ । ତୋମାର
ଆମାର ଧରିଲା ମୋଟ ଚାରି କର୍ଣ୍ଣ, ତାହାତେ ମେ ଭସ ନାହିଁ । ଗଲା-ଧାକା
ଦ୍ରୁଷ୍ଟନେ ତାଗ କରିଲା ଲହିବ । କେହ ପ୍ରକାଶ କରିବ ନା । ଚଲ ।”

ତ୍ୟକ୍ତଳାୟ “ସାହିତ୍ୟ-କଲ୍ପନାମ” ଓ “ସାହିତ୍ୟ”ର କରେକ ସଂଧା
ଲହିରା ଆମରା ଶକ୍ତିଚିତ୍ରେ ବକ୍ଷିମ-ଦର୍ଶନେ ଯାତ୍ରା କରିଲାମ ।

ବକ୍ଷିମ ବାବୁ ସମ୍ବନ୍ଧେ ସାହା ଶୁନିଯାଇଲାମ, ତାହାତେ ତୀହାକେ
‘ଅଧ୍ୟକ୍ଷ’ ବଲିଲାଇ ମନେ ହଇଯାଇଲି । ସାହା ଭାବିଯାଇଲାମ, ତାହା
ନା ବଲିଲେ, ସାହା ମେଥିଯାଇଲାମ, ତାହା ଫୁଟିବେ ନା ।—ଏହିଜ୍ଞ
‘ବାଞ୍ଜେ କଥା’ର ଗୋରଚନ୍ତ୍ରିକାର ଏତ ‘ବାଜେତମ କଥା’ଲିଖିତେ ହଇଲ ।
ପରେ ଯାହା ଲିଖିବ, ତାହା ଓ ଖୁବ କାଜେର କଥା ନାହିଁ । କିନ୍ତୁ ବାଜେ
କଥାଯି ବଡ଼ ବଡ଼ ଚରିତ୍ରେ ଅନେକ ବଡ଼ ବଡ଼ ତତ୍ତ୍ଵ ଜ୍ଞାନା ବାବୁ । ଗଭୀର
ଗବେଷଣା ଓ ଗଞ୍ଜୀର ବିଚାରଣା ତାହା ଅପେକ୍ଷା ବହୁମୂଳ୍ୟ ହିତେ ପାରେ,
କିନ୍ତୁ ଚରିତ୍ରଚିତ୍ରେ ତାହାଇ ଏକମାତ୍ର ଉପାଦାନ ନାହିଁ ।

ଏଥିନ ବକ୍ଷିମବାବୁ ବାଢ଼ିତେ ଯାତ୍ରା କରି ।

ତଥିନ ବକ୍ଷିମବାବୁ ମେଡିକେଲ କଲେଜେର ସମ୍ମୁଦ୍ରବଞ୍ଜୀ ପ୍ରତାପ

চাটুর্যের গলিতে বাস করিতেন। বাড়ীখানি সামান্যিধি। প্রবেশ-
দ্বারের সম্মুখে গলির উপর কাশ্মীরী বারান্দা রুঁকিয়া আছে। ইহা
একটু নৃতন। আমরা পূর্বান্ত হইয়া বাড়ীতে প্রবেশ করিলাম।
আমাদের মক্কিণে, দ্বারের পার্শ্বেই জলের কল। সেই কলে বক্তি
বাবুর খানসামা ছ'কা ফিরাইতেছিল। আমি জিজ্ঞাসা করিলাম,
“বক্তি বাবু বাড়ী আছেন?” ভৃত্য উভয়ে জিজ্ঞাসা করিল,
“আপনাদের কি দরকার?” আমি চাটুর্য লাল। বলিলাম “বক্তি
বাবুর কাছে কি দরকার—তা তোকে বলিব কি বে! তাহা
হইলে তোম কাছে আসিলেই চলিত। মর—, তুই খবর দে!”

মুঠী আমার জাজা ধরিয়া টানিতেছিল, এবং মৃদুস্বরে বলিতে-
ছিল, “কর কি? তোমার সঙ্গে কোথাও আসিতে নাই। এসেই
দানা! চুপ, চুপ।” ইত্যাদি।

বক্তি বাবুর খানসামা কি বলিতে বাইতেছিল, এমন সময়ে
শুনিলাম, উপর হইতে কে বলিতেছেন,—“আপনারা উপবে
আশুন।”

চাটুর্য দেখিলাম, প্রান্তিশের মক্কিণে দ্বিতলের বাতায়নে এক
“শালপ্রাণ্ত, মহাভুজ”, গৌরবর্ণ শুগুক্ষয়—তাচার ডান হাতে বাঁধা
ছ'কা—তামাক ধাইতেছিলেন,—প্রশান্ত মুখে স্বিন্দ স্বিতরেখ—
উদার ললাটে—তখন কি দেখিয়াছিলাম, মনে নাই; কিন্তু এখন
মনে হইতেছে, কীর্তিকুস্মের মালা নয়, মনীষার বেদী নয়, প্রতি-
ভার কমলামন নয়,—মা'র আশীর্বাদ।

খানসামা বলিল,—“বাবু!”

এই বঙ্গিমচন্দ্ৰ ! বঙ্গদৰ্শনেৰ বঙ্গিম, তর্গেশনন্দিনীৰ বঙ্গিম, যাত্-
কৰ বঙ্গিম, দোদণ্ডপ্ৰতাপ বঙ্গিম ! হেমচন্দ্ৰেৰ বৰ্ণনা মনে
পড়িল,—“পৰ্বতেৰ চূড়া দেন সহসা প্ৰকাশ !” উপৰ হইতে তাঁহাৰ
ভৰ্তোৱ সহিত আমাৰ অবিনয়—কলহ বঙ্গিম বাবু দেখিয়াছেন।
কিন্তু তখন ভাববাৰ সময় ছিল না।

খানসামা পথ দেখাইয়া দিল। বামে উপৰে উঠিবাৰ সিঁড়ি ;
উপৰে উঠিলাম। ঘৰেৰ মেজেৰ সুচিত্ৰিত কাৰ্পেট পাতা।
প্ৰাচীৰে অছেলপেটিং। বঙ্গিমচন্দ্ৰেৰ পিতৃ-দেবতা ও তাঁহাৰ নিজেৰ
ছবি। কোচ, কেদাৱা প্ৰভৃতি সুন্দৰ ও সুবিহ্নস্ত। এক কোণে
একটি টেবিল হাৱমোনিয়ম। বঙ্গিমবাবু গৃহেৰ মধ্যস্থলে দণ্ডামান।
দ্বাৰেৰ দিকে একটু অগ্ৰসৱ। গায়ে একটি হাত-কাটা জামা।
ধূতিখানি কোঁচানো। পায়ে চটী। পৰিপাটা ও পৰিচৰ। আমৱা
বাহিৰে জুতা খুলিয়া কক্ষমধ্যে প্ৰবেশ কৱিলাম। সেই দিন, সেই
প্ৰথম, ভক্তিভৱে অবনত হটয়া, বঙ্গিমচন্দ্ৰেৰ পদধূলি গ্ৰহণ
কৱিলাম। বঙ্গিম বাবু বলিলেন,—“থাক, থাক।”

ইহাৰ উভয়ে যাহা বলিবাৰ ছিল, তাহা বলিতে পাৱিলাম
না। ঠিক মনেও নাই। এখনকাৰ কথা তখনকাৰ সেই মুহূৰ্তেৰ
উপৰ আৱোপ কৱিলে আসৱ জমিতে পাৰে। কিন্তু তাহাতে
কোনও লাভ নাই। কেহ কেহ হামাগুড়ি দিবাৰ সময় হঠাৎ
নীল আকাশে চাহিয়া অনন্তেৱ কি মহিমা অনুভব কৱিয়া তেৱো
বৎসৱ বয়সে ‘কাৰ্বি’ লিখিবাৰ কি পণ কৱিয়াছিলেন, তাহাৰ
পঞ্চাম বৎসৱ সাত মাস সতোৱ দিন সাড়ে একুশ ষণ্টা পৱে লিপি-

বঙ্গ করিয়াছেন। সকলের ভাগো তাহা ঘটে না। তবে একটা কথা বলিলে ক্ষতি নাই, আমাদের কৈশোরে ভঙ্গি যেমন স্বাত্ত্বাবিক ও সার্বভৌমিক ছিল, এখন বোধ হয় আর তেমন নাই। এখন ভঙ্গি হয় ত আরও গাঢ়, আরও সংহত, এবং কতকটা উদাম হইয়াছে। এখনকার ভঙ্গি গোড়ামীর গকে ভোরপুর—এ ভঙ্গি ভঙ্গকে উদার করিতে পারে না,—এক ভঙ্গি শত দারায় উচ্ছু-সিত হইয়া ভঙ্গকে সহস্রের প্রতি ভঙ্গিমান করে না, চিন্তকে স্থিত করে না—সমাজকে শাস্ত ও দাস্ত করিতে পারে না। এখনকার ভঙ্গির ক্ষেত্রে ভঙ্গির পাত্র ও ভঙ্গি ভিন্ন আর কাহারও স্থান নাই,—যাচারা বা যাহা তাহার ক্ষুদ্র সীমার অন্তর্গত নয়, তাহা মহান् হইতে পারে, স্বর্গীয় হইতে পারে, কিন্তু অক্ষ ভঙ্গির তালকাণা ভঙ্গের পক্ষে এ জগতে তাহার অস্তিত্বই নাই। ভঙ্গির ক্ষেত্রে যে দেশের সাহিত্য অস্থুরিত হইয়াছিল, সেই দেশের সংস্কারে সিন্ধবাদের স্ফুরিত বৃত্তার মত এই নাটুকে সাহিত্য-ভঙ্গি ভর করিয়াছে। ভঙ্গির এই কারাদণ্ড দেখিয়া আমরা ত স্বীকৃত হইতে পারি না।

বঙ্গিম বাবু বলিলেন,—“বস্তুন्”। আমরা দাঢ়াইয়া রহিলাম। বঙ্গিম বাবু না বসিলে আমরা বসিতে পারি না। অবস্থা ঠিক—“ন যয়ো ত তঙ্গো”! বঙ্গিম বাবু অঙ্গুলিনির্দেশে একখানি কোচ দেখাইয়া দিলেন। আমি বলিতেছিলাম,—“আপনি দাঢ়াইয়া—”

কথা শেষ করিতে না দিয়া বঙ্গিম বাবু বলিলেন, “আমার বাড়ী,—আমি বেশ আছি, আপনারা বস্তুন।” আমি বলিলাম,

“আমাদের ‘আপনি’—বলিবেন না । আমাদের অপরাধ হয় ।”
বঙ্গিম বাবু একটু হাসিলেন, বলিলেন “আচ্ছা, বলো” ।

আমরা মেই কোচে বসিলাম । মনে একটু তরসা হইয়াছিল ;
বঙ্গিম বাবু বাবু নন, বাঙালীর সর্বশ্রেষ্ঠ ওপন্থাসিক, হাসিয়া
হাসিয়া কথা কন ; গলা-ধাকার সন্তাননা ও অসন্তব বলিয়া মনে
হইতেছে !

আমাদিগকে নীরব মেথিয়া বঙ্গিম বাবু বলিলেন, “তোমাদের
হ'জনকেই আমি জানি । তুমি ত বিষ্ণাসগরের দোহিতা ? তোমার
নাম স্বরেশ, নন ?”

আমি বলিলাম, “আজ্জে হ্যাঁ”

আমি বিশ্বিত হইয়া বঙ্গিম বাবুর মুখের মিকে চাহিয়া রহি-
লাম । বঙ্গিম বাবু বলিলেন, “তোমার আশ্চর্য মনে হইতেছে ?
সেদিন দীনবক্তুর পৌত্রীর বিবাহে নিমজ্জন রাখিতে গিয়াছিলাম ।
দুরজার কাছে তুমি তোমার সঙ্গে বস্তুদের মজলিস করিতেছিলে ।
আমাদের হেম করেব ছেলে পণ্টু ও তোমামের সঙ্গে ছিল । তোমা-
দের আমোদ দেখে আমাদের ছেলেবেলা মনে পড়ে গেল । দেখ-
লুম, তুমই জমিয়ে রেখেছ । শরৎকে জিজ্ঞাসা করে শুন্মুক্ষ,
তুমি বিষ্ণাসগরের নাতী, তোমার নাম স্বরেশ । পরে বঙ্গিমকে
বল্লুক তোমাকে ডাক্তে । বঙ্গিম যাচ্ছিলেন,—আমি আবার বল-
লুক, -- ওরা আমোদ করছে—করক ; ডেকো না, বুড়োর কাছে
এমে কি হবে ? এখানে থেকেই ওদের হাসি তামাসা দেখি ।”

দীনবক্তু মেই দীনের বক্তু, নীলকরের বক্তু, বাঙালীর প্রাতঃ

স্বরণীর ঘর্মীর রাস্তা দীনবন্ধ মিত্র বাহাতুর ! শ্রুৎ তাহার হিতীর পুত্র । বঙ্গিম তাহার হৃষীর পুত্র ।—এখন বঙ্গসাহিত্যে সুপ্রতিষ্ঠিত, বর্তমানে স্বকৰ্ম ও দার্শনিক, কলিকাতার ছোট আদালতের জজ । পল্টু—পি.সি. কর, ওরফে প্রথমচতুর্থ কর, কলিকাতা হার্টকোর্টের অ্যাটগী, অধুনা লোকান্তরিত হেমচন্দ্র কর মহাশয়ের পুত্র । হেম-বাবুও ডেপুটি ছিলেন, বঙ্গিম বাবুর সমকক্ষী ।

তাহার পর মুঘীর দিকে ফিরিয়া বলিলেন, “তোমাকেও আমি আনি । তোমার বাপ দমঘামের সঙ্গে আমার অনেক দিনের আলাপ । তুমি যেবার বি, এ, দাও, সেবার আমিও ইউনিভাসিটি-হলে গিরাচিলাম । কোঁকড়া কোঁকড়া বাবুরী চুল এত অল্প বয়সে বি, এ, দিছ দেখে ত্রেলোকাকে জিজ্ঞাসা করলাম, ‘এছেলেটী কে হে ? খুব অল্প বয়সে বি এ, দিছে ত ? চেনো ?’ ত্রেলক্য বললে—‘দমঘামের ছেলে ।’ তোমার ডাকনাম মুঘী ? তাল নাম কি ?”

মুঘী বলিল, “আনেকনাথ শুণ ।”

বঙ্গিম বাবু বলিলেন, “তুমি কি কচ্ছ ?”

মুঘী বলিল, “আমি এম, এ, দিয়াছি ।”

আমি বলিলাম, “ও আবার এম, এ, দেবে বলে পড়ছে । আমরা বলছি, তুমি বিলেতে যাও, সিভিলিয়ান হবার চেষ্টা কর ।

বঙ্গিম বাবু বলিলেন, ওর বাবা কি বলেন ?”

আমি বলিলাম, “তাঁর অমত নাই । বঙ্গিম বাবু বলিলেন, ‘তবে আবার এম, এ, কেন ?’

ତୋରପର ଆମାର ଦିକେ ଚାହିଁବା ବଲିଲେନ, “ତୋମାର ହାତେ କି ?”

ଆମି ଅବସର ପାଇଁବା କଞ୍ଚିତ-ହସ୍ତେ ମେହି “ସାହିତ୍ୟ-କଲ୍ପନାମ” ଓ କଲ୍ପନାମ-କାଟା “ସାହିତ୍ୟ” ବକ୍ଷିମ ବାବୁର ହାତେ ଦିଲାମ । ବକ୍ଷିମ ବାବୁ ହାସିତେ ହାସିତେ ଗ୍ରହଣ କରିଯାଇ ବଲିଲେନ, “ଆଗେଇ ବଲେ ରାଖି, ତୋମରା ଯଦି ଆମାକେ କାଲୀଘାଟେ ନିରେ ଗିଯେ ବଲି ଦାଓ, ତାତେଓ ଆମି ରାଜୀ ଆଛି । କିନ୍ତୁ ଆମାକେ ତୋମାଦେର କାଗଜେ ଲିଖିତେ ବଲୋ ନା ।”

ଗଲା-ଧାକା ବଟେ ! କିନ୍ତୁ କି ସ୍ମରନ, କି ମିଷ୍ଟ, ପ୍ରତାଥ୍ୟାନ ! ଯେ ଆଶାୟ ଗିଯାଇଲାମ, ତାହାତେ ଛାଇ ଦିଯା, ସ୍ଵବୁନ୍ଧିର ମତ ତଥନଇ ବଲିଲାମ, “ଯେ ଆଜେ !”

ତୁ'ଜନେ ଆଡ଼ିଛ ହଟିଯା ବନ୍ଦିଯା ବହିଲାମ । ଅସାଧ୍ୟସାଧନ କରିତେ ପାରିଲାମ ନା । କିନ୍ତୁ ଆମାର ମନେ ହଟିଲ, ଫଁଡ଼ାଟା ଅର୍ତ୍ତ ଅଲ୍ଲେଇ କାଟିଯା ଗେଲ ।

ବକ୍ଷିମ ବାବୁ “ସାହିତ୍ୟ” ନମ୍ବରେ ତହିଁ ଚାରିଟି ପ୍ରସ୍ତୁତ କରିଲେନ । ମୁଁବି ବଲିଲ, “ସୁରେଶକେ ଆମରା ସମ୍ପାଦକ କରିଯାଇଛି” ।

ବକ୍ଷିମ ବାବୁ ଆମାକେ ବଲିଲେନ, “ତୋମାର ଦାଦା-ମ'ଶାୟ ଜାନେନ ?”

ଆମି ବଡ଼ ବିପଦେ ପଡ଼ିଲାମ । ଦାଦା-ମ'ଶାୟ ଜାନେନ କି ନା, ତାହା ଆମିଓ ଠିକ ଜାନିତାମ ନା । ତୁ'ହାକେ ଜିଜ୍ଞାସା କରି ନାହିଁ । ଏଥନ ଭାବି ଜିଜ୍ଞାସା କରିଲେ ଭାଲ ହଇତ । ଥୁବ ସମ୍ଭବ, ତିନି ଆମାକେ ଏମନ ଅନ୍ଧିକାର-ଚର୍ଚା କରିତେ ଦିତେନ ନା । ବାଡ଼ିତେଇ ଆଫିସ ଛିଲ । ଲୁକାଇବାର ଜିନିଷ ନୟ, ହୟ ତ ଶୁନିଯା ଥାକିବେନ, ବାରଣ କରେନ ନାହିଁ । ମୁଁବି ବଲିଲ, “ବୋଧ ହୟ, ତିନି ଜାନେନ ।”

বঙ্গিম বাবু আমাকে বলিলেন, “সে কি ? দেশের লোক তাঁর পরামর্শ নিয়ে কাজ করে, আর তুমি তাঁকে না বলে’ কাপড় বার করে’ ফেঁসে। তিনি শুন্লে রাগ করবেন না ?”

আমি বলিলাম, “বোধ হয় শুনেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি নি।”

বঙ্গিম বাবু বলিলেন, “দেখ, লেখা টেখা মন্দ নয়। কিন্তু তোমাদের এখন পড়া বার সময়—এতে অনেক সময় নষ্ট হয়। জীবিকার জন্মে ত কিছু করা চাই। এতে উপার্জনের আশা নাই। আমরা কলেজ থেকে বেরিয়ে এ সব কাজ করেছি। এই চাকরী করতে করতে লেখার জন্যে ছুটী নিয়ে এখন ভুগ্ছি। এতদিন পেন্সন নেওয়া যেতো,—আর ভাল লাগে না, শরীরও বয় না কিন্তু সেই ছুটিশুলো এখন পুষিয়ে দিতে হচ্ছে।”

বঙ্গিমবাবু তখনও পেন্সন গ্রহণ করেন নাই।—আমি নিরুত্তব। মূলী আমাকে উকার করিল। সে বলিল, “বিদ্যাসাগর মহাশয় ওদের দু' ভাট্টকে সুলে দেন নি। বাড়ীতে পড়ান”

বঙ্গিমবাবু বলিলেন, “কেন ? তাঁর নিজের স্কুল কলেজ রয়েছে, নাতীদের স্কুলে পড়ান না ? এর মানে কি ?”

মূলী বলিল, “তিনি ওদের সংস্কৃত পড়িয়েছেন। তাঁর মত, আগে সংস্কৃত পড়ে, পরে ইংরেজী পড়লে শীঘ্র শেখা দায়। ওরা বাড়ীতে পড়ে। তিনি বলেন, ভাল করে’ পড়া শুনা করে ওরা বাঙ্গলা লিখবে। তিনি নিজে সময় পান নি, যা সাধ ছিল, লিখতে পারেন নি। ওদের দিয়ে লেখাবেন।”

বঙ্গিম বাবু বলিলেন, “তবে ভাল।”

আমি যেন ইংক ছাড়িয়া বাচিলাম।

বঙ্গিম বাবু বলিলেন, “আমি লিখিতে পারিব না কিন্তু তোমা-
দের যথন যা জ্ঞানবাবু মরকায় হবে, জেনে বেও ; আমি অনেক
দিন ‘বঙ্গদর্শন’ চালিয়েছি। সব জানি। ম্যানেজারী পর্যাপ্ত।”

আমরা উঠিলাম। আবার বঙ্গিম বাবুর পদধূলি লইয়া ধীরে ধীরে
ফিরিলাম। “সাহিত্য”-র হৃত্তাগ্র ভাবিয়া নিরাশ হইয়াছিলাম, কিন্তু
বঙ্গিম বাবুর সন্দাশয়তায় মুক্ত-আনন্দে উৎকুল্প হইয়া গৃহে ফিরিলাম।

মুগ্গি বলিল, “একবাবে ‘যে আজ্ঞে’ বলে ফে়ে ? এদিকে
মুখে থই ফোটে, একটা কথা ও কইতে পারলে না ?”

আমি বলিলাম, তুমিই কোন্ পারলে ?”

সেই দিন হইতে তিনি দিন তিনবার্তি বঙ্গিম বাবুর Warning-
এর কথা ভাবিতে লাগিলাম। জীবিকা, দারিদ্র্য, বিফলতা,—
নানা শক্তায় মন বিকুল হইয়া উঠিল। আমি ঘড়ীর পেঁপুলমের
মত দু’দিকে দুলিতে লাগিলাম।

তৃতীয় রজনীর শেষ যামে স্থির করিলাম,—“যে কাজের স্তৰ-
পাতেই বঙ্গিম বাবু আমার ভবিষ্যৎ ভাবিলেন, অদৃষ্টে বাহা ঘটে,
মটুক, সে কাজ ছাড়িব না।”

বাগান হইতে বেল, জুই, চামেলী, গন্ধৰাজ, বকুলের গন্ধ
ভাসিয়া আসিতেছিল। চন্দ্রকিরণে মৃদু-বিভাসিত উষ্ণানের সৌম্য
শ্বাম শ্রী আমার স্বপ্নকে আরও সুন্দর করিতেছিল। কিশোর
বয়সের কলনা আশাৰ যবনিকাৰ আমার অক্ষমতা, বিফলতা

ঢাকিয়া রাখিয়াছিল। জীবন বিকল হইয়াছে, সে আশা ধূলার লুটাইয়াছে—কিন্তু অভীতের স্থৱি আছে। এখন আবার পক্ষে তাহাও স্মৃতি। জানি, পাঠকের পক্ষে নয়। কিন্তু সেই স্থৱির চিত্রশালা হইতে কুন্দের প্রতি বক্ষিম চন্দের শ্রেষ্ঠ, তাহার তুচ্ছ ঘটনা মনে করিয়া রাখিবার স্থৱি আজ আহরণ করিয়া দিলাম। বদি পাঠকের মনের মত ও সম্পাদকের অমূল্যত হয়, পরে আরও বলিব।

আমাদের যৌবনে পিতামহ ভীষ্মকে My dear friend বলিবার অধিকার বা শ্রদ্ধাভাজনকে সামোর সমতলে টানিয়া আনিয়া সমকক্ষভাবে ‘ভিজিট’ দিবার সীতি ছিল না। এই জগৎ একটা উপলক্ষ না জুটিলে বক্ষিম বাবুর নিকট যাইতে পারিতাম না। প্রথম প্রথম মাসে একবার করিয়া সে স্বয়োগ ঘটিত। ‘সাহিত্য’ বাহির হইলে বক্ষিম বাবুর জগৎ লইয়া যাইতাম। বক্ষিম বাবু প্রথমেই লেখক ও লেখিকাদের নাম দেখিতেন। নৃতন নাম দেখিলে পরিচয় জিজ্ঞাসা করিতেন।

“সাহিত্য” “বক্ষিমচন্দ্র” শিরোনামে অনেকগুলি ‘সনেট’ ছাপা হইয়াছিল। কবি বক্ষিম বাবুর উপন্থাসের নায়ক-নায়িকাদের প্রাপ্ত প্রতোকের উপর এক একটা সনেট লিখিয়াছিলেন। সনেটগুলি নীচে কাহারও স্বাক্ষর ছিল না। মলাটে নাম ছিল।

একদিন অপরাহ্নে বক্ষিম বাবুর সহিত দেখা করিতে গিয়াছি। তখন একটু প্রশ্ন পাইয়াছি। সাহস হইয়াছে। মাঝে মাঝে দেখা করিতে যাই। বক্ষিম বাবু সে দিন পূর্বকথিত বৈঠকখানায় বসিষ্য।

ছিলেন। আমাকে দেখিয়াই বলিলেন—“এস, ভাল, ত ?” আমি প্রণাম করিলাম। বঙ্গিম বাবু বলিলেন “বঙ্গিমচন্দ্র আমার বেশ লাগি কথায় কথায় ভাষার কথা উঠিল’। বঙ্গিম বাবু বলিলেন, ‘তোমরা কি ভবে লেখকদের লেখা কাটো না ? আমি ত বঙ্গদর্শনে’র অনেক প্রবন্ধ নিজে আবার লিখিয়া দিবেছি বলিলেও চলে। আমরা যাচা লিখিতাম, তাহাটি সুন্দর করিয়া লিখিবার চেষ্টা করিতাম। এখন লেখকেরা এ দিকে বড় উদাসীন। তোমাদের ‘সাহিত্য’ও দেখি,—অনেক প্রবন্ধ দেখিয়া মন হয়, একটু অদল বদল করিলে, কাটিয়া ছাঁটিয়া দিলে বেশ হয়। কেন কর না ? লেখকেরা কি রাগ করেন ?”

আমি বলিলাম, “আমরা পাবি না ; জানি না। আপনা আপনির লেখা দেখিয়াও দি। তাহার পরও ঐরকম থাকিয়া থায়। সকলের লেখা কাটিতে সাহস হয় না।”

বঙ্গিমবাবু।—“তাহা হইলো কেমন করিয়া কাজ চলিবে ? এই জন্মই বঙ্গদর্শনে’র আমোলে আমাকে বড় থাটিতে হইত। আমি খুব ভাল করিয়া ‘রিভাইজ’ না করিয়া কাহারও কাপি প্রেসে দিতাম না। চন্দনাথের শকুন্তলা দেখেছে ত ; চন্দ্র একে-বারে ‘বাঙালা অক্ষরে ইংরেজী লিখেছেন।—খুব থাটিতে হয়েছিল। আমাদের সময়ে এজন্ত কেউ ত রাগ করতেন না—তবু এখনও শকুন্তলায় ইংরেজী গন্ধ আছে।”

আমি বলিলাম “আপনাদের আলাদা কথা।”

বঙ্গিমবাবু।—“ও কাজের কথা নয়। পরিশ্রমকে ভুল করিও

তাকিয়া রাখিয়াছিল। জীবন বিদল হইয়াছে, সে আশা ধূলার সুটাইয়াছে—কিন্তু অতীতের স্মৃতি আছে। এখন আমার পক্ষে তাহা ও সুন্দর। জানি পাঠকের পক্ষে নয়। কিন্তু সেই স্মৃতির চিত্রশালা হইতে ক্ষুদ্রের প্রতি বঙ্গিম চল্লের ম্লেচ, তাহার তুচ্ছ হটলা মনে করিয়া রাখিবার স্মৃতি আজ আহরণ করিয়া দিলাম। বদি পাঠকের মনের মত ও সম্পাদকের অন্যমত হয় পরে আরও বলিব।

আমাদের মৌবনে পিতামহ ভৌগলকে My dear friend বলিবার অধিকার বা শ্রদ্ধাভাজনকে সামোর সমতলে টানিয়া আনিয়া সমকক্ষভাবে 'ভিজিট' দিবার রীতি ছিল না। এই জন্য একটা উপলক্ষ না জুটিলে বঙ্গিম বাবুর নিকট যাইতে পারিতাম না। প্রথম প্রথম মাসে একবার করিয়া সে স্থৰ্যোগ ঘটিত। "সাহিত্য" বাহির হইলে বঙ্গিম বাবুর জন্য লইয়া যাইতাম। বঙ্গিম বাবু প্রথমেই লেখক ও লেখিকার নাম দেখিতেন। নৃতন নাম দেখিলে পরিচয় জিজ্ঞাসা করিতেন।

"সাহিত্য" "বঙ্গিমচন্দ্র" শিরোনামে অনেকগুলি 'সনেট ছাপা হইয়াছিল। কবি বঙ্গিমবাবুর উপন্যাসের নায়ক-নায়িকাদের প্রায় প্রতোকের উপর এক একটী সনেট লিখিয়াছিলেন। সনেটগুলির নীচে কাহারও স্বাক্ষর ছিল না। মলাটে নাম ছিল।

একদিন অপরাহ্নে বঙ্গিমবাবুর সহিত দেখা করিতে গিয়াছি। তখন একটু প্রশ্ন পাইয়াছি। সাহস হইয়াছে। মাঝে মাঝে দেখা করিতে যাই। বঙ্গিম বাবু সে দিন পূর্বকথিত বৈঠকখানায় বসিয়া ছিলেন। আমাকে দেখিয়াই বলিলেন,—“এস, তাল ত?” আমি প্রণাম করিলাম। বঙ্গিম বাবু বলিলেন, ‘‘বঙ্গিমচন্দ্র আমার বেশ লাগিয়াছে। তুমি ত বেশ কবিতা লিখিতে পার। এ কথা ত আগে আমায় বল নাই? আমি বলিলাম, “আজ্জে। আমি লিখি নাই”।

বঙ্গিমবাবু একটু হাসিয়া বলিলেন, “উহাতে নাম নাই দেখিঙ্গ।

আমি মনে করিয়াছিলাম,—সম্পাদকের লেখা ; না, তুমি নজর
করিতেছ ?”

আমি সেই কবিতাগুলির লেখক হইলে বঙ্গিমবাবুর প্রশংসা-
চুক্তি আয়সাং করিতে পারিতাম। সে সৌভাগ্য না হউক, আমি
সনেটগুলি বঙ্গিমবাবুর ভাল লাগিয়াছে শুনিয়া একটু গর্বের,
একটু গৌরবের স্থুৎ ভোগ করিতেছিলাম। কারণ, যাহার লেখা
তাহার গৌরবে আমারও আনন্দিত হইবার কথা ছিল। প্রথম
জীবনে পরিবারের বাহিরে আমরা যে বৃহত্তর পরিবারের রচনা
করি, লেখিকা সেই পরিবারের একজন ছিলেন, আমাকে দাদা
বলিতেন।

বঙ্গিম বাবু আমাকে আবার জিজ্ঞাসা করিলেন, “কে
লিখিয়াছেন ?”

আমি তাড়াতাড়ি বলিয়া ফেলিলাম, “পুঁটীর লেখা”।

বঙ্গিম বাবু হাসিতে হাসিতে বলিলেন, “পুঁটী ? পুঁটী কে ?”

আমি অপ্রতিভ হইয়া বলিলাম, “সরোজকুমারী দেবীর লেখা,
বাড়ীতে পুঁটী বলিয়া ডাকে,—মূরীর বোন !”

বঙ্গিম বাবু।—“ঘনশ্যামের মেঝে !”

আমি।—“না, মথুর বাবুর মেঝে ,”

বঙ্গিমবাবু বলিলেন, “মথুর বাবুর মেঝে ? তুমি পুঁটী বলে
ডাকো, তা হলে তোমাদের চেয়ে ছোট ?”

আমি।—“আজেই হাঁ—চৌদ্দ পনর বছরের বেশী বয়স নয়।”

বঙ্গিমবাবু খুব আনন্দ প্রকাশ করিলেন, বলিলেন, “বেশ

ক্ষমতা আছে, রীতিমত চৰ্চা রাখ্লে—ভবিষ্যতে ভাল হবে। তুমি তাকে বলো, আমাৰ খুব ভাল লেগেছে”।

আমি আবাৰ একটী “আজ্জে” বাহিৰ কৰিলাম। বঙ্গিম বাৰু আবাৰ বলিলেন, “আমাৰ বইগুলি এত ভাল কৰে পড়েছে; আমাৰ উপন্থাসেৰ নায়ক নায়িকাদেৱ নিয়ে এতগুলি কবিতা লিখেছে, এতে আমাৰ আনন্দ হবে, এ কিছু বেশী কথা নয়; আমাৰ নিজেৰ কথা এমন কৰে’ কেউ লিখ্লে, খাৰাপ হলেও হয়ত ভাল লাগতো, কি বল ? সে জন্ত ত আমাৰ আহ্লাদ হবেই, আৱ তা বলতেই বা দোৱ কি ? কিন্তু আমি সে কথা বলছি না, সতাই এৰ কবিতা লেখবাৰ ক্ষমতা আছে, কবিতাগুলি বেশ হয়েছে; তুমি তোমাদেৱ পুঁটীকে বলো, আমাৰ খুব ভাল লেগেছে। আমাৰ আশীৰ্বাদ জানিও !”

আমি বলিলাম, “বলিব। পুঁটী শুন্লে খুব খুন্মী হবে। মেদিন বিহারী বাৰুও কবিতা গুলিৰ প্ৰশংসা কৰিলেন।”

বঙ্গিমবাৰু বলিলেন,—“কোন্ বিহারীবাৰু ?”

আমি বলিলাম, “সারদা-মঙ্গলেৱ বিহারী চক্ৰবৰ্তী।”

বঙ্গিমবাৰু। “তাঁৰ সঙ্গে তোমাৰ আলাপ আছে ? তিনি কি কৰেন ?”

আমি যাহা জানিতাম, বলিলাম। বিহারী বাৰু পৌৰহিতা কৰিতেন, এ প্ৰশ্নেৰ উভয়ে উহাই বলিতে হয়, তাই বলিয়াছিলাম। কিন্তু “সারদা মঙ্গলেৱ” কবি, আমাৰ মনে হয়, সংসাৱেৰ কিছুই কৰিতেন না। তিনি কৰিতেন, সাহিত্যেৰ পৌৰহিত্য। গুৰু-

দেব হইবার রীতিমত বন্দোবস্ত ও সরঞ্জামও ছিলনা ; ধনী ছিলেন না,—অভাবও ছিল না ; সৌভাগ্যক্রমে স্বরে সন্তুষ্ট ও তাঁহার গুরু বিদ্যাসাগরের মত “স্বাতন্ত্র্য শে” কুল কাঁটা ছিলেন। যজমান প্রতিপালন করিয়া মঠ গড়িয়া ভক্তিশুদ্ধার ‘ব্যাপারে’র জন্য আড়তও করেন নাই। তাঁহার নিমতলার বাড়ীর নীচের ভাঙ্গাঘরে দুই চারি জন যজমানের সমাগম হইত। তিনি সাহিত্যে মস্তুল হইয়া থাকিতেন। তাঁহার কাব্যারদের যজমানের মধ্যে সে সময় প্রধান ছিলেন, সাহিত্য-রসিক প্রিয়নাথ সেন ও কবিবর অক্ষয়কুমার বড়াল। চক্রবর্তী মহাশয় তত্ত্বপোম বাজাইতেন। সে তত্ত্বপোমে একখানা মাদুরও ছিল না। আর নিজের কথাবার্তায়, আচারে, বাবহারে, মন্তব্যে “তোক্গে সে এ বস্তুমতী যার সুখী তার” এই উক্তির বার্থার্থ প্রতিপন্থ করিতেন। বেহারী বাবু বঙ্গ বাবুর প্রতি বড় প্রসন্ন ছিলেন না। আমি মনে করিয়াছিলাম, বেহারী বাবুর কাছে যেমন বঙ্গিমবাবুর কথা শুনি বঙ্গিমবাবুর মুখেও হয়ত তত উচ্চগ্রামে না হউক—কিছু শুনিব কিন্তু বঙ্গিমবাবু বিহারীবাবুর দুই একটা গল্প শুনিয়া বলিলেন, “জীবনেও Poet ! ইহাকেই বলে কবি। গুৰু সদানন্দ লোক ত !”

আর একদিন সকালে বঙ্গিমবাবুর বাড়ীতে গিয়াছিলাম ; সে দিন বঙ্গিমবাবু দ্বিতলে, উত্তরের একটি ঘরে বসিয়াছিলেন। একটা সেক্রেটেরিয়েট টেবিলের সম্মুখে উত্তরদিকে একখানি চেয়ারে বসিয়াছিলেন। টেবিলের অপর পার্শ্বে দুই তিনখানি

চেয়ার, পশ্চিমে ছুটী আলমারী। উত্তর ও পশ্চিমের জানালা উন্মুক্ত। বঙ্গমবাবু তামাক খাইতেছিলেন। একটা ছোট গড়গড়া, তাহাতে দীর্ঘ কাঠের নল। দেখিলাম, সচরাচর লোকে নলের যে দিকটা গুড়গুড়িতে লাগায়, বঙ্গমবাবু সেই দিকটাই তামাক খাইতেছেন। অপর দিকটা গড়গড়ার রক্ত মুখে সন্নিবিষ্ট। আমি মনে করিলাম, বুঝি ভুলিয়া উল্টাদিকটা মুখে দিয়াছেন। কিন্তু পরে দেখিলাম, তাহা নয়, নলটা খুলিয়া টেবিলে রাখিলেন। আবার মুখে দিবার সময় দেখিয়া উল্টাদিকটাট মুখে দিলেন।

বঙ্গমবাবুর টেবিলে চায়ের পেয়ালা ছিল। বঙ্গমবাবু পেয়ালাটা ভুলিয়া লইয়া জিজ্ঞাসা করিলেন,—“চা থাবে?”

আমি বলিলাম, “থাক,—আপনার চা ত হইয়া গিয়াছে।”—
বঙ্গমবাবু বলিলেন, “থাও ত?—মূরলী!”

মূরলীধর হাজির হইল! বঙ্গম বাবু আমার জন্য চা আনিতে বলিলেন।

মূরলী, বঙ্গম বাবুর সেই খানসামা।—প্রথম দর্শনেই যাহার সহিত আমার দ্বন্দ্ব বাধিয়াছিল। পরে তাহার সহিত আমার আপোষ হইয়া গিয়াছিল; মূরলীর সঙ্গে আমার একটু ‘প্রেম’ও হইয়াছিল। বঙ্গমবাবুর মৃত্যুর পর সে ভবানীপুরের উকিল হেমেন্দ্র নাথ মিত্র মহাশয়ের বাড়ীতে ছিল। মূরলী আর ইচ্ছ লোকে নাই,—বোধ হয় আবার বঙ্গম বাবুর তামাক সাজিতেছে, যদি নরক হইতে স্বর্গ পর্যন্ত টুম হইয়া থাকে, এবং যমদূতকে সাধিয়া ছুটা পাই,

তাহা হইলে বঙ্গিমবাবুর সঙ্গে দেখা করিতে যাইবার ইচ্ছা আছে। তখন মুরলী ধার ছাড়িয়া দিবে, হাসিমুথে 'আস্ত্রন' বলিবে, এবং লুকাইয়া তামাক সাজিয়া দিবে সে বিষয়ে আমার সন্দেহ নাই।

কথায় কথায় ভাবার কথা উঠিল। বঙ্গিম বাবু বলিলেন, “তোমরা কি তরে লেখকদের লেখা কাটো না ? আমি ত বঙ্গদর্শনের অনেক প্রবন্ধ নিজে আবার লিখিয়া দিয়েছি বলিলেও চলে। আমরা যাহা লিখিতাম তাহাই সুন্দর করিয়া লিখিবার চেষ্টা করিতাম। এখন লেখকেরা এ দিকে বড় উদাসীন। তোমাদের 'সাহিত্যে'ও দেখি,—অনেক প্রবন্ধ দেখিয়া মনে হয়, একটু অদল বদল করিয়া কাটিয়া ছাঁটিয়া দিলে বেশ হয়। কেন কর না ? লেখকেরা কি রাগ করেন ?”

আমি বলিলাম, “আমরা পারি না ; জানি না। আপনা আপনির লেখা দেখিয়াও দি। তাহার পরও ঐরকম থাকিয়া যাব। সকলের লেখা কাটিতে শাহস হয় না।”

বঙ্গিমবাবু।—“তাহা হইলে কেমন করিয়া কাজ চলিবে ? এই জন্যই বঙ্গদর্শনের আমোলে আমাকে বড় খাটিতে হইত। আমি থুব ভাল করিয়া 'রিভাইজ' না করিয়া কাহারও কাপি প্রেমে দিতাম না। চন্দনাথের শকুন্তলা দেখেছ ত, চন্দ্র একে-বাবে বাঙালা অক্ষবে ইঠাজী লিখেছিলেন।—থুব খাটিতে হয়েছিল। আমাদের সময়ে এজন্য কেউ ত রাগ করতেন না—তবু এখনও শকুন্তলায় ইঠেজী গন্ধ আছে।”

আমি বলিলাম, “আপনাদের আলাদা কথা।”

বঙ্গিমবাবু।—“ও কাজেৰ কথা নৱ। পৰিশ্ৰমকে ভয় কৰিও না। এক খুব লিখিতে লিখিতে লেখা যায়। আৱ এক পৰেৱে লেখা কাটিয়াও নিজেৰ লেখা পাকে তা জান ?”

আমি।—“আমৰা পাৰিব কেন ?”

বঙ্গিম বাবু বলিলেন, “তোমৰাও কৰ। আমি এক রাজকুমাৰ ছাড়া কাৰও লেখা ভাল কৰে’ না দেখে’ প্ৰেসে দিই নি। রাজকুমাৰ বড় সুন্দৰ বাঙ্গলা লিখিতেন। দিবি ঝৰুৰে বাঙ্গলা।—জনন্তুম্ তাৰ লেখা প্ৰফে একটু কেটে’ কুটে দিলেই যথেষ্ট হবে।”

“শকুন্তলা” বঙ্গবিশ্বাত সমালোচক ও মনীষী শ্রদ্ধাস্পদ চন্দ্ৰনাথ বসুৰ “শকুন্তলা-তত্ত্ব।” বোধ হয়, না বলিলেও চলিত। কিন্তু এখনকাৰ লেখকেৱা ও পাঠকপাঠিকাৰা প্ৰাচীন গ্ৰন্থকাৰেৰ কোনও গ্ৰন্থটো ত প্ৰায় পড়েন না। এট জন্য এখনকাৰ সাহিত্যৰ সঙ্গে তথনকাৰ—বিশ পঁচিশ বৎসৱেৰ সাহিত্যৰও যেন কোনও প্ৰাণেৰ বোগ নাই। গত পুজুৰেৰ দুপতিৰা যে বনিয়াদ কৰিয়া-ছিলেন, তাহা পড়িয়া আছে; তাহাৰ উপৰ শৈবাল ও আগাঢ়া জন্মিতেছে। এখন যাহাৰা গড়িতেছেন, তাহাদেৱ তনেকেই বালীৰ উপৰ খেলা-বৰেৰ পত্ৰন কৰিতেছেন।

বঙ্গিম বাবুৰ রাজকুমাৰ স্বনামধৰ্য, বাঙ্গলাৰ প্ৰথম ইতিহাসকাৰ শ্ৰীযুত রাজকুমাৰ মুখোপাধ্যায়। বঙ্গিমবাবু তাহাকে বড় ভাল বাসিতেন। রাজকুমাৰবাবুৰ দীশকিৰ গবেষণাৰ, রচনাৰ, মধুৰ পৰিত্ব চৰিত্ৰেৰ প্ৰশংসা তাহাৰ মুখে অনেকবাৰ শুনিয়াছি, হচ্ছ একবাৰ সেই প্ৰতিভা-দীপ্তি উজ্জ্বল নয়নেৰ কোণে দুই এক বিন্দু

অশ্রুর উদ্ঘামও দেখিয়াছি। রাজকুষ্ঠ বাবুর ক্ষেত্র “বাঙ্গালাৰ ইতিহাস” বাঙ্গালা সাহিত্যেৰ গোৱব। তাহাই আমাদেৱ ইতিহাসেৰ ভাগোৱে প্ৰথম “বিধি-দত্ত ধন”। তাহাৰ “নানা প্ৰবন্ধ” বাঙ্গালী এখন পড়েন কি না জানি না; কিন্তু আমৱা এখনও পড়ি। রাজকুষ্ঠৰাবুই প্ৰথমে বিশ্বাপত্তিকে সাহস কৰিয়া ‘বাঙ্গালী’ বলিয়াছেন। বিশ্বাপত্তি তাহাৰ বড় প্ৰিয় ছিল। রাজকুষ্ঠৰাবু বিশ্বাপত্তিৰ মিথিলাকে তথনকাৰ বাঙ্গালাৰ সামিল কৰিয়া মৈথিল কৰিকে বাঙ্গালী বলিতেন। বঙ্গিমেৰ পতাকামূলে স্বদেশেৰ রঞ্জে-ক্ষাৰেৰ জন্য যাতাৰা সমবেত হইয়াছিলেন রাজকুষ্ঠ তাহাদেৱ অন্যতম। আমৱা যেন এই সকল পুণ্যশোককে কথনও না ভুলি। বৰ্তমানেৰ দীপ্তি অতাস্ত উজ্জল, মনোৱম, সন্দেহ নাই কিন্তু অতীতেৰ অনুকাৰও পৰিব্ৰজা; বৰ্তমান অতীতকে আবৱণ কৰিয়া যে যৰনিকা বিস্তৃত কৰিতেছে, তাহাৰ অস্তৱালে আমাদেৱ পূৰ্বগামীদেৱ বহু-সংশ্লিষ্ট বহু আছে, তাহা যেন আমৱা ভুলিয়া না যাই।

এই দিন বঙ্গিম বাবুকে জিজ্ঞাসা কৰিলাম, - “আপনি কি বিশেষ্যেৰ লিঙ্গ তাহুসাবেৱ বিশেষণেৰ লিঙ্গ দেন? আপনাৰ লেখাৰ কোথাও কোথাও এই বৰকম দেখিতে পাই; সৰ্বত্র নৱ।” বঙ্গিম বাবু আপনাৰ দক্ষিণ কৰ্ণে দক্ষিণ হস্তেৰ তজ্জনী স্থাপন কৰিয়া বলিলেন, —“কান। আমাৰ প্ৰমাণ - কান। যা কানে তাল লাগে, তাটি লিখি, অত নিয়ম মণিতে গেলে চলে না।” আমৱা আজ কাল এই নিয়মেই চলিতেছি। সৰ্বত্র কানট

ଆମାଦେର ଅନେକେର ଏକମାତ୍ର ପ୍ରମାଣ ବଟେ ; କବିତାର ତ କଥାଇ ନାହିଁ ; ତବେ ତାହା ସନ୍ତ୍ଵତ ହୁଓଇ ଚାହିଁ । ଯାହା କାନେର ଜୟ ରଚା ହସ୍ତ, କାନ ପର୍ଯ୍ୟନ୍ତରେ ଯାହାର ଗତି, କାନେଇ ତାହାର ଶିତି, ଏବଂ କାନେଇ ଯାହାର ଚରମ ପରିଣତି ବା ଜୀବବ୍ୟକ୍ତି, ତାହା ପ୍ରମାଣେର ଜୟ କାନ ଭିନ୍ନ ପ୍ରାଣେର ଅପେକ୍ଷା କରିବେ ନା । ତବେ ଏକଟା ମନେ ରାଖିଲେ ମନ୍ଦ ହସ୍ତ ନା,—ଆମରା ସକଳେଇ ବକ୍ଷିମଚଞ୍ଜଳେର କାନ ଲାଇୟା ଜନ୍ମଗ୍ରହଣ କରି ନାହିଁ, ଆମାଦେର କାନ ସନ୍ତ୍ଵତଃ ବକ୍ଷିମଚଞ୍ଜଳେର କାନେର ଅପେକ୍ଷା ଏକଟୁ ‘ଦୀର୍ଘ’ । ତବେ ହସ୍ତ-ଦୀର୍ଘ ଜ୍ଞାନର ଅବଶ୍ୟ ବିଧାତା ନିଜେର ଓଜନେ ଦୁନିଆୟ ଦାନ କରିଲା ଥାକେନ । ତାହା ନା ହଇଲେ, ଏହି କୟାଟା କଥା ବଲିବାର ଜୟ ଏତଟା ଶାନ ନାହିଁ କରିତାମ ନା ।



৩

১২৯৮ সালেৰ কথা বলিতেছি । মূল্লী আমাকে অঞ্জকোর্ড হইতে লিখিলেন, আমৰা বঙ্গিমবাবুৰ বহিগুলিৰ ইংৰাজী অনুবাদ কৱিয়া ছাপিতে চাই । তুমি অনুমতি লইবাৰ চেষ্টা কৰ ।

তখন অঞ্জকোর্ডে একট সাহিত্য-সভা ছিল । মূল্লী প্ৰভৃতি সেই সভায় যোগ দিয়াছিলেন । ইংৰেজ ছাত্ৰেৰা তাহাদেৱ দেশেৰ ও ইউৱোপেৰ প্ৰতিভাশালী গ্ৰন্থকাৰদেৱ রচনা পড়িয়া শুনাই-তেন । বাঙালী ছাত্ৰেৰা তাহাদেৱ কবি ও উপন্যাসিকদিগেৰ রচনাৰ অনুবাদ কৱিয়া বিদেশী সভ্যদিগকে তপ্ত কৰিতেন । চণ্ডীদাস, গোবিন্দদাস, বিদ্যাপতি প্ৰভৃতিৰ কবিতা ও বঙ্গিমচন্দ্ৰেৰ কম্বেক-ধানি উপন্যাসেৰ অনুবাদ শুনিয়া বিদেশী ছাত্ৰেৰা মুগ্ধ হইয়াছিলেন । তাহারা বাঙালী সভীয়দিগকে বলিয়াছিলেন, তোমাদেৱ দেশেৰ প্ৰতিভাশালী গ্ৰন্থকাৰদিগেৰ রচনা ইংৰেজী ভাষায় অনুবাদ কৱিয়া ছাপাও না কেন ? আমাদেৱ ভাষায় সকল দেশেৰ বড় বড় কবি ও লেখকদেয় রচনাৰ অনুবাদ হয় । কিন্তু তোমাদেৱ দেশেৰ সাহিত্যেৰ পৱিচয় নাই । এই সভা হইতে, অন্ততঃ সভ্যদেৱ ব্যবহাৰেৰ জন্য, কিছু কিছু ছাপাইবাৰ ব্যবস্থা কৰ ।

তাই মূল্লী আমাকে বঙ্গিমবাবুৰ অনুমতিলাভেৰ চেষ্টা কৰিতে লিখিয়াছিলেন । আমিও উৎসাহিত হইয়া, পৰদিন প্ৰভাতে বঙ্গিমবাবুৰ বাড়ীতে যাত্রা কৱিলাম ।

বঙ্গিমবাবু দ্বিতনে, উত্তৰেৰ ঘৰে বসিয়াছিলেন । এই ঘৰটিই তাহার study ছিল । বঙ্গিমবাবু তামাক খাইতেছিলেন ।

দে দিন তাহাকে বেশ প্রসন্ন দেখিব। আমি তাহাকে মূলীর চিঠির কথা বলিলাম।

অক্ষফোর্ডের—মোক্ষমূলৰের উক্ততোরণের মনীমী ও সাহিত্য বসিক ছাত্রসম্পদার অনুবাদে বক্ষিমবাবুৰ উপন্থামের আস্তাদ পাইয়া ছাপাইবার অনুরোধ করিয়াছিলেন, ইহাতে আমরা একটু গর্ব অনুভব করিয়াছিলাম। জাতিৰ গৌৱন মনে করিয়া প্রফুল্ল হইয়াছিলাম। মনে করিয়াছিলাম, শুনিয়া বক্ষিমবাবুও আনন্দিত হইবেন। কিন্তু বক্ষিমবাবুৰ কোনও ভাবান্তর দেখিলাম না। তিনি আনন্দ প্রকাশ করিলেন না, সম্মতিও দিলেন না! আমি অত্যন্ত নিরংসাহ হইয়া বলিলাম, “কেন?”

বক্ষিমবাবু গড়িয়াৰ কাঠেৰ নলটি মুখ হইতে নামাইয়া স্থিত-মুখে বলিলেন, “না।”

আমি বলিলাম, “মূলীৰ আশা করিয়া লিখিয়াছে। তাহারা দৃঢ়থিত হইবে:—হয় ত বিদেশী সহপাঠীদিগেৰ কাছে অপ্রস্তুত হইবে। ইহাতে আপনাৰ ক্ষতি কি?”

বক্ষিমবাবু বলিলেন, “আমি আমেক ভাবিয়া দেখিয়াছি। একবাৰ মনে করিয়াছিলাম, আমাৰ বচিশুলিৰ ইংৰাজী করিয়া ছাপাইব। পৰে স্থিৰ করিয়াছি, না ছাপাই ভাল।”

আমি বিশ্বিত হইয়া বলিলাম, “কেন?”

বক্ষিমবাবু বলিলেন, “ৱমেশ তখন বিলাতে ছিলেন। আমি তাহাকে বিলাতেৰ Publisherদেৱ সঙ্গে পৰামৰ্শ কৰিতে লিখিয়াছিলাম। উভয়ে ৱমেশ লিখিলেন, Publisherৰা নিজেৰ

খরচে বঙ্গালা উপন্থাসের অনুবাদ ছাপিতে চায় না। বিলাতে এখন Problem লইয়া উপন্থাস লিখিবার হজুক চলিবেছে। লোকে তাই পড়ে ও তাই কোনো। এ সময়ে অন্য উপন্থাস ছাপিলে লাভ হইবেনো। রমেশের মঙ্গে এ সমক্ষে আমার চিঠি-পত্র চলিয়াছিল।”

রমেশ—স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত। বঙ্কিমবাবুর সহিত তাহার ঘনিষ্ঠতা ছিল। রমেশবাবুকে অনেকবার বঙ্কিমবাবুর বাড়ীতে দেখিয়াছি। উভয়ে মস্তুল লইয়া নানা বিসর্গের আলোচনা করিতেন।

আমি বলিলাম,—“মুন্মীরা নিজের খরচে ছাপিবে। আপনি যে রকম বন্দোবস্ত করিতে বলিবেন, আমি সেই রকম করিতে লিখিব।

বঙ্কিমবাবু একটু চাসিয়া স্নেহপূর্ণস্বরে বলিলেন ‘তোমার যে বড় আগ্রহ ! তুমি ও দুঃখিত হইতেছ। কিন্তু আগে সব শোন, শুধু লাভ-লোকসানের কথা নয়। আমি মনে করিয়াছিলাম, নিজেই ছাপিব। তোমাকে বলি —আমার দুটি একখানা উপন্থাসের ইংরাজী অনুবাদ হইয়াছে। তাহা আমার পছন্দ হয় নাই ! আমি নিজে অনুবাদ করিব, ঠিক করিয়াছিলাম। আমার শেষের উপন্থাস কয়খানা যে উদ্দেশ্যে লিখিয়াছিলাম, সেই উদ্দেশ্যের জন্যই উহাদের অনুবাদ করিব —তা বিয়াছিলাম ! এই দেখ—”

বঙ্কিমবাবু চেয়ার হইতে উঠিলেন ; দরের পশ্চিমদিকে একটি আলমারীর দিকে অগ্রসর হইলেন ; আলমারী দুলিয়া সকলকার

উপরের তাক হইতে একখানি বড় বাঁধান থাতা বাহির করিয়া আমাকে দিলেন।

আমি দেখিলাম, দেবী চৌধুরাণীর অম্ববাদ !

বঙ্গিমবাবু বলিলেন, “দেখ, কত খাটিয়াছি। অম্ববাদ করিয়াছি। কাটিয়া কুটিয়া আবাব ‘দেয়ার’ করিয়াছি। তাহার পর বাঁধাইয়া তুলিয়া রাখিয়াছি।—”

আমি সাগ্রহে বলিলাম, “তবে এইখানিটি দিন !”

বঙ্গিমবাবু বলিলেন, ‘না ; আমি বিলাতি Publisherদের কাছে খেকে estimate পর্যন্ত আনাইয়াছিলাম। শেষে ভাবিয়া দেখিলাম ছাপাইয়া কোনও লাভ নাই। ইংরেজরা আমার উপন্থাস বুঝিতে পারিবে না।’

আমি বলিলাম “সে কি ? অক্সফোর্ডের শিক্ষিত ছাত্রদের ভাল লাগিল, ইংরেজ পাঠকের ভাল লাগিবে না ?”

বঙ্গিমবাবু মৃহু মৃহু হাসিতে দানিতে মাথা নাড়িতে লাগিলেন। আমার হাত হইতে দেবী চৌধুরাণীর পাঞ্জুলিপির গাতাখানি লইয়া পাতা উণ্টাইয়া দেখিতে লাগিলেন। বঙ্গিমবাবু একবাব খাতা হইতে মুখ তুলিয়া আমার দিকে চাহিলেন ; আমি অমনই স্বয়েগ পাইয়া, মিনতি করিয়া, আস্তার করিয়া বলিলাম, “একবাব পরথ করিয়া দেখিলে হয় না—ভাল লাগে কি না ?—তাহারা কি বলে ?”

বঙ্গিমবাবু বলিলেন, “শুধু তাঁরদের ভাল লাগিবে না—নয় ; তাহারা গালাগালি দিবে !”

আমি বিস্তি হইয়া বলিলাম, “গান্ধাগালি দিবে ?”

বঙ্গিমবাবু বলিলেন “হা । এই দেবীর কথাই ধর । আমি খুব ভাবিয়া চিন্তিয়া দেখিয়াছি । এই ব্রজেশ্বরের বিষের কথা কি উহারা বুঝিতে পারিবে ? Poligamy বলিয়া চীৎকার করিবে । আমি কেন ব্রজেশ্বরের তিনটা বিবাহ দিয়াছি, তাহার উদ্দেশ্য কি তাহা বিজ্ঞাতের লোক বুঝিবে না । তোমাদের দেশেও ত ‘বহুবিবাহ’ দেখিয়াই কেহ কেহ শিহরিয়া উঠিয়াছে ।”

আমি তবু নিরস্ত হইলাম না ; সাহস করিয়া বলিলাম, “তাহা ত পুস্তকের ভূমিকায় বুঝাইয়া দিলে হয় ।”

বঙ্গিমবাবু বলিলেন, “তোমাদের আদ্বার রাখিতে পারিলে আমি খুস্তী হইতাম । কিন্তু আমি এখন ইংরাজীতে আমার বই বাহির করিব না । তোমাদের অনুরোধ রাখিতে পারিলাম না—কিছু মনে করিও না ।”

আমি নিরাশ হইয়া ফিরিলাম, এবং মুস্তীকে বঙ্গিমবাবুর প্রত্যাখ্যানের কথা লিখিয়া দিলাম । Private circulation-এর জন্য ছাপিবারও বঙ্গিমবাবু অনুমতি দিলেন না ।

জুঁথের বিষয় এই যে, বঙ্গিমবাবুর কৃত “দেবী চৌধুরাণী”-র অনুবাদ হারাইয়া গিয়াছে । আমি বঙ্গিমবাবুর দ্বিতীয় দৌহিত্র, মেহতাজন শ্রীমান পূর্বেন্দুমুন্দরকে দেবীর অনুবাদ ছাপিতে বলি । তিনি পাত্রলিপি খুঁজিয়া পান নাই ।

গ্রন্থকারের নিজের অনুবাদটি নষ্ট না হইলে, তাহা ভবিষ্যৎ অনুবাদকদিগকে পথনির্দেশ করিতে পারিত ।

সাহিত্যের প্রাণ স্বদেশী। তাহাতে সার্বভৌমিক ভাবও থাকে। তবু এক দেশের সাহিত্য অন্য দেশের আদর্শ হইতে পারে না। বঙ্গিমবাবু আমার মত নাবালকের নিকট তাহার আপত্তির সমস্ত কারণ নির্দেশ করেন নাই। একটা স্থল দৃষ্টান্ত দিয়া আমাকে নিরস্ত করিয়াছিলেন। এসম্বলে আর কাহারও সহিত তাহার কথা হইয়াছিল কি না, বলিতে পারি না। বঙ্গিমবাবু বলিয়াছিলেন, “এখন টংবেজীতে আমার বই বাহির করিব না।” তিনি কি অন্তর্কুল সময়ের প্রতীক্ষা করিতেছিলেন? তাহার সমস্ত উপন্যাস ত উদ্দেশ্যমূলক নয়। সেগুলির অন্তবাদ করিবার অনুমতি দিলেন না কেন?

এখন একটা কথা মনে হইতেছে। বঙ্গিমবাবু খাঁটী ‘স্বদেশ’ ছিলেন। তিনিট প্রথম বাঙালীকে ‘স্বদেশ’ দেখাইয়া ও চিনাটক দিয়াছিলেন। স্বদেশের জন্মট লিখিতেন। শেষ জীবনে নিষ্কাম ধর্মের ও নিষ্কাম কর্মের প্রচারক হইয়াছিলেন। তাহার সাহিত্য সেবা ও নিষ্কাম ও উদ্দেশ্যমূলক ছিল। সে উদ্দেশ্য প্রধানতঃ দেশমধোই আবক্ষ ছিল। যাহা দেশের বস্ত, দেশে সার্থক হইবার হয়—হটক, টহাট হয় ত তাহার কামনা ছিল।

•

*

*

*

ইহার অনেক দিন পরে বঙ্গিমবাবুকে জিজ্ঞাসা করিয়াছিলাম, “আপনি কি আর উপন্যাস লিখিবেন না? আমরা কি পড়িব?”

বঙ্গিমবাবু যেন আমাদের পাড়িবার জন্যই উপন্যাস লিখিতেন ?
বঙ্গিমবাবু এ ইষ্টাটুকু ক্ষমা করিয়া বলিয়াছিলেন, ‘তা ঠিক বলিতে
পারি না । তবে আমেক দিন থেকে একটা জিনিস লিখিবার ইচ্ছা
আছে,—হইয়া উঠিতেছে না । বৈদিক সুগ্রেহ ছবি দিয়া একথানা
উপন্যাস লিখিব । তবে—ইয়েরা উঠিবে কি না, বলিতে পার্ব
না ।’

বঙ্গিমবাবু আমেক দিন বৈদিক সাহিত্যের আলোচনা করিয়া-
ছিলেন : বেদের দেবতা, ধর্ম প্রভৃতি সম্বন্ধে প্রবন্ধও লিখিবা-
ছিলেন । সেই সময়েই বোধ হয় এই সম্পর্কের উদয় হইয়াছিল ।
কিন্তু আমাদের দুর্ভাগ্যক্রমে তাহা ‘হইয়া উঠিবার’ পুনর্বিট বঙ্গিম
বাবু ইচ্ছোক ত্যাগ করিলেন ।

আমি জিজ্ঞাসা করিলাম, ‘আপনি কি আরম্ভ করিবাচ্ছেন ?’
বঙ্গিমবাবু বলিলেন, ‘না ; আরম্ভ করিতে পারিলে শেষ হইয়া
বায় । — যদি লিখিয়া উঠিতে পারি, এবং তোমাদের ভাল লাগে,
তা হ’লে, ইংরেজী করে’ ছাপান যাবে । কি বল ?’

আমার সেই আগ্রহের কথা তখনও বঙ্গিমবাবুর মনে ছিল ।
আমি একটু অপ্রতিভ হইয়া চুপ করিয়া রহিলাম ।

*

*

*

১২৯৯ সালে বাঙালি দেশে সন্দু-বাত্রার আন্দোলন আরম্ভ
হইল । স্বর্গীয় রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর এই আন্দোলনের
নেতা ছিলেন । উভয় পক্ষের আগ্রহ ক্রমে বিরোধের সর্বিহিত

হইল। বিচার কৰ্মে বিতঙ্গায় পরিণত হইল। বিতক্র কৰ্মে চৰমে উঠিল। সংবাদপত্ৰে বাঁদৰামী দেখা দিল।

স্বৰ্গীয় শামলাল মিত্ৰ বিদ্যাসাগৰেৰ বন্ধু ছিলেন। তিনি সংস্কাৰেৰ পক্ষপাতী; সমুদ্-যাত্ৰাৰ সমৰ্থন কৰিতেন। এই সমৰে “জন্মভূমি”তে সমুদ্-যাত্ৰাৰ বিকল্পে একটি প্ৰবন্ধ প্ৰকাশিত হয়। শামলাল বাৰু সেই প্ৰবন্ধেৰ প্ৰতিবাদ কৰিয়া একটি প্ৰবন্ধ লিখিয়াছিলেন। ১২৯৯ মালেৰ অমাতৃ মাসেৰ “সাহিত্যে” ঐ প্ৰবন্ধ প্ৰকাশিত হয়।

তাহাৰ পৰ, “সাহিত্যে”ৰ এক জন পৃষ্ঠপোষক, আমাৰ অগ্ৰজতুল্য, প্ৰতিষ্ঠাশালী সুলেখক সমুদ্-যাত্ৰাৰ বিৱেৰীদিগকে বাঙ্গ কৰিয়া একটি প্ৰবন্ধ লেখেন; এবং “সাহিত্যে” ছাপাইবাৰ জন্য পাঠাইয়া দেন।

প্ৰবন্ধটি পাইয়া আনন্দিত হইয়াছিলাম, কিন্তু পড়িয়া গোলে পড়িলাম। আমাদেৱ “সাহিত্য” তখন প্ৰায় গণতন্ত্ৰ ছিল। এখন গণও নাই তন্ত্ৰও নাই; জনও ত গুঁজিয়া পাই না।—বাক, এখন গণেৰ কথাই বলি! এই রচনাৰ লেখক সমুদ্-যাত্ৰাৰ বিৱেৰীদিগকে ‘বানৰ’ বলিয়া গালি দিয়াছিলেন। আমি বলিলাম, “প্ৰবন্ধটি ছাপিয়া কাজ নাই।”

গণেৰ কেহ কেহ আমাৰ সমৰ্থন কৰিলেন; কিন্তু অনেকেই ছাপিতে বলিলেন। বিনি লিখিয়াছিলেন, তাহাৰ লেখাই তখন “সাহিত্যে”ৰ প্ৰধান অবলম্বন ছিল। তাহাৰ লেখা না ছাপা শ্ৰদ্ধিৰ কাজ নোৱ, তাহাও শুনিলাম। কিন্তু সকলেই স্বীকাৰ

করিলেন, প্রেরণাটির শ্রেণি বিন্দুপ খুব smart হয় নাই। কিন্তু এক জন—হাও ! তিনি আর ইচ্ছোকে নাই—স্বর্গীয় নলিনীকান্ত মুখোপাধ্যায় বলিলেন, “রচনা বেশ হইয়াছে। তুম appre-ciate করিতে পারিতেছ না।” নলিনীর মতে আমার শ্রুতি ছিল। অমন মেহময় প্রেমময় বক্তু আর পাইব না। অমন স্বরে স্বর্থী, হঃখে হঃখী, বাগার বাথী, অভিমন্দির বক্তু আমার ভাগ্যে আর ঘটে নাই। সাহিত্যটি তাহার জীবনের সম্বল ছিল। কাব্য ও কবিতা ও কলাদোলনের্মো নলিনী মগ্ন হইয়া থার্কিত। সংসারের দারিদ্র্য, দুঃখ, আবিলতা, কঢ়োরতা তাহাকে স্পর্শ করিতে পারিত না। নলিনীকে আমরা ‘কান্দি’ বলিয়া উপচাম করিতাম। নলিনী টুর্গেনেভ, টলষ্টয়, হায়েন প্রাচৃতির নিষ্ঠাবান ভৃত্য ছিল। চৈতন্য-লাইব্রেরীতে মে যথন এই সকল গ্রন্থকারের কেতাবের আমদানী করে, তখন অনেকের পক্ষে মে সকল প্রহেলিকা ছিল। শাস্তি, ময়, ধীর, সারস্বত, সংসারের কুটিল চক্রে অনভিজ্ঞ নলিনী জীবনের শেষদিন পর্যাস্ত কৈশোরের সরলতা অঙ্গুষ্ঠ রাখিতে পারিয়াছিল।

“দারিদ্রোর মৃত্যু গর্বে চরিত্র সুন্দর !” নলিনীর পক্ষে অন্যর্থ বলিয়া মনে হইত। নলিনীর জীবন বলিত—

“যা ও লক্ষ্মী অলকায়,
যা ও লক্ষ্মী অমরায়,
এস না এ যোগি-জন তপোবন-হলে !”

দরিদ্র নলিনীও সারদাকে বলিতে পারিতেন,—বোধ হয় মনে
মনে বলিতেন,—

“তুমি লঞ্চী সরষ্টী,
আমি ব্রহ্মাণ্ডের পতি,
তোম্বো এ বস্তুষ্টী, ধার ধূসী তার !”

নলিনী “সাহিত্যে” অনেকগুলি স্তুতির গল্প লিখিয়াছিলেন।
আজকাল মোপাসা তাজা, মোপাসা চচ্ছি, মোপাসা তেচ্ছি,
মোপাসার ছাত্তার ছড়াছড়ি হইয়াছে ! কিন্তু নলিনীটি প্রথমে
বাঙালীকে মোপাসার গল্পের আস্থাদ দিয়াছিলেন।

আমি কাহাকেও কিছু না দিয়া প্রবক্ষটি লইয়া বঙ্গমবাবুর
বাড়ীতে থাকা করিলাম। ইহার পূর্বে তুই চারিবার বঙ্গমবাবুর
পারামৰ্শ পাইয়া উপস্থিত ও চরিতার্থ হইয়াছিলাম।

বঙ্গমবাবু বলিলেন,—“আজ রাত্তিয়া যাও। কাল কি পরস্ত
আসিও।”

তুই দিন পরে অপ্রাকৃত বঙ্গমবাবুর বাড়ীতে উপস্থিত হইলাম।
দক্ষিণের বৈঠখানায় জানালায় দাঢ়াইয়া বঙ্গমবাবু কাহার সহিত
কথা কহিতেছিলেন। আমি গৃহে প্রবেশ করিলাম ; বঙ্গমবাবু
ফিরিয়া দেখিলেন, বলিলেন, “বসো।” তাহার পর আবার
দক্ষিণমুখো হইয়া হাসিতে হাসিতে কথা কহিতে লাগিলেন।
দেখিলাম, পার্শ্ববর্তী বাড়ীর ঢাকা বারান্দার একটি নয় দশ বৎসরের
মেরে—যেন শিশুরাত শুন্দ য়েই। মেরোটি হাসিতেছে, বঙ্গমবাবু
হাসিতেছেন। শুন্দ শিশুর সহিত শিশু হইয়া বঙ্গমবাবু ধেলা

করিতেছেন ! মেরেটি ষাট্বার সময় বাল্লি, “সাধের তরপী আমার কে দিল তরঙ্গে !” বক্ষিমবাবু প্রকৃষ্ণচিত্তে স্মিতবিকশিতমুখে একখানি সোফায় বসিলেন, আমাকে বলিলেন, “মেরেটি আমার সট !”

পাশের দরে তারমোনিয়ম বাজিতেছিল। আমি অগ্রমনক্ষ হইয়া শুনিতেছিলাম। বক্ষিমবাবুর কথা শুনিয়া তটসু হইয়া তাহার দিকে চাহিলাম, বক্ষিমবাবু বলিলেন, “আমার বড় নাতি হারমোনিয়ম বাজাইতেছে। আমি নাতিরের সঙ্গে খেলাদুলা করি। তারমোনিয়ম কিনিয়া দিয়াছি। বাড়ীতে বাজায়, গার, আনন্দ করে। আমি উহাদের বাহিরে যাইতে দিই নাটি। তুমি বাজাইতে পার ?”

আমি বলিলাম, “না !”

“গান বাজনা তোমার ভাব লাগে না ?”

“আমি থুব ভালবাসি।”

“তবে শেখ না কেন ?”

অনেক জিনিস ভালবাসিতাম, কিছুট ত শিখিতে পারি নাই। কি উত্তর দিব ?

দাদামহাশয়েরা অনেক চেষ্টা করেন, তারমোনিয়মও কিনিয়া দেন ; পশ্চিত, মাষ্টার, উপদেশ—চেষ্টা, যত্ন, কিছুরই জটী হৰ না। কিন্তু তাহারা বিধিলিপি মুছিয়া দিতে পারেন না। কপুনার ভবিষ্যৎ গড়িয়া দেন, কিন্তু প্রাক্তন বর্তমানও গড়ে, ভবিষ্যৎও গড়ে। তাজ দিবোল্দুর ‘দাদা’ আর আমার দাদাম’শারের কথা

এক সঙ্গে মনে হইতেছে। তাহাদের কত যষ্ট, কত চেষ্টা তরে অতাহতি হইয়াছে। তাহাদের কত আশা বিফল করিয়াছি। কিন্তু বিনিময়ে কি পাইয়াছি? সে সন্তানের কি আর ফিরিবে? তাহার বিনিময়ে আজ বে সর্বস্ব—জীবন দিতে পারি।

বক্ষিমবাবু বলিলেন “তোমার সেই প্রবন্ধ পড়িয়াছি।”

“আপনার কি মত?”

“তুমি সম্পাদক—তোমার মত কি আগে জানি?”

“আপনি যাহা বলিবেন, তাহাটি করিব। আমার মতের মূলা কি? আপনার মত কি বলুন?”

বক্ষিমবাবু আমার দিকে একটু তীক্ষ্ণ দৃষ্টিপাত করিয়া বলিলেন, —“আগে তোমার মত কি বল?”

আমি বলিলাম, “তামার ছাপিবার টচ্ছা নাই।”

“কেন? তুমি কি সমুদ্র-যাত্রার বিপক্ষ? আবার মাসের ‘সাড়িত্তো’ ত ‘সমুদ্র-যাত্রা’র পোষক প্রবন্ধ ছাপিয়াছ? ”

“প্রবন্ধ স্বলিখিত ও যুক্তিযুক্ত কি না, আমরা তাহাটি দেখি। আমাদের মতের বিরুদ্ধ টটলেও আমরা ছাপি।”

“তবে এটা ছাপিবে না কেন?”

“যাচারা সমুদ্র-যাত্রার বিপক্ষ, তাচারা সমুদ্র-যাত্রার পক্ষ-দিগকে ধালি দিতেছে। এ পক্ষ হটতে সমুদ্র-যাত্রার বিপক্ষ-দিগকে গালি দিয়া সেই দলে ঢকিয়া কোনও লাভ নাই।”

“ধালি, বাঙ্গ, বিজ্ঞপ্তি কি সব সময়ে মন? —অনেক সময়ে বিজ্ঞপ্তি অনেক কাজ কর ; জান?”

